উত্তরবঙ্গের আত্মার আত্মীয়

# উত্তরবঙ্গ সংবাদ

শিলিগুড়ি ২১ অগ্রহায়ণ ১৪৩০ শুক্রবার ৪.০০ টাকা 8 December 2023 Friday 14 Pages Rs. 4.00 ইন্টারনেট সংস্করণ http://www.uttarbangasambad.in



মোদিজি নয়, শুধু মোদি বলুন

▸▸ দশের পাতায়



টি২০ দলে প্রশ্নে বিরাটের ভবিষ্যৎ

▸▸ তেরোর পাতায়

# ২৪ হাজার কোটি উত্তরে বিনিয়োগ

ভাস্কর বাগচী

**শিলিগুড়ি, ৭ ডিসেম্বর :** কৃষি, হাউজিং, পর্যটন সহ বিভিন্ন ক্ষেত্রে উত্তরবঙ্গে ২৪ হাজার কোটি টাকা বিনিয়োগের প্রস্তাব এল উত্তরবঙ্গ শিল্প সম্মেলনে। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশে এই শিল্প সম্মেলনে শুধু বিনিয়োগ নয়, আগামী ২-৩ বছরের মধ্যে প্রায় ৫০ হাজার নতুন কর্মসংস্থানের ব্যবস্থাও হচ্ছে। রাজ্যের মুখ্যসচিব হরিকৃষ্ণ দ্বিবেদীর আশ্বাস, উত্তরবঙ্গে প্রচুর শিল্প সম্ভাবনা থাকার কারণে একের পর এক শিল্পপতি এখানে বিনিয়োগ করতে উৎসাহ প্রকাশ করছেন। রাজ্য সরকারও বিনিয়োগে উৎসাহী শিল্পোদ্যোগীদের সবরকম সহযোগিতা করতে প্রস্তুত।

**অঢেল আশ্বাস**

- উত্তর দিনাজপুরে চালকলে ১৫০ কোটি ও ডায়াগনস্টিক সেন্টারে ১০০ কোটি বিনিয়োগ
- দার্জিলিংয়ে ২৫০ বেডের হাসপাতাল
- জলপাইগুড়িতে মিত্তাল গোষ্ঠীর ইথানল প্ল্যান্ট
- আলিপুরদুয়ারে ১০০ কোটির বায়ো রিফাইনারি
- কোচবিহারে ফ্লাওয়ার মিল ও মল

বৃহস্পতিবার কাওয়াখালির শিল্পী হাটে উত্তরবঙ্গ শিল্প সম্মেলনে রাজ্যের মুখ্যসচিবের পাশাপাশি উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তর, খাদ্য প্রক্রিয়াকরণ, প্রাণীসম্পদ বিকাশ, দমকল, শ্রম, তথ্য ও প্রযুক্তি, পর্যটন, বস্ত্র, জনস্বাস্থ্য কারিগরি, কৃষি, স্বাস্থ্য, শিল্প, বাণিজ্য, ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের প্রধান সচিব ও সচিবরা উপস্থিত ছিলেন। শিল্পোদ্যোগীদের উত্তরবঙ্গে শিল্প গড়ার ব্যাপারে এই রাজ্যে যা পরিকাঠামো আছে, তা ব্যাখ্যা করেন তাঁরা। রাজ্যের মুখ্যসচিব বৈঠকের শুরুতেই জানান, রাজ্য সরকার বাগডোগরা বিমানবন্দরের পরিকাঠামো উন্নয়নে ১০০ একর জমি দিয়েছে বিমানবন্দর কর্তৃপক্ষকে। শুধু বাগডোগরা নয়, হাসিমারা বিমানবন্দরের জন্য জমি দেওয়া হয়েছে। কোচবিহার বিমানবন্দরের পরিকাঠামো উন্নয়নে বিমানবন্দর কর্তৃপক্ষের সঙ্গে রাজ্যের প্রতিনিধিরা যৌথ সমীক্ষা চালিয়েছেন। রাজ্য সরকার চায়, মালদা ও বালুরঘাটেও বিমানবন্দর হোক। কারণ দুই জায়গায় বিমানবন্দর তৈরির সবরকম পরিস্থিতি রয়েছে। পর্যটনের ক্ষেত্রে উত্তরবঙ্গে ১৭৪০টি নথিভুক্ত হোমস্টেতে প্রায় ১৪ হাজার কর্মসংস্থান হয়েছে। আগামী ২-৩ বছরে পর্যটন ক্ষেত্রে ৩৩০ কোটি টাকা বিনিয়োগ হবে বলে এদিন আশা প্রকাশ করেন মুখ্যসচিব।

মুখ্যসচিব ও বিভিন্ন দপ্তরের প্রধান সচিবের আশ্বাসের পর উত্তরবঙ্গের শিল্পোদ্যোগীরা একে একে উত্তরবঙ্গে তাঁদের বিনিয়োগের কথা ঘোষণা করেন। উত্তর দিনাজপুরের শিল্পোদ্যোগী দেবাশিস দে তাঁর চালকলে ১৫০ কোটি টাকা বিনিয়োগ করছেন। তাঁর সংস্থায় প্রায় ৫০০ জনের কর্মসংস্থান হয়েছে বলে জানান তিনি। উত্তর দিনাজপুরের সত্যেন দাস বলেন, 'আমাদের পরবর্তী প্রকল্প হাসপাতাল ও ডায়গনস্টিক সেন্টার। ১০০ কোটি টাকা সেখানে ব্যয় করা হবে।' দার্জিলিংয়ের সঞ্জয় মহাপাত্র ২৫০ বেডের একটি হাসপাতাল তৈরির জন্য ১৯০ কোটি টাকা বিনিয়োগ করছেন। জলপাইগুড়িতে ইথানল প্ল্যান্ট তৈরির জন্য পিসি মিত্তাল গ্রুপ ২৫০ কোটি টাকা বিনিয়োগ করছে বলে জানায়। আলিপুরদুয়ারের শিল্পোদ্যোগী জগদীশ কুমার বায়ো রিফাইনারির জন্য ১০০ কোটি টাকা বিনিয়োগ করছেন। আগামী এক বছরের মধ্যে তিনি কাজ শুরু করবেন বলে এদিন সচিবদের

এরপর বারোর পাতায়

আজ শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন সাতের পাতায়



কার্সিয়াংয়ের মকাইবাড়ি চা বাগানে মহিলা শ্রমিকদের সঙ্গে পাতা তুলছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বৃহস্পতিবার সকালে। -পিটিআই

## একনজরে



### মহুয়া পর্বের ইতি হতে পারে আজ

শুক্রবারই সাংসদ পদ খোয়াতে পারেন মহুয়া মৈত্র। সংসদীয় সূত্রের দাবি, সরকারের পূর্বনির্ধারিত কর্মসূচিতে অপ্রত্যাশিত কোনও রদবদল না হলে শুক্রবার, শীতকালীন অধিবেশনের প্রথম সপ্তাহের শেষেই বহিষ্কৃত হতে চলেছেন তৃণমূল কংগ্রেস সাংসদ। সূত্রের দাবি, শুক্রবার দুপুরেই মহুয়ার বিরুদ্ধে রিপোর্ট পেশ করবে এথিকস কমিটি।

▸▸ বিস্তারিত দশের পাতায়

### চলবে কাঞ্চনকন্যা

পর্যটন মহলের কাছে কার্যত 'নতি' স্বীকার করল রেল। ডিসেম্বরে কাঞ্চনকন্যা এক্সপ্রেসের চলাচল বন্ধ থাকছে না। কিছুটা রুট পরিবর্তন করে, ডুয়ার্সে কাঞ্চনকন্যা এক্সপ্রেস নিয়মিত চালাবার সিদ্ধান্ত নিয়েছে রেল কর্তৃপক্ষ। বৃহস্পতিবারই উত্তর-পূর্ব সীমান্ত রেলের তরফে বিজ্ঞপ্তি জারি করে এই সিদ্ধান্তের কথা জানিয়ে দেওয়া হয়েছে।

▸▸ বিস্তারিত বারোর পাতায়

# জমি দখলের কথা স্বীকার পুলিশের

শুভঙ্কর চক্রবর্তী

**শিলিগুড়ি, ৭ ডিসেম্বর :** জমি মামলায় বিপাকে শিলিগুড়ি পুলিশ কমিশনারেট। প্রখ্যাত কমিউনিস্ট নেতা, দার্জিলিংয়ের প্রাক্তন সাংসদ প্রয়াত রতনলাল ব্রাহ্মণের ছেলে তেজেন্দ্রলাল ব্রাহ্মণ এবং কৃষ্ণা কর্মকার নামে চম্পাসারির এক মহিলার রায়তি জমি জোর করে দখল করে শিলিগুড়ি পুলিশ কমিশনারের দপ্তরের একাংশ এবং প্যারেড গ্রাউন্ড তৈরির অভিযোগ উঠেছিল। জমি যে তাঁদের দখলে রয়েছে, আদালতে রিপোর্ট পেশ করে সেই অভিযোগ কার্যত স্বীকার করে নিলেন শিলিগুড়ির পুলিশ কমিশনার। যদিও বিষয়টি নিয়ে কোনও মন্তব্য করতে চাননি কমিশনার সি সুধাকর।

জমি সংক্রান্ত মামলায় মঙ্গলবার জলপাইগুড়ি সার্কিট বেঞ্চের সরকারি আইনজীবীকে একটি রিপোর্ট পাঠান কমিশনার। সেই রিপোর্টে বলা হয়েছে, কৃষ্ণা কর্মকারের জমির খানিকটা অংশ কমিশনারেটের সীমানা প্রাচীরের মধ্যেই রয়েছে। সেই জমির একাংশে সামাজিক বনসৃজন প্রকল্পে গাছ লাগানো হয়েছে, যা কমিশনারেটের পক্ষ থেকে দেখভাল করা হয়। বিপাকে পড়ে প্রায় পাঁচ কোটি টাকায় সেই জমি কেনার প্রস্তাবও দিয়েছেন কমিশনার। ফলে জমি কেলেঙ্কারিতে কমিশনারেটের জড়ানোর কথা সরকারিভাবে স্বীকার করা হল।

সার্কিট বেঞ্চের সরকারি আইনজীবী হীরক বর্মনের বক্তব্য, 'কমিশনার চিঠি দিয়ে জানিয়েছেন খানিকটা জমি তাঁদের দখলে আছে। তাঁরা সেই জমি কিনতে চান। সেইমতো পদক্ষেপও হয়েছে। রাজ্যকে চিঠি দিয়ে সংশ্লিষ্ট জমি কিনে নেওয়ার প্রস্তাবও পাঠিয়েছেন কমিশনার।'

বুধবার মামলার শুনানিতে কমিশনারের রিপোর্ট আদালতে পেশ করা হয়। সব দেখেশুনে সেই রিপোর্ট রেকর্ড করতে বলেন বিচারপতি বিশ্বজিৎ বসু। শুক্রবার ফের মামলার শুনানি হবে। কৃষ্ণার মামলার সঙ্গেই তেজেন্দ্রলালের মামলার শুনানিও হবে বলে দুই বাদীপক্ষের আইনজীবী সন্দীপ মণ্ডল জানিয়েছেন। মামলার বিষয়ে আইনজীবীই যা বলার বলবেন বলে জানিয়েছেন কৃষ্ণা। সন্দীপের বক্তব্য, 'কমিশনারের রিপোর্ট পাওয়ার পর মামলার অবজার্ভেশনে বিচারপতি গুরুত্বপূর্ণ বেশ কিছু বিষয় তুলে ধরেছেন। দেখছি, দেখব বলে দীর্ঘদিন সমস্যা জিইয়ে রাখা যাবে না বলে স্পষ্ট জানিয়ে দিয়েছেন তিনি। প্রয়োজনে কমিশনারকে সশরীরে আদালতে হাজির হয়ে ব্যাখ্যা দিতে হতে পারে বলেও মন্তব্য করেছেন বিচারপতি। কমিশনার বহু বছর ধরেই যে জমি দখল করে কৃষ্ণা ও তেজেন্দ্রলালকে হেনস্তা করছেন, সেটা স্পষ্ট হয়ে গেল। আমরা চাই উপযুক্ত দাম ও ক্ষতিপূরণ দিয়ে জমি অধিগ্রহণ করুক রাজ্য। তা না হলে দ্রুত সেই জমি দখলমুক্ত করা হোক।'



## প্রশাসনে শোরগোল

- সার্কিট বেঞ্চে রিপোর্ট জমা দিয়ে অভিযোগকে মান্যতা দেওয়া হয়েছে
- বিপাকে পড়ে প্রায় পাঁচ কোটি টাকায় দখলে থাকা জমি কেনার প্রস্তাব কমিশনারের
- পদক্ষেপ চেয়ে ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের প্রধান সচিবকে পাঠানো হল রিপোর্ট
- কমিশনারের রিপোর্ট রেকর্ড করতে নির্দেশ বিচারপতির

কমিশনারের দপ্তর তৈরির পর থেকেই জমি নিয়ে দফায় দফায় অভিযোগ জানিয়েছেন কৃষ্ণা ও তেজেন্দ্রলাল। তবে দখল করা জমি খালি করে দেওয়া বা উপযুক্ত ক্ষতিপূরণ দিয়ে জমি অধিগ্রহণ কোনওটিই করেনি পুলিশ। শেষপর্যন্ত গত অগাস্টের মাঝামাঝি সময়ে শিলিগুড়ি পুলিশ কমিশনার ও রাজ্য পুলিশের উত্তরবঙ্গের আইজিকে আইনি নোটিশ পাঠান সন্দীপ। তারপরও পদক্ষেপ না হওয়ায় মামলা করা হয়।

অভিযোগ, পাঁচটি প্লটে তেজেন্দ্রলাল ও কৃষ্ণার মোট ৯৮ ডেসিমাল জমি দখল করে কমিশনারেটের অফিস ও প্যারেড গ্রাউন্ড তৈরি হয়েছে। সংশ্লিষ্ট জমিতে প্রাচীর দেওয়ার সময়ই বাধা দেওয়া হয়েছিল। তা পাত্তা দেয়নি পুলিশ। ২০১৩ সালে বিষয়টি নিয়ে হাইকোর্টে মামলা করেন তেজেন্দ্রলাল ও কৃষ্ণা। সেই মামলায় মাটিগাড়া ব্লক ভূমি ও ভূমি সংস্কার আধিকারিককে জমির মাপজোখ করে রিপোর্ট দিতে বলা হয়। ২০১৬-র ১ এপ্রিল রিপোর্ট দিয়ে মাটিগাড়ার বিএলএলআরও জানিয়ে দেন সংশ্লিষ্ট জমিগুলি অভিযোগকারীদের নামেই নথিভুক্ত রয়েছে। তার পরেও হেলদোল দেখায়নি পুলিশ। পুলিশের বিরুদ্ধে জমি দখলের অভিযোগ ওঠায় শোরগোল পড়েছে প্রশাসনিক মহলে।

কমিশনার তাঁর চিঠিতে জানিয়েছেন, ইতিমধ্যেই তাঁরা বাগডোগরার অতিরিক্ত জেলা সাব-রেজিস্ট্রারের দপ্তরের মাধ্যমে তাঁদের দখলে থাকা জমির মূল্য নির্ধারণ করেছেন। চলতি বছর ১০ অক্টোবর ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের প্রধান সচিবকে সমস্ত রিপোর্ট পাঠিয়ে সংশ্লিষ্ট জমি কমিশনারেটের নামে নথিভুক্ত করার জন্য পদক্ষেপ করার অনুরোধ করা হয়েছে। জমি হস্তান্তরের প্রক্রিয়া সম্পন্ন করার জন্য কৃষ্ণার কাছে 'নো অবজেকশন সার্টিফিকেট' দেওয়ার আবেদনও করেছেন কমিশনার।

# 'পাহাড়ের সঙ্গে এখন আমার রক্তের বন্ধন'

রণজিৎ ঘোষ

**শিলিগুড়ি, ৭ ডিসেম্বর :** পরনে লাল-কালো প্রিন্টের ধাকা চৌবান্দি চৌলি (নেপালি মহিলাদের ঐতিহ্যবাহী পোশাক)। পিঠে বাঁধা বাঁশের ঝুড়ি। দুই হাতের নরম আঙুলের কারসাজিতে টপাটপ উঠে আসছে একের পর এক সবুজ চা পাতা। দুটি পাতা, একটি কুঁড়ির রাজ্যে এমন ছবি বেশ চেনা। কিন্তু সেই চেনা ছবিই যেন অচেনা হয়ে থাকল বৃহস্পতিবার।

কার্সিয়াংয়ের পাঙ্খাবাড়ির একটি চা বাগানে শ্রমিকদের আদলে পাতা তুললেন খোদ রাজ্যের প্রশাসনিক প্রধান। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে এমন বেশে দেখতে ভিড় জমল বেশ। আর সেই ফাঁকেই সঙ্গী মহিলা শ্রমিকদের সুখ-দুঃখের গল্প শুনলেন মমতা। তারপর যা বললেন, তা যথেষ্টই তাৎপর্যপূর্ণ। আবেগী মমতার কথায়, 'পাহাড়ের সঙ্গে আজ আমার রক্তের বন্ধন হয়ে গেল। আমার নতুন ঘর হল পাহাড়।'

পাতা তোলার পর্ব শেষে পাঙ্খাবাড়ি এলাকার চা বাগান শ্রমিক এবং স্থানীয়দের কম্বল, জ্যাকেটও বিলি করেন মুখ্যমন্ত্রী। শুক্রবার কার্সিয়াংয়ে প্রশাসনিক সভা রয়েছে তাঁর। আর এই সভার দিকেই এখন তাকিয়ে রয়েছে গোটা পাহাড়।

ভাইপোর বিয়ে উপলক্ষ্যে বুধবারই কার্সিয়াংয়ে পৌঁছেছেন মুখ্যমন্ত্রী। বৃহস্পতিবার দুপুরে স্থানীয় কমিউনিটি হলে ভাইপো আবেশের সঙ্গে কার্সিয়াং পুরসভার প্রধান করণিক সুরেন্দ্র কাটোয়ালের মেয়ে দীক্ষার বিয়ে হয়েছে। বন্দ্যোপাধ্যায় পরিবারের ইচ্ছেতেই পুরো বিয়ের অনুষ্ঠান হয়েছে নেপালি রীতি মেনে। বিয়ের পরই টাউনহল থেকে সোজা মকাইবাড়ির আমাস্টে রিসর্টে গিয়ে পিসি মমতার আশীর্বাদ নেন নবদম্পতি।

**চা পাতা তুলে আপ্লুত মমতা**

বিয়ে উপলক্ষ্যে কয়েকদিন ধরেই চাঁদের হাট বসেছে কার্সিয়াংয়ে। রাজ্যের বেশ কিছু মন্ত্রী, শীর্ষস্তরের প্রায় সমস্ত আমলা, তৃণমূল কংগ্রেসের শীর্ষস্থানীয় নেতা-নেত্রীরা এই বিয়েতে আমন্ত্রিত হয়ে এসেছেন। দিনভর তাজ টি রিসর্টে রিসেপশন পার্টি চলেছে। নবদম্পতি তো বটেই, অভিষেক বন্দ্যোপাধ্যায় থেকে শুরু করে বরপক্ষের প্রায় প্রত্যেকেই নেপালিদের চিরাচরিত পোশাক পরে বিয়ের অনুষ্ঠানে অংশ নিয়েছিলেন। তবে, মুখ্যমন্ত্রী টাউনহলে বিয়ের অনুষ্ঠানে যাননি। বরং অনুষ্ঠান থেকে অনেকটাই দূরে ছিলেন তিনি।

এদিন সকাল ১০টা নাগাদ মকাইবাড়ির রিসর্ট থেকে হাঁটতে বের হন মমতা। যার জেরে সকাল থেকেই পাঙ্খাবাড়ি রোডে যান চলাচল নিয়ন্ত্রণ করে পুলিশ। রিসর্ট থেকে বেশ কিছুটা হেঁটে মকাইবাড়ি চা বাগানে গিয়ে শ্রমিকদের সঙ্গে পাতা তোলেন। হাসিমুখে সমস্ত মহিলা শ্রমিকদের সঙ্গে তিনি চা বাগানের ভিতরে ঢুকে পিঠে ঝুড়ি তুলে নেন। মুখ্যমন্ত্রীর সামনে গানের তালে তালে নৃত্য করেন বাগান শ্রমিকরা। সেখানেও সংগত করেন মমতা। শ্রমিকদের সঙ্গে বসে চুমুক দেন চায়ের কাপেও। মুখ্যমন্ত্রীকে এই ভূমিকায় দেখতে সেখানে ভিড় করেন বাগানের শ্রমিক থেকে শুরু করে অফিস কর্মী-সকলেই। সেখানেই মমতা বলেন, 'আজ ওদের সঙ্গে থেকে চা পাতা তুললাম।

এরপর বারোর পাতায়

**উত্তরের খোঁজে**



# শিলিগুড়ি যেন বেআইনি নির্মাণ, জমি দখলের শহর

রূপায়ণ ভট্টাচার্য

ভালোবাসা মোড় থেকে হাঁটা শুরু করে পরপর অনেকগুলো জংশন পেরিয়ে আলো মোড়, ঝংকার মোড়, শান্তি মোড়ে এসে পৌঁছোলে এক অদ্ভুত অনুভূতি ঘিরে ধরে শিলিগুড়িতে। বাইপাস বা বড় রাস্তার পাশ দিয়ে যে ছোট পাথুরে ভাঙা পথগুলো মাকড়সার জালের মতো বেরিয়ে পাড়ায় গেল, সেখানে কি শান্তি আছে? ভালোবাসা?

শহর শিলিগুড়ি দীর্ঘ প্রশ্নমালার সামনে দাঁড় করিয়ে দিয়ে যায় এখন। ভাবলে মনে হয়, শহরটা এক খেলাঘর মোড়। সবাই খেলছে। শুধুই খেলছে।

এক, শহরের চারদিকে জমি নিয়ে বিস্তর গণ্ডগোল। কার জমির রাতারাতি দখলদার কোন দাদা, কেউ জানে না। দুই, বেআইনি নির্মাণের সংখ্যা সমুদ্রের ঢেউ হয়ে উপস্থিত শহরে। কখন কোথায় কোন দাদার নিয়ম ভেঙে নির্মাণ, কেউ জানে না। শহর যেন বেআইনি নির্মাতাদের, শহরতলি জমির দালালদের। তিন, নেশার সমুদ্রে ভাসছে অসংখ্য মানুষ, মাদক কারবারি। চার, সিন্ডিকেট রাজত্বের শেষ নেই পাড়ায় পাড়ায়। পাঁচ, জ্যামজট মেটাতে বিজ্ঞানসম্মত ভাবনা নেই। ছয়, নদীর ধারে বেআইনি বাড়ি, গোয়ালের ভিড়- এক কলোনি আবার দিব্যি তৃণমূলের কাউন্সিলার রামভজনের নামে। হে রাম!

সত্যিই এক খেলাঘর। প্রশাসন বলে কিছু নেই। বিরোধীরাও একই রকম-প্রচারপ্রিয় এবং অকর্মণ্য। প্রতিশ্রুতি নগরীতে চাপা পড়ে থাকছে সমস্যার কাঞ্চনজঙ্ঘা পর্বতশ্রেণি।

দু'দুটো সংস্থা রয়েছে উত্তরের রাজধানীতে। শিলিগুড়ি পুরসভা এবং এসজেডিএ। তালমিল বলে কিছু নেই। যেন একটা বিজেপি পরিচালিত, একটা তৃণমূলের। তা তো নয়। অথচ বড় নেতাদের আকচাআকচি লোক হাসানোর পর্যায়ে। তার মধ্যে এসজেডিএ খায় না মাথায় দেয়, বোঝা মুশকিল। ৪৩ বছর বয়স সংস্থার। বাম আমলেই গুরুত্ব হারিয়ে তলানিতে এবং পুরসভা যে কতবার শহরের জলসমস্যা কাগজে-কলমে মিটিয়ে ফেলল, কতবার উলটোদিকে রণে ভঙ্গ দিল, হিসেব রাখা কঠিন। কথায় এক, কাজে আলাদা। গজলডোবায় অত বড় ফ্লাইওভার দীর্ঘদিন অকেজো হয়ে পড়ে, কারও কোনও মাথাব্যথা নেই। ধন্য মশাই আপনাদের উদাসীনতা!

শহরের মেয়র গৌতম দেব মশাই প্রতি সপ্তাহে 'টক টু মেয়র' অনুষ্ঠান করেন। যা শুনি, তাতে ফোনে অধিকাংশ প্রশ্নই থাকে বেআইনি নির্মাণ নিয়ে। তারপর যানজট। মেয়র বেআইনি নির্মাণ নগরীর ছোটখাটো সমস্যা মেটাতে যান। প্রতিশ্রুতি দেন। বড় সমস্যাগুলো এড়িয়েই যান। বেআইনি টোটো বাতিলেরও প্রতিশ্রুতি দেওয়া হয়। পুজোর পর নাকি আর কাউকে ছাড়বেন না। পরে দেখা যায়, সব প্রতিশ্রুতিই কথার কথা। শিলিগুড়ি প্রতিশ্রুতি নগরী ও বেআইনি নির্মাণ নগরী হয়েই জেগে থাকে।

এসজেডিএ চেয়ারম্যান সৌরভ চক্রবর্তী মশাই প্রচারে আছেন। তিনিও আদিগন্ত জমি দখলদারির গল্প উঠলেই অদৃশ্য।

এরপর বারোর পাতায়

# আলো কেলেঙ্কারি মুছতে ভোল বদল রবির

শুভঙ্কর চক্রবর্তী

**কোচবিহার, ৭ ডিসেম্বর :** কোচবিহার রাসমেলার আলো কেলেঙ্কারি নিয়ে তোলপাড় প্রশাসন থেকে রাজনীতি। অভিযোগ গেল মুখ্যমন্ত্রী, পুরমন্ত্রী সহ তৃণমূলের রাজ্য নেতৃত্বের কাছে। উত্তরবঙ্গ সংবাদে কেলেঙ্কারির কথা ফাঁস হতেই চাপে পড়ে তড়িঘড়ি মেলায় বিদ্যুৎ সরবরাহের বরাতপ্রাপ্ত সংস্থার কর্তাদের নিয়ে বৈঠক করে কোটেশন অনুসারে নিয়ম মেনে বিদ্যুৎ মাশুল আদায়ের নির্দেশ দিল কোচবিহার পুরসভা। নিয়মের বাইরে যাতে অতিরিক্ত মাশুল আদায় না হয় সেকথা পুরসভার কার্যনির্বাহী আধিকারিক চিঠি দিয়ে বরাতপ্রাপ্ত সংস্থাকে জানিয়ে দিয়েছেন। তারপরই বৃহস্পতিবার রাতে মেলার মাঠে থাকা তাদের দপ্তরের বোর্ড থেকে বিদ্যুৎ মাশুলের তালিকা মুছে ফেলে ওই সংস্থা। তবে ফাঁকা ফর্মে স্বাক্ষর করে ওয়ার্ক অর্ডার দেওয়া ও ২০ দিনের জায়গায় ১৫ দিনের কোটেশন নিয়ে যে অনিয়ম হয়েছে তা নিয়ে পুরসভার কোনও পদক্ষেপের কথা এখনও পর্যন্ত জানা যায়নি।

পুর চেয়ারম্যান রবীন্দ্রনাথ ঘোষের প্রত্যক্ষ মদতেই রাসমেলায় আলো কেলেঙ্কারি হয়েছে বলে দাবি করে এদিন কোচবিহার সাগরদিঘির পাড়ে বিক্ষোভ মিছিল করে জাতীয় কংগ্রেস। পরে কংগ্রেস সেবাদলের পক্ষ থেকে জেলা শাসককে স্মারকলিপি দেওয়া হয়। আন্দোলনের নেতৃত্বে থাকা জেলা কংগ্রেস নেতা মির মোশারফ হোসেনের বক্তব্য, 'ঐতিহ্যশালী রাসমেলায় এই ধরনের দুর্নীতি আগে হয়নি। বিদ্যুৎ সংযোগের বরাত দেওয়া থেকে মাশুল আদায় গোটাটাই দু'নম্বরি হয়েছে। আমাদের ধারণা, কেলেঙ্কারির অঙ্ক কোটি টাকার কম নয়। কেন্দ্রীয় এজেন্সি দিয়ে এর তদন্ত হওয়া উচিত।

এরপর বারোর পাতায়

# গজলডোবার রাস্তা নিয়ে অভিযোগ শিল্প সম্মেলনে

ভাস্কর বাগচী

**শিলিগুড়ি, ৭ ডিসেম্বর :** দীর্ঘ প্রায় দু'বছর ধরে ফুলবাড়ি ক্যানাল রোড ধরে গজলডোবা যাওয়ার রাস্তায় করতোয়া সেতু ও সংলগ্ন রাস্তার কিছু অংশ ভাঙা অবস্থায় পড়ে রয়েছে। উত্তরবঙ্গ সংবাদে এই নিয়ে বহুবার সংবাদ পরিবেশিত হলেও প্রশাসনের ঘুম ভাঙানো যায়নি। ফলে গজলডোবা যাওয়ার নতুন সেতুর মুখে ব্যারিয়ার লাগিয়ে বড় যানবাহন চলাচল বন্ধ রাখা হয়েছে। এতদিনেও কেন প্রশাসনের হুঁশ ফিরল না? বৃহস্পতিবার উত্তরবঙ্গ শিল্প সম্মেলনে এনিয়ে প্রশ্ন উঠতেই রাজ্যের মুখ্যসচিব সংশ্লিষ্ট দপ্তরকে বিষয়টি দেখার নির্দেশ দেন।

**টনক নড়ল**

- ফুলবাড়ি ক্যানাল রোডে রেল ওভারব্রিজ হওয়ার পরেও তা বন্ধ রয়েছে
- ২ বছর ধরে ওই রাস্তায় একটি ছোট সেতু সারানো হয়নি
- শিল্প সম্মেলনে শিলিগুড়িতে ইন্টার স্টেট বাস টার্মিনাসের দাবি
- খড়িবাড়িতে লোডশেডিং নিয়ে অভিযোগ ব্যবসায়ীদের

ফুলবাড়ি ক্যানাল রোড দিয়ে কম সময়ে গজলডোবায় পৌঁছানোর জন্য সরকারি তরফে একটি রেল ওভারব্রিজ তৈরি করে দেওয়া হয়। আগে গজলডোবা যেতে হলে আমবাড়ি হয়ে যেতে হত। সেতুটি হওয়ার পরেও বড় গাড়িগুলিকে ঘুরপথেই যেতে হচ্ছে গজলডোবায়। এদিন উত্তরবঙ্গ শিল্প সম্মেলনে বিষয়টি তোলেন সিআইআইয়ের ভাইস চেয়ারম্যান রামগোপাল জাজোদিয়া। তিনি বলেন, 'উত্তরবঙ্গ আমাদের শিল্পোদ্যোগীদের জন্য অত্যন্ত ভালো জায়গা। কিন্তু গজলডোবা যাওয়ার রাস্তাটি প্রায় দুই বছর ধরে ভাঙা পড়ে থাকলেও এখনও তা মেরামত করা হচ্ছে না।'

এদিনের শিল্প সম্মেলনে শিলিগুড়িতে ইন্টার স্টেট বাস টার্মিনাসের দাবি ওঠে। কারণ শিলিগুড়িতে আসা দূরপাল্লার গাড়িগুলি জংশনের সামনে রাস্তার ধারে দাঁড়ানোর কারণে সেখানে ভিনরাজ্যের যাত্রীরা রাস্তার উপর মালপত্র নিয়ে নামতে বাধ্য হন। অনেককে দেখা যায় শিশুদের নিয়েই দীর্ঘসময় বাসের অপেক্ষায় বসে রয়েছেন রাস্তার উপর। এখানে ইন্টার স্টেট বাস টার্মিনাস হলে এই সমস্যা আর থাকবে না বলে প্রস্তাব দেন ব্যবসায়ীরা। উল্লেখ্য, শিলিগুড়িতে সিকিমগামী গাড়ির জন্য এসএনটি থাকলেও বিহার, অসমের মতো রাজ্যগুলির কোনও টার্মিনাস না থাকায় প্রতিদিন সমস্যায় পড়তে হয় সাধারণ যাত্রীদের।

খড়িবাড়ির বুড়াগঞ্জে মাঝেমধ্যেই বিদ্যুৎ সরবরাহ ব্যাহত হওয়ার বিষয়টি তুলে ধরেন নরেশ আগরওয়াল। তিনি বলেন, 'বুড়াগঞ্জে আমাদের কারখানা থাকলেও অধিকাংশ সময়েই লোডশেডিংয়ের কবলে পড়তে হয়। বিষয়টি শোনার সঙ্গে সঙ্গে সমস্যা সমাধানের জন্য উদ্যোগী হন মুখ্যসচিব। বিদ্যুৎ সমস্যা নিয়ে আরও কয়েকজন অভিযোগ তোলেন প্রশাসনিক কর্তাদের সামনে।

এরপর বারোর পাতায়

# সান্দাকফুতে বরফ, সমতলে শীতের আমেজ

উত্তরবঙ্গ ব্যুরো

**৭ ডিসেম্বর :** বৃষ্টির হাত ধরে ডিসেম্বরের প্রথম সপ্তাহেই শুরু হল শীতের ব্যাটিং। এদিকে, মরশুমের প্রথম তুষারপাতের সাক্ষী থাকল সান্দাকফু।

বৃহস্পতিবার পাহাড়ের পাশাপাশি সমতলেও হালকা থেকে মাঝারি বৃষ্টি হয়েছে। আর এর জেরেই শীতের আমেজ দেখা দিয়েছে গোটা উত্তরবঙ্গে। কোচবিহার, আলিপুরদুয়ার, জলপাইগুড়ি হোক অথবা দার্জিলিং জেলা, সর্বত্রই এদিন ছিল মেঘলা আকাশ। কোথাও কোথাও হালকা বৃষ্টিও হয়েছে দুপুর ও বিকালের দিকে। আর তাতেই যেন বেড়েছে ঠান্ডার কামড়। স্যাঁতসেঁতে আবহাওয়ায় এদিন সন্ধ্যাবেলায় প্রায় সব জায়গাতেই রাস্তাঘাট ছিল ফাঁকা। যাঁরা বেরিয়েছেন, তাঁরাও বের হয়েছেন আপাদমস্তক গরম জামাকাপড়ে মুড়েই।



মরশুমের প্রথম তুষারপাতে শ্বেতশুভ্র সান্দাকফু। বৃহস্পতিবার। ছবি : মৃণাল রানা

বৃহস্পতিবার সকাল থেকেই পাহাড়-সমতলে আকাশ মেঘলা ছিল। শিলিগুড়িতে সকালের দিকে সাময়িক সূর্যের দেখা মিললেও তাপমাত্রা অন্য দিনের তুলনায় কম ছিল। বেলা ১০টার পর থেকে পাহাড়ে হালকা বৃষ্টি শুরু হয়। কার্সিয়াং, দার্জিলিং এমনকি কালিম্পংয়েও বিক্ষিপ্তভাবে দিনভর বৃষ্টি হয়েছে। দুপুরের দিকে সান্দাকফুতে তুষারপাত হয়। এই শীতের মরশুমে পাহাড়ে এটাই প্রথম তুষারপাত। সান্দাকফুর বাসিন্দা সুমিত সুব্বা বলেছেন, 'ফালুট, সান্দাকফুতে এদিন দুপুরে বরফ পড়েছে। ঘণ্টাখানেক ধরে হালকা তুষারপাতের জেরে গোটা এলাকা সাদা হয়ে যায়। অল্প কিছু পর্যটক এখানে ছিলেন, তাঁরা আনন্দ করেছেন।' বর্তমানে দার্জিলিং শহরে অল্প সংখ্যক পর্যটক রয়েছেন। তবে, তুষারপাতের খবর ছড়িয়ে পড়তেই পর্যটন মহলেও খুশির হাওয়া লক্ষ করা গিয়েছে। কেননা বড়দিন এবং নববর্ষের ছুটি কাটাতে বহু পর্যটক ২৪ ডিসেম্বর থেকে জানুয়ারির প্রথম সপ্তাহ পর্যন্ত দার্জিলিংয়ে আসেন। তাঁরাও এবার তুষারপাতের আনন্দ পেতে পারেন। এমনকি এই খবরে আরও প্রচুর পর্যটক এই ছুটিতে এবার দার্জিলিংয়ে আসার পরিকল্পনা করবেন বলেই পাহাড়ের পর্যটন ব্যবসার সঙ্গে যুক্ত প্রত্যেকেই আশাবাদী। দার্জিলিং অ্যাসোসিয়েশন অব ট্যুর অপারেটরস-এর সম্পাদক প্রদীপ লামা বলেছেন, 'পুজোর পর্যটন মরশুমের চেয়েও এবার বড়দিন এবং

এরপর বারোর পাতায়

Govt. of Uttarakhand | Azadi Ka Amrit Mahotsav

*Uttarakhand on the rise*


*A land of peace, potential and prosperity*

DESTINATION UTTARAKHAND
GLOBAL INVESTORS SUMMIT 2023
Peace To Prosperity
8th - 9th December | Dehradun

# UTTARAKHAND
## Global Investors Summit 2023



**Pushkar Singh Dhami**
Chief Minister of Uttarakhand



**Narendra Modi**
Prime Minister

*Inauguration*

by

## Narendra Modi
Prime Minister

in the august presence of



## Pushkar Singh Dhami
Chief Minister, Uttarakhand

**Date: 08 December, 2023**

**Time: 9 AM | Venue: FRI, Dehradun**



Memorandum of Understanding (MoU) worth more than ₹3 lakh crore signed under Uttarakhand Global Investors Summit 2023.

More than 5,000 business representatives and ambassadors from different countries will participate.

Ground-Breaking Ceremony of projects worth more than ₹44,000 crore.

More than 27 investor-friendly policies implemented in all areas of the state. Promotion of state investment through competitive incentives, subsidies and favorable business environment.

**To register visit URL** www.destinationuttarakhand.co.in/investorsummit/visitors/visitor-register

**or scan the QR code**

/ukgis2023

**Toll Free No. 1800-309-7225**

Watch the live telecast of the program on DD News

Issued in Public Interest by Information & Public Relations Department, Uttarakhand | www.uttarainformation.gov.in | DIPR_UK | UttarakhandDIPR | UttarakhandDIPR

# কলকাতার পথে স্পেশাল বাস

**উত্তরবঙ্গ ব্যুরো**

**৭ ডিসেম্বর :** হাওড়া ডিভিশনে নন ইন্টারলকিং কাজের জন্য উত্তরবঙ্গগামী কিছু ট্রেন বাতিল করা হয়েছিল। সেই নির্দেশ ফিরিয়ে নেওয়ার মধ্যেই উত্তরবঙ্গ থেকে একাধিক স্পেশাল বাস চালানোর সিদ্ধান্ত নিল উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ নিগম। আগামী ৯ ডিসেম্বর থেকে এই পরিষেবা শুরু করতে চলেছে এনবিএসটিসি। এই সিদ্ধান্তে স্বস্তি মিলেছে যাত্রীদের।

উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থার ম্যানেজিং ডিরেক্টর দীপঙ্কর পিপলাই বলেন, 'শিলিগুড়ি–কলকাতা কিংবা কলকাতা থেকে শিলিগুড়ির জন্য যে বাস পরিষেবাগুলো রয়েছে তা চলবেই। সেইসঙ্গে অতিরিক্ত কয়েকটি বাস চালানোর সিদ্ধান্ত হয়েছে।'

নিগম সূত্রে জানা গিয়েছে, ৯ ডিসেম্বর কলকাতা থেকে এই অতিরিক্ত বাস সার্ভিস শুরু হবে। ওইদিন বিকেল ৫টা থেকে রাত্রি ৮টার মধ্যে অরিতিক্ত চারটি বাস শিলিগুড়ির উদ্দেশে রওনা হবে। একইভাবে ১০ ডিসেম্বর শিলিগুড়ি থেকে কলকাতার উদ্দেশে একই সময়ে চারটি বাস রওনা দেবে। ১৪ ডিসেম্বর পর্যন্ত এই পরিষেবা চলবে। তবে কোচবিহারের যাত্রীদের জন্য সরাসরি কোনও অতিরিক্ত বাস এখনই চালু করছে না এনবিএসটিসি।



*শিলিগুড়ি তেনজিং নোরগে বাস টার্মিনাস। – ফাইল চিত্র*

**নজর পরিষেবায়**

- কলকাতা থেকে শিলিগুড়ি অতিরিক্ত চার জোড়া স্পেশাল বাস চলবে
- ৯ ডিসেম্বর থেকে বিকেল ৫টা থেকে রাত ৮টা পর্যন্ত সময়ের মধ্যে ওই বাসগুলো ছাড়বে
- চাহিদা থাকলে দুইদিক থেকে আরও বাস চালাবে এনবিএসটিসি
- সাধারণ মানুষের দাবি থাকলে ডুয়ার্সের জন্যও স্পেশাল পরিষেবা চালু করবে নিগম

> ট্রেন বাতিলের জন্য সাধারণ মানুষের যাতে কোনও ধরনের অসুবিধা না হয়, সেইজন্য আমরা নিগম থেকে যাবতীয় ব্যবস্থা রাখছি।
>
> –পার্থপ্রতিম রায়
> *চেয়ারম্যান, এনবিএসটিসি*

যদি যাত্রীদের চাহিদা থাকে তাহলে ডুয়ার্স থেকেও অতিরিক্ত বাস সার্ভিস চালু করা হবে।

অন্যদিকে ১১ ডিসেম্বর থেকে আলিপুরদুয়ার–কলকাতা রুটে স্পেশাল বাস চালানো হবে। বাসের সংকটে পুজোর আগে ওই রুটে সরকারি বাস পরিষেবা বন্ধ হয়ে গিয়েছিল। পুজোর সময় সকালে একটি বাস প্রতিদিন আলিপুরদুয়ার ডিপো থেকে ছেড়ে কলকাতা রওনা হত। ধর্মতলা থেকে সন্ধ্যায় ছেড়ে প্রতিদিন একটি বাস আলিপুরদুয়ারে আসছিল। কিন্তু সপ্তাহখানেক হল সপ্তাহে তিনদিন সোম, বুধ, শুক্র আলিপুরদুয়ার থেকে কলকাতায় ওই সরকারি বাস চালানো হবে।

এনবিএসটিসি সূত্রে খবর, আগামী ১৪ তারিখের পরেও শিলিগুড়ি–কলকাতা অতিরিক্ত পরিষেবা বাড়ার সম্ভাবনা রয়েছে। প্রত্যেকটি বাস সুপার হিসেবে চলবে। তাতে ভাড়া নির্ধারিত হয়েছে ৪৫০ টাকা। ইতিমধ্যেই সংস্থা বিভিন্ন স্থানে যাত্রীদের কথা মাথায় রেখে প্রচার করছে। এনবিএসটিসির ওয়েবসাইটেও সমস্ত বিষয়টি দেওয়া হয়েছে।

এই ব্যাপারে এনবিএসটিসির চেয়ারম্যান পার্থপ্রতিম রায় বলেন, 'ট্রেন বাতিলের জন্য সাধারণ মানুষের যাতে কোনও ধরনের অসুবিধা না হয়, সেইজন্য আমরা নিগম থেকে যাবতীয় ব্যবস্থা রাখছি।' যাত্রীদের হয়রানি রুখতে নিগমের এই পদক্ষেপকে স্বাগত জানিয়েছেন অনেকে। স্পেশাল বাস চললে যাত্রীদের সমস্যা মিটবে বলে আশা।

***তথ্য সূত্র: শমিদীপ দত্ত, চাঁদকুমার বড়াল ও মণীন্দ্রনারায়ণ সিংহ***

## পুতুল বানিয়ে আত্মনির্ভর

**হরিরামপুর, ৭ ডিসেম্বর :** স্বামী লরিচালক। আজ এই রাজ্যে তো কাল অন্যরাজ্যে। পূর্ণিমা পালের সময় কিছুতেই কাটে না। ঠিক করলেন পুতুল বানিয়ে বিক্রি করে রোজগার করবেন। নিজের পায়ে দাঁড়ান। সেই ভাবনাকে বাস্তবে রূপ দিলেন হরিরামপুর মহেন্দ্র বড়ভিটা গ্রামের পূর্ণিমা পাল। সাহায্যের হাত বাড়িয়ে দেয় শ্বশুরবাড়ির লোকেরা। পূর্ণিমা আজ আত্মনির্ভর। গ্রামের মহিলারা তাঁকে দেখে উৎসাহিত। চেষ্টা চালাচ্ছেন পূর্ণিমার মতো আত্মনির্ভর হতে।

পূর্ণিমার আদি বাড়ি রায়গঞ্জে। বাপের বাড়িতে থাকাকালীন তাঁকে যেতে হয়েছিল দিল্লি। শৈশবে মায়ের কাছে শিখেছিলেন ফেলে দেওয়া জিনিস দিয়ে কী করে ঘর সাজাতে হয়। শিখেছিলেন সেলাইয়ের কাজ। বিবাহসূত্রে আবদ্ধ হন হরিরামপুর বড়ভিটা গ্রামের মাটির কাজ করা পাল পরিবারের নির্মল পালের সঙ্গে। সংসারের হাল ধরার পাশাপাশি তৈরি করতে শুরু করেন পুতুল। মাটি ছাড়াও ফাইবার, মারবেল ডাস্ট দিয়েও পূর্ণিমা তৈরি করেন পুতুল। আবহাওয়া ভালো থাকলে দিনে ৭০ থেকে ৮০টি পুতুল গড়েন। রাসমেলা, বোল্লামেলা তো আছেই। এছাড়া জেলার অন্যান্য মেলাতেও বড় জাকে নিয়ে চলে যান পূর্ণিমা। মেলা শেষে হাসি মুখের খবর ফোনে পৌঁছে যায় লরিচালক স্বামীর কাছে। তাঁর চোখের সামনে ভেসে ওঠে পূর্ণিমার হাস্যোজ্জ্বল মুখের ছবি।

## তিস্তা চায়ের বিপণন শুরু

**নাগরাকাটা, ৭ ডিসেম্বর :** শুধু কাঁচা পাতা বিক্রি করাই নয়। এবারে নিজেদের হাতে স্পেশাল চা তৈরি শুরু করেছে জলপাইগুড়ি ও কোচবিহার জেলা মিলিয়ে ক্ষুদ্র চা চাষিদের ছয়টি স্বনির্ভর গোষ্ঠী। তিস্তা নামে প্যাকেটজাত ওই চা বাজারে ছাড়াও শুরু হয়েছে। গত রবিবার জলপাইগুড়ি জেলা ক্ষুদ্র চা চাষি সমিতির বার্ষিক সাধারণ সভায় তিস্তা'র আত্মপ্রকাশ হয়। ওই সংগঠনটির ছত্রছায়াতেই স্বনির্ভর গোষ্ঠীগুলির নিজেদের উৎপাদিত চায়ের বিপণনের কাজটি হচ্ছে।




মাননীয়া মুখ্যমন্ত্রী
মমতা বন্দ্যোপাধ্যায়
দার্জিলিং জেলায় সড়ক পরিকাঠামোর মানোন্নয়নে একগুচ্ছ নবনির্মিত প্রকল্পের
শুভ উদ্বোধন করবেন



- ৯.২০ কিলোমিটার দীর্ঘ ৭ মাইল (তাকদা) থেকে গ্লেনবার্ন ফটক পর্যন্ত নতুন রাস্তা নির্মাণ
- ওই রাস্তার ৬.২৫ কিমিতে এবং ৬.৫০ কিমিতে ১০ মিটার দীর্ঘ দুটি নতুন সেতু নির্মাণ
- প্রকল্প মূল্য: ৩৫.৯০ কোটি টাকা



- মাটিগাড়া-কার্শিয়ং রাস্তার ০ কিমি থেকে ৭ কিমি পর্যন্ত দৃঢ়করণ এবং ৭ কিমি থেকে ১১ কিমি পর্যন্ত উপরিতলের নির্মাণ
- প্রকল্প মূল্য: ১৮.৪০ কোটি টাকা



- ১৭ কিলোমিটার দীর্ঘ পেশক–মংপু রাস্তার উপরিতলের নির্মাণ
- প্রকল্প মূল্য: ৯.৪২ কোটি টাকা



- ৮.১৫ কিলোমিটার দীর্ঘ পাঙ্খাবাড়ি–কার্শিয়ং রাস্তার উপরিতলের নির্মাণ
- প্রকল্প মূল্য: ৫.২২ কোটি টাকা

এই প্রকল্পগুলির ফলে শিলিগুড়ি সমতলের সঙ্গে দার্জিলিং পাহাড়ি এলাকার যোগাযোগ ব্যবস্থা উন্নত হবে এবং সামগ্রিক ভাবে দার্জিলিং জেলার পর্যটন শিল্পের প্রসার ও বিকাশ হবে।

স্থান: মন্টিভিওট, কার্শিয়ং। তারিখ: ৮ ডিসেম্বর, ২০২৩। সময়: দুপুর২ টো

পূর্ত দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার
ICA-D2221(18)/2023


# রাজ্যে স্বাস্থ্যক্ষেত্রে নিয়োগ প্রায় সাড়ে ৫০০

**শুভজিৎ দত্ত**

**নাগরাকাটা, ৭ ডিসেম্বর :** স্বাস্থ্যক্ষেত্রে একাধিক শূন্যপদে নিয়োগ করল রাজ্য সরকার। এর মধ্যে উত্তরবঙ্গের বিভিন্ন মেডিকেল কলেজ, জেলা, সুপারস্পেশালিটি এবং গ্রামীণ হাসপাতালও রয়েছে। মেডিকেল টেকনলজিস্ট (ইসিজি), মেডিকেল টেকনলজিস্ট (অপারেশন থিয়েটার) ও বিভিন্ন সুস্বাস্থ্যকেন্দ্রে (পূর্বতন উপস্বাস্থ্যকেন্দ্র) কমিউনিটি হেলথ অফিসার পদে ওই নিয়োগের সরকারি নির্দেশ জারি করা হয়েছে। ইতিমধ্যে অনেকে কাজে যোগও দিতে শুরু করেছেন বলে স্বাস্থ্য দপ্তর সূত্রের খবর। রাজ্যে ওই তিনটি পদে যথাক্রমে ৬৯, ৩৫৩ ও ১২৪ জনকে নিয়োগ করা হয়েছে।

জলপাইগুড়ির মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাঃ অসীম হালদার বলেন, 'জেলার মালবাজার সুপারস্পেশালিটি হাসপাতালে ২ জন ও ধূপগুড়ি গ্রামীণ হাসপাতালে ১ জন রেডিও টেকনলজিস্ট (ইসিজি) যোগ দিয়েছেন। আশা করছি, অন্যান্য পদগুলিতেও দ্রুত কাজে যোগ দেবেন নিয়োগপ্রাপ্তরা। এর ফলে পরিষেবার কাজ আরও উন্নত হবে।

মেডিকেল টেকনলজিস্ট (ইসিজি) পদে উত্তরবঙ্গের মালদার চাঁচল সুপারস্পেশালিটি হাসপাতাল, গাজোল গ্রামীণ হাসপাতাল, উত্তর দিনাজপুরের রায়গঞ্জ মেডিকেল কলেজ, গঙ্গারামপুর সুপারস্পেশালিটি হাসপাতাল, ইসলামপুর সুপারস্পেশালিটি



হাসপাতাল, জলপাইগুড়ির সরকারি মেডিকেল কলেজ, মালবাজার সুপারস্পেশালিটি হাসপাতাল, ধূপগুড়ি গ্রামীণ হাসপাতাল, শিলিগুড়ি জেলা হাসপাতাল, দার্জিলিং জেলা হাসপাতাল, কালিম্পং জেলা হাসপাতাল, কোচবিহারের মহারাজা জিতেন্দ্রনারায়ণ মেডিকেল কলেজ, মাথাভাঙ্গা সুপারস্পেশালিটি হাসপাতাল, দক্ষিণ দিনাজপুরের বালুরঘাট জেলা হাসপাতাল, দার্জিলিং জেলা হাসপাতাল, কোচবিহারের মেখলিগঞ্জ সুপারস্পেশালিটি হাসপাতাল, আলিপুরদুয়ারের ফালাকাটা সুপারস্পেশালিটি হাসপাতাল, আলিপুরদুয়ার জেলা হাসপাতালে কর্মী দেওয়া হয়েছে।

মেডিকেল টেকনলজিস্ট (অপারেশন থিয়েটার) পদেও উত্তরবঙ্গের বিভিন্ন মেডিকেল কলেজের পাশাপাশি ৮ জেলারই নানা হাসপাতালে কর্মী দেওয়া হয়েছে। সুস্বাস্থ্যকেন্দ্রে জাতীয় স্বাস্থ্য মিশনের আওতায় কমিউনিটি হেলথ অফিসার দেওয়া হয়েছে আলিপুরদুয়ার জেলার মাদারিহাট ব্লকের ১টি, জলপাইগুড়ি জেলার মালবাজার ও মেটেলি ব্লকের ১টি করে ও মালদার চাঁচল–২, ইংরেজবাজার ও মানিকচক ব্লক মিলিয়ে ৪টি সুস্বাস্থ্যকেন্দ্রে কমিউনিটি হেলথ অফিসার নিয়োগ করা হয়েছে।

অল বেঙ্গল প্যারামেডিক্স অ্যান্ড মেডিকেল টেকনলজিস্ট অ্যাসোসিয়েশনের রাজ্য সভাপতি মনোজ চক্রবর্তী বলেন, 'দীর্ঘদিন ধরেই হাসপাতালগুলির মেডিকেল টেকনলজিস্টের শূন্যপদ পূরণ করার দাবি জানানো হচ্ছিল। আপাতত ঘাটতি কিছুটা হলেও পূরণ হল।'





INDIA'S FIRST 5 YEAR WARRANTY* *Conditions apply
WORLD'S NO.1 22 YEARS IN A ROW
i3S Technology Idle-Stop-Start System

CALL TOLL-FREE 1800 266 0018

Hero MotoCorp Ltd. Regd. Office: The Grand Plaza, Plot No.2, Nelson Mandela Road, Vasant Kunj Phase - II, New Delhi - 110070, India. | CIN: L35911DL1984PLC017354 | For further information, contact your nearest Hero MotoCorp authorised outlet or visit us on www.HeroMotoCorp.com. Accessories and features shown may not be a part of standard fitment. Always wear a helmet while riding a two-wheeler. ""Based on offers from empaneled dealers on Wheels of Trust platform. ¹Highest sales for any 2 Wheeler Corporate Entity in the world for Calendar Year 2022 - Data source: DNA Consult & Advisory's report Assessment of Global Two Wheelers Market (CY22). #Finance offer is at the sole discretion of the Financier, subject to its respective T&Cs. Available at select dealerships. **Ex-showroom price of Glamour Drum in Kolkata.

Exchange Powered By Wheels of Trust**
সবথেকে ভালো রীসেল ভ্যালুর জন্য স্ক্যান করুন

Authorized Dealers: Kolkata: Hitech Hero Kasba, Ph: 9289922954, Prince Anwar Shah, Ph: 9289922954, Taratala, Ph: 9289922954 Sri Krishna Automotive- ;Ph : 9289922672, SMSG Hero- 9821696156 ,Diamond Harbour, Diamond Ventures,Ph: 9289924246, Andul: Ridhi Hero, Ph: 9289922669, Salkia, Ph: 9289922669, Barrackpore: Raja Hero, Ph: 9289922821, Barasat: Cynosure Hero, Ph: 9289922432, Chandannagar: Argosy Hero, Ph: 9289923070, Baruipur: Sri Krishna Hero, Ph: 9289922725, Dankuni: Auto Palace Hero, Ph: 9289922397, Howrah: Shibpur: Amit Hero, Ph: 9289922185, Uluberia – Khalisani: J D Hero, Ph: 9289923159, Islampur: Bharat Hero, Ph: 9289923202, Naihati: Naihati Hero, Ph: 9289922798, Cooch Behar: Sandeep Hero, Ph: 9289922698, Malda: Durga Hero, Ph: 9289922188, Prince Hero, Ph: 9289923123, Jalpaiguri: Anand Hero, Ph: 9289923031, Raiganj: Shankar Hero, Ph: 9289922594, Asansol: Avik Hero, Ph: 9289923194, Siliguri: Beekay Hero, Ph: 9289923102, Darjeeling Hero, Ph: 9289922427, Balurghat: Mahesh Hero, Ph: 9289922904, Bankura: Dutta Hero, Ph: 9289922471, Basirhat: Das Hero, Ph: 9289922639, Berachampa (Goyra) Ph:9289922639, Berhampur: Golden Hero, Ph: 9289922938, Burdwan: Rudra Hero, Ph: 9289922186, Contai: C M Hero, Ph: 9289922860, Durgapur: Dutta Hero, Ph: 9289922686, Krishnanagar: G.P. Hero, Ph: 9289922553, Midnapore: Palco Hero, Ph: 9289922402, Purulia: Aswini Hero, Ph: 9289923126, Kharagpur: Amit Hero, Ph: 9289923206, Raghunathgunj: Golden Automart Hero, Ph: 9289922867, Ranaghat: Diamond Hero, Ph: 9289923805 Raniganj: Pradip Hero, Ph: 9289922190, Rupnarayanpur: S. M. Hero, Ph: 9289922508, Rampurhat: Paul Hero, Ph: 9289923079, Suri: International Hero, Ph: 9289922507, Tamluk: Supreme Hero, Ph: 9289922187, Tarakeswar: Super Hero, Ph: 9289922801, Belda: Hi Tech Hero, Ph: 9289923116, Alipurduar: Dutta Hero, Ph: 9289923146., Haldia: Krishnaa Hero, Ph: 9821697401.

WT.5628.2023BEN

## শিলিগুড়ি শিক্ষা জেলা

# ৩৪২ প্রাথমিক স্কুল পাচ্ছে প্রধান শিক্ষক

**সাগর বাগচী**

**শিলিগুড়ি, ৭ ডিসেম্বর :** শিলিগুড়ি শিক্ষা জেলার ৩৪২টি প্রাথমিক স্কুলে প্রধান শিক্ষক নিয়োগ করা হচ্ছে। প্রাথমিক স্কুলে কর্মরত সহকারী শিক্ষকদের মধ্যে থেকেই এই প্রধান শিক্ষকদের বাছাই করা হবে। সূত্রের খবর, শিক্ষক বাছাইয়ের জন্য চলতি মাসের শেষের দিক থেকে কাউন্সেলিং শুরু করা হবে। গত মাসে শিলিগুড়ি প্রাথমিক বিদ্যালয় সংসদের তরফে প্রধান শিক্ষক নিযুক্তির বিষয়ে একটি নির্দেশিকা প্রকাশ করা হয়। যেখানে, সহকারী শিক্ষকদের মধ্যে থেকে প্রধান শিক্ষক হওয়ার জন্য আবেদন করতে বলা হয়। শুক্রবার পর্যন্ত শিক্ষকদের আবেদন গ্রহণ করা হবে।

শিলিগুড়ি প্রাথমিক বিদ্যালয় সংসদের চেয়ারম্যান দিলীপ রায় বলেন, 'শিক্ষকরা নিজেদের সার্কেল অফিসে খামবন্দি আবেদনপত্র জমা দিচ্ছেন। আবেদনপত্র আমাদের কাছে এলে নির্দিষ্ট নিয়ম মেনে তা স্ক্রুটিনি করা হবে। ওই প্রক্রিয়ার পর প্রাথমিকভাবে যোগ্যদের বাছাই করে তাঁদের কাউন্সেলিংয়ের জন্য ডাকা হবে। এই শিক্ষকদের মধ্যে থেকেই প্রধান শিক্ষকদের নিযুক্ত করা হবে।'

**দীর্ঘদিন পর**

- শিলিগুড়ি শিক্ষা জেলার ৩৪২টি প্রাথমিক স্কুলে দীর্ঘদিন প্রধান শিক্ষক নেই
- আবেদনকারী সহকারী শিক্ষকদের মধ্যে থেকে এই পদে যোগ্যদের বেছে নেওয়া হবে
- প্রধান শিক্ষক হিসাবে কাজ শুরু করলেও মাইনে একই, শুধু নির্দিষ্ট খাতে ৪০০ টাকা বেশি মিলবে
- সহকারী শিক্ষকদের মধ্যে থেকে যাঁরা প্রধান শিক্ষক হবেন তাঁরা সার্কেল পরিবর্তন করতে পারবেন না

প্রাথমিক বিদ্যালয় সংসদের তরফ থেকে প্রধান শিক্ষকদের নিয়োগপত্র দেওয়া হবে বলেও তিনি জানান।

ইতিমধ্যে সহকারী শিক্ষকদের থেকে অনেক আবেদন জমা পড়েছে। নকশালবাড়ি, বিধাননগর, শিলিগুড়ি–নকশালবাড়ি, ফাঁসিদেওয়া, খড়িবাড়ি, শিলিগুড়ি পশ্চিম ও বাতাসি সার্কেল মিলিয়ে প্রধান শিক্ষকের ৩৪২টি পদ ফাঁকা রয়েছে। বাংলামাধ্যমের পাশাপাশি সেগুলির মধ্যে হিন্দি, নেপালি ও উর্দুমাধ্যমের স্কুল রয়েছে। বাংলামাধ্যমের ২৬৭টি স্কুলে বর্তমানে প্রধান শিক্ষক নেই। দীর্ঘ প্রায় ১৭ বছর শিলিগুড়ির প্রাথমিক বিদ্যালয়গুলিতে প্রধান শিক্ষক নিযুক্ত করা হয়নি। যেখানে অন্য শিক্ষা জেলায় নিযুক্তির প্রক্রিয়া চলেছে। কিন্তু কী কারণে দীর্ঘ বছর ধরে শিলিগুড়িতে এই প্রক্রিয়া বন্ধ থাকল তা নিয়ে প্রশ্ন উঠেছে। এবিষয়ে শিলিগুড়ি প্রাথমিক বিদ্যালয় সংসদের চেয়ারম্যান বলেন, 'বিভিন্ন সময় চেয়ারম্যান পরিবর্তন হয়েছেন। হয়তো তাঁদের কেউ সেভাবে উদ্যোগ না নেওয়ায় এই প্রক্রিয়াটি দীর্ঘদিন বন্ধ ছিল।' সহকারী শিক্ষকরাই সংশ্লিষ্ট স্কুলগুলির দায়িত্ব সামলে আসছেন।

প্রধান শিক্ষক হিসাবে কাজ শুরু করলেও ওই সহকারী শিক্ষকদের মাইনে যেমন ছিল তেমনটাই থাকবে। কেবলমাত্র প্রধান শিক্ষক হিসাবে কাজ করায় তাঁরা নির্দিষ্ট খাতে ৪০০ টাকা বেশি পাবেন। সহকারী শিক্ষকদের মধ্যে থেকে যাঁরা প্রধান শিক্ষক হবেন তাঁরা নিজেদের সার্কেল পরিবর্তন করতে পারবেন না।



বরফের চাদরে মোড়া ছাঙ্গু। বৃহস্পতিবার।

# খড়িবাড়িতে শুরু ডিআই ফান্ডের জমির জরিপ

**কার্তিক দাস**

**খড়িবাড়ি, ৭ ডিসেম্বর :** খড়িবাড়িতে ডিআই ফান্ডের জমি জরিপের কাজ শুরু হল। বৃহস্পতিবার খেঁচগাঁজা খালের উত্তরদিকের জমিগুলি জরিপ করে প্রশাসন। বুধবার থেকে জমি জরিপের পাশাপাশি জমির চরিত্র নির্ণয়ের কাজ শুরু হয়ে আগামী কয়েকদিন চলবে বলে জানা গিয়েছে। এদিন জমি জরিপের সময় উপস্থিত ছিলেন ডিআই ফান্ডের ভারপ্রাপ্ত হাটবাবু মনোজকুমার রায়, রেভেনিউ ইনস্পেকটর নারায়ণ হরিজন প্রমুখ।

শিলিগুড়ি মহকুমা পরিষদের বন ও ভূমি কর্মাধ্যক্ষ কিশোরীমোহন সিংহ বলেন, 'জমি জরিপের পর সমীক্ষার রিপোর্ট শিলিগুড়ি মহকুমা পরিষদের কাছে ৩১ ডিসেম্বরের মধ্যে জমা দিতে বলা হয়েছে ভূমি ও ভূমি রাজস্ব দপ্তরকে। শিলিগুড়ি মহকুমা পরিষদ সেই রিপোর্ট নবান্নে পাঠাবে। খুব দ্রুত ডিআই ফান্ডের জমি ভূমি ও রাজস্ব দপ্তরের অধীনে হস্তান্তরিত হবে।'

স্বাধীনতার পর উন্নয়নমূলক কাজের জন্য তৎকালীন সরকার ডিআই ফান্ড হিসাবে দার্জিলিং ও কালিম্পং জেলায় জমি সংরক্ষিত করে। এতদিন সেই জমি জেলা শাসকের নিয়ন্ত্রণে ছিল। সরকারি সেই জমিতে হাটবাজার বসত। পরে কয়েকজন স্থানীয়কে ওই জমিতে বসবাসেরও অনুমতি দেওয়া হয়। কিন্তু দেখা যায়, অনেকে হাটের জমি দখল করে স্থায়ী দোকানঘর বানিয়েছেন। এছাড়া, ডিআই ফান্ডের জমিতে দীর্ঘদিন ধরে ভোগদখল করা সত্ত্বেও ব্যবসায়ী ও বাসিন্দাদের কাছে কোনও সরকারি কাগজপত্র থাকে না। ফলে কোনও সরকারি সুবিধা বা ব্যাংক লোন পেতে তাঁদের সমস্যা হয়। এজন্য এর আগেও অনেকবার আন্দোলন হয়েছে। এবার সেই সমস্যা মেটাতে উদ্যোগী হয়েছে পশ্চিমবঙ্গ সরকার।

বর্তমানে রাজ্য সরকার ডিআই ফান্ডের এই জমি ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের কাছে হস্তান্তরের সিদ্ধান্ত নিয়েছে বলে জানান শিলিগুড়ি মহকুমা পরিষদের সভাধিপতি অরুণ ঘোষ। তিনি জানান, জমি জরিপ ও জমির চরিত্র নির্ণয় করে সমীক্ষার রিপোর্ট তৈরির তত্ত্বাবধানে রয়েছে শিলিগুড়ি মহকুমা পরিষদ। জানা গিয়েছে, ২০১৬ সালের সমীক্ষার রিপোর্ট অনুযায়ী, নকশালবাড়িতে ৩৯.৫৭ একর, বাগডোগরায় ১৬.৬৪, মাটিগাড়ায় ৪০, ফাঁসিদেওয়ায় ২০ এবং খড়িবাড়িতে ৩৩ একর জমি রয়েছে। এছাড়া শিলিগুড়ি শহরে আছে ১০.৫০ একর জমি।

হাটবাবু মনোজ বলেন, 'খড়িবাড়িতে ডিআই ফান্ডের জমি থাকার কথা ৩৩ একর। যদিও বাস্তবে রয়েছে ২৫.৩১ একর। কোন জমিতে দোকানঘর, কোন জমিতে বাড়ি রয়েছে এবং পরিমাণ কত, সবটাই মাপজোখ করে দেখা হচ্ছে। এছাড়া, ফাঁকা জমিগুলিও চিহ্নিত করা হচ্ছে।' কিশোরীমোহন জানান, এই হস্তান্তরের ফলে হাটগুলির উন্নয়নমূলক কাজে শিলিগুড়ি মহকুমা পরিষদ সরাসরি পদক্ষেপ করতে পারবে। ব্যবসায়ীরাও জমির কাগজ পেলে সহজেই ব্যাংক থেকে ঋণ নিতে পারবেন।



ওজন ও বয়সের ভারে নত। বৃহস্পতিবার গজলডোবায়। ছবি : অর্ঘ্য বিশ্বাস

# কানুর গ্রামে জল, বঞ্চিত আশপাশ

## পেটের অসুখে আক্রান্ত গ্রামবাসী, সমস্যা এলাকার স্কুলগুলিতেও

**মহম্মদ হাসিম**

**নকশালবাড়ি, ৭ ডিসেম্বর :** মুখ্যমন্ত্রীর নির্দেশে কানু সান্যালের গ্রামে জলের ট্যাংক পৌঁছালেও বঞ্চিত রয়ে গেল প্রতিবেশী গ্রামগুলি। মুখ্যমন্ত্রীর এমন পদক্ষেপে আক্ষেপের সুর প্রকাশ্যে এল হাতিঘিসা গ্রাম পঞ্চায়েতের একাধিক গ্রামের বাসিন্দাদের মধ্যে।

কানু সান্যালের বাড়ির ঠিক পাশেই রয়েছে হুচাই মল্লিক জোত। নকশাল আন্দোলনের প্রথম শহিদ বাবুলাল বিশ্বকর্মার শহিদ বেদি রয়েছে এই গ্রামে। অভিযোগ, দু'বছর আগে এই এলাকায় পিএইচই দপ্তরের পক্ষ থেকে নলকূপ বসানো হলেও তা দিয়ে জল পড়েনি। পানীয় জলের জন্য কুয়োর ঘোলা জলই ভরসা এলাকার বাসিন্দাদের। দূষিত জল পান করে গ্রামের অনেক বাসিন্দাই ডায়ারিয়া সহ অন্যান্য পেটের অসুখে আক্রান্ত হয়ে পড়ছেন। কানু সান্যালের গ্রাম সেবদোল্লাজোতে প্রশাসন পানীয় জল পৌঁছালেও বাকি গ্রামগুলি এমন কী অপরাধ করল তা বুঝে উঠতে পারছেন না হুচাই মল্লিক জোতের বাসিন্দারা। শিল্পী মল্লিক, শান্তমণি বিশ্বকর্মা, ষষ্ঠী বিশ্বকর্মা, পরবিন্দর বিশ্বকর্মা প্রমুখ বাসিন্দার অভিযোগ, স্বাধীনতার পর থেকে এখনও পর্যন্ত ওই গ্রামের বাসিন্দারা কুয়োর জল খেয়ে দিন কাটাচ্ছেন। বহু বছর আগে এলাকায় প্রশাসনের পক্ষ থেকে মার্ক টু টিউবওয়েল বসানো হয়েছিল বটে, কিন্তু সেটি কয়েক দশক ধরে বিকল হয়ে আছে। বাধ্য হয়েই কুয়োর ঘোলা জলের উপরই সকলকে নির্ভর করে চলতে হচ্ছে। মুখ্যমন্ত্রী শুধুমাত্র একটি গ্রামের পানীয় জলের সমস্যা দূর করার নির্দেশ দেওয়ায় ক্ষুব্ধ হুচাই মল্লিক জোতের বাসিন্দারা বৃহস্পতিবার একটি বিক্ষোভ মিছিলে শামিল হয়ে তাঁদের ক্ষোভ উগরে দেন। এদিন মিছিলে যোগ দিয়ে সিপিএমের প্রাক্তন পঞ্চায়েত সদস্যা বাসন্তী দেবনাথ বলেন, 'গ্রামের বেশিরভাগ বাসিন্দাই দিনমজুর। পানীয় জলের জন্য হাইকোর্টে মামলা করার মতো সামর্থ্য আমাদের নেই। আমাদের একমাত্র ভরসা পঞ্চায়েত প্রধান। কিন্তু গ্রাম পঞ্চায়েতের পক্ষ থেকে আমাদের সমস্যা সমাধানের কোনও উদ্যোগ নেওয়া হচ্ছে না। বছর দুয়েক আগে একবার গ্রামে পাইপলাইন বসানোর উদ্যোগ নেওয়া হলেও তা দিয়ে জল আসেনি। কুয়োর ঘোলা জল খেয়ে মাঝে মাঝেই অসুস্থ হয়ে পড়লেও বাধ্য হয়ে সেই জলই আমাদের খেতে হচ্ছে।'



হুচাই মল্লিক জোতে বিকল টিউবওয়েল ঘিরে বিক্ষোভ গ্রামবাসীর। বৃহস্পতিবার।

হাতিঘিসা গ্রাম পঞ্চায়েত এলাকায় পানীয় জলের সমস্যা রয়েছে অটল চা বাগান, দমদমা, লোহাসিং, জমিদারগুড়ি, গিরামণি, মিনগারা, কেটুগাবুরজোত, ছলছলিয়ার মতো বেশ কয়েকটি এলাকায়। গ্রামের বাসিন্দারা জানাচ্ছেন, বাম আমলে তৈরি সজলধারা প্রকল্পগুলি দীর্ঘদিন ধরে বন্ধ অবস্থায় পড়ে রয়েছে। এমতাবস্থায় প্রশাসনের উচিত সবক'টি গ্রামেই পানীয় জলের ব্যবস্থা করা।

কানু সান্যালের গ্রামের পাশেই রয়েছে কেটুগাবুরজোত প্রাথমিক বিদ্যালয়। ওই বিদ্যালয়টির প্রধান শিক্ষক কৌশিক আচার্য বলেন, 'গোটা গ্রামের পাশাপাশি বিদ্যালয়েও পানীয় জলের সমস্যা রয়েছে। বিদ্যালয়ে যে মার্ক টু টিউবওয়েলটি রয়েছে তার জল পরীক্ষার পর সেই জল পড়ুয়াদের খেতে না দেওয়ার নির্দেশ রয়েছে। কিন্তু কোনও বিকল্প ব্যবস্থা না থাকায় ওই জলই খেতে বাধ্য হচ্ছে ছাত্রছাত্রীরা।' তিনি আরও বলেন, 'মুখ্যমন্ত্রী একটি গ্রামের সমস্যা সমাধানে উদ্যোগী হলেন। বাকি গ্রামগুলির বাসিন্দাদের সমস্যার কবে সমাধান হবে, তা জানা নেই।'

এ বিষয়ে নকশালবাড়ি ব্লকের দায়িত্বপ্রাপ্ত জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার রাজু ভদ্রের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি বলেন, 'আমাদের কর্মীরা হাতিঘিসায় রয়েছেন। কোন এলাকায় কীভাবে এবং কী কাজ হবে তার পরিকল্পনা করা হয়েছে। সেখানে গেলেই তা জানা যাবে।'

# স্কুটার ফেরত পাওয়ায় পুলিশের প্রশংসা

**শিলিগুড়ি, ৭ ডিসেম্বর :** একদিকে স্বস্তি, অন্যদিকে উদ্বেগ।

হায়দরপাড়ায় স্কুটার চুরির ১২ ঘণ্টার মধ্যেই তা ফিরে পাওয়ায় আমন যাদব খুশি। ভক্তিনগর থানার পুলিশের ভূমিকায় তিনি সন্তোষ প্রকাশ করেছেন। এই ঘটনায় পুলিশ তিনজনকে গ্রেপ্তার করেছে। তবে তাদের কেউই কোনও অপরাধমূলক কাজের সঙ্গে যুক্ত নয়। অন্যদিকে, শ্রীবাস কলোনি সংলগ্ন রেল কোয়ার্টার এলাকায় নেমতন্ন বাড়িতে গিয়ে ফুলবাড়ি–১ গ্রাম পঞ্চায়েতের গোয়ালাবস্তির বাসিন্দা দেবানন্দ সিং বাইক খোয়ানোয় উদ্বেগে পড়েছেন। এই ঘটনায় একটি চক্রের যুক্ত থাকার বিষয়টি সামনে এসেছে। চক্রটি বছরখানেক ধরে এলাকায় মাদক বিক্রি ও চুরি, ছিনতাইয়ের সঙ্গে যুক্ত। এখন তারা স্কুটার, বাইক চুরি শুরু করেছে। সবই খতিয়ে দেখা হচ্ছে বলে শিলিগুড়ি মেট্রোপলিটান পুলিশের এডিসিপি সুভেন্দ্র কুমার জানিয়েছেন।

ভক্তিনগর থানা সূত্রে খবর, বুধবার দুপুরে আমনের স্কুটার চুরি যায়। হায়দরপাড়ার বাসিন্দা আমন বলেন, 'দুপুরের খাবার খেতে বাড়ি এসেছিলাম। স্কুটার বাড়ির বাইরে রেখেছিলাম। পরে বেরিয়ে দেখি স্কুটার নেই। এরপরই আমি ভক্তিনগর থানায় অভিযোগ দায়ের করি।' রাজ বর্মন নামের হায়দরপাড়ারই এক যুবক ওই স্কুটার চালিয়ে ঘুরে বেরিয়েছে বলে পুলিশ পরে খবর পায়। পুলিশ রাজকে ধরে জিজ্ঞাসাবাদে জানতে পারে, এই কাজে মানব রায় ও রনি ছেত্রী নামে তার দুই বন্ধু জড়িয়ে রয়েছে। পুলিশ গীতলপাড়ায় মানবের বাড়ি যায়। সেখানে মানবের সঙ্গে রনিও ছিল। মানবের বাড়ি থেকেই স্কুটারটি উদ্ধার হয়। পুলিশের অনুমান, মানবরা দিনমজুরিতে যুক্ত। অর্থাভাবেই তারা কাজটি করেছে বলে তদন্তকারীরা মনে করছেন। তদন্ত চলছে। স্কুটার ফিরে পাওয়ায় পুলিশের ভূমিকায় আমন খুবই খুশি বলে জানিয়েছেন।

বুধবার রাতেই শ্রীবাস কলোনির অনুষ্ঠান বাড়ির সামনে থেকে বাইক চুরি যায়। অনুষ্ঠানের উদ্যোক্তাদের তরফে বিজয় প্রসাদ বলেন, 'অনেকেই অনুষ্ঠানে এসেছিলেন। দেবানন্দের বাইকটি চুরি যায় বলে জানতে পেরেছি। অনুষ্ঠানকে কেন্দ্র করে ব্যস্ত থাকার সুযোগেই হয়তো দুষ্কৃতীরা সেটি চুরি করে।' কিছুদিন আগে ফুলবাড়ির পূর্ব ধনতলা এলাকায় বাইক চুরি করতে এসে এক যুবক ধরা পড়ে। জনতা তাকে মারধর করে। তবে এনিয়ে পুলিশে অভিযোগ হয়নি।

# সমস্যা এড়াল সচিবের চোখ

## ইসলামপুর হাসপাতাল পরিদর্শন

**ইসলামপুর, ৭ ডিসেম্বর :** ইসলামপুর মহকুমা হাসপাতালের জরুরি বিভাগ থেকে শুরু করে ট্রমা কেয়ার ইউনিট, সদ্য চালু হওয়া সিটি স্ক্যান ইউনিট, পুরুষ ও মহিলা ওয়ার্ড সহ বিভিন্ন বিভাগ পরিদর্শন করলেন স্বাস্থ্য দপ্তরের প্রধান সচিব নারায়ণস্বরূপ নিগম। তবে হাসপাতাল নিয়ে ওঠা এতদিনের অভিযোগ কিছুই চোখে পড়ল না তাঁর। পরিদর্শন শেষে সব ঠিকই আছে বলে জানিয়েছেন প্রধান সচিব।

ইসলামপুর হাসপাতাল নিয়ে রোগী ও তাঁদের পরিবারের অভিযোগের শেষ নেই। হাসপাতালে অপরিচ্ছন্ন পরিবেশ। চিকিৎসকের অভাব রয়েছে। জরুরি বিভাগ সামলান মাত্র একজন চিকিৎসক। স্বাভাবিকভাবেই হাসপাতালের পরিষেবা তলানিতে ঠেকেছে। এছাড়া, হাসপাতালে রোগীদের পরিষেবা দিতে ২০১৫ সালে লিফটের উদ্বোধন করা হয়েছিল। কিছুদিন চলার পরই তা বিকল হয়ে যায়। তারপর থেকে এত বছরেও লিফট আর চালু হয়নি। রোগীদের বাধ্য হয়ে সিঁড়ি ব্যবহার করতে হয়। শুধু তাই নয়, হাসপাতালে রোগীর পরিজনদের থাকার কোনও জায়গা নেই। কেউ রোগীর পাশে, আবার কেউ গাছতলায় রাত কাটাচ্ছেন।



স্বাস্থ্য পরিষেবার হাল ঘুরে দেখছেন স্বাস্থ্যসচিব। বৃহস্পতিবার ইসলামপুরে।

তবে বৃহস্পতিবার এত সমস্যা যেন চোখ এড়িয়ে গেল সচিবের। তিনি বলেন, 'মহকুমা হাসপাতালের পরিচ্ছন্নতার তেমন অভাব নেই। সবকিছু ঠিকঠাকই রয়েছে। সবাই ভালোভাবে কাজ করছেন।' হাসপাতালে সিটি স্ক্যান পরিষেবা চালু হওয়া সত্ত্বেও রিপোর্ট পেতে দেরি হওয়ার বিষয়ে তাঁকে জিজ্ঞাসা করা হলে তিনি জানিয়েছেন, আর দেরি হবে না। মেডিকেল কলেজ থেকে কম্পিউটারে পরিচালনা করা হবে।

এদিন ইসলামপুর মহকুমা হাসপাতাল ও সুপারস্পেশালিটি হাসপাতাল ঘুরে দেখেন নারায়ণ। প্রথমে তিনি ইসলামপুর মহকুমা হাসপাতালে যান। সেখানে মহকুমা শাসক মহম্মদ আবদুল শাহিদ, জেলা সহকারী মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাঃ অনিমেষ দত্ত, হাসপাতাল সুপার ডাঃ সুরজ সিনহা, রোগীকল্যাণ সমিতি ও ইসলামপুর পুরসভার চেয়ারম্যান কানাইয়ালাল আগরওয়াল সহ স্বাস্থ্য দপ্তরের অন্য আধিকারিকরা তাঁকে স্বাগত জানান। তারপর তিনি সুপারস্পেশালিটি হাসপাতাল পরিদর্শনে যান। খুব শীঘ্রই এখানে ডায়ালিসিস ইউনিট এবং ওটিতে কিছু সরঞ্জামের ব্যবস্থা করা হবে বলে জানিয়েছেন তিনি।

> মহকুমা হাসপাতালের পরিচ্ছন্নতার তেমন অভাব নেই। সবকিছু ঠিকঠাকই রয়েছে। সবাই ভালোভাবে কাজ করছেন।
>
> –নারায়ণস্বরূপ নিগম

সহকারী মুখ্য স্বাস্থ্য আধিকারিকের কথায়, 'মূলত তিনি এদিন দুই হাসপাতালের পরিষেবা এবং পরিকাঠামো পরিদর্শনে এসেছিলেন। পরিকাঠামো নিয়ে আমাদের সব দাবি শুনে তিনি শীঘ্রই সেগুলির ব্যবস্থা করার কথা জানিয়েছেন।'

# কেন্দ্রীয় দল চোপড়ায়

**চোপড়া, ৭ ডিসেম্বর :** আবাস যোজনা সহ বিভিন্ন প্রকল্পের কাজ দেখতে বৃহস্পতিবার কেন্দ্রীয় প্রতিনিধিদল আসে চোপড়ায়। ব্লক প্রশাসনের কাছ থেকে আবাসের উপভোক্তাদের তালিকা নিয়ে দলটি এলাকায় বেরিয়ে পড়ে। পর্যবেক্ষক দলের সদস্য ডঃ মীনাক্ষী ভর্ডা জানান, রুরাল মিনিস্ট্রি থেকে সাধারণ পর্যবেক্ষণ চলছে। পর্যবেক্ষণ শেষে মন্ত্রককে রিপোর্ট জমা করা হবে।

এদিন বিকেলে কেন্দ্রীয় প্রতিনিধিরা আবাস যোজনার তালিকাভুক্ত উপভোক্তাদের বাড়ি বাড়ি গিয়ে খোঁজ নেন। এদিন মূলত তিন ক্যাটিগোরির তালিকা চেয়ে নেওয়া হয়। যাঁরা আবাস পেয়েছেন, যাঁরা পাবেন এবং তালিকা থেকে যাঁরা বাদ পড়েছেন। কেন্দ্রীয় প্রতিনিধিদলটির ব্লকের চোপড়া, সোনাপুর ও লক্ষ্মীপুর গ্রাম পঞ্চায়েত এলাকায় যাওয়ার কথা রয়েছে। এদিকে প্রতিনিধিদল পরিদর্শনে আসার খবরে রাত জেগে বিভিন্ন গ্রাম পঞ্চায়েতে নথি ঠিক করার কাজ চলছে জোরকদমে। আবাস যোজনা সহ বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্পের নামে নতুন করে কোথাও বোর্ড লাগানো হচ্ছে। চোপড়া গ্রাম পঞ্চায়েতের প্রধান জিয়ারুল রহমানের বক্তব্য, 'এদিন পঞ্চায়েতের একাধিক গ্রামে উপভোক্তাদের সঙ্গে কথা বলে পর্যবেক্ষক দলের প্রতিনিধিরা সন্তুষ্টি প্রকাশ করেছেন।'

## অন্য সংস্করণের খবর

### উত্তর দিনাজপুর

# দাদাগিরি, তৃণমূলের যুব সভাপতি ধৃত

**রায়গঞ্জ, ৭ ডিসেম্বর :** দোকানঘর ভাড়া দেওয়াকে কেন্দ্র করে দোকানের মালিক ও তাঁর পরিবারকে শারীরিক নিগ্রহের দায়ে মূল অভিযুক্ত তৃণমূলের বুথ সভাপতি সঞ্জয় দাসকে গ্রেপ্তার করল রায়গঞ্জ থানার পুলিশ। ধৃতের বাড়ি গৌরী গ্রাম পঞ্চায়েতের হাতিয়া হাটখোলা গ্রামে। ধৃতের বিরুদ্ধে ভারতীয় দণ্ডবিধির একাধিক ধারায় মামলা রুজু করেছে পুলিশ। বৃহস্পতিবার রায়গঞ্জ জেলা আদালতে তোলা হলে বিচারক ধৃতকে ১৪ দিনের জেল হেপাজতের নির্দেশ দেন। রায়গঞ্জ জেলা আদালতের সরকারি আইনজীবী নীলাদ্রি সরকার বলেন, 'ধৃতের বিরুদ্ধে একাধিক জামিন অযোগ্য ধারায় মামলা রুজু করেছে পুলিশ।'

জানা গিয়েছে, তিন বছর আগে শিরীষচন্দ্র দাসের একটি সাইড রুম ভাড়া নিয়েছিলেন এলাকার তৃণমূলের বুথ সভাপতি সঞ্জয় দাস। ওই ঘরের একটি অংশে দশকর্মা ভাণ্ডার, বাকি অংশে কসমেটিক্সের দোকান করেছিলেন তিনি। পুজোর আগেই সঞ্জয়বাবুকে দোকান ছেড়ে দেওয়ার কথা বলেছিলেন শিরীষবাবু। দোকান থেকে অর্ধেক সরঞ্জাম বের করেও দিয়েছিলেন সঞ্জয়। এরই মধ্যে ঘরটি সংস্কারের জন্য শ্রমিক নিয়োগ করেন শিরীষবাবু। তা থেকেই যাবতীয় গণ্ডগোলের সূত্রপাত।

# তিন নাবালিকা নিখোঁজে রহস্য

**বানারহাট, ৭ ডিসেম্বর :** স্কুলে যাওয়ার পথে বুধবার রহস্যজনকভাবে নিখোঁজ হয়ে যায় বানারহাট এলাকার দুই ছাত্রী। একজন সপ্তম ও অন্যজন অষ্টম শ্রেণির পড়ুয়া। একই দিনে নিখোঁজ হয়েছিল মেটেলি এলাকার এক নাবালিকা। বৃহস্পতিবার তিনজনেরই খোঁজ মেলে মালদা টাউন স্টেশনে। কী করে ওই তিন নাবালিকা মালদা পৌঁছাল তা নিয়ে ধোঁয়াশা রয়েছে। পাচারকারীর খপ্পরে তারা পড়েছিল কি না তা পুলিশ তদন্ত করে দেখছে।

এদিন ভোরে শিয়ালদাগামী কাঞ্চনকন্যা এক্সপ্রেস থেকে তাদের উদ্ধার করে রেল পুলিশ। প্রাথমিক তদন্তে পুলিশের অনুমান, তিনজনের সঙ্গে প্রাপ্তবয়স্ক কেউ ছিল না। মালদা স্টেশনের রেল পুলিশের আইসি প্রশান্ত রাই বলেন, 'নাবালিকাদের উদ্ধারের পর মালদা চাইল্ড হেল্প ডেস্কের মাধ্যমে চাইল্ড ওয়েলফেয়ার কমিটির হাতে তুলে দেওয়া হয়েছে। বর্তমানে তারা হোমে আছে।'

### জলপাইগুড়ি

# মায়ের সঙ্গে মেয়েকেও টার্গেট

**আলিপুরদুয়ার, ৭ ডিসেম্বর :** কলেজ পড়ুয়া যুবতীর অশ্লীল ছবি ভাইরাল করে দেওয়ার অভিযোগ উঠল তাঁরই মায়ের 'প্রেমিক'–এর বিরুদ্ধে। কেবল তাই নয়, সেইসঙ্গে টানা প্রায় পাঁচ বছর ধরে একাধিকবার ওই পড়ুয়াকে ধর্ষণেরও অভিযোগ উঠেছে। যুবতীর মা কোনওদিন তাঁর প্রেমিকের সেই কাজের প্রতিবাদ করেননি বলেও অভিযোগ। বৃহস্পতিবার তাই মা ও মায়ের সেই প্রেমিকের বিরুদ্ধে থানার দ্বারস্থ হয়েছেন সেই নিগৃহীতা। অভিযোগ পেয়ে আলিপুরদুয়ারের মহিলা থানার পুলিশ মা–কে গ্রেপ্তারও করেছে। কিন্তু অভিযুক্ত পুরুষকে গ্রেপ্তার করতে পারেনি। সে পলাতক।

এবিষয়ে আলিপুরদুয়ার মহিলা থানার ওসি তৃষ্ণা লিম্বু বলেন, 'অভিযোগ পাওয়ার পরেই নির্যাতিতার মাকে গ্রেপ্তার করা হয়েছে। আর মূল অভিযুক্তের খোঁজে তল্লাশি চলছে।'

এদিন ওই কলেজ পড়ুয়া জানিয়েছেন, সেই নবম শ্রেণিতে পড়ার সময় প্রথমবার তাঁর উপর চড়াও হয়েছিল সেই অভিযুক্ত। তবে এতদিন কেন তিনি কোথাও কোনও অভিযোগ জানাননি, তা নিয়ে প্রশ্ন উঠেছে। আরও অভিযোগ, এই ঘটনায় মায়ের প্রচ্ছন্ন সমর্থন ছিল। কিন্তু কেন সেই মহিলা নিজের মেয়ের সঙ্গে এমন কাণ্ড মেনে নিয়েছিলেন, সে বিষয়টিও খুব একটা স্পষ্ট নয়।

### আলিপুরদুয়ার

# গাড়ির ধাক্কায় জখম মোটরবাইক আরোহী

**চাকুলিয়া, ৭ ডিসেম্বর ঃ** চার চাকার একটি ছোট গাড়ির ধাক্কায় গুরুতর জখম হলেন এক মোটরবাইক আরোহী। ঘটনাটি ঘটেছে বৃহস্পতিবার চাকুলিয়া থানার ভারত পেট্রোল পাম্প সংলগ্ন এলাকায়। জানা গিয়েছে, আহত ব্যক্তির নাম রোসদুল হক (২৭)। তিনি চাকুলিয়ার কাহাটা এলাকার বাসিন্দা ছিলেন।

স্থানীয় সূত্রে জানা গিয়েছে, এদিন ওই ব্যক্তি মোটরবাইক নিয়ে চাকুলিয়া বাজারের দিকে যাবার সময় পেট্রোল পাম্প সংলগ্ন এলাকায় একটি চার চাকার ছোট গাড়ি তাঁকে ধাক্কা মারে। মোটরবাইক নিয়ে তিনি রাস্তার ধারে ছিটকে পড়েন এবং গুরুতর জখম হন। ঘটনার পর স্থানীয়রাই তাঁকে উদ্ধার করে চাকুলিয়া স্বাস্থ্যকেন্দ্রে ভর্তি করার ব্যবস্থা করেন। চাকুলিয়া থানা সূত্রে জানানো হয়েছে, ছোট গাড়িটি উদ্ধার করে পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

# ডাঙ্গাপাড়া থেকে ২৮টি গোরু উদ্ধার

**ফাঁসিদেওয়া, ৭ ডিসেম্বর ঃ** বৃহস্পতিবার ফাঁসিদেওয়া ব্লকের বিধাননগর সংলগ্ন ডাঙ্গাপাড়া এলাকায় ২৭ নম্বর জাতীয় সড়ক থেকে দুটি চারচাকা পণ্যবাহী গাড়ি থেকে ২৮টি গোরু উদ্ধার করল বিধাননগর তদন্তকেন্দ্রের পুলিশ। এদিন গাড়ি দুটিতে গোরুগুলিকে পাচারের জন্য অসমে নিয়ে যাওয়া হচ্ছিল। পৃথক অভিযানে পুলিশ গাড়ি দুটিতে তল্লাশি চালিয়ে একটি গাড়ি থেকে ১২টি এবং আরেকটি থেকে ১৬টি গোরু উদ্ধার করে।

ওই ঘটনায় একজনকে গ্রেপ্তার করা হয়েছে। ধৃতের নাম মহম্মদ সাহাজামাল। বাড়ি বিহারে। তবে আরেক গাড়িক চালক পালিয়ে যায়। পুলিশ জানিয়েছে, গাড়ি ২টি বাজেয়াপ্ত করা হয়েছে।

উদ্ধার হওয়া গোরু খোঁয়াড়ে পাঠানো হয়েছে। ধৃতের বিরুদ্ধে সুনির্দিষ্ট ধারায় মামলা রুজু করে এদিন শিলিগুড়ি মহকুমা আদালতে পাঠানো হয়েছে। এই ঘটনায় আর কেউ জড়িত কি না তা জানতে তদন্ত শুরু করা হয়েছে।

# বালি-পাথরবোঝাই ট্র্যাক্টর, ডাম্পার আটক

**নিবেদিতা দাস**

**মাটিগাড়া, ৭ ডিসেম্বর :** সরকারি নির্দেশিকার তোয়াক্কা না করে অবাধে বালি তোলায় মাটিগাড়ায় বালাসন নদীর বাঁধ ক্ষতিগ্রস্ত হওয়ার আশঙ্কা দেখা দিয়েছে। উত্তরবঙ্গ সংবাদে সে খবর প্রকাশিত হতেই নড়েচড়ে বসল প্রশাসন। বুধবার দিনভর মাটিগাড়া থানার পুলিশ অভিযান চালিয়ে পাঁচটি বালি–পাথরবোঝাই ট্র্যাক্টর, ডাম্পার আটক করে। অথচ একইদিনে মাটিগাড়া ব্লক ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক বালাসন ঘাট পরিদর্শন করতে গেলে কিছুই দেখতে পাননি বলে খবর। বিষয়টি নিয়ে নানা প্রশ্ন উঠছে। যেখানে থানা এতগুলি গাড়ি আটক করেছে সেখানে মাটিগাড়া ব্লক ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক কিছুই দেখতে পাননি। তাহলে কি সবই বোঝাপড়ার ভিত্তিতে চলেছে, এমন প্রশ্নও উঠছে।

মাটিগাড়া ব্লক ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক দীপেন লামা বলেন, 'আজ প্রথম নয়, নদীতে কখনও খনন কাজ চোখে পড়েনি। বাঁধ ভেঙে যাওয়ার বিষয়টি আমাদের হাতে নেই, সেচ দপ্তর দেখবে।'

আঠারোখাই গ্রাম পঞ্চায়েতের শালবাড়ির তারিজোত এলাকায় দীর্ঘদিন থেকেই বালি–পাথর তোলা চলছে। গত ফেব্রুয়ারি মাসে অবৈধভাবে বালি তুলতে গিয়ে পাশের গ্রামের তিন কিশোর সেখানে প্রাণ হারায়। কিন্তু তাতেও বালি মাফিয়াদের দাদাগিরি বন্ধ হয়নি।

তারিজোত জ্যোতিময়া কলোনির বাসিন্দা ধনেশ বর্মন বলেন, 'এদিন সকাল থেকে নদীতে খননের কাজ চলছিল। কিন্তু মাটিগাড়া ব্লক ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক এলাকা পরিদর্শনের দুই–তিন ঘণ্টা আগেই একে একে ট্র্যাক্টরগুলি এলাকা ছেড়ে সরে পড়ে।'

প্রায় প্রতিদিন কখনও আর্থমুভার, আবার কখনও শ্রমিক দিয়ে নদী থেকে বালি–পাথর তোলা হয়। ফলে নদীখাত বদলে জল বাঁধের গা ঘেঁষে বইছে। সেটি ভাঙলে যে কোনও মুহূর্তে গ্রামের আট–দশটি বাড়ি নদীতে তলিয়ে যাওয়ার আশঙ্কা রয়েছে।

এদিন মাটিগাড়া–২ গ্রাম পঞ্চায়েতের পালপাড়া এলাকার বাসিন্দা স্বপন পাল জানান, মঙ্গলবার মাটিগাড়া বিডিও অফিসের সামনে ডাম্পারের ধাক্কায় তাঁর মা আহত হন। তিনি বর্তমানে শিলিগুড়ির একটি নার্সিংহোমে ভর্তি আছেন। তাঁর পায়ে অস্ত্রোপচার হয়েছে। চিকিৎসকরা জানিয়েছেন তাঁর পায়ের আঙুল কাটা পড়বে। ডাম্পারের দাদাগিরি না কমলে এভাবেই একের পর একজন আহত হতেই থাকবেন। বিষয়টি সত্যিই চিন্তার।

মাটিগাড়া পঞ্চায়েত সমিতির সহ সভাপতি ভোলা ঘোষ বলেন, 'মাটিগাড়া থানার অন্তর্গত শুধুমাত্র ছয়জনের কাছে সরকারি কাজে ব্যবহারের জন্য বালি–পাথরের স্টক থাকার কথা। কিন্তু কে বা কার মদতে এসব কাজ চলছে তা আমার জানা নেই।'



মাটিগাড়া ব্লক ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের আধিকারিকরা ঘাট পরিদর্শনে।

# পিসি চন্দ্রের লাকি ড্র

নিউজ ব্যুরো



**৭ ডিসেম্বর :** বুধবার পিসি চন্দ্র গার্ডেনে জাঁকজমকপূর্ণ 'ধনতেরাস ধনবর্ষা লাকি ড্র ২০২৩' অনুষ্ঠানের আয়োজন করেছিল পিসি চন্দ্র জুয়েলার্স। লাকি ড্রয়ের মাধ্যমে বিজেতাদের বেছে নিয়েছেন অভিনেতা আবির চট্টোপাধ্যায় ও অভিনেত্রী পাওলি দাম।

ধনতেরাসের সময় পিসি চন্দ্র জুয়েলার্স একটি প্রতিযোগিতা ঘোষণা করেছিল। যেখানে ক্রেতাদের কিছু প্রশ্নের উত্তর দিতে হয়। লাকি ড্রয়ের মধ্য দিয়ে বিজেতাদের বেছে নেওয়া হল। মেগা পুরস্কারের মধ্যে রয়েছে পাঁচটি গাড়ি ও পঁচিশটি দু'চাকার যান।

পিসি চন্দ্র গ্রুপের অধীন পিসি চন্দ্র জুয়েলার্স হল পূর্ব ভারতের অন্যতম বড় ও প্রখ্যাত গয়না প্রস্তুতকারী সংস্থা। দেশজুড়ে ৬৪টি শোরুম রয়েছে।

# উন্নয়ন বরাদ্দ খরচে পিছিয়ে জলপাইগুড়ি

পূর্ণেন্দু সরকার

**জলপাইগুড়ি, ৭ ডিসেম্বর :** পঞ্চদশ অর্থ কমিশনের অর্থ খরচের রিপোর্ট কার্ড প্রকাশ করল পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর। উত্তরবঙ্গের ৮ জেলার মধ্যে দার্জিলিং ও কালিম্পংকে একটি জেলা ধরে মোট ৭টি জেলার টাকা খরচের রিপোর্ট কার্ড জেলাগুলিতে পাঠিয়েছে সেই দপ্তর। উত্তরবঙ্গের মধ্যে টাকা খরচে এখন সবথেকে এগিয়ে আলিপুরদুয়ার জেলা। উত্তরবঙ্গের মধ্যে শীর্ষে রয়েছে এই জেলাটি। টাকা খরচে সবচেয়ে খারাপ ফল জলপাইগুড়ি জেলার। খোদ মুখ্যমন্ত্রী যখন উত্তরবঙ্গ সফরে রয়েছেন তখন এই রিপোর্ট কার্ড ৬ ডিসেম্বর জেলাগুলিকে পাঠানো হয়েছে। কিন্তু এই রিপোর্ট কার্ড মুখ্যমন্ত্রীর সফর চলছে বলে গোপন রাখা হয়েছে বলে অভিযোগ। যদিও বুধবার জলপাইগুড়ি জেলা পরিষদের হলঘরে এক কর্মশালায় কমিশনের সেই টাকা খরচ করা যাচ্ছে না বলে একাধিক আধিকারিক ও জনপ্রতিনিধিরা উদ্বেগ প্রকাশ করেছেন।

পঞ্চায়েত ও গ্রামোন্নয়নমন্ত্রী বেচারাম মান্না এদিন ফোনে জানিয়েছেন, কমিশনের টাকা খরচ করতে সমস্ত জেলাকে নির্দিষ্ট সময় বেঁধে দেওয়া হয়েছে। নির্দিষ্ট করে দেওয়া সেই সময়ের মধ্যে শেষ করতে হবে। আর কয়েকটা দিন দেখে নিয়ে দপ্তর থেকে বিশেষ উদ্যোগ নিয়ে পরিকল্পনাকেন্দ্রিক টাকা খরচে গুরুত্ব দেওয়া হবে।

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর থেকে পাঠানো সেই রিপোর্ট অনুসারে, ২০২৩-'২৪ অর্থবর্ষে আলিপুরদুয়ার জেলা ১১০ কোটি টাকা পেয়ে খরচ করেছে ৬২ কোটি। এখনও ৪৮ কোটি টাকা খরচ হয়নি।

দার্জিলিং জেলাকে ৫৯ কোটি ৮৭ লক্ষ টাকা বরাদ্দ করা হলেও খরচ করেছে ৩৩ কোটি। পড়ে আছে ২৬ কোটি ৫৬ লক্ষ। উত্তর দিনাজপুর জেলা ২৩৪ কোটি টাকা পেয়ে খরচ করেছে ১২৮ কোটি টাকা। খরচ করতে পারেনি ১০৫ কোটি টাকা। কোচবিহার জেলা পেয়েছিল ২৪৩ কোটি টাকা। খরচ করেছে ১২২ কোটি। পড়ে আছে ১২১ কোটি।

দক্ষিণ দিনাজপুর জেলাকে ১৪৫ কোটি টাকা দিলেও খরচ হয়েছে মাত্র ৬৭ কোটি টাকা। টাকা খরচ না হয়ে পড়ে আছে ৭৮ কোটি টাকা। মালদা জেলা উত্তরবঙ্গের মধ্যে সবচেয়ে বেশি টাকা পেয়েছে। মোট ৩৪৮ কোটি টাকা। তবে খরচ হয়েছে ১৫৮ কোটি টাকা। খরচ হয়নি ১৯০ কোটি টাকা। উত্তরবঙ্গের মধ্যে সবচেয়ে খারাপ ফল জলপাইগুড়ির। সেই জেলা ১৮৬ কোটি টাকা পেয়েও খরচ করতে পেরেছে ৮৪ কোটি টাকা। অথচ তারও বেশি ১০২ কোটি পড়ে রয়েছে।


মাননীয়া মুখ্যমন্ত্রী
মমতা বন্দ্যোপাধ্যায়ের
উপস্থিতিতে

রাজ্যের তিনটি জেলার
১২,৮৪২ জন প্রান্তিক মানুষকে
পাট্টা প্রদান কর্মসূচি





অনুষ্ঠানসূচি

জলপাইগুড়ি, আলিপুরদুয়ার, এবং দার্জিলিং জেলায় প্রায় ১২,৮৪২ জন প্রান্তিক মানুষকে চা বাগানের পাট্টা, কৃষি ও উদ্বাস্তু পাট্টা প্রদান করা হবে।


| স্থান | তারিখ | সময় |
|---|---|---|
| মন্টেভিয়োট গ্রাউন্ড কার্শিয়াং | ৮ ডিসেম্বর, ২০২৩ | দুপুর ২টো |
| প্যারেড গ্রাউন্ড, আলিপুরদুয়ার | ১০ ডিসেম্বর, ২০২৩ | দুপুর ২টো |
| তরুণ সঙ্ঘের মাঠ, বানারহাট, জলপাইগুড়ি | ১১ ডিসেম্বর, ২০২৩ | দুপুর ১টা |
| কাঞ্চনজঙ্ঘা স্টেডিয়াম | ১২ ডিসেম্বর, ২০২৩ | দুপুর ১টা ৩০ |

ভূমি ও ভূমি সংস্কার এবং উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন দপ্তর
পশ্চিমবঙ্গ সরকার
ICA-D2222(18)/2023








## দার্জিলিং

**উদ্বোধন**

● জোড়বাংলো সুখিয়াপোখরি ও মিরিক ব্লক অন্তর্গত সোনাদা থেকে মুন্ডাকোঠী পায়ুন গাঁও পর্যন্ত রাস্তা ধরে বালাসন নদীর উপর স্প্যান স্টিল গার্ডার সেতু ● দার্জিলিং-এর ম্যালে মহাত্মা গান্ধী, নেতাজি সুভাষ চন্দ্র বসু ও দেশবন্ধু চিত্তরঞ্জন দাশের আবক্ষ মূর্তির উন্মোচন ● দার্জিলিং পুলবাজার ব্লকে ১টি নতুন ব্লক প্রাথমিক স্বাস্থ্য ইউনিট এবং লিংডিং সাব সেন্টার ও রাজবাড়ি সাব সেন্টারে ২টি নতুন সাব সেন্টার ভবন ● কার্শিয়াং ব্লকে আম্বোটিয়া উপস্বাস্থ্য কেন্দ্র, দার্জিলিং পুলবাজার ব্লকে গিং উপস্বাস্থ্য কেন্দ্র ও রংলি রংলিয়ট ব্লকে লাবদা উপস্বাস্থ্য কেন্দ্রে ৩টি নতুন সু-স্বাস্থ্য কেন্দ্র ● মিরিক ব্লকে থুরবো উপস্বাস্থ্য কেন্দ্র, জোড়বাংলো সুখিয়াপোখরি ব্লকে টিফিনডারা উপস্বাস্থ্য কেন্দ্র, রংভং উপস্বাস্থ্য কেন্দ্র, অ্যাভনগ্রুভ উপস্বাস্থ্য কেন্দ্র ও মুন্ডা উপস্বাস্থ্য কেন্দ্র, কার্শিয়াং ব্লকে দুধিয়া উপস্বাস্থ্য কেন্দ্র এবং দার্জিলিং পুলবাজার ব্লকে পান্ডাম উপস্বাস্থ্য কেন্দ্র, রিম্বিক উপস্বাস্থ্য কেন্দ্র, বাঁশবোতে উপস্বাস্থ্য কেন্দ্র, দাওয়াইপানি উপস্বাস্থ্য কেন্দ্র, কোলবং উপস্বাস্থ্য কেন্দ্র ও মাজুয়া উপস্বাস্থ্য কেন্দ্রকে সু-স্বাস্থ্য কেন্দ্রে উন্নীতকরণ ● রংলি রংলিয়ট ব্লকে সাত মাইল তাকদা থেকে গ্লেনবার্ন ফাটক রোডের ও পেশক - মংপু রোডের, মাটিগাড়া ও কার্শিয়াং ব্লক অন্তর্গত মাটিগাড়া – কার্শিয়াং রোডের এবং কার্শিয়াং ব্লকের পাংখাবাড়ি - কার্শিয়াং রোডের সংস্কার ● মিরিক ব্লকে বুংকুলুং সিএফসি ভবনে ''অরেঞ্জ ব্লসম হানি প্রসেসিং সেন্টার''-এর স্থাপনকার্য

**শিলান্যাস**

● রংলি রংলিয়ট, জোড়বাংলো সুখিয়াপোখরি, কার্শিয়াং, মিরিক এবং দার্জিলিং পুলবাজার ব্লকে মুল গাঁও উপস্বাস্থ্য কেন্দ্র, ব্যানক বার্ন উপস্বাস্থ্য কেন্দ্র, ফেব্রিক টি জি উপস্বাস্থ্য কেন্দ্র, অরেঞ্জ ভ্যালি উপস্বাস্থ্য কেন্দ্র, দারা গাঁও উপস্বাস্থ্য কেন্দ্র, সিভিটার উপস্বাস্থ্য কেন্দ্র, চোকলং উপস্বাস্থ্য কেন্দ্র, সিটিং জি. সি. পি. উপস্বাস্থ্য কেন্দ্র, শেলপু উপস্বাস্থ্য কেন্দ্র, কান্দুং উপস্বাস্থ্য কেন্দ্র, ঝোলে উপস্বাস্থ্য কেন্দ্র, কোঠিডারা উপস্বাস্থ্য কেন্দ্র, ঠুলোপাতলে উপস্বাস্থ্য কেন্দ্র, নুরবং টি.ই. উপস্বাস্থ্য কেন্দ্র, মহারানি উপস্বাস্থ্য কেন্দ্র, লং ভিউ উপস্বাস্থ্য কেন্দ্র, টুং উপস্বাস্থ্য কেন্দ্র, মরিয়নবাড়ি উপস্বাস্থ্য কেন্দ্র, পাইনাকুমারী উপস্বাস্থ্য কেন্দ্র, শিমুলবাড়ি টি.ই. উপস্বাস্থ্য কেন্দ্র, নেহরে বালাসন উপস্বাস্থ্য কেন্দ্র, সাংমা উপস্বাস্থ্য কেন্দ্র, সিডার উপস্বাস্থ্য কেন্দ্র, তিস্তা ভ্যালি উপস্বাস্থ্য কেন্দ্র, মংপু জি.সি.পি. উপস্বাস্থ্য কেন্দ্র, কোলবং উপস্বাস্থ্য কেন্দ্র, মরমা উপস্বাস্থ্য কেন্দ্র, ওকাইটি বিচগাঁও উপস্বাস্থ্য কেন্দ্র, লোহাগড় উপস্বাস্থ্য কেন্দ্র, সৌরেনি বাজার উপস্বাস্থ্য কেন্দ্র ও চেঙ্গা উপস্বাস্থ্য কেন্দ্রতে মোট ৩১টি নতুন সু-স্বাস্থ্য কেন্দ্র ● জোড়বাংলো সুখিয়াপোখরি ব্লকে চন্দ্রমান ধুরা থেকে মিনি হাইডেল প্রকল্প হয়ে বীচ গাঁও (মিলিং) পর্যন্ত, কার্শিয়াং ব্লকের কোদোবাড়ি থেকে রামিতে (লংভিউ) হয়ে দুধে পর্যন্ত, কার্শিয়াং ব্লকে জাতীয় উচ্চসড়ক - ৫৫ (খারে) থেকে বেলটার হয়ে দিলারাম পর্যন্ত এবং রংলি রংলিয়ট ব্লকে ৪০ ধুরা মংপু বিভাগ থেকে রাম্বি বিচকামান পর্যন্ত ও জাতীয় উচ্চসড়ক - ১০ এ তিস্তা উপত্যকা হয়ে ৬ মাইল থেকে ২৭ মাইল পর্যন্ত রাস্তা ● রংলি রংলিয়ট ব্লকে সিঙ্কোনা ও অন্যান্য ভেষজ উদ্ভিদ অধিদপ্তরের অধীনে ৭টি পরিকাঠামো উন্নয়নমূলক প্রকল্প ● কার্শিয়াং ব্লকে বাগোড়া থেকে কালিঝোরা রাস্তার সংস্কার ● জোড়বাংলো সুখিয়াপোখরি ব্লকে ও কার্শিয়াং পুরসভা এলাকায় ২টি জয়হিন্দ কমিউনিটি হল ● দার্জিলিং পুরসভার অন্তর্গত স্টেপ অ্যাসাইডে দেশবন্ধু মিউজিয়ামের সংস্কার ● কার্শিয়াং পুরসভার অন্তর্গত কার্শিয়াং মহকুমা হাসপাতালের বহির্বিভাগে পুরুষ ও মহিলাদের জন্য নিকাশী ব্যবস্থা, ব্লাড ব্যাঙ্কের সংস্কার এবং ডিজিটাল এক্স-রে প্রতিস্থাপনের জন্য এক্স-রে ইউনিটের সংস্কার ● মিরিক ব্লকে মিরিক ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের প্রশাসনিক ভবনের সংস্কার

## কালিম্পং

**উদ্বোধন**

● কালিম্পং পুরসভার অন্তর্গত কালিম্পং জেলা হাসপাতালে সি এম ও এইচ-এর অফিসের জন্য তিনতল বিশিষ্ট ভবন এবং ডেপুটি সি এম ও এইচ-২ (জনস্বাস্থ্য উইং)-এর অফিস ও স্টোরের জন্য দুইতল বিশিষ্ট ভবন ● গরুবাথান ব্লকে ব্লক প্রাথমিক স্বাস্থ্য ইউনিট এবং গরুবাথান ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে ২০ শয্যাবিশিষ্ট ওয়ার্ড ● পেডং ব্লকে তন্দ্রায়বং সুস্বাস্থ্য কেন্দ্র ● কালিম্পং-১ ব্লকে প্রাণী সম্পদ ভবন এবং ডবলু বি এস ই ডি সি এল-এর নতুন রিজিওনাল ম্যানেজারের কার্যালয়

**শিলান্যাস**

● কালিম্পং-১ ব্লকে পুড়ুং থেকে ইয়ক দুলাল গাঁও পর্যন্ত রাস্তা ও রেলী নদীর উপর সেতু ● পেডং ব্লকে কাগে গ্রাম পঞ্চায়েতের সাজেশ হাউস থেকে থুলো বেন্ডা হয়ে সানো বেন্ডা পর্যন্ত এবং সাকিয়ং গ্রাম পঞ্চায়েতের লোয়ার মেনচু থেকে লিঙ্ক রোড প্রতাপ প্রাইমারি স্কুল হয়ে কোটি খার লোয়ার মেনচু পর্যন্ত রাস্তা ● কালিম্পং-১ ব্লকে নিম্বং ফটক থেকে পেমলিং পর্যন্ত রাস্তার, আলাইচি খোপ থেকে ভালুখোপ পর্যন্ত রাস্তার ও শেরপা গাঁও থেকে আপার এছে পর্যন্ত রাস্তার, লাভা ব্লকে ১৪ মাইল থেকে বিদ্যাং প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত রাস্তার, সি পি ম্যানেজারদের বাংলো থেকে কাশ্যং পর্যন্ত রাস্তার ও ১৬ মাইল থেকে লোয়ার পাগাং আপার পাগাং গুম্বা গাঁও পর্যন্ত রাস্তার, গরুবাথান ব্লকে সোমবারে উত্তর থেকে চ্যাম্প দারা পর্যন্ত রাস্তার, আপার ফাগু থেকে সুনতলী পর্যন্ত রাস্তার ও সুনতালে বস্তি থেকে নিম বস্তি পর্যন্ত রাস্তার এবং পেডং ব্লকে পিতামচেন থেকে তাগাথাং পর্যন্ত রাস্তার, কাগে থেকে লিঙ্গসেখা পর্যন্ত রাস্তার, ফরেস্ট ভিলেজ থেকে মায়রং ফরেস্ট পর্যন্ত রাস্তার, সুব্বা গাঁও থেকে প্রতাপ প্রাথমিক বিদ্যালয় হয়ে নিম্ন মিনচু পর্যন্ত রাস্তার ও ফুরুন থেকে কামজের পর্যন্ত রাস্তার সংস্কার ● লাভা ব্লকে আলগারাহ থেকে ৩.২ কিমি দূরত্বে ওপেন গ্রাউন্ড রিজার্ভার-এর উন্নতিসাধন এবং ৮০ এমএল জলের স্প্রিং ওয়াটার স্টোরেজ সৃষ্টি করার মাধ্যমে নেওরাখোলা জল সরবরাহ প্রকল্পের অধীনে কালিম্পং-১ ও ২ ব্লকের বিভিন্ন এলাকাগুলিকে অন্তর্ভুক্তিকরণ ও অন্যান্য কার্য ● লাভা ব্লকে আপার দলপচাঁদে গ্রাম রক্ষক সংঘের জন্য আরসিসি কমিউনিটি হল ● গরুবাথান ব্লকে ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে ৬টি নার্স কোয়ার্টার ● কালিম্পং পুরসভার অন্তর্গত কালিম্পং জেলা হাসপাতালে ডি টি ও অফিসে ছাদ ও ফলস সিলিংয়ের কাজ, এইচ ডি ইউ-তে নিকাশী ব্যবস্থা, বিভিন্ন ইউনিটের জন্য আর্থিং ও সার্জ সুরক্ষা ব্যবস্থা, হাসপাতালের জরুরি প্যানেল বোর্ডে ১০টি লোড ব্রেক ফিউজ সুইচের প্রতিস্থাপনসহ উন্নীতকরণ ও ১টি পরিবর্তন সুইচের উন্নীতকরণ এবং ডিজিটাল এক্স-রে ইউনিটে বিদ্যুৎ সরবরাহ পুনরুদ্ধার করার জন্য তারের জরুরি প্রতিস্থাপন ● কালিম্পং-১ ব্লকে রম্ভী ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের অধীনস্থ তিস্তা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের সংস্কার ● পেডং ব্লকে পেডং গ্রামীণ হাসপাতালে ও কালিম্পং-১ ব্লকে রাম্বি গ্রামীণ হাসপাতালে এক্স-রে পরীক্ষার কক্ষ মেরামত ও সংস্কার

**পরিষেবা প্রদান**

● বাস্তু পাট্টা ● কৃষি পাট্টা ● বন অধিকার আইনে পাট্টা ● হোমস্টে নিবন্ধীকরণ ● কৃষকবন্ধু ● চোখের আলো ● সুফল বাংলা প্রকল্পে গাড়ি ● স্বাস্থ্যসাথী ● কৃষি যান্ত্রিকীকরণে সহায়তা ● কৃষি পরিকাঠামো তহবিল ● বাংলা কৃষি সেচ যোজনা ● উৎপাদক গোষ্ঠীর জন্য পরিকাঠামো তহবিল ● সুসংহত কৃষক সজ্জ তহবিল ● স্টুডেন্ট ক্রেডিট কার্ড ● বায়ু চলাচলযুক্ত পলি হাউস ● খাদ্যসাথী ● ঐক্যশ্রী ● ভবিষ্যৎ ক্রেডিট কার্ড ● রূপশ্রী ● কন্যাশ্রী ● স্বনির্ভর গোষ্ঠীকে ক্যাশ ক্রেডিট লোন ও আবর্তনীয় তহবিল ● মুরগী ও হাঁসের ছানা ● কিষাণ ক্রেডিট কার্ড ● জয় জোহার ● তপশিলি বন্ধু ● মেধাশ্রী ● শিক্ষাশ্রী ● লক্ষ্মীর ভাণ্ডার ● বিধবা ভাতা ● মানবিক ● সংখ্যালঘু সম্প্রদায়ের গোষ্ঠীকে মেয়াদী ঋণ ও সরাসরি ঋণ ● মৎস্যজীবীদের ক্রেডিট কার্ড ও নিবন্ধীকরণ ● ঔষধি ও ফলের চারা বিতরণ ● মধু ও লংকা প্রক্রিয়াকরণ কেন্দ্রের যন্ত্রপাতি ● ঝাঁটা তৈরীর জন্যে যন্ত্রপাতি ● মাশরুম উৎপাদনের জন্য আর্থিক সহায়তা ● রেশমকীট পালনের ঘর নির্মাণের জন্য আর্থিক সাহায্য ● উদ্যম পোর্টালে নিবন্ধন ● জাতিগত শংসাপত্র ● বিনামূল্যে সামাজিক সুরক্ষা যোজনা ● প্রতিবন্ধী শংসাপত্র ● ত্রাণ সামগ্রী

ICA-D2223(10)/2023

কিংবদন্তি নৃত্যশিল্পী উদয়শংকরের জন্ম ১৯০০ সালে আজকের দিনে উদয়পুরে।



২০২১ সালে আজকের দিনে প্রয়াত হয়েছিলেন জেনারেল বিপিন রাওয়াত। তিনি ভারতের প্রথম সিডিএস।



উত্তরবঙ্গ সংবাদ
শুক্রবার, ২১ অগ্রহায়ণ ১৪৩০
■ ৪৪ বর্ষ ■ ১৯৯ সংখ্যা

## বিতর্কে গিরিরাজ

মহিলাদের পোশাক, আচার-আচরণ অথবা রীতিনীতি নিয়ে বিতর্ক ভারতীয় রাজনীতিতে কম হয়নি। তবে বর্তমানে তা কুৎসিত আকার নিয়েছে। কলকাতায় জাতীয় চলচ্চিত্র অনুষ্ঠানের মঞ্চে উপস্থিত বলিউড তারকা সলমন খান এবং অনিল কাপুরের অনুরোধে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় স্বল্প সময়ের জন্য গান এবং নাচে পা মিলিয়েছিলেন। সেই ঘটনা নিয়ে কুনাট্য রচিত হয়েছে কেন্দ্রীয় মন্ত্রী গিরিরাজ সিংয়ের কথায়। কেন্দ্রীয় মন্ত্রীর মন্তব্য ঘিরে প্রথমে সংসদ এবং পরে রাজ্য বিধানসভা উত্তাল হয়েছে।

গিরিরাজ কলকাতায় জাতীয় চলচ্চিত্র অনুষ্ঠান নিয়ে যেমন বিতর্কিত মন্তব্য করেছেন, তেমনই মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে কুমন্তব্য করেছেন বলে ক্ষোভপ্রকাশ করেছে রাজ্যের শাসকদল। সংসদে বলা তাঁর কথার মর্মার্থ, বাংলার মুখ্যমন্ত্রী আকণ্ঠ দুর্নীতিতে ডুবে আছেন। অথচ উৎসবের নামে 'ঠুমকা' লাগানো হচ্ছে, অর্থাৎ কোমর দোলানো হচ্ছে। মন্ত্রীর এই কথায় স্বাভাবিকভাবে সংসদে প্রতিবাদে মুখর হন তৃণমূল সাংসদরা। এই উত্তেজনার আঁচ লেগেছে রাজ্য বিধানসভা ও মহানগরীর রাজপথে।

সংসদে তৃণমূলের প্রবল বিক্ষোভের পর অবশ্য গিরিরাজ নিজের বয়ান বদলে বলেছেন, তিনি 'ঠুমকা' শব্দটি উচ্চারণ করেননি। বলেছিলেন 'জশন', যার অর্থ উৎসব। তিনি নিজের অবস্থান থেকে সামান্য সরলেও একথা অস্বীকার করা যায় না যে, একজন মহিলা সম্পর্কে অঙ্গভঙ্গি সহকারে তাঁর মন্তব্য শালীনতার সীমা পার করেছেন। নারীবিদ্বেষের অভিযোগ তিনি এড়াতে পারবেন না। গিরিরাজের ভঙ্গি যে কোনও সংবেদনশীল মানুষের কাছে শোভনীয়তার পরিপন্থী।

মমতা বন্দ্যোপাধ্যায় মুখ্যমন্ত্রী হওয়ার আগে একবার বামফ্রন্ট চেয়ারম্যান বিমান বসু অঙ্গভঙ্গি করে তাঁকে কটাক্ষ করেছিলেন। তখন সামাজিক মাধ্যমের রমরমা না থাকলেও টেলিভিশনে ওই ঘটনা সম্প্রচারিত হয়েছিল। জনমানসে তার তীব্র প্রতিক্রিয়া হয়েছিল। এবারের ঘটনার গুরুত্ব বাম আমলের চেয়ে অনেক বেশি। কারণ একজন কেন্দ্রীয় মন্ত্রী সংসদে দাঁড়িয়ে মহিলা মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে এমন মন্তব্য করেছেন।

গিরিরাজের মন্তব্যের প্রতিবাদে পথে নেমেছেন তৃণমূলের মহিলা নেত্রী ও মন্ত্রীরা। শিবসেনা (উদ্ধবপন্থী) সাংসদ প্রিয়াংকা চতুর্বেদীও কটাক্ষ করে বলেছেন, গিরিরাজের মন্তব্যে বিজেপির নারীবিদ্বেষী চেহারা আরও একবার স্পষ্ট হয়েছে। তাঁর দাবি, এই মন্তব্যের জন্য পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর কাছে গিরিরাজের ক্ষমা চাওয়া উচিত। ভারতীয় সনাতন সংস্কৃতির অন্যতম প্রচারক এই কেন্দ্রীয় মন্ত্রী অতীতে বহুবার সংখ্যালঘু গোষ্ঠী ও সম্প্রদায় সম্পর্কে কুমন্তব্য করে বিরোধীদের তোপের মুখে পড়েছেন।

যদিও তিনি এখনও স্বমহিমায়, স্বপদে অধিষ্ঠিত। তাঁকে বিজেপির শীর্ষ নেতৃত্ব কখনও সতর্ক করেছে বলে শোনা যায়নি। তৃণমূল এবং রাজ্য সরকারের সঙ্গে গিরিরাজের বিরোধ দীর্ঘদিনের। এই কেন্দ্রীয় মন্ত্রীর কাছে রাজ্য সরকার দীর্ঘদিন ধরে একশো দিনের কাজ প্রকল্পের বকেয়ার তদবির করছে। রাজ্যের শাসকদলের সাংসদরা তাঁর মন্ত্রকে গিয়ে এই দাবি জানিয়েছেন। তৃণমূল সাংসদদের একবার তাঁর মন্ত্রক থেকে বার করে দেওয়া হয়েছে। উত্তেজনার আঁচ বাড়লেও বকেয়া রাজ্যের প্রকৃত শ্রমিকদের কাছে পৌঁছায়নি।

গ্রামোন্নয়নমন্ত্রকের অভিযোগ, রাজ্য সরকারের পাঠানো তালিকায় বহু ভুয়ো শ্রমিকের নাম আছে। কেন্দ্রের বক্তব্যের সারবত্তার সবটুকু মেনে না নিলেও ভুয়ো নাম বাদ দিয়ে প্রকৃত শ্রমিকদের হাতে প্রাপ্য দেওয়ার জন্য রাজ্য সরকার আবেদন করেছে। সেই আবেদনে কর্ণপাত করেনি কেন্দ্র। বকেয়ার দাবির পাশাপাশি মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে মন্তব্যে কেন্দ্রীয় মন্ত্রীর সঙ্গে রাজ্য সরকারের বিরোধ ভিন্ন মাত্রা পেল।

লোকসভা নির্বাচনের আগে উভয়পক্ষের রাজনৈতিক বিরোধিতার উত্তাপ অনেকগুণ বেড়ে গেল কেন্দ্রীয় মন্ত্রীর মন্তব্যে। ভবিষ্যতে গিরিরাজ ভাষা প্রয়োগে সংযত না হলে এই সংঘাত আরও বাড়বে। সেই পরিস্থিতি বিজেপির পক্ষে সুখকর নাও হতে পারে।

● ● ● ● ● ● ● ● ● ● ● ● ● ●

# প্যালেস্তাইন সংকট বদলে দিচ্ছে ব্রিটেনের রাজনৈতিক সমীকরণ



**অর্ক ভাদুড়ি**

আর্সেনাল ফুটবল ক্লাবের কাছাকাছি একটি ক্যাফের সামনে দাঁড়িয়ে কয়েকদিন আগের এক সন্ধ্যায় জেরেমি করবিন বলছিলেন, সেপ্টেম্বরের শেষে ব্রিটেনের রাজনীতি যেমন ছিল, ডিসেম্বরের শুরুতে আর তা নেই। অনেকখানি বদলে গিয়েছে।

লেবার পার্টির প্রাক্তন নেতা, দু'বারের প্রধানমন্ত্রী পদপ্রার্থী এবং ইসলিংটন নর্থের ৪০ বছরের সাংসদের সঙ্গে সহমত না হয়ে উপায় নেই। গত দু'মাসে সত্যিই ব্রিটেনের রাজনীতিতে একাধিক গুরুত্বপূর্ণ পরিবর্তন হয়েছে। দুই প্রধান রাজনৈতিক দল- ক্ষমতাসীন কনজারভেটিভ পার্টি (যাঁরা টোরি নামে পরিচিত) এবং বিরোধী লেবার পার্টি এই পরিবর্তনের ধাক্কা সামলাতে ব্যস্ত। আরেকটি গুরুত্বপূর্ণ রাজনৈতিক দল লিবারেল ডেমোক্র্যাটরাও (লিব ডেম নামে পরিচিত) এই ধাক্কার বাইরে নয়।

কেবলমাত্র রাজনৈতিক দলগুলিই নয়, গত দু'মাসে ব্রিটেনের সামাজিক পরিসরও বেশ কিছু নতুন প্রশ্নের মুখোমুখি হয়েছে। বাতাসে ঘুরপাক খাচ্ছে কয়েকটি শব্দ : প্যালেস্তাইনের মুক্তি আন্দোলন, জায়নবাদ, অ্যান্টি সেমিটিজম, অতি বামপন্থা, অতি দক্ষিণপন্থা। গত মাস দুয়েকের বদলে যাওয়া রাজনৈতিক পরিস্থিতির আঁচ এড়াতে পারেনি লন্ডনের মেট্রোপলিটান পুলিশও। প্রাক অক্টোবরের তুলনায় তারা এখন অনেক বেশি সতর্ক। সভা, সমাবেশ, মিছিলে নজরদারি বেড়েছে কয়েকগুণ।

এই সবকিছুর নেপথ্যে ব্রিটেনের গত দু'মাসের যুদ্ধবিরোধী আন্দোলন এবং তার প্রতিক্রিয়া। বস্তুত, অক্টোবরের দ্বিতীয় সপ্তাহ থেকে ব্রিটেন ফিরে গিয়েছে তার দু'দশক আগের আফগানিস্তান ও ইরাকের যুদ্ধবিরোধী আন্দোলনের ঐতিহ্যে। প্রায় প্রতি শনিবার লক্ষ লক্ষ মানুষ পথে নামছেন গাজায় ইজরায়েলের সামরিক অভিযানের বিরুদ্ধে। জমায়েতের আয়তনের বিচারে অনেকখানি কম হলেও ইজরায়েলের পক্ষেও হচ্ছে পালটা মিছিল। প্যালেস্তাইনপন্থী মিছিলের নেতৃত্বে যদি থাকেন জেরেমি করবিন, ইজরায়েলপন্থী মিছিলে হাঁটছেন বরিস জনসন। বিবৃতি, পালটা বিবৃতির ঝড় বইছে। পার্লামেন্টের সামনে যুদ্ধবিরোধী জমায়েত, পার্লামেন্টের ভিতরে ঢুকে পড়ে সমাজকর্মীদের বিক্ষোভ, লেবার পার্টির নেতা কের স্টামারের অফিসের বাইরে প্রতিবাদী জমায়েত- কী না হচ্ছে! জনমতের চাপে হোম সেক্রেটারি সুয়েলা ব্রাভারম্যানকে দায়িত্ব থেকে অব্যাহতি দিয়েছেন প্রধানমন্ত্রী ঋষি সুনক, লেবার পার্টির নেতা কের স্টামারের ইজরায়েলপন্থী অবস্থানের বিরোধিতা করে অর্ধশতাধিক লেবার সাংসদ যুদ্ধবিরতির পক্ষে ভোট দিয়েছেন সংসদে, লেবারের শ্যাডো ক্যাবিনেটের সদস্যরা প্রকাশ্যে স্টামারের বিরোধিতা করছেন ইজরায়েল ইস্যুতে- সবমিলিয়ে গত দু'মাসে বিলেতের রাজনীতির কেন্দ্রে প্যালেস্তাইন সংকট।

সাধারণভাবে গোটা ব্রিটিশ 'পলিটিক্যাল এস্টাব্লিশমেন্ট' ন্যাটোর বড় শরিক মার্কিন যুক্তরাষ্ট্রের মতোই খোলাখুলিভাবে ইজরায়েলের পক্ষে অবস্থান নিয়েছে। প্রধানমন্ত্রী ঋষি সুনক ইজরায়েলে গিয়ে নেতানিয়াহুর প্রতি সমর্থন জানিয়েছেন। প্রধান বিরোধী দল লেবার পার্টির বর্তমান নেতা স্যর স্টামার, যাঁকে মনে করা হচ্ছে 'ভাবী প্রধানমন্ত্রী', তাঁর অবস্থানও একই। কিন্তু সমীকরণ বদলাতে শুরু করে ১৪ অক্টোবর থেকে। যুদ্ধ শুরু হওয়ার এক সপ্তাহের মাথায় লন্ডনে যুদ্ধবিরোধী, প্যালেস্তাইনপন্থী মিছিলের ডাক দেয় স্টপ দ্য ওয়ার কোয়ালিশন, প্যালেস্তাইন সলিডারিটি ক্যাম্পেন সহ বেশ কয়েকটি সংগঠন। প্রায় কোনও প্রচার ছাড়াই অপ্রত্যাশিতভাবে সেই মিছিলে অংশ নেন দেড় লক্ষাধিক মানুষ! যদিও করবিন বাদে অন্য কোনও ব্রিটিশ সাংসদ প্রথম মিছিলে আসেননি। এর সাতদিন পরে দ্বিতীয় মিছিলে হাঁটেন তিন লক্ষাধিক মানুষ। তৃতীয় মিছিলে পাঁচ লক্ষাধিক, চতুর্থ মিছিলে আট লক্ষাধিক মানুষ অংশ নেন। জমায়েতের সঙ্গে পাল্লা দিয়ে বাড়তে থাকে মিছিলে অংশগ্রহণকারী সাংসদ, সমাজকর্মী, ট্রেড ইউনিয়ন নেতাদের সংখ্যা।




রাজপথের এই বিপুল জমায়েত প্রবল চাপ তৈরি করছে কনজারভেটিভ, লেবার, লিব ডেম সহ সবক'টি রাজনৈতিক দলের উপরেই। বিশেষত প্রবল চাপের মুখে পড়েছে লেবার পার্টি। সাধারণত ব্রিটেনের মুসলিমরা লেবারকেই ভোট দেন। যেসব আসনে মুসলিমরা সংখ্যাগরিষ্ঠ, সেগুলিকে লেবারের সেফ সিট বলে ধরা হয়। কিন্তু বর্তমান লেবার নেতা স্যর স্টামার সরাসরি ইজরায়েলের পক্ষ নেওয়ায় লেবারের কমিটেড ভোটার হিসাবে পরিচিত মুসলিমরা অত্যন্ত ক্ষুব্ধ। যুদ্ধবিরোধী লক্ষ লক্ষ মানুষের মিছিলে ঋষি সুনকের পাশাপাশি স্যর স্টামারের বিরুদ্ধেও স্লোগান উঠছে। প্যালেস্তাইনপন্থী আন্দোলনকারীরা অভিযোগ করছেন, স্টামারের হাতেও গাজার কয়েক হাজার মৃত শিশুর রক্ত লেগে রয়েছে। দলের অন্দরেও টানাপোড়েন তুঙ্গে। ইতিমধ্যেই লেবার পার্টির শতাধিক কাউন্সিলার স্যর স্টামারের অবস্থানের প্রতিবাদে পদত্যাগ করেছেন। নজিরবিহীনভাবে পার্লামেন্টে তাঁর অবস্থানের বিপরীতে গিয়ে সিজফায়ারের পক্ষে ভোট দিয়েছেন ৫৬ জন লেবার এমপি। তাঁর শ্যাডো ক্যাবিনেটের জনা দশেক সদস্য স্যর স্টামারের অবস্থানের বিরুদ্ধে সরব হয়েছেন। বস্তুত, দলের অভ্যন্তরে এত বড় বিরোধিতার মুখোমুখি লেবার পার্টির নেতা স্যর কের স্টামার আগে কখনও হননি।

সমস্যায় পড়েছেন টোরিরাও। প্যালেস্তাইনপন্থী বিক্ষোভকারীদের বিরুদ্ধে সবচেয়ে বেশি সরব ছিলেন হোম সেক্রেটারি সুয়েলা ব্রাভারম্যান। টোরি পার্টির অন্দরে তিনি কট্টর দক্ষিণপন্থী হিসাবেই পরিচিত। খবরের কাগজে নিবন্ধ লিখে ব্রাভারম্যান অভিযোগ করেছিলেন, লন্ডনের মেট্রোপলিটান পুলিশ প্যালেস্তাইনপন্থী বিক্ষোভকারীদের প্রতি নরম আচরণ করছে, কিন্তু ডানপন্থী এবং জাতীয়তাবাদী ব্রিটিশদের বিরুদ্ধে কড়া অবস্থান নিচ্ছে। প্রধানমন্ত্রী ঋষি সুনক এবং পুলিশ কর্তৃপক্ষের কাছে তিনি লন্ডনের প্যালেস্তাইনপন্থী মিছিল নিষিদ্ধ করার দাবি জানান। কিন্তু মেট্রোপলিটান পুলিশ মিছিলের অনুমতি দেয়। কারণটি সহজবোধ্য। লক্ষ লক্ষ মানুষের জমায়েত নিষিদ্ধ করে আইনশৃঙ্খলাজনিত সমস্যার ঝুঁকি নিতে চায়নি পুলিশ। উলটে প্রধানমন্ত্রী সুনক দায়িত্ব থেকে সরিয়ে দেন সুয়েলাকে। তাঁর জায়গায় দায়িত্ব পান প্রাক্তন প্রধানমন্ত্রী ডেভিড ক্যামেরন, যিনি সুয়েলার মতো কট্টর ডানপন্থী নন, বরং টোরি পার্টির অন্দরে মধ্য ডান হিসাবে পরিচিত। সুয়েলার মতো তীব্র না হলেও সুনকও প্যালেস্তাইনপন্থীদের প্রতি 'নরম' হওয়া নিয়ে বিঁধেছেন পুলিশকে। বস্তুত, মেট্রোপলিটান পুলিশের সঙ্গে হোম সেক্রেটারির, হোম সেক্রেটারির সঙ্গে প্রধানমন্ত্রীর এবং প্রধানমন্ত্রীর সঙ্গে পুলিশের এমন মতবিরোধ নজিরবিহীন। সবমিলিয়ে ক্ষমতাসীন কনজারভেটিভ পার্টি রীতিমতো সমস্যায়।

দুই বড় পার্টির মতোই প্যালেস্তাইন সংকটের আঁচ এসে পড়েছে লিবারেল ডেমোক্র্যাটদের উপরেও। লেবারের পরেই মেইনস্ট্রিম রাজনৈতিক দলগুলির মধ্যে ব্রিটিশ মুসলিমদের পছন্দ এই দলটিকে। দলের মধ্যে থাকা মুসলিম এবং বামপন্থীদের চাপে লিব ডেম যুদ্ধবিরতির পক্ষে অবস্থান নিয়েছে। রীতিমতো ব্যানার নিয়ে যুদ্ধবিরোধী মিছিলে হাঁটছেন দলীয় সদস্যরা। অন্যদিকে, স্কটল্যান্ডের প্রধান রাজনৈতিক দল স্কটিশ ন্যাশনাল পার্টি প্রথম থেকেই যুদ্ধের বিরুদ্ধে। আন্দোলনের শক্তি বাড়িয়েছে শ্রমিক সংগঠনগুলি। ব্রিটেনের ট্রেড ইউনিয়নগুলি ঠিক ভারতের মতো রাজনৈতিক দল নিয়ন্ত্রিত নয়। সব রাজনৈতিক মতাদর্শের শ্রমিকরাই ট্রেড ইউনিয়নে থাকেন। নৌ, রেল, সড়কপথ পরিবহণের সবচেয়ে বড় ইউনিয়ন আরএমটি-সহ ইউনাইট, ইউনিসন-সহ অধিকাংশ শ্রমিক সংগঠন প্যালেস্তাইনপন্থী আন্দোলনে অংশ নিয়েছে।

এইসব বিক্ষোভ, পালটা বিক্ষোভে মাথার ঘাম পায়ে ফেলার অবস্থা লন্ডনের মেট্রোপলিটান পুলিশের। প্রত্যেক শনিবার মধ্য লন্ডনে হাজার দুয়েক অতিরিক্ত পুলিশকর্মী মোতায়েন করতে হচ্ছে। কড়া নজরদারি চলছে সর্বত্র। টেমসের ধারে দাঁড়িয়ে টুকটাক গল্প হচ্ছিল ২৭ বছর বয়সি পুলিশকর্মী রবার্ট অ্যাবটের সঙ্গে। সে বেচারি বড় বিমর্ষ। তার ছুটি বাতিল করে দিয়েছেন বড়কর্তারা।

কিন্তু কেন এত লক্ষ লক্ষ মানুষ প্যালেস্তাইনের পক্ষে পথে নামছেন লন্ডনে? এঁরা কি সকলেই হামাসের সমর্থক? জেরেমি করবিনকে প্রশ্ন করলাম। বৃদ্ধ উত্তর দিলেন, একেবারেই নয়। এই বিপুল জনতা পথে নামছে হামাস বিরোধিতার নামে এথনিক ক্লিনজিং-এর বিরুদ্ধে, হাজার হাজার শিশু সহ সিভিলিয়ানদের হত্যার বিরুদ্ধে। কিন্তু ৭ অক্টোবর হামাসই তো এই যুদ্ধ শুরু করেছে! করবিনের জবাব, ঔপনিবেশিক শাসনের বিরুদ্ধে ভারত বা আফ্রিকার স্বাধীনতা সংগ্রামীরা যেমন হিংসার সূচনা ঘটাননি, ঠিক তেমনই হামাস বা পিএলও এই যুদ্ধ শুরু করেনি। ৭ অক্টোবরের হিংসা নিন্দনীয়, কিন্তু মনে রাখতে হবে ১৯৪৮ সাল থেকে ইজরায়েল একটানা দখলদারি এবং গণহত্যা চালিয়ে আসছে প্যালেস্তাইনে। হামাসের হামলা সেই ধারাবাহিকতার দুর্ভাগ্যজনক প্রত্যুত্তর। প্রয়োজন এই সংঘাতের মূল কারণটিকে উৎখাত করা, সেটি হল প্যালেস্তাইনের ভূখণ্ডে ইজরায়েলের অবৈধ দখলদারি।

তর্ক, পালটা তর্ক চলতেই থাকবে। তবে ব্রিটেনের রাজনীতির কেন্দ্র থেকে প্যালেস্তাইন সংকট সম্ভবত সহজে সরবে না।

*(লেখক সাংবাদিক। লন্ডনে কর্মরত)*

# স্ত্রী নির্যাতনের শেষ তাহলে কবে, কোন পথে



**সন্দীপন নন্দী**

এ কাহিনী গল্পের মতো শোনালেও সত্যি। স্বামী উঠতে-বসতে নববধূর খুঁত ধরে গায়ে হাত দেওয়া শুরু করলেন। হাঁটার সময় ডান পা কেন আগে যাচ্ছে? দে গালে থাপ্পড়! বাটনা বাটার কালে কোমর কেন দোলে? দে লাঠির বাড়ি।

একদিন বরকে মুড়ি দিলেন বৌ। স্বামীর মুখ নড়ছে। বাটি কেড়ে সেই মেয়ে বলল, মুখ নড়লেই মুখে শিলনোড়ার ঘা দেব। ভয়ে স্বামী বললেন, মুড়ি খেলে মুখ তো নড়বেই। বৌ বলল, বাটনা বাটলেও কোমর দুলবেই। মোরাল অফ দ্য স্টোরি। এক সাহসী কন্যার প্রত্যাঘাতে চিরতরে বৌ পেটানো বন্ধ সেই ঘরে।

তবে সব মেয়ের স্পর্ধা থাকে না। তাই আজও ঘরে ঘরে মেয়েদের মার জোটে অকারণে।

এক গ্রাম ঘুরে জানা গেল, পুরুষের প্রহারকে বৌরা সোহাগের চোখে দেখেন। ভ্যাকসিন নিতে আসা মহিলাটি ব্লাউজের হাতা তুলতেই শিউড়ে উঠলেন নার্সদিদি। হাতজুড়ে কালশিটে। উত্তর এল বরের আদরের কারণ ও ফল। তলিয়ে জেরা করতেই, কথাগুলো ভরদুপুরে ভয়ংকর ভারতকে প্রতিনিধিত্ব করল। ঘর ছেড়েও দু'মুঠো ভাত বিনেপয়সায় পেলে, একটু লাথিঝাঁটা তো জুটবেই। ছেলেমেয়েকে শাসন করেন না? এ আর এমন কী? মেয়েটি উত্তর দেয়। সত্যিই তো এ আর এমন কী?

বিকেলের হাটে কোয়াক ডাক্তার বসেছেন গাছতলায়। সমবেত মহিলার স্বর ওঠে, একটা পেইন কিলার দ্যান তো! এরকম অসংখ্য মেয়ে ব্যথার বড়ি নিতে আসে সেই হাটে। ওষুধের দোকানদার জানালেন, গ্রামের ছেলেরা গোয়া, কেরল, দিল্লি থেকে ঘরে ফিরলেই পেইন কিলারের বিক্রি বেড়ে যায়। তবে শীতকালে সুপর্ণারা কিছুটা স্বস্তি পায়। চাদর, সোয়েটার গায়ে থাকলে মারটা গায়ে লাগে না। ঢালতরোয়ালহীন মেয়েদের বর্ম হয়ে ওঠে অনাত্মীয় সোয়েটার।

সভ্য শহরে চিত্রটা আরও বিচিত্র। অগ্রহায়ণ মাসে এক বিউটি পার্লারের খণ্ডচিত্র। সাজতে এসেছেন তরুণী শিক্ষক। যত টাকা লাগে দেব। দাগটা মিশিয়ে দাও। সেদিন কোনও প্রসাধনী গলায় চেপে বসা পাঁচ আঙুলের দাগটা তুলতে পারেনি। শেষে কিছু জাঙ্ক জুয়েলারি দিয়ে একরাতের আড়াল তৈরি করেছিলেন পার্লার গার্ল।

এ আবডালের ছবি সবখানে। যন্ত্রণা লুকোনোর মেকআপ বক্স নিয়ে সংসার করছেন ভদ্রঘরের মেয়েরা। মাথা নীচু করে বলছেন, সুখে আছি স্যর। সন্তান কাকে বাবা বলবে বলুন? তিনতলার প্রোটেকশন অফিসারের কাছে এটাই ছিল এক সরকারি মহিলা আধিকারিকের স্বীকারোক্তি।

এটিএমের পিন, সব ব্যাংক অ্যাকাউন্টের হদিস দিলেও মার বন্ধ করেনি পুরুষ। ছিটকিনি তুলে পাশের ঘরে ত্রাসে, নির্বাসনে দিন কাটান রমণীরা। জীবনবল্লভের মারের ভয়। ক'দিন আগেই সৌদি আরবের এক ভিডিও ভাইরাল হল। মিলিয়ন ভিউ পেল। এক আরবিয়ান থেরাপিস্ট শেখাচ্ছেন, কীভাবে বৌ পেটাতে হয়।

পৃথিবীর প্রবীণতম ভাইরাস নারী নির্যাতন। এ অনাচারেও সম্মতির সিলমোহর দিয়েছেন মেয়েরা। শেষবার জাতীয় স্বাস্থ্য সমীক্ষায় ৫২% মহিলা বলেছিলেন বর মেরেছে বেশ করেছে। আর ৪২% পুরুষ বলেছিলেন, বৌকে এটুকু শাসন করতেই হয়। মহিলাদের ৮০.৯% বলেছিলেন, মার খেয়েছি দুঃখ নেই। ৭৭.৪% পুরুষ বলেছিলেন ওসব হয়েই থাকে। বরের মারপিট মেনে গতবার সর্বংসহা সোনার পদক পেয়েছেন তেলেঙ্গানার মেয়েরা। ৮৩.৮% মহিলারা বলেছেন পুরুষের এহেন আচরণ যথার্থ।

*(লেখক বালুরঘাটের প্রবন্ধকার)*

## বিন্দু বিসর্গ




সামনেই ভোট, তাই নেতারা সব তুলে নিয়ে গেছেন। -অভি

## অমৃতধারা

মায়া হইতে মুক্ত হইলে সর্বতোভাবে ভগবানের নামে রুচি হয়। রুচি হইলে অন্য কোনও উৎপাত যতই হোক ভ্রূক্ষেপও থাকে না। নামে রুচি বর্ত্তাইয়া যায়। ইহাই মায়ামুক্ত। 'যেই নাম সেই কৃষ্ণ' নিষ্ঠা করিয়া ভাবিতে ভাবিতে পরমপদ আনন্দময় ভগবান মায়ামুক্ত করিয়াই জীবদ্দশা মুক্তি দেন। নামে রুচি হউক আর নাই হউক, অকাতরে দিবানিশি নামের দাস হইয়া থাকিতে হয়। যে শৈশবে ছেলেটি তার মা দুরন্ত হউক আর সুশীলা হউক, যেমন তার মায়ের সঙ্গ ছাড়ে না, সেই রকম নামের প্রতিষ্ঠা করিয়া সেবা করিতে হয়। অর্থাৎ সর্বদা নামের দাস অভিমান করিয়া নামের দ্বারা আবদ্ধ হইয়া থকিতে হয়। এই নাম মুক্ত হইলে কোনও অভাব থাকে না। ভগবানের নামই সত্য।

-শ্রীশ্রীরাম ঠাকুর

## শব্দরঙ্গ ■ ৩৭০০

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ★ | ১ | | ২ | ★ | ৩ | ৪ | ★ |
| ★ | | ★ | ৫ | | ★ | | ★ |
| ★ | | ★ | | ★ | ৬ | | ৭ |
| ★ | ৮ | | | ★ | ★ | ★ | |
| ৯ | ★ | ★ | ★ | ১০ | | ১১ | ★ |
| ১২ | ১৩ | | ★ | | ★ | | ★ |
| ★ | | ★ | ১৪ | | ★ | | ★ |
| ★ | ১৫ | | ★ | ১৬ | | | ★ |

**পাশাপাশি :** ১। চুইয়ে পড়ছে ৩। ছাগল বা পাঁঠা ৫। বেঁটে খাটো ব্যক্তি ৬। দুধের সর ৮। এক ধরনের বাজনা ১০। বুকের পাঁজরা ১২। মুসলমানদের ধর্মগুরু ১৪। বিদ্রুপ বা উপহাস ১৫। পাখির নাম ১৬। ডিঙিয়ে যাওয়া।


**উপর-নীচ :** ১। এলেবেলে লোক ২। দেওয়ালে স্যাঁতলা পড়া ৪। শ্রীরাধার শাশুড়ি ৭। অভিপ্রায় ৯। প্রশ্রয় দেওয়া ১০। বিরস বদন ১১। মুসলিমদের রোজার মাস ১৩। বসন্তকাল।

**সমাধান ■ ৩৬৯৯**

**পাশাপাশি :** ১। বন্দুক ৩। ভারপ্রাপ্ত ৪। চাদর ৫। মুখচোরা ৭। মাতা ১০। লঘু ১২। অকুলীন ১৪। কোমল ১৫। একহারা ১৬। কর্বুর।

**উপর-নীচ :** ১। বয়নামা ২। কচাল ৩। ভারমুক্ত ৬। চোয়াল ৮। তামাকু ৯। আনকোরা ১১। ঘুমঘোর ১৩। কীলক।


## আলোচিত



লিভ ইন সম্পর্ক সমাজের সবচেয়ে ভয়ংকর অসুখ। এর বিরুদ্ধে আইন আনা উচিত। দেশে বিস্তীর্ণ অংশের প্রেমঘটিত বিয়ে এক গোত্রে হয় না। তাই সংঘাত তৈরি হয়। অনেক পরিবার ধ্বংস হয়ে যায়। প্রেমের বিয়ে বেশি হওয়ায় ডিভোর্স বেশি হচ্ছে।

**-ধরমবীর সিং**
*(হরিয়ানার বিজেপি সাংসদ)*

## আজ



১৯৩০ সালে আজকের দিনে বিনয় বসু, বাদল গুপ্ত ও দীনেশ গুপ্ত কলকাতার রাইটার্স বিল্ডিংয়ে অত্যাচারী কারা বিভাগের আইজি সিম্পসনকে গুলি করে হত্যা করেন। বিনয় ও বাদল আত্মহত্যা করেন। দীনেশের ফাঁসি হয়। তাঁদের স্মরণে ডালহৌসি স্কোয়ারের নাম করা হয়েছিল বি-বা-দী বাগ।

## ভাইরাল

পথশিশুদের পাঁচতারা হোটেলে খাওয়ার স্বপ্ন অলীক কল্পনা। সেই স্বপ্নপূরণ করালেন এক ব্যক্তি। ট্রাফিক সিগন্যালে দাঁড়িয়েছিল তাঁর গাড়ি। গাড়ির কাচ মুছে টাকা চাইল জনাচারেক শিশু। টাকার পরিবর্তে পাঁচতারা হোটেলে নিয়ে যান নিজের গাড়িতে। সেখানে তাদের পেটভরে খাওয়ালেন। নিজে পরিবেশনও করলেন। ভিডিও ভাইরাল হতেই প্রশংসায় পঞ্চমুখ নেটদুনিয়া।

## জনমত

### প্রকাশিত লেখায় অসম্পূর্ণ তথ্য

৬ ডিসেম্বর উত্তরবঙ্গ সংবাদে প্রকাশিত ভগীরথ মিশ্রর লেখা 'মধুপর্ণী, হিতেন নাগ এবং এক জাদু ভূখণ্ড উত্তরবঙ্গ' দৃষ্টি আকর্ষণ করেছে। এই লেখায় ভগীরথবাবু তাঁর লেখক জীবনের উত্থান সম্পর্কে বলতে গিয়ে বালুরঘাটের কথা উল্লেখ করেছেন বটে, কিন্তু সেই উল্লেখের মধ্যে কেমন যেন দারিদ্র্যের ছাপ ফুটে উঠেছে। তিনি সেই সময়ে উত্তরবঙ্গের জলপাইগুড়ি, শিলিগুড়ি, মালদা থেকে প্রকাশিত বেশ কিছু ক্ষুদ্র পত্রপত্রিকার কথা বলেছেন, কিন্তু একবারও 'মধুপর্ণী' ছাড়া বালুরঘাট থেকে প্রকাশিত 'বালুরঘাট বার্তা', বা 'দধীচি' বা অন্য কোনও পত্রিকার নাম উল্লেখ করেননি।

একটি জায়গায় তো বেশ অবজ্ঞা প্রকাশ পেয়েছে অখ্যাত গল্পকারের উল্লেখে। যেখানে তিনি মধ্যাহ্নভোজের পাশাপাশি বেশ কয়েকজন কবি-সাহিত্যিকের নাম করেছেন। কিন্তু বালুরঘাটের সেই অখ্যাত গল্পকার যার জন্য এত সব নক্ষত্রের আগমন, ভগীরথ মিশ্র একবারও কিন্তু তাঁর নাম উল্লেখ করলেন না। বিষয়টি আমার কাছে বেশ অদ্ভুত লাগল। প্রবন্ধের শেষে বালুরঘাটের হরিমাধব মুখোপাধ্যায় এবং পীযূষ ভট্টাচার্যের নাম উল্লেখ থাকলেও সেসময় তিনি যাঁদের সঙ্গে 'মধুপর্ণী' করতেন তাঁদের কারও কারও নাম উল্লেখ করতেই পারতেন।

**সুখময় ব্রহ্মচারী**
**গঙ্গারামপুর, দক্ষিণ দিনাজপুর।**

### অভাবের সংসারে ভোটের গল্প মূল্যহীন

শীতের সকালে ফুটপাথের চায়ের দোকানে চায়ে চুমুক দিতে দিতে শুনলাম, দেশের পাঁচ রাজ্যের বিধানসভা নির্বাচনের ফলাফল নিয়ে আলোচনা। বসে থাকা সাধারণ মানুষজনের দূর দিল্লির খবর নিয়ে অনেকটা ব্যস্ততাও খানিকটা পরখ করলাম। তাঁরা হয়তো আশা করেন, তোমরা কে কোন মসনদে আছ, ভালো থাকো। শুধু সাধারণদের নিয়ে যদি একটু আলাদা করে কিছু ভাবো।



জিএসটি থেকে শুরু করে পেট্রোল-ডিজেলের মূল্যবৃদ্ধির জেরে প্রতিদিনের বাজারটা আজও সাধারণের নাগালের বাইরে। উনুন সরিয়ে অনেক আশার রান্নার গ্যাসও আজ বলে, আমি তোদের কাছে বেমানান। ওষুধের দোকানে গেলে মনে হয়, পয়সার অভাবে মরে না যাই! প্রান্তিক সাধারণ মানুষ বাইরে থাকা সন্তানের সঙ্গে যোগাযোগ করতে অনেক কষ্ট করে কেনেন একটা ছোট্ট মোবাইল ফোন, সেটাও রিচার্জের অভাবে এখন বেশিরভাগ সময়ই পড়ে থাকে। ভোট আসে ভোট দিই এবং আশা করি, এবার হয়তো উপরওয়ালারা আমাদের মতো সাধারণদের নিয়ে আলাদা কিছু ভাববেন।

আমরা গ্রামের সাধারণ মানুষ। ভোটের অধিকারে রাজনীতিটা না বুঝলেও স্বার্থের গন্ধটা পাই- এবার যদি আমাদের মনকে বোঝার কোনও প্রকৃত লোক পাই। ২০২৪ সালের লক্ষ্যে কোন ভোট সেমিফাইনাল আর কোন ভোট ফাইনাল- অন্যদের গল্প শুনে আমাদের অভাবের সংসারে লাভই বা কী! আমরা খুঁজি তাকে, যে আমাদের নিয়ে ভাববে।

**নির্ঝর দত্ত**
**জটেশ্বর, ফালাকাটা।**

### সেবকে দ্রুত দ্বিতীয় ব্রিজ চাই

বিগত ১০ বছর ধরে তরাই-ডুয়ার্সের সর্বস্তরের মানুষ সেবকে দ্বিতীয় ব্রিজ স্থাপনের জোরালো দাবি জানিয়ে এলেও আজ অবধি এই ব্রিজ নির্মাণের কোনও অগ্রগতি চোখে পড়ছে না। এই নতুন ব্রিজের প্রয়োজনীয়তা সম্পর্কে নেতা-মন্ত্রী সহ সকলেই অবগত হওয়া সত্ত্বেও এই নতুন ব্রিজ নির্মাণ শুরু না হওয়ায় সকলেই হতাশ।

বিগত ৮৪ বছর যাবৎ অজস্র ভার বহন করে পুরোনো করোনেশন ব্রিজটি আজ রুগ্ন, বার্ধক্য দশাপ্রাপ্ত। এতে যে কোনও সময় ঘটে যেতে পারে দুর্ঘটনা। নতুন ব্রিজ স্থাপন হলে তরাই-ডুয়ার্স অঞ্চলে উন্নতির জোয়ার আসা সম্ভব।



সুতরাং, এই ব্রিজের নির্মাণকাজ দ্রুত শুরু করার আবেদন রাখছি।

**সমীর বিশ্বাস, শিলিগুড়ি।**

### ধুঁকছে ৫০ বছরের পাঠাগার

১৯৭৩ সালে প্রতিষ্ঠিত শিবমন্দিরস্থিত সরোজিনী সংঘ ও পাঠাগার এবার ৫০ বছর পূর্ণ করতে চলেছে। আজ থেকে ৫০ বছর আগে ছোট্ট জনপদ শিবমন্দিরের কিছু সাহিত্য-সংস্কৃতিপ্রেমী মানুষের উদ্যোগে এই পাঠাগারের যাত্রা শুরু হয়েছিল। আজও সেই পাঠাগার চলছে নিয়মিতভাবে, বিশেষ করে কিছু প্রবীণ সাহিত্যপ্রেমী মানুষের স্বতঃস্ফূর্ত উপস্থিতিতে। ছাত্রছাত্রীদের উপস্থিতিও লক্ষ করা যায়। কখনো-সখনো বিশিষ্ট মনীষী, শহিদ ও অন্যদের জীবন, কর্ম, দর্শন নিয়ে আলোচনা সভা হয়। পরিবেশিত হয় গান, নৃত্য, কবিতা পাঠ ইত্যাদি।

একজন প্রবীণ পাঠক হিসেবে পাঠাগারটির পরিকাঠামোর উন্নতির জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে বিশেষ অনুরোধ রইল।

**সজলকুমার গুহ**
**শিবমন্দির, শিলিগুড়ি।**

## ফাঁকা কল্যাণী বিশ্ববিদ্যালয়ে তড়িঘড়ি অনুষ্ঠানস্থল বদল

# বোস যাওয়ায় ‘সমাবর্তন’ নাটক

**কল্যাণী, ৭ ডিসেম্বর :** বৃহস্পতিবার শেষপর্যন্ত নমো-নমো করে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন অনুষ্ঠান পালিত হল। রেজিস্ট্রারের বাতিল করা সমাবর্তন অনুষ্ঠানে এদিন সকাল সাড়ে এগারোটা নাগাদ পৌঁছে যান রাজ্যপাল। খাঁখাঁ করা কল্যাণী বিশ্ববিদ্যালয়ে যখন তিনি পৌঁছালেন তখন নির্ধারিত অডিটোরিয়ামের বাইরে একশ্রেণির কর্মীর বিরোধিতায় অনুষ্ঠানস্থল তড়িঘড়ি পালটানো হল। সেখানেই অস্থায়ী উপাচার্যের পৌরোহিত্যে সমাবর্তন অনুষ্ঠান সম্পন্ন হল।



দীর্ঘ পাঁচ বছর পর হওয়া এই সমাবর্তন অনুষ্ঠানে ছিলেন না বিশ্ববিদ্যালয়ের কোনও আধিকারিক। সকালে রেজিস্ট্রার উপস্থিত থাকলেও রাজ্যপাল আসার আগে তিনি বিশ্ববিদ্যালয় চত্বর ছেড়ে চলে যান। আচার্য রাজ্যপাল অনুষ্ঠান শুরুর পর স্বাগত ভাষণ দিয়েই বেরিয়ে কলকাতা ফিরে যান। আচার্য রাজ্যপাল এদিনের অনুষ্ঠান সম্পর্কে নির্দিষ্টভাবে কিছু না বললেও বিক্ষোভকারীদের সতর্ক করেন। তিনি বলেন, ‘কেউ যদি আইন ভাঙার চেষ্টা করেন তাহলে তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।’

ছাত্রছাত্রীদের হাতে সার্টিফিকেট তুলে দেন অস্থায়ী উপাচার্য অমলেন্দু ভুঁইয়া অন্যদিকে তৃণমূল প্রভাবিত কর্মীরা জানালেন, অস্থায়ী উপাচার্যের এই অনুষ্ঠান করার অধিকার নেই বলেই তাঁরা প্রতিবাদ জানিয়েছেন।

বুধবার সন্ধ্যায় রেজিস্ট্রার বিজ্ঞপ্তি প্রকাশ করে জানান, বৃহস্পতিবার সমাবর্তন অনুষ্ঠান হচ্ছে না। অথচ, বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী উপাচার্য অমলেন্দু ভুঁইয়া জানিয়েছিলেন, নির্ধারিত সময়েই সমাবর্তন হবে। উপস্থিত থাকবেন আচার্য রাজ্যপাল সিভি আনন্দ বোস। প্রথমে এপিজে আব্দুল কালাম অডিটোরিয়ামে সমাবর্তন হওয়ার কথা থাকলেও কয়েকজন কর্মচারীর বিরোধিতায় তা প্রশাসনিক ভবনের অন্দরে বিদ্যাসাগর সভাগৃহে সরিয়ে নেওয়া হয়। সেখানেও বিক্ষোভ দেখাতে যান কিছু কর্মী, তবে তখন ছাত্রছাত্রীরাই তার প্রতিবাদ করেন।

নাম প্রকাশ্যে অনিচ্ছুক শিক্ষার্থীদের বক্তব্য, দীর্ঘ পাঁচবছর কোনও সমাবর্তন হয়নি। ছাত্রছাত্রীদের উচ্চশিক্ষা, চাকরি, পদোন্নোতিতে সমস্যা হচ্ছে। এর আগেও দুজন অস্থায়ী উপাচার্যের আমলে সমাবর্তন হয়েছে। তখন কোনও সমস্যা হয়নি। তাঁদের বক্তব্য, ছাত্রছাত্রীদের ভবিষ্যৎ নিয়ে ছিনিমিনি খেলা হচ্ছে। অসম থেকে আসা এক গবেষক ক্ষোভ প্রকাশ করে বলেন, ‘ছাত্রছাত্রীদের স্বার্থে এই নোংরা রাজনীতি বন্ধ করা হোক।’

বিক্ষোভরত শিক্ষক, শিক্ষাকর্মী, শিক্ষার্থীদের দাবি, অস্থায়ী উপাচার্যের বিষয়টি সুপ্রিম কোর্টের বিচারাধীন। আগে সুপ্রিম কোর্টের রায় বার হোক, স্থায়ী উপাচার্য নিয়োগ করে তারপর উচ্চশিক্ষা দপ্তরের অনুমতি নিয়ে সমাবর্তন হোক। এদিন ৬২৯ জন গবেষককে পিএইচডি উপাধি দেওয়া হয়। মেডেল পান ১২৬ জন।

## সার নিয়ে কেন্দ্রীয় বঞ্চনার অভিযোগ

**কলকাতা, ৭ ডিসেম্বর :** ২০১১ সালে এই রাজ্যে তৃণমূল ক্ষমতায় আসার পর রাজ্যের কৃষকদের আয় আগের থেকে তিনগুণ বৃদ্ধি পেয়েছে। বৃহস্পতিবার বিধানসভায় প্রশ্নোত্তর পর্বে এই কথা জানিয়েছেন রাজ্যের কৃষিমন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায়। এই সঙ্গে তিনি অভিযোগ করেন, কেন্দ্রীয় সরকার সার নিয়ে বঞ্চনা করছে। তিনি বলেন, ‘দিল্লির কাছ থেকে ৫.৭৩ লক্ষ টন সার চাওয়া হয়েছিল। কিন্তু মাত্র ৭৫ হাজার টন সার পাওয়া গিয়েছে।’

এদিন কৃষিমন্ত্রীর কাছে ভাঙড়ের আইএসএফ বিধায়ক নৌশাদ সিদ্দিকী দক্ষিণ ২৪ পরগনায় কৃষকের সংখ্যা, কৃষকবন্ধু ভাতা ও কৃষি পেনশন প্রাপকের সংখ্যা জানতে চান। জবাবে মন্ত্রী জানান, ওই জেলায় ৭.৭৫ লক্ষ কৃষকের মধ্যে ৭.৩২ লক্ষ কৃষক কৃষকবন্ধু ভাতা পাচ্ছেন। এইসময় বিজেপি বিধায়ক অশোক লাহিড়ি এই রাজ্যে সার নিয়ে কালোবাজারির অভিযোগ তোলেন। তাঁর অভিযোগ অস্বীকার করে মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় বলেন, ‘আমাদের দপ্তর এই ব্যাপারে কড়া নজর রেখেছে।’

## অধ্যক্ষের দেওয়া পেয়ারা ফেরত দিলেন শুভেন্দুরা

**কলকাতা, ৭ ডিসেম্বর :** সম্পর্ক এমনই তিক্ত হয়েছে যে বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়ের দেওয়া পেয়ারাও খেতে চাইলেন না বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সহ বিজেপি বিধায়করা।

বিমানবাবু দক্ষিণ ২৪ পরগনার বারুইপুরের বিধায়ক। বারুইপুরের পেয়ারার নাম জগৎজোড়া। বৃহস্পতিবার বিমানবাবু ছোট ছোট ব্যাগে পেয়ারা ভর্তি করে নিয়ে এসেছিলেন। শীতের দুপুরে বিধানসভার মধ্যেই নুন দিয়ে ডাসা পেয়ারা খেতে শুরু করেন তৃণমূল বিধায়করা। কিন্তু অধ্যক্ষের সচিবালয়ের কর্মীরা বিজেপি বিধায়কদের ওই পেয়ারা দিতে গেলে তাঁরা নিতে অস্বীকার করেন। তাঁরা জানিয়ে দেন, বিধানসভায় বিজেপি বিধায়কদের কণ্ঠরোধ করা হচ্ছে। তাই এই ফল তাঁদের গলা দিয়ে নামবে না। অধ্যক্ষ এই নিয়ে প্রকাশ্যে কিছু না বললেও ঘরোয়া আলোচনায় তিনি বলেছেন, ‘এর মধ্যেও যদি রাজনীতি খোঁজেন, তাহলে কিছু করার থাকে না।’



বাবুল সুপ্রিয় ও ইন্দ্রনীল সেন–দুই মন্ত্রীর তিক্ততা মেটালেন ক্রীড়ামন্ত্রী অরূপ বিশ্বাস। বৃহস্পতিবার বিধানসভায়।

## টেট-এর জন্য অতিরিক্ত বাস

**কলকাতা, ৭ ডিসেম্বর :** ২৪ ডিসেম্বর রাজ্যে প্রাথমিকের টেট পরীক্ষা। ওইদিনই ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে লক্ষ কণ্ঠে গীতাপাঠের আয়োজন করা হয়েছে। সেখানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির উপস্থিত থাকার কথা রয়েছে। এই পরিস্থিতিতে পরীক্ষার্থীদের পরীক্ষাকেন্দ্রে যাতে পৌঁছোতে কোনও অসুবিধা না হয়, তার জন্য অতিরিক্ত বাস নামাতে পরিবহণ দপ্তরকে নির্দেশ দিল নবান্ন।

বৃহস্পতিবার রাজ্যের মুখ্যসচিব হরিকৃষ্ণ দ্বিবেদীর সঙ্গে এই নিয়ে পরিবহণমন্ত্রী স্নেহাশিস চক্রবর্তীর কথা হয়েছে। সেখানেই অতিরিক্ত বাস চালানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। নবান্নের কর্তারা মনে করছেন, গীতাপাঠের অনুষ্ঠানস্থলে রাজ্যের বিভিন্ন জেলা থেকে লোক আসবেন। তাঁদের যাতায়াতের জন্য রুট থেকে বেসরকারি বাস তুলে নেওয়া হতে পারে। সেই ঘাটতি মেটাতেই অতিরিক্ত সরকারি বাস চালানোর পরিকল্পনা নেওয়া হয়েছে। ওইদিন রেল কর্তৃপক্ষকে অতিরিক্ত লোকাল ট্রেন ও মেট্রো চালাতেও অনুরোধ জানিয়েছে রাজ্য।

বৃহস্পতিবার এই নিয়ে নবান্নে বৈঠকে বসেন মুখ্যসচিব। সেখানে প্রাথমিক শিক্ষা পর্ষদের সভাপতি ও স্কুলশিক্ষা দপ্তরের আধিকারিকরা উপস্থিত ছিলেন। এবার ৩ লক্ষেরও বেশি পরীক্ষার্থী টেট পরীক্ষা দেবেন। রাজ্যের পরিবহণমন্ত্রী স্নেহাশিস চক্রবর্তী বলেন, ‘টেট পরীক্ষার্থীদের যাতায়াতে যাতে কোনও অসুবিধা না হয়, তার জন্য আমরা অতিরিক্ত বাস চালাব। উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ নিগম, দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ নিগম ও ডব্লিউবিটিসি অতিরিক্ত বাস চালাবে। সেইমতো আমরা পরিকল্পনা নিচ্ছি।’

# রাজ্য ভর্ৎসিত, স্বস্তিতে বিজেপি বিধায়করা

**কলকাতা, ৭ ডিসেম্বর :** বিজেপি বিধায়কদের বিরুদ্ধে জাতীয় সংগীত অবমাননা মামলার তদন্তে স্থগিতাদেশের মেয়াদ বাড়াল কলকাতা হাইকোর্ট। আদালতের রায়ে আপাতত স্বস্তিতে বিজেপি বিধায়করা। বৃহস্পতিবার বিচারপতি জয় সেনগুপ্ত জানান, ১৭ জানুয়ারি পর্যন্ত বিজেপি বিধায়কদের বিরুদ্ধে তদন্ত প্রক্রিয়ায় অন্তর্বর্তী স্থগিতাদেশ থাকবে। এদিনও আদালতের প্রশ্নের মুখে পড়ে রাজ্য।

ঘটনার সূত্রপাত ২৯ নভেম্বর। তৃণমূলের ধর্না কর্মসূচি চলাকালীন বিজেপি বিধায়করাও সেদিন বিধানসভা চত্বরে বিক্ষোভ দেখান। ধর্না চলাকালীন তৃণমূল সদস্যরা জাতীয় সংগীত গাওয়া শুরু করেন। তৃণমূলের অভিযোগ, জাতীয় সংগীত চলাকালীন বিজেপি বিধায়করা স্লোগান দিতে থাকেন। এতে জাতীয় সংগীতের অবমাননা করা হয়েছে। এই ঘটনার প্রেক্ষিতে হেয়ার স্ট্রিট থানায় ১১ জন বিজেপি বিধায়কের বিরুদ্ধে অভিযোগ দায়ের হয়। লালবাজারে বিজেপি বিধায়কদের হাজিরা দিতে বলা হয়। গত সোমবার হাইকোর্টের দ্বারস্থ হয় বিজেপি। বৃহস্পতিবার পর্যন্ত ওই বিধায়কের বিরুদ্ধে কোনও পদক্ষেপ গ্রহণ করা যাবে না বলে নির্দেশ দিয়েছিলেন বিচারপতি জয় সেনগুপ্ত।

এদিন শুনানিতে গত বুধবারের বিধানসভার ফুটেজ দেখেন বিচারপতি। রাজ্যের উদ্দেশে বিচারপতি প্রশ্ন করেন, ‘এই ফুটেজে শুধুমাত্র একপক্ষের জমায়েত দেখা যাচ্ছে। অপর পক্ষকে দেখা না গেলে জাতীয় সংগীতের সময় স্লোগান দেওয়া হয়েছিল তা কীভাবে বোঝা যাবে?’ রাজ্যের আইনজীবী কিশোর দত্ত

### জাতীয় সংগীত অবমাননার মামলা

জানান, আরেকটি ফুটেজ অন্য ক্যামেরায় আছে। এরপর বিচারপতি মন্তব্য করেন, ‘অভিযোগের পক্ষে প্রাথমিক তথ্যপ্রমাণ দেখা যাচ্ছে না।’

বিজেপির আইনজীবী রাজদীপ মজুমদার সওয়াল করেন, প্রথমে তৃণমূল কংগ্রেসের ধর্না চলছিল। এরপর বিজেপি স্লোগান দেওয়া শুরু করে। তারপর বিজেপি বিধায়করা বিধানসভার রাস্তা অবরোধ করেন বলে অভিযোগ। সবশেষে জাতীয় সংগীত শুরু হয়। সেখানে যে জাতীয় সংগীত গাওয়া হবে তা আগাম জানানো হয়নি। রাজ্যের আইনজীবী অবশ্য জানান, জাতীয় সংগীত শুরুর আগে লাউডস্পিকারে তা জানানো হয়েছিল। বিচারপতি তখন ক্ষুব্ধ হয়ে প্রশ্ন করেন, ‘হঠাৎ করে যদি কোথাও জাতীয় সংগীত শুরু হয় এবং পাশের বাড়িতে যদি কোনও বয়স্ক মানুষ শুয়ে থাকেন, তিনি কি লাফ দিয়ে তখন উঠে দাঁড়াবেন?’

রাজ্যকে ভর্ৎসনা করে বিচারপতি বলেন, ‘জাতীয় সংগীতকে অস্ত্র হিসেবে ব্যবহার করা যায় না। সম্মান ও শ্রদ্ধা দিয়েই গাইতে হয়।’ রাজ্যকে সতর্ক করে বিচারপতি বলেন, জাতীয় সংগীত অসৎ উদ্দেশ্যে গাওয়া হয়েছিল কিনা তা নিয়েও প্রশ্ন উঠতে পারে।

রাজ্যের ভূমিকায় বিচারপতি অসন্তোষ প্রকাশ করে বলেন, ‘হলফনামা জমা দেওয়ার পর মামলাটি শোনা হতে পারত। কিন্তু রাজ্যের তা জমা দেওয়ার সময় নেই। এতই গুরুত্বপূর্ণ যে সব ছেড়ে এটা আগে শুনানি করতে হবে? খুন, ধর্ষণের মতো মামলা ছেড়ে দিনভর শুধু তাহলে এই মামলা চলুক।’ শেষে বিচারপতি মামলার তদন্তে স্থগিতাদেশের মেয়াদ বাড়ান।

## প্রয়াত শিক্ষকের ফ্ল্যাটে ইডি’র হানা

**কলকাতা, ৭ ডিসেম্বর :** শিক্ষক নিয়োগ দুর্নীতি মামলায় বৃহস্পতিবার উত্তরবঙ্গের এক প্রয়াত শিক্ষকের কলকাতার বরানগরের ফ্ল্যাটে তল্লাশি চালাল ইডি। ওই ফ্ল্যাট থেকে বেশকিছু নথি তদন্তকারীরা উদ্ধার করেছেন। এদিন প্রায় ১০ ঘণ্টারও বেশি সময় তদন্তকারীরা ওই ফ্ল্যাটে ছিলেন। ওই শিক্ষকের স্ত্রীর ব্যাংক অ্যাকাউন্টে ২ কোটি ১৫ লক্ষ টাকা রয়েছে বলে তদন্তকারীদের দাবি।

ইডি সূত্রে খবর, শুভ্রাংশু মৈত্র নামে ওই শিক্ষক উত্তরবঙ্গের একটি স্কুলে শিক্ষকতা করতেন। বছরখানেক আগে তিনি প্রয়াত হয়েছেন। ওই শিক্ষকের বিরুদ্ধে নিয়োগ দুর্নীতিতে যুক্ত থাকার অভিযোগ রয়েছে। তার ওপর স্ত্রীর ব্যাংক অ্যাকাউন্টে এত টাকা কী করে এল তা নিয়েও সন্দেহে রয়েছেন তদন্তকারীরা। এদিন তাঁর স্ত্রীকেও জিজ্ঞাসাবাদ করেন ইডি আধিকারিকরা। তদন্তকারী সংস্থার মতে, নিয়োগ দুর্নীতিতে বিপুল আর্থিক লেনদেন হয়েছিল। সেই টাকা ঘুরপথে অনেকের কাছে পৌঁছেছিল। ওই টাকা এই শিক্ষকের স্ত্রীর ব্যাংক অ্যাকাউন্টে গিয়েছিল কিনা তা তদন্তকারীরা খতিয়ে দেখছেন।

# গিরিরাজের মন্তব্যে উত্তাল বিধানসভা

স্বরূপ বিশ্বাস

**কলকাতা, ৭ ডিসেম্বর :** মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্দেশে কেন্দ্রীয় মন্ত্রী গিরিরাজ সিংয়ের ‘ঠুমকা’ মন্তব্যের বিরুদ্ধে তৃণমূলের প্রতিবাদ দিল্লির সংসদ চত্বর থেকে রাজ্য বিধানসভায় আছড়ে পড়ল। এদিন কলকাতার হাজরা মোড়ে এই ইস্যুতে প্রতিবাদ জানায় মহিলা তৃণমূল। বৃহস্পতিবার সকালে দিল্লিতে সংসদ চত্বরে গান্ধিমূর্তির পাদদেশে তৃণমূলের মহিলা সাংসদরা এই নিয়ে বিক্ষোভ দেখান। এদিন বেলা বাড়তেই তৃণমূলের এই প্রতিবাদের আঁচ এসে পড়ে রাজ্য বিধানসভায়। এই ইস্যুতে বিধানসভার অধিবেশন কক্ষে সরকার ও বিরোধীপক্ষের মধ্যে তুমুল বাগবিতণ্ডা হয়।

বিধানসভার শাসকদল তৃণমূলের দাবি, কেন্দ্রীয় মন্ত্রী গিরিরাজ সিং ‘ঠুমকা’ বলে যে মন্তব্য করেছেন তা মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের পক্ষে চরম অসম্মানজনক। নারীদের প্রতি বারবার বিজেপির এই অপমান কোনওভাবে মেনে নেওয়া যায় না। এই মন্তব্য করার জন্য কেন্দ্রীয় মন্ত্রীকে ক্ষমা চাইতে হবে



‘ঠুমকা’–র বিরুদ্ধে রাস্তায় তৃণমূল।

বলে দাবি তোলেন মন্ত্রী শশী পাঁজা। তাঁর এই দাবির পরই পালটা প্রতিবাদ করে হইচই শুরু করেন বিজেপি বিধায়করা। সরকার ও বিরোধীপক্ষের এই তর্জায় সরগরম হয়ে ওঠে সভাকক্ষ।

জিরো আওয়ারে এই প্রসঙ্গ তুলে রাজ্যের মন্ত্রী শশী পাঁজা দাবি করেন, বারবার কেন্দ্রীয় মন্ত্রীরা এভাবে অপমান-অসম্মান করেন। এটা কিছুতেই মেনে নেওয়া যায় না। নারীদের প্রতি এই অসম্মান ও অপমানের জন্য কেন্দ্রীয় মন্ত্রী গিরিরাজ সিংকে ক্ষমা চাইতে হবে। মন্ত্রীকে সমর্থন করে শাসকপক্ষের অন্যান্য বিধায়করাও এই দাবি নিয়ে চ্যাঁচাতে থাকেন। পালটা দাঁড়িয়ে পড়ে এর বিরুদ্ধে প্রতিবাদ করে বিজেপি বিধায়করা স্লোগান দিতে থাকেন।

তবে গিরিরাজ সিংয়ের মন্তব্যের মধ্যে কোনও অনৈতিক কিছু দেখছেন না বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। তিনি বলেন, ‘কেন্দ্রীয় মন্ত্রী কাউকে ব্যক্তিগত আক্রমণ করেননি। রাজ্যে যখন দুর্নীতিতে ভরে গিয়েছে তখন এই ধরনের ইস্যু তৈরি করে মানুষের অভাব-অভিযোগগুলি আড়াল করার চেষ্টা চলছে। কেন্দ্রীয় মন্ত্রী এটাই বলতে চেয়েছেন।’

বিধানসভায় তৃণমূলের প্রতিবাদের ঢেউ কলকাতার রাজপথে ছড়িয়ে পড়ে বেলা গড়াতেই। হাজরা মোড়ে তৃণমূলের মহিলা কর্মীরা রাজ্যের মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য ও শশী পাঁজার নেতৃত্বে এই ইস্যুতে বিক্ষোভ দেখান। মাথায় কালো ফেট্টি, বুকে বিজেপি বিরোধী প্ল্যাকার্ড নিয়ে বিক্ষোভ দেখিয়ে তাঁরা প্রতিবাদ জানান। চন্দ্রিমা ভট্টাচার্য ও শশী পাঁজা মহিলা কর্মীদের সঙ্গে ঘুরে ঘুরে নেচে, গান গেয়ে প্রতিবাদ করেন। চন্দ্রিমাদের দাবি, মুখ্যমন্ত্রীর প্রতি সরাসরি এই মন্তব্য করার জন্য কেন্দ্রীয় মন্ত্রী গিরিরাজ সিংকে ক্ষমা চাইতে হবে।

### সোনা ও রুপোর দর

| | |
|---|---|
| পাকা সোনার বাট (৯৯৫০/২৪ ক্যারেট ১০ গ্রাম) | ৬২৮৫০ |
| পাকা খুচরো সোনা (৯৯৫০/২৪ ক্যারেট ১০ গ্রাম) | ৬৩১৫০ |
| হলমার্ক সোনার গয়না (৯১৬/২২ ক্যারেট ১০ গ্রাম) | ৬০০৫০ |
| রুপোর বাট (প্রতি কেজি) | ৭৪১৫০ |
| খুচরো রুপো (প্রতি কেজি) | ৭৪২৫০ |

* দর টাকায়, জিএসটি এবং টিসিএস আলাদা

পঃবঃ বুলিয়ান মার্চেন্টস্ অ্যান্ড জুয়েলার্স অ্যাসোসিয়েশনের বাজার দর

GOVERNMENT OF WEST BENGAL
North Bengal Development Department
NOTICE INVITING e-TENDER
S.E., NBDD, invites online e-Tender eNIT-83/2023-24(Sl- 01 & 02) for Improvement of different roads under Darjeeling district seen from the Office Notice Board, NBDD, Uttarkanya, Fulbari, Jalpaiguri, Pin-734015 on any working days and in the website:- www.wbtenders.gov.in & www.wbnorthbengaldev.gov.in Sd/- Superintending Engineer, North Bengal Development Department ICA-T24805(4)/2023

GOVERNMENT OF WEST BENGAL
PWD 2nd CORRIGENDUM NOTICE
SE, NBHC P.W. (Roads) Dte.
It is for general information to the intending tenderer of e-NIT No. 53 of 2023-24 that the closing date for dropping of tender has been extended upto 15.12.2023 & Technical bid opening will be on 18.12.2023. Tender Id:- 2023_SH_594240_1. Details of same may be downloaded from http://wbtenders.gov.in Sd/- S.E. NBHC. PWRD, GOVT OF WB ICA-T24841(1)/2023

GOVERNMENT OF WEST BENGAL
WB QUOTATION NOTICE
NIQ is invited by the EE/APD/SS/PWDte. for the work of Hiring of 01 (one) no. Inspection Vehicle [Bolero Neo/ Scorpio/ Maxi Cab] with Diesel Engine for official use of the Executive Engineer, Alipurduar Division, Social Sector, P.W. Directorate on monthly hire basis vide NIQ No: 06 of 2023-24 of EE/APD/SS/PWDte. Last date for application with all documents of Quotation on 18.12.2023 upto 2.00 pm and drop the same in a sealed envelope on 22.12.2023 by 2.00 pm. Corrigendum if any will be published in website only. Intending bidders are requested to visit the website : http://etender.wb.nic.in, http://wbtender.gov.in and this office notice board. Sd/- EE/APD/SS/PWD. ICA-T24847(1)/2023

ভাগ্য ফেরে সঠিক জ্যোতিষ বিচারে
আজ ও কাল (UPTO 1 PM) শিলিগুড়ি হোটেল মেয়র, সেবক রোড
9 10 11 DEC. জলপাইগুড়ি হোটেল ভেলা প্রিতম
বাকসিদ্ধা জ্যোতিষী দেবযানী
FOR BOOKING CALL 9830192259

Abridged E-Tender Notice
Tender for eNIT No.- 528/P.S, dated-07/12/2023 of Block Dev. officer, Balurghat Dev. Block is invited by the undersigned. Last date of submission is **19/12/2023.** The details of eNIT may be viewed & downloaded from the website of Govt. of west Bengal http://wbtenders.gov.in & viewed from office notice board of the undersigned during office hours.
Sd/
Executive Officer

আলিপুরদুয়ার ডিভিশনে বৈদ্যুতিক কাজগুলি
টেন্ডার বিজ্ঞপ্তি নং.: এপি/ইএল/০৬/২৩-২৪-আরটি-১, তারিখ: ০৫-১২-২০২৩; নিম্নলিখিত কাজের জন্য নিম্নস্বাক্ষরকারী দ্বারা ই-টেন্ডার আহ্বান করা হয়েছে; টেন্ডার নং: এপি/ইএল/০৬/২৩-২৪-আরটি-১; কাজের নাম: আলিপুরদুয়ার জং. ডিভিশনে :- ০৩ বছরের জন্য বিভিন্ন প্রস্তুতকারক এবং ক্ষমতার ডিজেল জেনারেটিং সেটের বার্ষিক রক্ষণাবেক্ষণ চুক্তি। টেন্ডার মূল্য: ৬৬,২৬,৮০৭.৯০ টাকা; বায়না মূল্য: ১,৩২,৫০০/- টাকা; টেন্ডার বন্ধের তারিখ ও সময় ১৫:০০ ঘন্টায় এবং খোলা ২৯-১২-২০২৩ তারিখে ১৫:৩০ ঘন্টায়। বিস্তারিত জানার জন্য অনুগ্রহ করে http://www.ireps.gov.in ওয়েবসাইটে দেখুন।
ডিআরএম/ইলেক্ট. (জি), আলিপুরদুয়ার জং.
উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে
প্রসন্ন চিত্তে মানুষের সেবায়

CORRIGENDUM NOTICE
NIT No. 51 of 2023-24 for SL 8, 9, 10, 11 & 12
Corrigendum Notice of NIT No. DDP/N-51 of 2023-24 for SL 8, 9, 10, 11 & 12 closing date extended upto 13/12/2023 at 12.00 Hours. Details of NIT may be seen in the Website www.wbtenders.gov.in
Sd/-
Additional Executive Officer
Dakshin Dinajpur Zilla Parishad

NOTICE INVITING E-TENDER & CORRIGENDUM
Tender for e-N.I.T. No. 26 to 28/EO/23-24 dated: 04/12/23, 05/12/23 & 06/12/23 of EO (15TH FC/UNTIED & TIED & UNTIED) is invited by the undersigned. Last date of bid submission is 19/12/2023 & 14/12/23 & 22/12/23 up to 11:00 A.M & 6:55 PM respectively The details of the NIT may be viewed & downloaded from the website of Govt. of West Bengal https://wbtenders.gov.in and viewed from office notice board of the undersigned during office hours.
Sd/-
Executive Officer
Cooch Behar-II PS
Pundibari, Cooch Behar

NOTICE INVITING e-TENDER of N.I.e.T. No. WB/APD/KMG/BDO-ET/14/2023-24 (2nd Call), Dt-06/12/2023, Last date and time for bid submission 27/12/2023 at 18.00 hours. For more information please visit : www.wbetenders.gov.in
Sd/-
Executive Officer
Kumargram Panchayat Samity
&
Block Development Officer
Kumargram Development Block
Kumargram :: Alipurduar

GOVERNMENT OF WEST BENGAL
2nd Call
ABRIDGED e-TENDER NOTICE
On behalf of the Hon'ble Governor, Govt. of West Bengal, the following e-tenders are invited from the eligible Transport Agencies/Vendors as follows:- NIT No. 25/WBFS/Hiring of Bus for N.B. Educational Tour/2023-24 (2nd Call), NIT No. 26/Hiring of Vehicle for NB & Hills Zone/2023-24 (2nd Call) & NIT No. 27/WBFS/Procurement of Uniform Articles/Kits/2023-24 (2nd Call) a) Total no. of works: 03 (three) nos. b) Approx. value of work: Rate to be quoted by intending Bidders item wise against each separate bid c) Bid submission starts: 08/12/2023 from 2:00 p.m. onwards d) Last date of Bid submission: 15/12/2023 upto 5:00 p.m. e) Name of website: https://wbtenders.gov.in Details of work and other terms and conditions can be seen in said website and office notice board of West Bengal Forest School, Dow-Hill, Kurseong, PIN 734204 Sd/- Director, West Bengal Forest School, Dow-Hill ICA-T24884(3)/2023

e-TENDER NOTICE
Office of the Kanturka Gram Panchayat Under Habibpur Dev. Block, Malda
Notice inviting e-Tender Bonafied Contractor / Supplier are requested to visit GP office www.wbtenders.gov.in for details. **1. NIT No : e-NIT/06/KGP/2023 Dtd-05/12/2023, Memo no - 268/e-KGP/23-24, Dated - 5/12/23**
Sd/-
Prodhan
Kanturka Gram Panchayat

২০২৪-এর জানুয়ারি মাসের জন্য ই-নিলাম কর্মসূচি
২০২৪-এর জানুয়ারি মাসের জন্য তিনসুকিয়া ডিভিশন অধিক্ষেত্রের অধীনে রেলওয়ের বর্জিত সামগ্রী বিক্রির জন্য ০৫/০১/২০২৪, ১৮/০১/২০২৪ এবং ৩১/০১/২০২৪ তারিখে ই-নিলাম কর্মসূচি স্থির করা হয়েছে।
আগ্রহী বিডাররা আইআরইপিএস ওয়েবসাইট www.ireps.gov.in -এর মাধ্যমে ই-নিলাম কর্মসূচিতে অংশগ্রহণ করতে পারেন।
সিনি. ম্যাটেরিয়ালস ম্যানেজার, ডিব্রুগড়
উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে
প্রসন্নচিত্তে গ্রাহকদের সেবায়

GOVERNMENT OF WEST BENGAL
P.W.D. e-QUOTATION NOTICE
NIQ No.: 09/Q/JED of 2023-24. The last date for submission of tender 06-12-2023 at 04:00 P.M. All details can be seen from the website - https://www.wbpwd.gov.in or office of the undersigned during office hours. Sd/-S.THAKUR. EE/JED/JALPAIGURI. ICA-T24857(1)/2023

GOVERNMENT OF WEST BENGAL
North Bengal Development Department
NOTICE INVITING e-TENDER
E.E., NBDD, invites online e-Tender eNIT-64(SI-03)/2023-24(2nd Call) for Improvement of Road no. 2 & 3 and connection road of 1, 2 & 3 at Shaktigarh, Ward no. 31 under SMC in the district of Jalpaiguri seen from the Office Notice Board, NBDD, Uttarkanya, Fulbari, Jalpaiguri, Pin-734015 on any working days and in the website:- www.wbtenders.gov.in & www.wbnorthbengaldev.gov.in Sd/- Executive Engineer, North Bengal Development Department ICA-T24806(4)/2023

GOVERNMENT OF WEST BENGAL
TENDER NOTICE
On behalf of the Governor of West Bengal, E-Tender/Tenders are invited by the CMOH, Dakshin Dinajpur for following e-tender: 1. E-Tender No. DHFWS/Ambulance_Driver/2321 dated 05.12.2023 to provide outsourced Drivers for Ambulance. from resourceful, eligible agency having experience in similar nature of works. Bid Submission Closing Date: 13.12.2023 at 15.00 hrs. For Detail (e-tender), Please visit the website www.wbtenders.gov.in For other tenders: www.wbhealth.gov.in and Office of the Undersigned. Sd/- CMOH, D/Dinajpur ICA-T24875(2)/2023

Tender Notice
eNIT NO:- 03/WBSRDA/DD/MNTC/2023-24(1st Call), Dated: 07.12.2023
OF THE EXECUTIVE ENGINEER, WBSRDA, DAKSHIN DINAJPUR DIVISION
Vide Memo No. 570\WBSRDA\DD Dated: 07.12.2023
(E-Procurement)
Details of **eNIT NO : 03\WBSRDA\DD\2023-24 (1st Call), Dated: 07.12.2023** may be seen in the office of the undersigned between 11.00 hrs. to 16.00 hrs. on any working day and also be seen from Website https://wbtenders.gov.in (under the following organization chain – ‘PANCHAYAT AND RURAL DEVELOPMENT||WBSRDA||DAKSHIN DINAJPUR DIVISION’)
Sd/-
Executive Engineer
WBSRDA
Dakshin Dinajpur Division

কাঞ্চনকন্যা এক্সপ্রেস পুনরায় চালু
১৩১৪৯/১৩১৫০ শিয়ালদহ-আলিপুরদুয়ার জং-শিয়ালদহ কাঞ্চনকন্যা এক্সপ্রেস যেটি চাতরা এবং মুরারই স্টেশনের মধ্যে নন ইন্টারলকিং কাজের জন্য পূর্ব বিজ্ঞপ্তি অনুযায়ী বাতিল ছিল সেটি এখন নিম্নলিখিতমতো পরিবর্তিত পথে চলবেঃ ১৩১৪৯/১৩১৫০ শিয়ালদহ-আলিপুরদুয়ার জং-শিয়ালদহ কাঞ্চনকন্যা এক্সপ্রেস (যাত্রা শুরুর তারিখ ০৯.১২.২০২৩ থেকে ২২.১২.২০২৩) পথ পরিবর্তন করে নৈহাটি-ব্যান্ডেল-কাটোয়া-আজিমগঞ্জ-নিউ ফরাক্কা হয়ে চলবে এবং ব্যান্ডেল, নবদ্বীপধাম, কাটোয়া, আজিমগঞ্জ ও জঙ্গীপুর রোডে থামবে। অন্যান্য ব্যবস্থা অপরিবর্তিত থাকবে।
চিফ প্যাসেঞ্জার ট্রান্সপোর্টেশন ম্যানেজার
পূর্ব রেলওয়ে
আমাদের অনুসরণ করুন: @EasternRailway @easternrailwayheadquarter

আলিপুরদুয়ার মণ্ডলে ক্যাটারিং সেবার ব্যবস্থা করা
ভারতের রাষ্ট্রপতির পক্ষে ও তরফ থেকে মাণ্ডলিক রেলওয়ে প্রবন্ধক (বাণিজ্য), আলিপুরদুয়ার মণ্ডল, উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে ধূপগুড়ি ষ্টেশনের জেনারেল মাইনর ইউনিটে (জিএমইউ) ০৫ (পাঁচ) বৎসরের এক সময়সীমার জন্যে "ক্যাটারিং সেবার ব্যবস্থা" করার হেতু আহার এবং ক্যাটারিং সেবা যোগানদাতাগণ থেকে প্রতিযোগিতামূলক, সিঙ্গল ষ্টেজ টু-প্যাকেট সিস্টেমের আধারে ই-টেণ্ডার আহ্বান করছেঃ

| ক্রম সংখ্যা. | টেণ্ডার নোটিস নং. | সংরক্ষিত রাশি | বায়না রাশি |
|---|---|---|---|
| ১ | ৬৮-সি-সিভি-টিএস-৪-ডিকিউজি-পিএফ-১-এ | ২,৬১,৪০১/- টাকা | ২৭,২০০/- টাকা |

টেণ্ডার জমা করার অন্তিম তারিখ এবং সময়ঃ ২৮-১২-২০২৩ তারিখের ১৫.০০ ঘন্টা পর্যন্ত এবং সেই একই ২৮-১২-২০২৩ তারিখের ১৬.০০ ঘন্টার পরে খোলা হবে। টেণ্ডার নোটিস এবং টেণ্ডার প্র-পত্র www.ireps.gov.in ওয়েবসাইটে উপলব্ধ আছে।
মণ্ডল রেলওয়ে প্রবন্ধক (সি), আলিপুরদুয়ার জংশন
উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে
"প্রসন্নচিত্তে গ্রাহক পরিষেবায়"

### বিক্রয়

শিবমন্দির চাউমিন মোড়ে দোকান বিক্রয় হবে। M : 7029061038. (C/108399)

•

ঠাকুরনগর, অনুকূল ঠাকুর আশ্রমের কাছে পাকা রাস্তায় ২ কাঠা জমি বিক্রয়। মূল্য আলোচনাসাপেক্ষ। (M) 97490-58328, 95474-54619. (C/108502)

### সভা-সমিতি

আগামী ১০/১২/২০২৩ বেলা ১২টায় তরাই তারাপদ আদর্শ বিদ্যালয়ের প্রাক্তনীদের প্ল্যাটিনাম জুবিলির সমাপ্তি অনুষ্ঠান উপলক্ষ্যে বিদ্যালয় প্রাঙ্গণে একটি বিশেষ সভা আয়োজন করা হয়েছে। উক্ত সভায় সকল প্রাক্তনীদের আহ্বান করা হচ্ছে। আহ্বায়ক : প্ল্যাটিনাম জুবিলি কমিটি। (C/112819)

### জ্যোতিষ

উঃবঃ যে কোনও জ্যোতিষীর সঙ্গে চ্যালেঞ্জে বিচার, প্রতিকার-প্রঃ বিশ্বভৃগু (চক্রবর্তী)। ধনী হবেন? শত্রুকে জব্দ? সঠিক বশীকরণ, নেশা মুক্তি, জমি বিক্রি? রায়গঞ্জ 10,11, মালদা 12, 13. (M) 9875498291. (C/108502)

### চিকিৎসা

Dr. Arijit Bishnu, DM
ONCO-Haematologist will be available at OPD in Anandaloke Multispeciality Hospital, Siliguri on 10/12/2023, Sunday from 9:30 am to 12 pm & 2:30 pm to 6 pm. (M) :- 9800600400

### অ্যাফিডেভিট

আমার ভোটার কার্ডে নাম ভুল আছে। গত ৮/১২/২০২২ তারিখে E.M. কোর্টে জলপাইগুড়ি হইতে অ্যাফিডেভিট বলে সঠিক নাম প্রদীপ সরকার করা হল। রবি সরকার ও প্রদীপ সরকার
এক ব্যক্তি। (C/107964)

•

আমি শ্রী অমর মোচারী, পিতা-সুরেন মোচারী, গ্রাম ও পো: সিধাবাড়ি, থানা ও জেলা : আলিপুরদুয়ার। আজ ০৭/১২/২০২৩ থেকে আলিপুরদুয়ার নোটারি পাবলিক দ্বারা অ্যাফিডেভিট করে আমি খ্রিস্টান ধর্মমত পরিবর্তন করে হিন্দু ধর্মে আকৃষ্ট হয়ে হিন্দু ধর্ম গ্রহণ করলাম। এখন থেকে হিন্দু ধর্মের রীতিনীতি ও আচার-অনুষ্ঠান পালন করব। (C/108117)

•

নিজ ড্রাইভিং লাইসেন্সে (নং WB/63-20100873637) বাবার নাম জিতেন্দ্র মহন্ত থাকায় ৫.১২.২৩ দিনহাটা EM কোর্টে অ্যাফিডেভিট বলে জিতেশ মহন্ত হইল। সুধীর মহন্ত, সাং- খারিজা বালাডাঙ্গা। (S/M)

### কর্মখালি

Swift Desizre গাড়ি চালানোর জন্য স্থানীয় অভিজ্ঞ ড্রাইভার চাই শিলিগুড়ির হাকিমপাড়াতে। M : 9641618231. (C/108501)

•

Required Sales Person (M/F) 12th Passed & Service Person (M) for showroom Walk in Interview. M -8617552970/9474570256. Add : N.N. Road, Ward-6, Near Uttam Hotel, Cob. (C/107368)

•

শিলিগুড়ি এবং তার পার্শ্ববর্তী এলাকায় কমপক্ষে ১০০ জন সিকিউরিটি গার্ড/সুপারভাইজার অতিসত্বর প্রয়োজন। বেতন - 10,000/13,000 (P.F+E.S.I.C)। শিক্ষাগত যোগ্যতা- মাধ্যমিক/উচ্চমাধ্যমিক/এক্স-সার্ভিসম্যান। যোগাযোগ - 9233403065/9821660911/9064051617. (C/108408)

CINEMA সিনেমা
(A.C) SILIGURI 9832336881
10.45AM & 1.15PM | 4.00PM & 7.30PM
Now Showing at BISWADEEP
ANIMAL
(2 SHOWS DAILY)
Xing : Ranbir Kapoor, Rashmika Mandanna
Time : 1.00, 4.30 P.M

সতর্কীকরণ ঃ উত্তরবঙ্গ সংবাদ অথবা পত্রিকার কোনও এজেন্ট পত্রিকায় প্রকাশিত কোনও বিজ্ঞাপনের সততা, যথার্থতার জন্য দায়ী নয়। কোনও প্রকার বিজ্ঞাপন দ্বারা প্রভাবিত হওয়ার আগে বিজ্ঞাপনের যথার্থতা যাচাই করে নিতে পাঠকদের অনুরোধ করা হচ্ছে।



## হাসপাতালে জয়া-জননী


জয়া বচ্চন তথা জয়া ভাদুড়ির মা ইন্দিরা ভাদুড়িকে ভর্তি করা হল হাসপাতালে। ৯৩ বছর বয়স্ক ইন্দিরা দেবীকে ভর্তি করা হয়েছে অনিয়মিত হৃৎস্পন্দনের জন্য। হাসপাতাল সূত্রে জানা গিয়েছে, ইন্দিরা দেবীর পেসমেকার বসানো হবে।



# ওরি-লিভার

**২৪ বছর বয়সেই বিখ্যাত। তাঁর আয়ের পরিমাণ শুনলে চোখ কপালে উঠবে। তার উৎস শুনলে আরও। স্বয়ং সলমন খানও বিস্মিত। বলিউডের তারকারা তাঁর বন্ধু। ফিল্মি পার্টিতে তাঁর উপস্থিতি অবশ্যম্ভাবী। তাঁদের সঙ্গে ছবি তুলেই লাখ-লাখ টাকা রোজগার তাঁর। এই অস্ত্রেই তিনি বিগ বস-এর অতিথি। কে তিনি? শবরী চক্রবর্তী**







ওরহান আওত্রামণিই কি খ্যাতির নতুন নাম? তাঁর মতো করেই কি আগামী প্রজন্ম খ্যাতিমান হবার কথা ভাববে?

এই ওরহান নামটা পড়ে কিছু বোঝা যাবে না। কিন্তু ‘ওরি’ বললে সকলে চিনবে। নেটমহলের পরিচিত, বলিউডের পরিচিত, বিগ বস-এর পরিচিত এবং এখন আরও পরিচিত তাঁর রোজগার করার পন্থায়। মানুষ বিস্মিত—এভাবেও সম্ভব? তিনি তো করেনই এবং তিনি চান পরের প্রজন্ম এভাবেই করুক। কী সেই পন্থা? তিনি বলিউডের পার্টি বা এরকমই নানা ইভেন্টে হাজির থাকেন, তাঁকে রীতিমতো নিমন্ত্রণ জানানো হয়। তিনি সেলেবদের সঙ্গে ‘সেলফি’ তোলেন এবং তা পোস্ট করেন। একেকটি ছবির জন্য তিনি নাকি ২০-৩০ লাখ টাকা রোজগার করেন।

এমন কথা শুনে বিস্মিত সলমন খান নিজেকেই নিজে বলেছেন, সলমন কিছু শেখ। দুনিয়া কোথা থেকে কোথায় পৌঁছে গিয়েছে!

সলমনের সঙ্গে তাঁর দেখা হয়েছে বিগ বস-এর চলতি সিজনে। ওয়াইল্ড কার্ড এন্ট্রি পেয়েছিলেন ওরি। সেখানে দিন তিনেক ছিলেন। সেখানেও রাজা-রাজড়াদের মতো হাবভাব দেখিয়েছেন--‘আমার ব্যাগ কে বইবে’, ‘আমার জুতো কে খুলবে’, ইত্যাদি, ইত্যাদি। এই ওরি চান আগামী প্রজন্ম তাঁর মতো করে রোজগার করুক। তিনি বলেছেন, ‘আমার এই সেলফি পোস্ট করি সারা দুনিয়ার বাচ্চাদের জন্য। একদিন ওদের মধ্যে থেকে ১০০০ ওরি জন্ম নেবে। আমি ওদের জন্য মঞ্চ তৈরি করছি।’ সলমন অবশ্য ওরির এই কথায় তাঁর চেনা ভঙ্গীতে বলেন, ‘আমি হিন্দুস্তানের ভবিষ্যৎ দেখতে পাচ্ছি’। সে কথা থাক, ওরি তাঁর নিজস্ব নিয়মে জীবনযাপনের পথ তৈরি করেছেন। সেই কারণেই তিনি বিগ বস-এ। তিনি বলিউডি স্টারকিডদের ‘বন্ধু’, মিডিয়া, পাপারাৎজি, সিনে-তারকাদের সৌজন্যে এখন সেনসেশন।

কে এই ওরি? পুরো নাম ওরহান আওয়াত্রামণি। রিলায়েন্স ইন্ডাস্ট্রি লিমিটেডের স্পেশাল প্রজেক্ট ম্যানেজার হিসেবে কাজ করেন। ফাইন আর্টের ডিগ্রিধারী এই ওরি কমিউনিকেশন ডিজাইনের ওপরও ডিগ্রি নিয়েছেন নিউ ইয়র্কের পারসনস স্কুল অফ ডিজাইন থেকে। ওরি আসলে কী করেন? এই কোটি টাকার প্রশ্নের চেনা উত্তর তিনি দেন না। বলেন, ‘সবাই এটাই জানতে চায়। আমি এর উত্তরে সেটাই বলি, যা প্রথম ইন্টারভিউয়ের দিন আমার আজকের বসকে বলেছিলাম। বলেছিলাম, ম্যাডাম, কৈশোরে এইরোনটিক্যাল ইঞ্জিনিয়ার হতে চেয়েছিলাম। আজ আমি অনেক কিছু-- গায়ক, গীতিকার, ফ্যাশন ডিজাইনার, ক্রিয়েটিভ ডিরেক্টর, স্টাইলিস্ট, এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট, শপার এবং শখের ফুটবল প্লেয়ার। আমার মনে হয়, জীবন মানে নিজের স্বপ্নকে উড়তে দেওয়া।’


ইভেন্ট বা পার্টিতে রোজগারের জন্য কী করেন? ওরির উত্তর, ‘নাচি, গান গাই-- আমি তেমন একজন যে জীবনে বেঁচে থাকে। আমি রোজগার করার জন্য অনেক কিছু করেছি—ওয়েটারগিরি, অভিনয়, গ্রাফিক ডিজাইন-- তখন আমার কম বয়স ছিল। এখন বুড়ো হয়ে গিয়েছি।’ যদি পার্টিতে যাবার পরও তিনি টাকা না পান, তাহলে? ওরির পেশার আনাচকানাচ দেখেন তাঁর ৫ ম্যানেজার। এর মধ্যে ২ জন সোশ্যাল মিডিয়া ম্যানেজার, ১ জন পি আর ম্যানেজার, ১ জন এই সবকিছু দেখাশোনা করেন। একজন ফুড ম্যানেজার ওরির খাওয়াদাওয়ার ব্যাপারটা দেখেন।

পার্টিতে পোজ দেওয়ার সূত্রে ওরি বলিউডের পার্টির চেনা মুখ। স্টারকিডস যেমন সারা আলি খান, নাইসা দেবগন, জাহ্নবী কাপুরদের সঙ্গে তাঁর খুব বন্ধুত্ব। আবার করিনা কপুর খান, দীপিকা পাড়ুকোনদের সঙ্গে তিনি গলা জড়িয়ে ছবি তোলেন। এ প্রসঙ্গে তাঁর উত্তর, ‘বলিউডের কেউ আমার বন্ধু নয়। যারা আমার বন্ধু, তারা আমার সহকর্মী।’

ওরির রোজগার-এর ‘অদ্ভুত’ সব পন্থা শুনে সলমন বলেন, ‘তুমি কতবার তোমার ক্রেডিট কার্ড ব্যবহার করেছ?’ ওরির উত্তর, ‘আমি দিনে-রাতে কখনও কার্ড ব্যবহার করি না। স্টারেরা কখনও জিনিসের দাম দেয় না। আমি স্টার। বিলের বদলে ওরা আমার সঙ্গে ছবি তোলে, আমি চলে আসি। ওদের কাছ থেকে আমার সঙ্গে সেলফি তোলার চার্জ নিই না।’ বিস্মিত সলমন প্রশ্ন করেন ‘কতগুলো ফোন ব্যবহার করো?’ ওরির স্মার্ট উত্তর, ‘তিনটে। একটা সকালে, একটা দুপুরে, একটা রাতে। তাই কোনও ফোনেরই ব্যাটারি শেষ হয় না।’ ‘কী করো এত ফোন নিয়ে?’ ওরির উত্তর, ‘ছবি তুলি। তারপর ভালোভাবে এডিট করে ছবি পোস্ট করে দিই, ব্যস।’

ওরি এখনও সিঙ্গল।

## যৌনতা নিয়ে বলিউড তিন ভাগ




রণবীর কাপুরকে একেবারেই পছন্দ করেন না সলমন খান। এ ঘটনা আজকের নয়, বহুদিন আগে থেকেই দুজনের আদায়-কাঁচকলায় সম্পর্ক। যবে থেকে ক্যাটরিনা কাইফের সঙ্গে প্রেম করেছেন রণবীর, সেদিন থেকেই সলমন খানের কুনজরে পড়েছেন তিনি। অবশ্য একে অন্যের বিরুদ্ধে বিষোদ্গার করেন না ঠিকই, শুধু পরস্পরের সঙ্গে দূরত্ব বজায় রেখে চলেন। তাই ‘অ্যানিম্যাল’ যে সলমন দেখবেন না, সে কথা পরিষ্কার। তাছাড়া অনস্ক্রিনে যে বিষয়গুলো একেবারেই পছন্দ করেন না সলমন, এই ছবিতে সেই ডার্ক সিন, নগ্নতা আর যৌনতার ছড়াছড়ি। তাই পাঁচশো কোটি আয় পেরিয়ে যাওয়ার পরেও এই ছবি নিয়ে সলমনের মুখে কুলুপ।

কিন্তু আমির খান চুপ করে থাকেননি। রণবীরের ছবিকে বেশ এক হাত নিয়েছেন তিনি। পরিচালকের ঝুলিতে কাহিনী কম পড়লেই যে যৌনতা আর হিংস্রতার দরজায় কড়া নাড়েন তাঁরা, সে কথা স্পষ্ট জানিয়েছেন। সন্দীপ রেড্ডি ভাঙ্গা পরিচালিত এই ছবির তীব্র সমালোচনা করেছেন আমির। যদিও চিত্রনাট্যের খাতিরে ‘পি কে’ ছবির দৃশ্যে তাঁর নগ্নতা নিয়েও কম আলোচনা হয়নি।

আর শাহরুখ খান? একমাত্র ব্যতিক্রমী খান তিনি। একজন অনুরাগী তাঁকে স্পষ্ট জিজ্ঞেস করেছিলেন যে, ‘ডাঙ্কি’ ছবিতে ‘স্যাক্স সুক্স’ আছে কিনা। তিনি তাঁর বাবাকে নিয়ে এই ছবিটা দেখতে পারেন কিনা!

‘অ্যানিম্যাল’ নিয়ে একবারও মুখ খোলেননি শাহরুখ। বরং নিজের মেয়ে সুহানার ডেবিউ ছবি ‘আর্চিস’ আর নিজের আসন্ন ছবি ‘ডাঙ্কি’র প্রচারে বেজায় ব্যস্ত শাহরুখ। এর মধ্যেই ডিজিটাল দুনিয়ায় কোনও ভক্তের এমন একটা প্রশ্ন পেয়ে সহজাত রসিকতার লোভটা ছাড়তে পারলেন না শাহরুখ। সেই প্রশ্নের উত্তরে লিখলেন—‘স্যাক্স সুক্স বলতে কী বোঝাচ্ছ জানি না। তবে এই ছবির টিকিটে ট্যাক্স টুক্স থাকবে কিন্তু। তোমার বাবার থেকে সেই পয়সাটা নিতে ভুলো না কিন্তু।’

## ববির মৃত্যু, কান্নায় ভেঙে পড়লেন মা প্রকাশ কৌর



রণবীর কাপুর অভিনীত ‘অ্যানিম্যাল’ বক্স অফিসে ঝড় তুলেছে, এটা কোনও নতুন কথা নয়। ইতিমধ্যে ৫০০ কোটি টাকার ব্যবসা করে ফেলেছে ছবিটি। ছবিতে মাত্র ১৫ মিনিটের চরিত্রে এসেছেন ববি দেওল। দর্শক তাঁর অভিনয়ে মোহিত। কিন্তু ছবির শেষে ববি মারা গিয়েছেন।

এই দৃশ্য ববির মা এবং ধর্মেন্দ্রর স্ত্রী প্রকাশ কৌর সহ্য করতে পারেননি। বাড়িতে অশান্তি করেছেন। কান্নাকাটিও করেছেন। ধর্মেন্দ্রও কষ্ট পেয়েছেন তবে তিনি নিজে অভিনেতা, তাই ছেলের অভিনয়কে অভিনয় হিসেবেই নিয়েছেন। ছেলের অভিনয় তাঁর ভালোও লেগেছে। কিন্তু প্রকাশ কৌর সে দলে পড়েন না। পর্দাতে ছেলে মুখে রক্ত তুলে মরে যাচ্ছে, এটা মানতে পারেননি প্রকাশ। অবষাদগ্রস্ত হয়ে পড়েছেন তিনি। ববিকে ডেকে পাঠিয়ে রীতিমতো সকলের সামনে তাঁকে বকাবকি করেছেন। তিনি বলেছেন, ‘ববি, আর যেন এমন না হয়। তুমি মরে যাচ্ছ, সেই দৃশ্য মা হয়ে আমাকে আর যেন কোনও দিনও দেখতে না হয়।’ ববি মাকে বুঝিয়েছেন, ‘মা, এরকম কেন করছ। ওটা তো ছবি আর ওটা তো অভিনয়। বাস্তব নয়। বাস্তবে এই দেখো, তোমার সামনেই বসে আছি।’ কিন্তু মায়ের মন কি মানে!

## মিঠুনে মুগ্ধ মহেশ, শর্মিলা



‘কাবুলিওয়ালা’র ট্রেলার দেখেই এই ঘটনা ঘটেছে। সুমন ঘোষ পরিচালিত ছবি কাবুলিওয়ালার ট্রেলার বেরিয়েছে সোমবার। মুক্তি পাবে ২১ ডিসেম্বর, বড়দিনের মরশুমে। নামভূমিকায় মিঠুন চক্রবর্তী। মিনির চরিত্রে অনুমেঘা কাহালি। ট্রেলার দেখে ইতিমধ্যে দর্শক রোমাঞ্চিত।

আবারও একবার রবীন্দ্রনাথ ঠাকুরের চিরকালীন গল্প কাবুলিওয়ালা পর্দায় আসছে। দর্শকদের সঙ্গে মিঠুন ও অনুমেঘার অভিনয়ে মুগ্ধ শর্মিলা ঠাকুর, মহেশ ভাট। ১৯৫৭ সালে তপন সিনহা পরিচালিত প্রথম কাবুলিওয়ালা-তে নামভূমিকায় ছিলেন ছবি বিশ্বাস। মিনির চরিত্রে দেখা গিয়েছিল শর্মিলার বোন টিংকু ঠাকুরকে। সেই প্রসঙ্গ টেনে শর্মিলা বলেছেন, ‘ভীষণ ভালো লাগল। মিঠুন তো বরাবরের মতোই দারুণ। সিনেমার ফ্রেম, ল্যান্ডস্কেপ, মিউজিক সবই দুর্দান্ত। পুরোনো কাবুলিওয়ালা-তে ছবি বিশ্বাস অভিনয় করেছিলেন, আর মিনির চরিত্রে ছিল আমার বোন টিংকু। ও তো বাংলা ছবির হার্টথ্রব ছিল। আমার মনে হয়, সুমন আজকের দিনের দর্শকদের কথা মাথায় রেখেই ছবিটা তৈরি করেছে। টেকনিক্যালি অনেকটাই উন্নত হবে।’

## রোমান্সে ফিরছেন শাহরুখ

যতই অ্যাকশনে নাম লেখান না কেন, তিনি আছেন আর রোমান্স নেই—তা কখনও ভাবতেই পারেন না শাহরুখ খান। আর সেটা হতেও দেবেন না তিনি। ‘ডাঙ্কি’ সিনেমা মুক্তির আগে স্পষ্ট করে দিলেন শাহরুখ নিজে। আজকাল তিনি মাঝে মধ্যেই টুইটারে আস্ক এসআরকে সেশনের আয়োজন করেন। বিশেষ করে তাঁর কোনও ছবি মুক্তির আগে। সেখানেই শাহরুখ তাঁর ভক্তদের মনে থাকা নানা প্রশ্নের জবাব দেন। এদিনও তার অন্যথা হল না। ডাঙ্কি ছবিটি নিয়ে অনেকেরই অনেক জিজ্ঞাসা রয়েছে, এবার সেই সব বিষয়ে ইঙ্গিত দিলেন কিং।

এদিন আস্ক এসআরকে সেশনে কিং খানের এক ভক্ত জিজ্ঞেস করেন, ছবিতে কোনও রোমান্টিক গান আছে কিনা! তাতে রোমান্সের বাদশা যা উত্তর দেন তাতে সকলেরই মন ভরে যায়।

এই প্রশ্নের উত্তরে কিং খান জানান, ছবিতে অবশ্যই রোমান্টিক গান আছে। তাঁর কথায়, ‘অবশ্যই আসবে। আমি আছি অথচ রোমান্স থাকবে না তাই কখনও হয়? বিষয়টা তো তাহলে যে হৃদয় আছে, কিন্তু সেটা আর চলছে না।’ শাহরুখের এই জবাবে তাঁর ভক্তরা মুগ্ধ হয়ে গিয়েছেন।

## আর্চিজ প্রিমিয়ারে চাঁদের হাট



স্টারকিডসের ছবি ‘দ্য আর্চিজ’-এর প্রিমিয়ার হল মুম্বাইয়ে। নক্ষত্র সমাবেশ লক্ষ করা গেল এই উপলক্ষ্যে। নীতা মুকেশ আম্বানি কালচারাল সেন্টারে হল এই প্রিমিয়ার। জোয়া আখতার পরিচালিত এই ছবিতে শাহরুখ- কন্যা সুহানা খান, অমিতাভ বচ্চনের নাতি, শ্বেতা নন্দার ছেলে অগস্ত্য নন্দা, শ্রীদেবীর ছোটমেয়ে খুশি কাপুররা ডেবিউ করলেন। সঙ্গে আছেন বেশ কয়েকজন নবাগত অভিনেতা-অভিনেত্রী। ছবির স্পেশাল স্ক্রিনিংয়ে উপস্থিত ছিলেন শাহরুখ, গৌরী খান, আরিয়ান, আব্রাম, অমিতাভ বচ্চন, জয়া বচ্চন, শ্বেতা, ঐশ্বর্য, অভিষেক, আরাধ্যা, নব্যা নাভেলি নন্দা, কাজল, করণ জোহার এবং আরও অনেকে। ছবি দেখে প্রশংসাও করেছেন অনেকে।

## বুম্বা, ঋতুর ৫০




প্রসেনজিৎ চট্টোপাধ্যায় ও ঋতুপর্ণা সেনগুপ্ত দুজনে তাঁদের ৫০তম ছবিটি করছেন। কৌশিক গঙ্গোপাধ্যায়ের ছবি ‘অযোগ্য’তে ওঁরা আবার জুটি বাঁধছেন। বুধবার এল ছবির লোগো ও ফার্স্ট লুক পোস্টার। দুই অভিনেতার হাত দিয়েই ফার্স্ট লুক প্রকাশিত হল। পোস্টারে দেখা যাচ্ছে, সমুদ্রের ধারে দাঁড়িয়ে আছেন ঋতু-বুম্বা। তাঁদের সামনে উত্তাল সমুদ্র, ক্যামেরার দিকে তাঁদের পিঠ। ছবির অধিকাংশটাই শুটিং হয়েছে পুরীতে।

ছবির পরিচালক বা অভিনেতারা কেউই ছবির গল্প নিয়ে মুখ খোলেননি। নির্মাতারা খুবই খুশি এই জুটির ৫০তম ছবি তাঁরা করতে পেরেছেন বলে। অযোগ্য ছবিতে প্রসেনজিৎ-ঋতুপর্ণা ছাড়া আছেন লিলি চক্রবর্তী, অম্বরীশ ভট্টাচার্য প্রমুখ। সুরে ইন্দ্রদীপ দাশগুপ্ত। গানে অনুপম রায়, শিলাজিৎ প্রমুখ। ছবির মুক্তি ঠিক কবে, সে বিষয়ে জানা যায়নি।


টিম তারাদের কথা মহুয়া বন্দ্যোপাধ্যায়, শবরী চক্রবর্তী, রমাপদ পাহাড়ি ই-মেল taraderkathaubs@gmail.com

## পরিষেবা নিয়ে ক্ষোভ

# সময়ে খোলে না সুস্বাস্থ্যকেন্দ্র

**নকশালবাড়ি, ৭ ডিসেম্বর :** দুপুর ১২টা বাজলেও উপস্বাস্থ্যকেন্দ্রে তালা ঝুলছে। কেন্দ্রের বাইরে নবজাতককে নিয়ে প্রসূতি, বয়স্ক মহিলা, গর্ভবতীরা ঘণ্টার পর ঘণ্টা দাঁড়িয়ে। কখন আসবেন স্বাস্থ্যকর্মীরা, তা কেউই জানেন না।

বৃহস্পতিবার এমনই চিত্র দেখা গেল নকশালবাড়ি ব্লকের হাতিঘিসা গ্রাম পঞ্চায়েতের বীরসিং সুস্বাস্থ্যকেন্দ্রে। স্থানীয়দের অভিযোগ, এই উপস্বাস্থ্যকেন্দ্রে প্রতিদিনই এমন চিত্র দেখা যায়। দূরদূরান্ত থেকে আসা প্রসূতিরা পরিষেবা পাওয়ার জন্য ঘণ্টার পর ঘণ্টা অপেক্ষা করে থাকেন। বসার জায়গা পর্যন্ত তাঁদের জন্য থাকে না। রোদ, বৃষ্টি, ঠান্ডার মধ্যে নবজাতককে নিয়ে মায়েরা স্বাস্থ্যকেন্দ্রের বাইরে মাঠে দাঁড়িয়ে থাকেন।

অভিযোগ, স্বাস্থ্যকর্মীরা আসেন নিজেদের মর্জিমাফিক। স্বাস্থ্যকেন্দ্রের তালা খুললেই ভেতরে বসার জন্য হুড়োহুড়ি শুরু হয়ে যায়। দিনের পর দিন এভাবেই চলছে বীরসিং সুস্বাস্থ্যকেন্দ্র। চিকিৎসা পরিষেবা বন্ধ হয়ে যাবে, এই ভয়ে গ্রামের কেউই প্রতিবাদ করতে পারেন না।



হাতিঘিসা গ্রাম পঞ্চায়েতের বীরসিং সুস্বাস্থ্য কেন্দ্র। –সংবাদচিত্র

হাতিঘিসা বাজার থেকে প্রায় আট কিলোমিটার ভিতরে প্রত্যন্ত এলাকায় রয়েছে এই কেন্দ্রটি। অধিকাংশ বাসিন্দাই দিনমজুর। অভিযোগ, জেলা স্বাস্থ্য দপ্তরের কর্তারা কেউ তাই এই উপস্বাস্থ্যকেন্দ্রের খোলা, বন্ধ নিয়ে মাথা ঘামাতে চান না।

এদিন উপস্বাস্থ্যকেন্দ্রের বাইরে দু'মাসের শিশুকে নিয়ে অপেক্ষায় ছিলেন মেরিভিউ চা বাগানের লোহাসিংয়ের বাসিন্দা অঞ্জলি মালপাহাড়িয়া। তিনি বলেন, 'আমাদের এলাকার আশাকর্মী দিদি এখানে আসতে বলেছেন। টিকা দেওয়া হবে বলে। সকাল ৯টায় এসেছি, দুপুর ১২টা বেজে গিয়েছে। এখনও স্বাস্থ্যকেন্দ্রের গেট খোলা হয়নি। বাচ্চার গরম জল এবং দুধ সঙ্গে নিয়ে এসেছিলাম। সেটাও শেষ হয়ে গিয়েছে। ঠান্ডার মধ্যে অপেক্ষায় থাকতে হচ্ছে।

দু'মাসের গর্ভবতী বীরসিংজোতের পূর্ণিমা সিংহ। তিনিও স্বাস্থ্যকেন্দ্রে রক্ত পরীক্ষার জন্য এসেছেন। দীর্ঘ এক ঘণ্টা ধরে দাঁড়িয়ে রয়েছেন। কিন্তু সওয়া ১২টা বেজে গেলেও কেউ কেন্দ্রের তালা খোলেননি। শেষ পর্যন্ত তিনি অসুস্থ বোধ করায় হেঁটেই বাড়ির ফিরে গেলেন। যাওয়ার সময় তিনি বলেন, 'এই সমস্যা আজকের নয়, প্রতিদিনের। বেশি কিছু বললেই আমাদের বিপদ।' স্কুলডাঙ্গি থেকে রক্ত পরীক্ষার জন্য এসেছিলেন স্বপ্না ছেত্রী। তিনি বলেন, 'আশাকর্মী দিদিদের বারবার ফোন করা হলেও কেউই তুলছেন না।' অটল চা বাগান থেকে ক্রিশ্চিনা মুন্ডা রক্ত পরীক্ষা করাতে এসে দীর্ঘক্ষণ অপেক্ষা করার পর ফেরত যান।

> আমাদের স্বাস্থ্যকর্মীরা যথেষ্ট সক্রিয়। তাঁদের কাজের শিডিউল দেওয়া থাকে। তাই ফাঁকিবাজির জায়গা নেই। তবু এমন অভিযোগ এলে আমি বিষয়টি খতিয়ে দেখে ব্যবস্থা নেব।
>
> **–কুন্তল ঘোষ**
> *ব্লক স্বাস্থ্য আধিকারিক, নকশালবাড়ি*

এলাকার প্রাক্তন পঞ্চায়েত সদস্যা বাসন্তী দেবনাথ জানান, বাড়ির পাশে উপস্বাস্থ্যকেন্দ্র থাকলেও পরিষেবা পাওয়া যায় না। তাই আমাদের দ্বিগুণ ভাড়া খরচ করে নকশালবাড়ি গ্রামীণ হাসপাতালে দৌড়োতে হয়। বীরসিং সুস্বাস্থ্যকেন্দ্রের দায়িত্বে থাকা এএনএম শকুন্তলা ভগৎ অবশ্য সমস্ত অভিযোগ অস্বীকার করেছেন। তাঁর দাবি, 'উপস্বাস্থ্যকেন্দ্রটি প্রতিদিনই সময়মতো খোলা এবং বন্ধ করা হয়। যাঁরা অভিযোগ করেছেন তাঁরা নতুন আসছেন। তাই কিছু জানেন না। এদিন স্বাস্থ্যকেন্দ্রে আমার ডিউটি ছিল না। শিলিগুড়ি থেকে যে মেডিকেল টিম আসে তারা যানজটে আটকে যায়। যার ফলে দেরি হয়েছে।'

নকশালবাড়ি ব্লক স্বাস্থ্য আধিকারিক কুন্তল ঘোষ বলেন, 'এমনটা হতে পারে না। আমাদের স্বাস্থ্যকর্মীরা যথেষ্ট সক্রিয়। তাঁদের কাজের শিডিউল দেওয়া থাকে। তাই ফাঁকিবাজির জায়গা নেই। তবু এমন কোনও অভিযোগ যদি কোনও বাসিন্দা করে থাকেন তাহলে আমি বিষয়টি খতিয়ে দেখে ব্যবস্থা নেব।'



এভাবেই ভেঙে পড়ে আছে ফাঁসিদেওয়ার বেইলি সেতু। বৃহস্পতিবার।

# চার বছরেও কাজ শেষ হয়নি বেইলি ব্রিজের

**সৌরভ রায়**

**ফাঁসিদেওয়া, ৭ ডিসেম্বর :** তিনবার টেন্ডার বাতিল হওয়ার পর গঙ্গারাম চা বাগানে টুনা নদীর উপর বেইলি ব্রিজ তৈরির কাজ শুরু হয়েছিল। শুরুই হয়েছিল, শেষ আর হয়নি। প্রায় চার বছর হতে চলল, এখনও বেইলি ব্রিজটি তৈরি হয়নি। নদীর দু'ধারে হেলে পড়েছে নির্মীয়মাণ সেতুর পিলারও। ফলে হেঁটে নদী পার করেই যাতায়াত করতে হয় স্থানীয় পাঁচ হাজার মানুষকে।

নিউ লাইনের বাসিন্দা ফিলিক্স লাকড়া বলেন, 'বছরের অন্য সময় টুনা নদীতে জল কম থাকে, হেঁটে পার হওয়া যায়। কিন্তু বর্ষাকালে নদীর অন্য রূপ দেখা যায়। তখন নদীর এক পাড় থেকে অন্য পাড়ে যাতায়াত একেবারে বন্ধ হয়ে যায়। স্কুলে যেতে পারে না এলাকার পড়ুয়ারা।'

জানা গিয়েছে, দীর্ঘদিন ধরে গয়াগঙ্গা চা বাগানের নিউ লাইন সহ একাধিক গ্রামের মধ্যে যোগাযোগ ব্যবস্থা বেহাল। সেই কারণে নদীর ওপর সেতু নির্মাণের দাবিও অনেকদিনের। সেই দাবি মেনে ২০২০ সালের ২১ জানুয়ারি শিলিগুড়ি মহকুমা পরিষদের তৎকালীন সভাধিপতি তাপস সরকার নদীর ওপর বেইলি ব্রিজের নির্মাণকাজের শিলান্যাস করেন। ১৯ লক্ষ ৮৭ হাজার টাকা ব্যয়ে ৬০ মিটার দীর্ঘ শিলিগুড়ির প্রথম ঝুলন্ত সেতু নির্মাণের কাজ শুরু হয়। ঘোষপুকুর গ্রাম পঞ্চায়েতের গিরমিত লাইনে সেতু নির্মাণের টুনা নদীর দু'ধারে পিলার তৈরি হয়ে গিয়েছিল। কিন্তু তারপরে কাজ আর এগোয়নি। বর্ষায় আবার সেই সেতুর ভিত সহ পিলার ধসে পড়েছে। এত বছরেও সেতু তৈরি না হওয়ায় ক্ষোভে ফুঁসছেন চা বাগানের শ্রমিকরা।

> বছরের অন্য সময় টুনা নদীতে জল কম থাকে, হেঁটে পার হওয়া যায়। কিন্তু বর্ষাকালে নদীর অন্য রূপ দেখা যায়। তখন নদীর এক পাড় থেকে অন্য পাড়ে যাতায়াত একেবারে বন্ধ হয়ে যায়। স্কুলে যেতে পারে না এলাকার পড়ুয়ারা।
>
> **–ফিলিক্স লাকড়া**
> *স্থানীয় বাসিন্দা*

নদীর দু'ধারের গয়াগঙ্গা চা বাগানের গিরমিত লাইন, নিউ লাইন, মুন্সি লাইন সহ একাধিক গ্রাম মিলিয়ে প্রায় ৫ হাজারেরও বেশি মানুষের বাস। নদীর এক পাড়ে রয়েছে মিশনারি হাসপাতাল, একাধিক মিশনারি স্কুল, শিশুশিক্ষাকেন্দ্র। স্কুল পড়ুয়া সুনীল সেন বলে, 'রোজ হেঁটে নদী পার হয়ে স্কুলে যাই। বর্ষাকালে নদীতে এত জল বাড়ে যে স্কুলে অনেকদিন যাওয়াই হয় না।'

স্থানীয় সঞ্জীব কুজুরের কথায়, 'মুমূর্ষু রোগীদের স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যাওয়ার ক্ষেত্রেও সমস্যার মুখে পড়তে হয়। এই সমস্যার একটা স্থায়ী সমাধান এবার হওয়া দরকার।' শুধু তিনি নন, এই দাবি সুনীল তিরকি, প্রভাত এক্কাদেরও। শিলিগুড়ি মহকুমা পরিষদের সভাধিপতি অরুণ ঘোষের বক্তব্য, 'আমাদের সময়ে কাজ শুরু হয়নি। তাই বিষয়টি জানা নেই। তবে খোঁজ নিয়ে দেখছি।'

# সরকারি অফিসে নাবালিকার শ্লীলতাহানি

**শিবশংকর সূত্রধর**

**কোচবিহার, ৭ ডিসেম্বর :** খারাপ খবরের যেন বিরামই নেই। এবারে সরকারি অফিস চত্বরে এক নাবালিকার শ্লীলতাহানির অভিযোগকে কেন্দ্র করে তীব্র চাঞ্চল্য ছড়িয়েছে। জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের (পিএইচই) কোচবিহার সাব-ডিভিশন মেকানিক্যাল বিভাগের অফিসে চতুর্থ শ্রেণির এক ছাত্রীকে সেখানকারই এক অবসরপ্রাপ্ত কর্মী শ্লীলতাহানি করেন বলে অভিযোগ উঠেছে। এ নিয়ে খবর ছড়াতেই বাসিন্দাদের ক্ষোভ তীব্র হয়েছে।

বুধবারের এই ঘটনায় ওই নাবালিকার পরিবার রাতে কোচবিহার সদর মহিলা থানায় লিখিত অভিযোগ করে। অভিযুক্ত সমীর দাসকে রাতেই গ্রেপ্তার করা হয়। ধৃতের কঠোর শাস্তির দাবিতে স্থানীয় বাসিন্দারা বৃহস্পতিবার সংশ্লিষ্ট অফিসে বিক্ষোভ দেখান। সেখানে নিরাপত্তারক্ষী থাকা সত্ত্বেও বহিরাগত এক ব্যক্তি নাবালিকাকে নিয়ে গিয়ে শ্লীলতাহানির সাহস পেলেন তা নিয়ে প্রশ্ন জোরালো হয়েছে। কোচবিহারের পুলিশ সুপার দ্যুতিমান ভট্টাচার্য বলেন, 'অভিযুক্তকে গ্রেপ্তার করা হয়েছে। মামলা দায়ের করে তদন্ত শুরু হয়েছে।'

**বাসিন্দাদের বিক্ষোভ**

- বহুদিন ধরেই চতুর্থ শ্রেণির এক পড়ুয়ার ওপর সত্তরোর্ধ্ব এক বৃদ্ধের নজর
- বুধবার স্কুলে যাওয়ার সময় তাকে পিএইচই'র গ্যারাজে নিয়ে গিয়ে শ্লীলতাহানি
- ঘটনাস্থলের পাশেই থাকা এক দম্পতি তা দেখে সবাইকে জানান, পুলিশে অভিযোগ
- পরে অভিযুক্তকে গ্রেপ্তার, তিনি পিএইচই'র ওই অফিসের অবসরপ্রাপ্ত কর্মী

পুলিশ ও স্থানীয় সূত্রে খবর, ওই নাবালিকা কোচবিহার শহরের বাসিন্দা। তার বাবা টোটো চালিয়ে সংসার চালান। পরিবারের অভিযোগ, অভিযুক্ত সত্তরোর্ধ্ব ওই বৃদ্ধের বহুদিন ধরেই ওই নাবালিকার ওপর কুনজর ছিল। ওই ব্যক্তি বহুদিন ধরেই ওই নাবালিকাকে মাঝেমধ্যে টাকা ও চকোলেট দিতেন। মেয়েটি বুধবার স্কুলে যাচ্ছিল। অভিযুক্ত ওই ব্যক্তি তাকে এমনই কিছু উপহারের লোভ দেখিয়ে পিএইচই'র কোচবিহার সাব-ডিভিশন মেকানিক্যাল বিভাগের অফিসের গ্যারাজে নিয়ে যান। সেখানে তিনি ওই নাবালিকার শ্লীলতাহানি করেন। সেই সময় অবশ্য কোনও কর্মী ওই অফিসে ছিলেন না। একজন নিরাপত্তারক্ষী থাকলেও তিনি সেই সময় স্নান করছিলেন বলে তাঁর দাবি। শ্লীলতাহানির ঘটনাটি জানলা দিয়ে পাশের বাড়ির বাসিন্দা অনাথ সরকার ও তাঁর স্ত্রী দেখে ফেলেন। তাঁরাই এলাকার বাসিন্দাদের ঘটনাটি জানান। নাবালিকা বাড়িতে ফিরলে তার পরিবারকেও ঘটনাটি জানানো হয়। পরিবার রাতেই পুলিশে অভিযোগ দায়ের করে। পরে অভিযুক্তকে গ্রেপ্তার করা হয়। নাবালিকার মা বলেন, 'ওই ব্যক্তি আগেও আমার মেয়েকে টাকা দিত, চকোলেট দিত। লোভ দেখিয়ে সে আমার মেয়ের শ্লীলতাহানির চেষ্টা করত। এ বিষয়ে কাউকে যেন কিছু না বলা হয় সেজন্য ওই ব্যক্তি মেয়েকে মাঝেমধ্যে হুমকিও দিত। এ নিয়ে ওই ব্যক্তির সঙ্গে আমাদের কথাকাটাকাটিও হয়েছে। এবারে ও মেয়ের সঙ্গে যা করেছে তা কোনওমতেই মেনে নিতে পারছি না। ধৃতের কড়া শাস্তি চাই।' ঘটনার প্রত্যক্ষদর্শী অনাথ সরকার বললেন, 'আমি ও আমার স্ত্রী ঘরেই ছিলাম। বুধবার সকাল ১০টা নাগাদ হঠাৎ দেখি ওই ব্যক্তি ওই নাবালিকাকে নিয়ে অফিসের গ্যারাজে ঢুকেছেন। সেখানে তিনি মেয়েটির শ্লীলতাহানি করছেন। আমরা সবাইকে খবর দিই। ধৃতের কড়া শাস্তি চাই।' প্রতিবেশীরা দুঃস্থ পরিবারটির পাশে দাঁড়িয়েছেন। ধৃতের কড়া শাস্তির দাবিতে এদিন তাঁরা আন্দোলনে নামেন।

গত ১৮ জুলাই কালজানিতে দশম শ্রেণির এক নাবালিকাকে অপহরণ করে ধর্ষণের অভিযোগ ওঠে। ২৬ জুলাই ওই নাবালিকা মারা যায়। পরবর্তীতে বক্সিরহাট, পুণ্ডিবাড়ি সহ বেশ কয়েকটি জায়গায় ধর্ষণের ঘটনা ঘটেছে। ওই ঘটনাগুলির রেশ কাটতে না কাটতে একেবারে সরকারি অফিস চত্বরে শ্লীলতাহানির ঘটনায় আরও উদ্বেগ ছড়াল। দ্রুত ব্যবস্থা নেওয়ার দাবি জোরালো হয়েছে।

# সভাপতিকে মারধরের ঘটনায় সতর্ক তৃণমূল

**রণজিৎ ঘোষ**

**শিলিগুড়ি, ৭ ডিসেম্বর :** ঘরের ঝামেলা ঘরে মেটাও, কোনও প্রশাসনিক কার্যালয়ে এসব বরদাস্ত করা হবে না। দলও যেন কালিমালিপ্ত না হয়। মাটিগাড়া পঞ্চায়েত সমিতির সভাপতিকে মারধরের ঘটনা নিয়ে বৃহস্পতিবার জরুরি বৈঠক ডেকে দু'পক্ষকেই সতর্ক করে দিল তৃণমূল কংগ্রেস। দলের জেলা সভানেত্রী এই ঘটনা নিয়ে এদিন সন্ধ্যায় জেলা কার্যালয়ে বৈঠক ডেকেছিলেন। সেই বৈঠকে পঞ্চায়েত সমিতির সভাপতি প্রতিমা রায় এবং তাঁর স্বামী সম্পদকেও ডাকা হয়েছিল। দু'পক্ষকেই সতর্ক করে দেওয়া হয়েছে বলে তৃণমূলের জেলা সভানেত্রী পাপিয়া ঘোষ জানিয়েছেন।

বুধবার মাটিগাড়া পঞ্চায়েত সমিতির সভাপতি প্রতিমাকে অফিসে ঢুকে মারধর করার অভিযোগ উঠেছে তাঁর স্বামী সম্পদের বিরুদ্ধে। অভিযোগ, বুধবারই প্রথম নয়, এর আগেও একাধিকবার সম্পদ পঞ্চায়েত সমিতির অফিসে ঢুকে স্ত্রীকে মারধর করেছেন। কিন্তু বুধবারের ঘটনাটি সবার সামনে হওয়ায় তা নিয়ে বেশি হইচই হয়েছে। মুখ্যমন্ত্রী এবং দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক উত্তরবঙ্গে থাকাকালীন এই ঘটনায় তৃণমূলের জেলা নেতৃত্বও কিছুটা অস্বস্তিতে পড়ে যায়।

বৃহস্পতিবার উত্তরবঙ্গ সংবাদে এই খবর প্রকাশিত হতেই তড়িঘড়ি বৈঠক ডাকেন জেলা সভানেত্রী। পঞ্চায়েত সমিতির নির্বাচিত সদস্যদের পাশাপাশি এলাকার তৃণমূলের নেতা-নেত্রীদেরও ডাকা হয়। বৈঠকে ডাকা হয় যুব নেতা সম্পদকেও। ব্লক নেতৃত্বের সামনে দুজনের বক্তব্য শোনে জেলা নেতৃত্ব। সূত্রের খবর, বৈঠকে পাপিয়া পঞ্চায়েত সমিতির সভানেত্রীর বিরুদ্ধে ওঠা বিভিন্ন অভিযোগ তুলে ধরেন। তিনি জানিয়ে দেন, সভাপতি নিয়মিত অফিসে বসেন না, বিকেল ৪টে বা তারও পরে অফিসে আসেন, সাধারণ মানুষ প্রয়োজনে তাঁকে অফিসে পাচ্ছেন না। জনগণের পরিষেবা দেওয়ার জন্যই তিনি সভাপতির চেয়ারে বসেছেন, অথচ নিয়মিত অফিসে আসছেন না। এতে দলেরও ক্ষতি হচ্ছে, যেটা বরদাস্ত করা হবে না।

> সভাপতি থাকলে পদের মর্যাদা দিয়ে অফিসে নিয়মিত আসতে হবে, এটা প্রতিমাকে বলে দেওয়া হয়েছে। সম্পদকেও যেন আর পঞ্চায়েত সমিতির অফিসে দেখা না যায় সেটাও বলা হয়েছে। এর পরেও পরিস্থিতি বদল না হলে পদক্ষেপ করতে হবে।
>
> **– পাপিয়া ঘোষ**
> *তৃণমূলের জেলা সভানেত্রী*

অন্যদিকে, সম্পদকেও ঘরের ঝামেলা ঘরে মিটিয়ে নেওয়ার জন্য বলা হয়েছে। কোনওভাবেই সরকারি অফিসে এসে এভাবে অভব্যতা করা, মারধর করা মেনে নেওয়া হবে না। আর যেন তাঁকে পঞ্চায়েত সমিতির অফিসে না দেখা যায়, সেই বিষয়েও জানিয়ে দেওয়া হয়েছে। তাঁর আচরণে যে দলের ক্ষতি হচ্ছে সেটাও জেলা সভানেত্রী স্পষ্ট করে জানিয়ে দিয়েছেন।

বৈঠকের পরে পাপিয়া বলেন, 'সভাপতি থাকলে পদের মর্যাদা দিয়ে অফিসে নিয়মিত আসতে হবে, এটা প্রতিমাকে বলে দেওয়া হয়েছে। সম্পদকেও যেন আর পঞ্চায়েত সমিতির অফিসে দেখা না যায় সেটাও বলা হয়েছে। এর পরেও পরিস্থিতি বদল না হলে পদক্ষেপ করতে হবে।'

# ট্রাকের ধাক্কায় সাইকেল আরোহীর মৃত্যু

**শিলিগুড়ি, ৭ ডিসেম্বর :** বৃহস্পতিবার রাতে ট্রাকের ধাক্কায় সাইকেলচালকের মৃত্যুতে উত্তেজনা ছড়ায় নিউ জলপাইগুড়ির ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন (আইওসি) সংলগ্ন এলাকায়। এদিন রাত ৮টার কিছু পরে আইওসির দিক থেকে নিউ জলপাইগুড়ির দিকে সাইকেলে যাচ্ছিলেন এক ব্যক্তি। অভিযোগ, সেই সময় একটি বেপরোয়া ট্রাক সাইকেলটিকে ধাক্কা মেরে পালিয়ে যায়। ঘটনাস্থলেই মৃত্যু হয় ওই ব্যক্তির। ঘটনাস্থলে পুলিশ এলে তাদের ঘিরে বিক্ষোভ দেখাতে থাকে উত্তেজিত জনতা। পুলিশ অবশ্য পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

স্থানীয় বাসিন্দা উমেশ পাসোয়ান বলেন, 'এই এলাকায় বেশিরভাগ ট্রাক চালাচ্ছে নাবালকরা। বেশিরভাগ গাড়ির কাগজপত্র ঠিক নেই। গাড়িগুলির ফিটনেস চেকিং করলে প্রায় সবক'টিকে বাতিল হবে। তবুও বড় মাথাদের প্রশ্রয়ে প্রকাশ্যেই চলছে গাড়িগুলো।' অভিযোগ মেনে নিয়েছেন শিলিগুড়ি পুরনিগমের ৩৫ নম্বর ওয়ার্ডের তৃণমূল কংগ্রেস কাউন্সিলার শম্পা নন্দীও। তাঁর বক্তব্য, 'এক বছরে এই এলাকায় বেপরোয়া ট্রাকের কারণে ছয়জনের মৃত্যু হয়েছে। প্রশাসনকে জানিয়েও কোনও কাজ হয়নি। বিষয়টি মেয়রকে জানাব।'

# গান্ধিজি, নেতাজি এবং দেশবন্ধুর মূর্তির আবরণ উন্মোচন আজ

**শিলিগুড়ি, ৭ ডিসেম্বর :** অবশেষে দার্জিলিংয়ের স্টেপ অ্যাসাইডে দেশবন্ধু চিত্তরঞ্জন দাশের নামাঙ্কিত মিউজিয়াম সংস্কারের কাজ শুরু হচ্ছে। শুক্রবার কার্সিয়াং থেকে এই প্রকল্পের শিলান্যাস করবেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বহুদিন ধরেই এই জরাজীর্ণ মিউজিয়াম সংস্কারের দাবি উঠছিল। পাশাপাশি মুখ্যমন্ত্রী ম্যাল এবং রাজভবনের মধ্যে থাকা মহাত্মা গান্ধি, নেতাজি সুভাষচন্দ্র বসু এবং দেশবন্ধু চিত্তরঞ্জন দাশের আবক্ষ মূর্তির আবরণ উন্মোচন করবেন।

শুক্রবার কার্সিয়াংয়ের মন্টেভিউ ময়দানে মুখ্যমন্ত্রী গোর্খাল্যান্ড টেরিটোরিয়াল অ্যাডমিনিস্ট্রেশন (জিটিএ) এলাকার বাসিন্দাদের সরকারি সহায়তা তুলে দেবেন। সেই অনুষ্ঠান থেকেই পাহাড়ের অর্থাৎ দার্জিলিং পার্বত্য এলাকা এবং কালিম্পং জেলার প্রচুর প্রকল্পের উদ্বোধন এবং শিলান্যাসও করবেন মমতা। এর মধ্যে নতুনভাবে তৈরি করা পাঙ্খাবাড়ি-কার্সিয়াং এবং মাটিগাড়া-কার্সিয়াং রোডের উদ্বোধনও করবেন। এছাড়া বেশ কিছু উপস্বাস্থ্যকেন্দ্র, বালাসন নদীর উপর স্প্যান স্টিল গার্ডার সেতু উদ্বোধনের তালিকায় রয়েছে।

অন্যদিকে, কালিম্পংয়ের মুখ্য স্বাস্থ্য আধিকারিক সহ অন্য আধিকারিকদের জন্য তৈরি নতুন অফিস ভবন, গরুবাথান ব্লক হাসপাতালে ২০ শয্যাবিশিষ্ট নতুন ওয়ার্ড, রাজ্য বিদ্যুৎ বণ্টন কোম্পানির রিজিওনাল ম্যানেজারের কার্যালয়েরও উদ্বোধন করবেন। তিনি প্রায় ৪২টি সরকারি প্রকল্পে উপভোক্তাদের হাতে সাহায্য তুলে দেবেন।

# বিজেপির বৈঠক

**চোপড়া, ৭ ডিসেম্বর :** বিজেপির ৩ নম্বর মণ্ডল কমিটির উদ্যোগে বৃহস্পতিবার কাঁচনাডাঙ্গী এলাকায় একটি বৈঠক হয়। দলের চোপড়া বিধানসভা এলাকার কনভেনার অসীম বর্মন জানান, লোকসভা নির্বাচনে প্রস্তুতির জন্য প্রতিটি মণ্ডল কমিটির উদ্যোগে দলের জেলা প্রতিনিধিদের উপস্থিতিতে আলোচনার মাধ্যমে সাংগঠনিক কাজ খতিয়ে দেখা হচ্ছে।

# বিকল মার্ক টু টিউবওয়েল

**চোপড়া, ৭ ডিসেম্বর :** সদর চোপড়ার গুদরি বাজার এলাকার পানীয় জলের মার্ক টু টিউবওয়েল অকেজো হয়ে পড়াতে সমস্যায় পড়েছেন ব্যবসায়ীরা। অভিযোগ, অনেকদিন ধরে মার্ক টু টিউবওয়েল বিকল হয়ে থাকা সত্ত্বেও পঞ্চায়েত প্রশাসনের কোনও ভ্রূক্ষেপ নেই। ফলে ব্যবসায়ীদের দূর থেকে পানীয় জল আনতে হচ্ছে।

চোপড়া গ্রাম পঞ্চায়েত প্রধান জিয়ারুল রহমান অবশ্য প্রয়োজনীয় উদ্যোগ নেওয়ার ব্যাপারে আশ্বাস দিয়েছেন।



কাঞ্চনজঙ্ঘা স্টেডিয়ামের নিরাপত্তা খতিয়ে দেখছেন প্রশাসনিক অধিকারিকরা। বৃহস্পতিবার শিলিগুড়িতে।

# মুখ্যমন্ত্রীর সভার প্রস্তুতি, সিসিটিভিতে নজরদারি

**শিলিগুড়ি, ৭ ডিসেম্বর :** কাঞ্চনজঙ্ঘা স্টেডিয়ামে মঙ্গলবার মুখ্যমন্ত্রীর সভাকে কেন্দ্র করে শুক্রবার থেকেই মাঠে সিসিটিভি ক্যামেরা চালু করা হচ্ছে। সমস্ত গেটের পাশাপাশি বিশেষ করে যে সমস্ত গেট দিয়ে সভায় লোক ঢুকবেন, সেখানে সিসিটিভি ক্যামেরা বসানো হচ্ছে। সভাস্থল তৈরির জন্য যাঁরা মাঠে আসছেন, তাঁদের শুধু আইকার্ড দেওয়াই নয়, এই কয়েকদিন ঢোকা-বেরোনোর সময় তাঁদের তল্লাশি করা হবে। মাঠে এই কয়েকদিন বাইরের কাউকে ঢুকতে দেওয়া হবে না। বৃহস্পতিবার মাঠে একটি প্রশাসনিক বৈঠক হয়। সেখানে শিলিগুড়ি মেট্রোপলিটান পুলিশের ডিসিপি (সদর) জয় টুডু, ডিসিপি (ট্রাফিক) অভিষেক গুপ্ত, পুর কমিশনার সোনম ওয়াংদি ভুটিয়া উপস্থিত ছিলেন। এছাড়াও বৈঠকে পূর্ত দপ্তর, তথ্য ও সংস্কৃতি দপ্তর, জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের কর্তারা ছিলেন। সভাস্থলে নিশ্ছিদ্র নিরাপত্তার ব্যবস্থা সুনিশ্চিত করতে একাধিক পরিকল্পনা করা হয়েছে।

পরিকল্পনা নেওয়া হয়েছে, আদিবাসী নৃত্যের মধ্যে দিয়ে মুখ্যমন্ত্রীকে স্বাগত জানানো হবে। মঞ্চের মুখ থাকবে কাঞ্চনজঙ্ঘা ক্রীড়াঙ্গনের মেলা গ্রাউন্ডের দিকে। ভুটিয়া মার্কেট সংলগ্ন চারটি গেট দিয়ে সভায় আসা লোকদের ঢোকানোর পরিকল্পনা নেওয়া হয়েছে। মুখ্যমন্ত্রীর জন্য আলাদা একটি গেট থাকবে। ভিআইপিদের জন্য থাকবে আরও একটি গেট। বৈঠকে ভিআইপি ও বাইরে থেকে সভায় আসা মানুষের গাড়ি কোথায় পার্কিং করা হবে, তা নিয়েও আলোচনা হয়েছে। স্টেডিয়ামের মেলা গ্রাউন্ডে এখন মেলা চলছে। তাই গাড়ি পার্কিংয়ের ক্ষেত্রে পুরনিগমের তরফে ট্রাফিক প্রশাসনকে দুটো জায়গার প্রস্তাব দেওয়া হয়েছে। একটি সূর্য সেন পার্কের পিছনের চর এলাকা। আর একটি ভুটিয়া মার্কেটের অংশে গ্যালারির বাইরে থাকা স্টেডিয়ামের খালি জায়গা। বৈঠকে পরিকল্পনা নেওয়া হয়েছে, বাইরে থেকে সভায় আসা মানুষদের গাড়ি সূর্য সেন পার্কের পিছনের জায়গাতে রাখা হবে। ভিআইপিদের গাড়ি রাখা হবে স্টেডিয়ামের ওই খালি জায়গায়। সভায় আসা মানুষজন যাতে পরিষ্কারভাবে মুখ্যমন্ত্রীর সভা দেখতে পারেন, তারজন্য দুটি এলইডি স্ক্রিন বসানোর পরিকল্পনাও নেওয়া হয়েছে। তবে এখনও ভিআইপিদের জন্য কত আসন থাকবে, সেটা চূড়ান্ত হয়নি। সভায় একাধিক কাজের শিলান্যাস ও উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী।

**ব্যবস্থাপনা**

- শুক্রবার থেকেই মাঠে সিসিটিভি ক্যামেরা চালু করা হচ্ছে।
- সভাস্থল তৈরির জন্য যাঁরা মাঠে আসছেন, তাঁদের শুধু আই কার্ড দেওয়াই নয়, এই কয়েকদিন ঢোকা-বেরোনোর সময় তাঁদের তল্লাশি করা হবে
- মাঠে এই কয়েকদিন বাইরের কাউকে ঢুকতে দেওয়া হবে না

গতমাসে উত্তরবঙ্গের বিভিন্ন প্রান্তে বোমা বিস্ফোরণের হুমকি দিয়েছিল শান্তি আলোচনার বিরোধী কামতাপুর লিবারেশন অর্গানাইজেশন (কেএলও)। বিভিন্ন ভিডিও ও অডিও বার্তায় মুখ্যমন্ত্রীর প্রতিও হুমকির বার্তা দেওয়া হয়েছে। এই অবস্থায় মুখ্যমন্ত্রীর সভার ওপর নিরাপত্তা সংক্রান্ত বিশেষ নজর দিচ্ছে প্রশাসন। এডিসিপি সুভেন্দ্র কুমার বলেন, 'আমরা সবরকম প্রস্তুতি নিচ্ছি।'

## আজকের দিনটি

**শ্রীদেবাচার্য্য**
**৯৪৩৪৩১৭৩৯১**

মেষ : বাবার শরীর নিয়ে উৎকণ্ঠা থাকবে। একাধিক উপায়ে অর্থ উপার্জনের সম্ভাবনা। বৃষ : ব্যবসা নিয়ে সামান্য সমস্যা। আজ সামান্য অলসতায় ভালো কাজ হাতছাড়া হবে। মিথুন : দূরের কোনও বন্ধুকে অনেকদিন পরে কাছে পেয়ে আনন্দ। কোমর ও পিঠের ব্যথায় দুর্ভোগ। কর্কট : ব্যবসার কারণে ঋণ করতে হতে পারে। পেটের অসুখে সারাদিন দুর্ভোগ। সিংহ : বোনের পরীক্ষার সাফল্যে আনন্দ। রাজনীতির ব্যক্তিরা নতুন দায়িত্ব পাবেন। কন্যা : অনেকদিন পরে আত্মীয়স্বজনকে নিয়ে আনন্দে কটবে। পাওনা আদায় হওয়ায় স্বস্তি। তুলা : দাম্পত্যের সমস্যা কেটে যাবে। বাবার সঙ্গে ভ্রমণে আনন্দ। বৃশ্চিক : কানের সমস্যা বাড়তে পারে। প্রেমের সঙ্গীকে অন্যের কথায় ভুল বুঝে সমস্যা। ধনু : পরিচিত কোনও ব্যক্তি আপনাকে ঠকাতে পারে। বাড়িতে পূজার্চনার উদ্যোগ। মকর : খুব শান্ত মাথায় থাকুন। মেজাজ হারিয়ে কোনও ভালো কাজ বন্ধ হয়ে যেতে পারে। কুম্ভ : পৈতৃক সম্পত্তি নিয়ে আইনি সমস্যা। বিদেশে যাওয়ার বাধা কেটে যাবে। মীন : পথে চলতে খুব সাবধানে থাকুন। নতুন জমি কেনার সুযোগ মিলবে।

## দিনপঞ্জি

শ্রীমদন গুপ্তের ফুলপঞ্জিকা মতে আজ ২১ অগ্রহায়ণ ১৪৩০, ভাঃ ১৭ অগ্রহায়ণ, ৮ ডিসেম্বর ২০২৩, ২১ অঘোন, সংবৎ ১১ মাগশীর্ষ বদি, ২৩ জমাঃ আউঃ। সূঃ উঃ ৬।১০ অঃ ৪।৪৯। শুক্রবার, একাদশী শেষরাত্রি ৪।১৮। হস্তানক্ষত্র দিবা ৭।৪২। সৌভাগ্যযোগ রাত্রি ১১।৪০। ববকরণ দিবা ৩।৩৬ গতে বালবকরণ শেষরাত্রি ৪।১৮ গতে কৌলবকরণ। জন্মে- কন্যারাশি বৈশ্যবর্ণ মতান্তরে শূদ্রবর্ণ দেবগণ অষ্টোত্তরী বুধের ও বিংশোত্তরী চন্দ্রের দশা, দিবা ৭।৪২ গতে রাক্ষসগণ বিংশোত্তরী মঙ্গলের দশা, রাত্রি ৮।৩৭ গতে তুলারাশি শূদ্রবর্ণ মতান্তরে ক্ষত্রিয়বর্ণ। মৃতে-দোষ নাই, শেষরাত্রি ৪। ১৮ গতে একপাদদোষ। বারবেলাদি ৮। ৪৯ গতে ১১।২৯ মধ্যে। কালরাত্রি ৮।৭ গতে ৯।৪৯ মধ্যে। যাত্রা- শুভ উত্তরে ও পশ্চিমে নিষেধ, শেষরাত্রি ৪।১৮ গতে যাত্রা মধ্যম। শুভকর্ম- গাত্রহরিদ্রা অব্যূঢ়ান্ন নামকরণ নববস্ত্রপরিধান নবশয্যাসনাদ্যুপভোগ দেবতাগঠন ক্রয়বাণিজ্য বিক্রয়বাণিজ্য বিপণ্যারম্ভ পুণ্যাহ শান্তিস্বস্ত্যয়ন বৃক্ষাদিরোপণ বীজবপন ধান্যচ্ছেদন ধান্যস্থাপন কারখানারম্ভ কুমারীনাসিকাবেধ বাহনক্রয়বিক্রয় কম্পিউটার নির্মাণ ও চালন, দিবা ৭।৪২মধ্যে বিক্রয়বাণিজ্য হলপ্রবাহ। বিবিধ শ্রাদ্ধ- একাদশীর একোদ্দিষ্ট ও সপিণ্ডন। অমৃতযোগ- দিবা ৭।৪ মধ্যে ও ৭।৪৬ গতে ৯। ৫৩ মধ্যে ও ১২।০ গতে ২।৪৯ মধ্যে ও ৩।৩২ গতে ৪। ৪৯ মধ্যে এবং রাত্রি ৫।৫০ গতে ৯।২৫ মধ্যে ও ১২।৬ গতে ৩।৪০ মধ্যে ও ৪। ৩৪ গতে ৬।১০ মধ্যে।

# ‘মোদিজি নয়, শুধু মোদি বলুন’

**নয়াদিল্লি, ৭ ডিসেম্বর :** পরপর সাফল্যেও নিজেকে কেউকেটা বলে ভাবতে রাজি নন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। তাঁর বদলে নিজেকে মাটির কাছাকাছি রাখতেই অধিক ব্যস্ত তিনি। বৃহস্পতিবার বিজেপির সংসদীয় দলের বৈঠক বসেছিল। সেখানে তিনি দলের সাংসদদের উদ্দেশে জানিয়েছেন, তাঁকে আর মোদিজি বা সম্মাননীয় মোদিজি বলার প্রয়োজন নেই। তার বদলে এবার থেকে তাঁকে যেন শুধু মোদি নামেই সম্বোধন করা হয়। কারণ, মানুষের কাছের লোক। মোদি বলেন, ‘আমি দলের একজন ছোট কর্মী। মানুষ আমাকে তাঁদের পরিবারেরই একজন বলে ভাবেন। তাই আমার নামের আগে শ্রী বা সম্মাননীয় বিশেষণ যুক্ত করার দরকার নেই। তাই আমাকে শুধু মোদি বললেই হবে। প্রধানমন্ত্রীর মতে, তাঁর নামের আগে বা পরে কোনও বিশেষণ যুক্ত হলে দেশের মানুষের সঙ্গে তাঁর দূরত্ব তৈরি হবে।’

শুধু নামের ক্ষেত্রেই নয়, তিন রাজ্যে জয়ের জন্য নিজেকে আলাদাভাবে কৃতিত্ব দিতেও নারাজ প্রধানমন্ত্রী। নির্বাচনি প্রচারে এবং জয়ের পর দলীয় কর্মীদের উদ্দেশে তিনি বারবার মোদির গ্যারান্টির কথা তুলেছিলেন। কিন্তু বৃহস্পতিবার সেই পথ ছেড়ে বিজেপির টিমওয়ার্কের কথা তুলে ধরেন তিনি। মোদি বলেন, ‘রাজস্থান, ছত্তিশগড় এবং মধ্যপ্রদেশে টিম স্পিরিটের জয় হয়েছে। এই টিম স্পিরিটকেই এগিয়ে নিয়ে যেতে হবে।’ প্রধানমন্ত্রী এদিন বৈঠকে যোগ দিতে আসলে তাঁকে উঠে দাঁড়িয়ে হর্ষধ্বনির মধ্যে দিয়ে স্বাগত জানান বিজেপি সাংসদরা। তাঁকে সংবর্ধনা দেন বিজেপি সভাপতি জেপি নাড্ডা। মোদি বলেন, বিজেপি সবথেকে পছন্দের দলে পরিণত হয়েছে তার সুশাসনের মডেলের কারণে। সেই কারণেই বিজেপি প্রতিষ্ঠান বিরোধিতাকে হারিয়ে দিতে পেরেছে। মোদি বলেন, শুধু তিনটি রাজ্যেই নয়, তেলেঙ্গানা এবং মিজোরামেও বিজেপির শক্তি বৃদ্ধি হয়েছে। বিজেপি সাংসদদের বিকশিত ভারত যাত্রায় যোগ দেওয়ার আর্জিও জানান মোদি। কেন্দ্রীয় সরকারের প্রকল্পগুলির কথা মানুষের সামনে তুলে ধরার কথাও বলেন তিনি।

> “আমি দলের একজন ছোট কর্মী। মানুষ আমাকে তাঁদের পরিবারেরই একজন বলে ভাবেন। তাই আমার নামের আগে শ্রী বা সম্মাননীয় বিশেষণ যুক্ত করার দরকার নেই। আমাকে শুধু মোদি বললেই হবে।
>
> –নরেন্দ্র মোদি



প্রচারের কেন্দ্রে তিনি... দলীয় সাংসদদের বৈঠকে তিন রাজ্যের জয়ে মোদিকে শুভেচ্ছা। বৃহস্পতিবার নয়াদিল্লিতে।

### প্রথম কংগ্রেস সরকারের শপথে গান্ধিরা

# রেবন্তের অভিষেক, উপমুখ্যমন্ত্রী পদে দলিত

**হায়দরাবাদ, ৭ ডিসেম্বর :** তেলেঙ্গানা রাজ্য তৈরির পর প্রথম কংগ্রেসি মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নিলেন আনুমালা রেবন্ত রেড্ডি। বৃহস্পতিবার হায়দরাবাদের লালবাহাদুর শাস্ত্রী স্টেডিয়ামে প্রায় ১ লক্ষ দর্শকের সামনে রাজ্যের নতুন মুখ্যমন্ত্রীর অভিষেক পর্ব অনুষ্ঠিত হল। রেবন্তকে শপথবাক্য পাঠ করান রাজ্যপাল তামিলিসাই সৌন্দরাজন।

রেবন্তের সঙ্গে এদিন মন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন আরও ১১ কংগ্রেস নেতা। তেলেঙ্গানার ইতিহাসে প্রথমবার একজন দলিত, মাল্লু ভাট্টি বিক্রমার্কা উপমুখ্যমন্ত্রী হলেন। মহিলা মুখ হিসেবে রেবন্ত মন্ত্রীসভায় ঠাঁই পেয়েছেন কোন্ডা সুরেখা এবং দানসারি অনসূয়া সিথাক্কা। শপথগ্রহণ অনুষ্ঠানে হাজির ছিলেন কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে, সিপিপি চেয়ারপার্সন সোনিয়া গান্ধি, প্রাক্তন কংগ্রেস সভাপতি রাহুল গান্ধি এবং প্রিয়াংকা গান্ধি ভদরা। হাজির ছিলেন হিমাচলপ্রদেশের মুখ্যমন্ত্রী সুখবিন্দর সিং সুখু, কর্ণাটকের মুখ্যমন্ত্রী সিদ্দারামাইয়া, উপমুখ্যমন্ত্রী ডিকে শিবকুমার, কংগ্রেস নেত্রী দীপা দাশমুন্সি। বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশে হাজির ছিলেন তৃণমূল রাজ্যসভা সাংসদ ডেরেক ও’ব্রায়েন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এক্স হ্যান্ডেলে লিখেছেন, ‘তেলেঙ্গানার মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নেওয়ার জন্য রেবন্ত রেড্ডিকে অভিনন্দন। রাজ্যের প্রগতি এবং রাজ্যবাসীর কল্যাণের জন্য আমি সমস্তরকম সাহায্যের আশ্বাস দিচ্ছি।’ মোদি পাশে থাকার আশ্বাস দিলেও নতুন মুখ্যমন্ত্রীর শপথগ্রহণের দিনই তাঁকে কড়া ভাষায় আক্রমণ শানিয়েছে বিজেপি। দলের নেতা অশ্বিনী চৌবে বলেছেন, মুখ্যমন্ত্রী এবং তাঁর দল কংগ্রেস ভারতের বিভাজনের চেষ্টা করছে।

২০১৪ সালে অন্ধ্র ভেঙে তেলেঙ্গানা নতুন রাজ্য হিসেবে আত্মপ্রকাশ করে। তখন থেকে রাজ্যের মসনদে ছিলেন কেসিআর। এবারের বিধানসভা ভোটে রেবন্তের নেতৃত্বে কংগ্রেস কেসিআরের বিআরএসকে ক্ষমতাচ্যুত করে। মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নেওয়ার পরই তেলেঙ্গানায় প্রজালা সরকার বা জনগণের সরকার গড়ার তোড়জোড় শুরু করে দেন রেবন্ত। তাঁর সরকারি বাসভবন প্রগতি ভবনের বাইরে থেকে লোহার ব্যারিকেড সরিয়ে নেওয়া হয়। তিনি এব্যাপারে নির্বাচনি প্রচারে প্রতিশ্রুতি দিয়েছিলেন। আপাতত রাজ্যের জন্য যে ৬টি গ্যারান্টির প্রতিশ্রুতি কংগ্রেস দিয়েছিল সেগুলি রূপায়ণ করাই রেবন্ত সরকারের প্রথম চ্যালেঞ্জ।

শপথগ্রহণ অনুষ্ঠানে সোনিয়া গান্ধির সঙ্গে হুড খোলা জিপে গোটা স্টেডিয়ামে ভিকট্রি ল্যাপ দেন রেবন্ত। পরনে ছিল সাদা শার্ট এবং কালো ট্রাউজার। কংগ্রেস কর্মী–সমর্থকদের উচ্ছ্বাস ছিল চোখে পড়ার মতো। রেবন্ত যখন শপথবাক্য পাঠ করতে শুরু করেন তখন স্টেডিয়ামজুড়ে ছিল তাঁর নামে জয়ধ্বনি। তাঁকে মুখ্যমন্ত্রীর কুর্সি ছেড়ে দিতে আপত্তি ছিল উপমুখ্যমন্ত্রী মাল্লু ভাট্টি বিক্রমার্কা এবং উত্তম কুমার রেড্ডির। তাঁদের হাতে রাজস্ব এবং স্বরাষ্ট্র দপ্তর ছেড়ে দিলেও কংগ্রেস হাইকমান্ড যে তাঁর সঙ্গে রয়েছে সেটা এদিন বুঝিয়ে দিয়েছেন রেবন্ত। সোনিয়া ইউপিএ চেয়ারপার্সন থাকাকালীন তেলেঙ্গানা আলাদা রাজ্য হয়। তাঁকে সেই কারণে সোনিয়া আম্মা বলে ডাকেন তেলেঙ্গানার মানুষ। রেবন্তের স্বপ্নের দৌড় মুখ্যমন্ত্রীর কুর্সিতে এসে আপাতত থামল।

# তেলেঙ্গানা ডিএনএ বিতর্কে নয়া মুখ্যমন্ত্রী

**হায়দরাবাদ, ৭ ডিসেম্বর :** ডিএমকে সাংসদ সেন্থিলকুমারের গোমূত্র রাজ্য নিয়ে বিতর্ক এখনও চলছে। এরই মধ্যে তেলেঙ্গানার নতুন মুখ্যমন্ত্রী রেবন্ত রেড্ডির ডিএনএ মন্তব্য হিন্দি বলয় বনাম দক্ষিণ ভারত বিতর্কে নতুন করে ইন্ধন দিয়েছে। বৃহস্পতিবার মুখ্যমন্ত্রী হিসেবে শপথগ্রহণের পর এক সাংবাদিক বৈঠকে প্রাক্তন মুখ্যমন্ত্রী কে চন্দ্রশেখর রাওয়ের ডিএনএ নিয়ে প্রশ্ন তোলেন রেবন্ত। তিনি বলেন, ‘আমার ডিএনএ হল তেলেঙ্গানা। কেসিআরের পরিবার বিহার থেকে বিজয়নগরে এবং পরে সেখান থেকে তেলেঙ্গানায় এসেছিল। তেলেঙ্গানা ডিএনএ বিহারের ডিএনএ’র থেকে ভালো।’ এর জবাবে বিজেপি নেতারা কড়া ভাষায় রেবন্তের সমালোচনা করেন।

অশ্বিনী চৌবে বলেন, ‘কংগ্রেসের লোকজন একটি নোংরা পরিবেশ তৈরি করছে। এটা অত্যন্ত দুর্ভাগ্যজনক মন্তব্য। একজন মুখ্যমন্ত্রীর থেকে এমন মন্তব্য অত্যন্ত দুর্ভাগ্যজনক এবং চিন্তার। গোটা দেশ এটা জানে। বিহারের মুখ্যমন্ত্রী নীতীশ কুমার এখনও মৌন। মানুষ ওঁদের জবাব দেবে।’ রবিশংকর প্রসাদও তোপ দাগেন রেবন্তের বিরুদ্ধে। তিনি বলেন, ‘বিহারের ডিএনএ কি তেলেঙ্গানার থেকে দুর্বল। সোনিয়া, রাহুল, প্রিয়াংকা গান্ধি ভদরা এবং নীতীশ কুমার কেন চুপ করে রয়েছেন। কংগ্রেস দেশের বিভাজনের চেষ্টা করছে। সম্প্রতি লোকসভায় হিন্দি বলয়ের রাজ্যগুলি গোমূত্র রাজ্য বলে বিতর্কে জড়ান ডিএমকে সাংসদ সেন্থিলকুমার। তাঁর ওই মন্তব্যের জন্য কড়া ভাষায় নিন্দা জানিয়েছে বিজেপি। পরে অবশ্য মন্তব্য প্রত্যাহার করে নেন সেন্থিলকুমার।





তেলেঙ্গানায় মুখ্যমন্ত্রীর শপথ নিয়ে সোনিয়া গান্ধির সঙ্গে রেবন্ত। (ডানদিকে) সোনিয়াকে জড়িয়ে ধরলেন কোন্ডা সুরেখা।

# মহুয়া পর্বের ইতি হতে পারে আজ

**প্রসেনজিৎ দাশগুপ্ত**



**নয়াদিল্লি, ৭ ডিসেম্বর :** শুক্রবারই সাংসদ পদ খোয়াতে পারেন মহুয়া মৈত্র। সংসদীয় সূত্রের দাবি, সরকারের পূর্বনির্ধারিত কর্মসূচিতে অপ্রত্যাশিত কোনও রদবদল না হলে, শুক্রবার, শীতকালীন অধিবেশনের প্রথম সপ্তাহের শেষেই বহিষ্কৃত হতে চলেছেন তৃণমূল কংগ্রেস সাংসদ।

সূত্রের দাবি, শুক্রবার দুপুরেই মহুয়ার বিরুদ্ধে ‘অর্থের বিনিময়ে সংসদে প্রশ্ন’ শীর্ষক অভিযোগের বিরুদ্ধে রিপোর্ট পেশ করবে বিজেপি সাংসদ বিনোদ সোনকারের নেতৃত্বাধীন এথিকস কমিটি। কমিটির সেই রিপোর্ট লোকসভায় পেশ হলে সভার সংখ্যাগরিষ্ঠ সদস্যদের সম্মতিতে মহুয়াকে বহিষ্কারের নির্দেশ দিতে পারেন অধ্যক্ষ ওম বিড়লা। এই ব্যাপারে প্রস্তুতি নিয়ে ফেলেছে কেন্দ্রীয় শাসক দল। সমস্ত বিজেপি সাংসদকে শুক্রবার বাধ্যতামূলক হাজিরা দেওয়ার জন্য জারি করা হয়েছে তিন লাইনের হুইপ। এই বিষয়ে থেমে নেই তৃণমূলও। শুক্রবার মহুয়ার ইস্যুতে ‘কাউন্টার স্ট্র্যাটেজি’ গড়ে তুলতে ইন্ডিয়া জোটের সদস্যদের সঙ্গে আলোচনা শুরু করেছে ঘাসফুল শিবির।

বৃহস্পতিবার মহুয়া–বিতর্কে যবনিকা পতনের আভাস দেন তৃণমূল কংগ্রেস সাংসদ তথা লোকসভার দলনেতা সুদীপ বন্দ্যোপাধ্যায়। এদিন সংসদে অধিবেশন চলাকালীন সুদীপকে নিজের কক্ষে তলব করেন লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা। দীর্ঘক্ষণ তাঁদের মধ্যে আলোচনা চলে। সুদীপবাবুকে বিড়লা জানান, শুক্রবারই ‘মহুয়া এপিসোড’ সমাপ্ত হতে চলেছে। ওইদিনই আনা হবে এথিকস কমিটির রিপোর্ট। সরকারের তরফে এমনই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সেক্ষেত্রে মহুয়া মৈত্রর বহিষ্কার প্রায় অনিবার্য।

বিড়লার বক্তব্যের প্রেক্ষিতে সুদীপ জানান, ‘আগামীকাল লোকসভায় মহুয়া মৈত্রকে অন্তত আত্মপক্ষ সমর্থনের সুযোগ যেন দেওয়া হয়।’ তৃণমূলের তরফে ওই রিপোর্ট নিয়ে নিম্নকক্ষে আলোচনার দাবিও জানিয়ে রাখা হয় স্পিকারের কাছে। ওম বিড়লা সেক্ষেত্রে আশ্বস্ত করেন সুদীপ বন্দ্যোপাধ্যায়কে। সংসদের খবর, স্পিকার জানিয়েছেন শুক্রবার এথিকস কমিটির রিপোর্ট পেশ হওয়ার আধ ঘণ্টার মধ্যেই গোটা বিষয়টির নিষ্পত্তি হয়ে যাবে। অর্থাৎ, মহুয়ার সাংসদ পদ থাকছে না খারিজ হচ্ছে, তা শুক্রবারই চূড়ান্ত হয়ে যাবে।

নভেম্বর মাসে প্রথম কৃষ্ণনগর সাংসদ মহুয়া মৈত্র’র বিরুদ্ধে ‘টাকার বিনিময়ে সংসদে প্রশ্ন’ তোলার অভিযোগ দায়ের করেন বিজেপি সাংসদ নিশিকান্ত দুবে এবং মহুয়ার প্রাক্তন বন্ধু জয় অনন্ত দেহাদ্রি। এই বিষয়ে সরাসরি স্পিকার ওম বিড়লাকে অভিযোগ করেন তাঁরা। বিষয়টি খতিয়ে দেখতে বিনোদ কুমার সোনকারের নেতৃত্বাধীন এথিকস কমিটির কাছে পাঠান স্পিকার। এর পরেই দীর্ঘ চাপানউতোর শেষে মহুয়াকে দোষী সাব্যস্ত করে এথিকস কমিটি ও রিপোর্ট তুলে দেওয়া হয় স্পিকারের কাছে। সোমবার নয়াদিল্লিতে শীতকালীন অধিবেশনের সূচনাপর্বে মহুয়া সংক্রান্ত রিপোর্টটি পেশ হয়নি। শুক্রনার তা যে পেশ হবে তা নিয়ে আর কোনও অনিশ্চয়তা নেই।



দলবেঁধে... বৃহস্পতিবার নওগাঁও বরকালা গ্রামে।

# আত্মঘাতী মেডিকেল ছাত্রী

**তিরুবনন্তপুরম, ৭ ডিসেম্বর :** বোন সেলফোনে দাদাকে মেসেজ পাঠিয়ে লিখেছিলেন, ‘ও ভাল মানুষ।’ তাঁকেই বিয়ে করতে চেয়েছিলেন তরুণী চিকিৎসক সাহানা। তাঁর প্রেমিক রুওয়াইস নিজেও একজন চিকিৎসক। কিন্তু প্রেমিকের পরিবারের অস্বাভাবিক পণের দাবি মেনে নিতে পারছিলেন না তিনি। এখানেই শেষ নয়। যখন শুনলেন পণ দিতে না পারলে বিয়েই হয়তো করবেন না রুওয়াইস, তখন আত্মহননের পথ বেছে নিলেন সাহানা।

কেরলের তিরুবনন্তপুরমে এই ঘটনা ঘটেছে মঙ্গলবার। সাহানার মৃত্যুতে পুলিশ অস্বাভাবিক মৃত্যুর মামলা দায়ের করেছে। মৃতার পরিবারের অভিযোগের ভিত্তিতে আত্মহত্যার প্ররোচনা ও যৌতুক নিষেধাজ্ঞার ধারাও যুক্ত করা হয়েছে। অভিযুক্ত চিকিৎসক রুওয়াইস বর্তমানে পুলিশি হেপাজতে। কেরলের স্বাস্থ্যমন্ত্রী বীণা গর্জ ঘটনার তদন্তের নির্দেশ দিয়েছেন। অভিযোগের প্রেক্ষিতে তিরুবনন্তপুরম মেডিকেল কলেজ রুওয়াইসকে সাসপেন্ড করেছে।



সংখ্যালঘু পরিবারের মেয়ে সাহানা তিরুবনন্তপুরমের সরকারি মেডিকেল কলেজের সার্জারি বিভাগে স্নাতকোত্তরের ছাত্রী ছিলেন। তাঁর সঙ্গে বন্ধুত্বের সম্পর্ক গড়ে ওঠে কলেজেরই স্নাতকোত্তর বিভাগের ছাত্র রুওয়াইসের। বন্ধুত্ব গড়ায় প্রেমে। ছাত্রনেতা হিসেবে রুওয়াইসের নাম ডাক ছিল। দুজনে বিয়ের সিদ্ধান্ত নেন।

কিন্তু এরপরই আসতে থাকে প্রচুর পণের দাবি। পরিবারের আইনজীবী এস সুধীর জানিয়েছেন, পাত্রপক্ষ দেড়শো ভরি সোনা, ১৫ একর জমি এবং একটি বিএমডব্লিউ গাড়ি দাবি করেছিল। এটা মানতে পারেননি সাহানা। সোমবার গভীররাতে হস্টেলে ঘুমের ইঞ্জেকশন নিজের দেহে ইনজেক্ট করেন তিনি। অচৈতন্য অবস্থায় তাঁকে হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা তাঁকে মৃত ঘোষণা করেন।

# কাতারে বন্দিদের মৃত্যুদণ্ড রদের আর্জি

**দোহা, ৭ ডিসেম্বর :** কাতারে মৃত্যুদণ্ডপ্রাপ্ত ভারতীয় নৌবাহিনীর আট প্রাক্তন আধিকারিকের সঙ্গে দেখা করেছেন ভারতীয় রাষ্ট্রদূত। রবিবার ওই সাক্ষাৎ হয়। সাক্ষাতের ওই খবর বৃহস্পতিবার সন্ধ্যায় জানিয়ে বিদেশমন্ত্রকের মুখপাত্র অরিন্দম বাগচি বলেন, ‘আমাদের রাষ্ট্রদূত ৩ ডিসেম্বর কাতারে কারাবন্দি আটজনের সঙ্গে দেখা করার জন্য বিশেষ কনস্যুলার অ্যাক্সেস পান।’

ইতিমধ্যে কাতারের কাছে জেলবন্দি ৮ ভারতীয়ের মৃত্যুদণ্ড রদের আর্জি জানিয়েছে ভারত। সেই প্রসঙ্গে বাগচি বলেন, ‘ভারতের আবেদনের ভিত্তিতে গত ২৩ ও ৩০ নভেম্বর দুটি শুনানি হয়েছে। আমরা গোটা বিষয়ের ওপর সতর্ক নজর রাখছি। বন্দি ভারতীয়দের যাবতীয় আইনি সুবিধা দিতে ভারত সর্বতোভাবে চেষ্টা চালাচ্ছে।’

প্রায় এক বছর ধরে নৌসেনার ওই আধিকারিকদের বন্দি করে রেখেছে কাতার। তাঁদের মৃত্যুদণ্ডের খবর প্রকাশ্যে আসার পরেই এ নিয়ে বিবৃতি দেয় ভারতের বিদেশমন্ত্রক। বিদেশমন্ত্রী জয়শঙ্কর জানান, কাতারে বন্দি আট ভারতীয় নাগরিকের পরিবারের সঙ্গে তিনি ইতিমধ্যে দেখা করেছেন। কেন্দ্রীয় সরকার অত্যন্ত গুরুত্বের সঙ্গেই বিষয়টি দেখছে।

# দিল্লিতেও নিউমোনিয়া

**নয়াদিল্লি, ৭ ডিসেম্বর :** গত দু’মাস ধরে চিনে হুহু করে বাড়ছে ওয়াকিং নিউমোনিয়া। প্রতিদিন হাজারো শিশুকে হাসপাতালে ভর্তি করাতে হচ্ছে। এবার ওই রোগে আক্রান্ত ৭ জন রোগীর সন্ধান মিলল ভারতেও। দিল্লির এইমসে সাতজন রোগীর দেহে এই ব্যাকটিরিয়ার সন্ধান মিলেছে। ভারতে এই রোগ নতুন নয়। তবে প্রথম মাইকোপ্লাজমা নিউমোনে ব্যাকটিরিয়ার সংক্রমণ ধরা পড়ল। এই রোগকে অবশ্য ভয় পাওয়ার প্রয়োজন নেই জানিয়েছে এইমস। কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রকও বিবৃতি দিয়ে জানিয়েছে, এটি একটি অত্যন্ত সাধারণ জাতের ব্যাকটিরিয়া। জ্বর এবং সর্দিকাশির সংক্রমণ হয়।

# মুখ্যমন্ত্রী বাছাইয়ে ধন্দ বিজেপিতে

**নয়াদিল্লি, ৭ ডিসেম্বর :** একটিমাত্র রাজ্য জিতে মুখ্যমন্ত্রীর শপথ করে ফেলল কংগ্রেস। কিন্তু মধ্যপ্রদেশ, ছত্তিশগড় এবং রাজস্থান –তিন–তিনটি রাজ্য জিতেও মুখ্যমন্ত্রী বাছতে হিমসিম খাচ্ছে বিজেপি, খোঁচা দিলেন কংগ্রেস নেতা জয়রাম রমেশ। তবে নাম চূড়ান্ত করতে শুক্রবার তিন রাজ্যের জন্য পর্যবেক্ষক নিয়োগ করবে বিজেপি। তিনটি রাজ্যেই সম্ভাব্য মুখ্যমন্ত্রীদের তালিকায় একাধিক নাম জমা পড়েছে। আর সেখানেই বেধেছে গোল। তিন রাজ্যে জয়ী হওয়া ১০ বিজেপি সাংসদ বুধবার ইস্তফা দিয়েছেন। বিজেপি সূত্রে খবর, পর্যবেক্ষকদের তিন রাজ্যের নবনির্বাচিত বিধায়কদের সঙ্গে কথা বলতে বলা হয়েছে। তাঁদের কাছ থেকে পছন্দের নেতার নাম শুনবেন পর্যবেক্ষকরা। বিজেপি নেতা কৈলাস বিজয়বর্গীয় বলেছেন, রবিবার তিন রাজ্যের রহস্যের যবনিকা পতন হবে।

# লিভ ইন মারাত্মক রোগ, মন্তব্য বিজেপি সাংসদের

**নয়াদিল্লি, ৭ ডিসেম্বর :** লিভ ইন সম্পর্ক ‘মারাত্মক রোগ’। এই রোগ সমাজ থেকে নির্মূল করা দরকার। আইন করে লিভ ইন সম্পর্ক ধ্বংস করতে না পারলে ভারতীয় সংস্কৃতি পচে যাবে। বৃহস্পতিবার লোকসভায় শীতকালীন অধিবেশন চলাকালীন এমনই মন্তব্য করলেন বিজেপি সাংসদ ধর্মবীর সিং। এছাড়া বিয়ে এবং বিবাহবিচ্ছেদ নিয়েও তাঁর মুখে একাধিক বিতর্কিত মন্তব্য শোনা গিয়েছে।

লিভ ইন সম্পর্ক নিয়ে বিজেপি নেতাদের বিষোদ্গার নতুন কিছু নয়। এর আগে এ নিয়ে সরব হয়েছিলেন কেন্দ্রীয় মন্ত্রী কৌশল কিশোর। দিল্লিতে শ্রদ্ধা ওয়াকার হত্যাকাণ্ডকে দৃষ্টান্ত হিসাবে তুলে ধরে তিনি বলেছিলেন, ‘শিক্ষিত মেয়েদের লিভ ইন সম্পর্কে যাওয়া উচিত নয়।’

বৃহস্পতিবার অধিবেশনের জিরো আওয়ার চলাকালীন লিভ ইন সম্পর্ক নিয়ে সওয়াল করেন হরিয়ানার বিজেপি সাংসদ ধর্মবীর। তিনি বলেন, ‘লিভ ইন সম্পর্ক নামের নতুন একটি রোগ জনসমাজে ছড়িয়ে পড়তে শুরু করেছে। পশ্চিমি দুনিয়ায় এই সম্পর্ক খুব জনপ্রিয় হলেও আমাদের সমাজে এটি সংক্রামক ব্যাধির মতো দ্রুত ছড়িয়ে পড়ছে।’

শুধু লিভ ইন সম্পর্ক নয়, প্রেম করে বিয়ের বিরুদ্ধেও এদিন সুর চড়ান বিজেপি সাংসদ। তাঁর মতে, প্রেম করে বিয়ে হলেই নাকি বিবাহবিচ্ছেদের প্রবণতা বাড়ে। সম্বন্ধ করে বিয়ে করলে বিবাহবিচ্ছেদের হার যে অনেক কমে যায়, তা প্রমাণিত। তাই বাবা–মায়ের সম্মতিতেই তরুণ–তরুণীদের ছাদনাতলায় যাওয়া উচিত। সনাতন ধর্মে বিশ্বাসী সাংসদের আরও দাবি, প্রেমের বিয়েতে বর ও কনের বাবা–মায়ের সম্মতি আইনিভাবে বাধ্যতামূলক করা উচিত।

সাম্প্রতিককালে কয়েকটি লিভ ইন সম্পর্কের মর্মান্তিক পরিণতি সংবাদের শিরোনামে উঠে এসেছে। দিল্লিতে লিভ ইন সঙ্গী শ্রদ্ধা ওয়াকারকে খুন করে তাঁর দেহের টুকরো প্রথমে ফ্রিজে রেখে পরে তা জঙ্গলে ফেলে এসেছিলেন আফতাব আমিন পুনাওয়ালা। সেই ঘটনা জানার পর দেশজুড়ে তোলপাড় শুরু হয়। এদিন সেই প্রসঙ্গ তুলে বিজেপি সাংসদ বলেন, ‘কয়েকদিন আগেই শ্রদ্ধা–আফতাবের ঘটনা আমরা দেখেছি। তাঁরা দু’জন লিভ ইন সম্পর্কে ছিলেন। তাঁদের কী পরিণতি হয়েছে সকলের কাছে পরিষ্কার।’

লিভ ইন সম্পর্কের নেতিবাচক দিক ব্যাখ্যা করে সাংসদের বক্তব্য, ‘লিভ ইন শুধু ভারতের সংস্কৃতিকে ধ্বংস করছে তা–ই নয়, সমাজে হিংসাও ছড়িয়ে দিচ্ছে। এরকম চলতে থাকলে ভারতীয় সংস্কৃতিও পচে যাবে এবং শেষে ধ্বংস হয়ে যাবে।’ লিভ ইন সম্পর্ক নিষিদ্ধ করতে নির্দিষ্ট আইন আনার আর্জি জানিয়েছেন নিজের দলের মন্ত্রীদের উদ্দেশে।



> লিভ ইন সম্পর্ক নামের নতুন একটি রোগ জনসমাজে ছড়িয়ে পড়তে শুরু করেছে। পশ্চিমী দুনিয়ায় এই সম্পর্ক খুব জনপ্রিয় হলেও আমাদের সমাজে এটি সংক্রামক ব্যাধির মতো দ্রুত ছড়িয়ে পড়ছে।

# পান্নুন হত্যার ছক ভারতে আসছেন এফবিআই কর্তা

**নয়াদিল্লি, ৭ ডিসেম্বর :** মার্কিন নাগরিক ও শিখ নেতা গুরুপতবন্ত সিং পান্নুনকে হত্যার চক্রান্তে ভারতের জড়িত থাকার গুরুতর অভিযোগ আনার পর দিল্লি আসার সিদ্ধান্ত নিয়েছেন মার্কিন গোয়েন্দা সংস্থা এফবিআই–এর প্রধান ক্রিস্টোফার এ রে। তিনি ১১ ও ১২ ডিসেম্বর দিল্লিতে থাকবেন। তাঁর সঙ্গে বৈঠক হবে এনআইএ–র প্রধান দীনকর গুপ্তর। ভারতের বিদেশমন্ত্রক ও মার্কিন দূতাবাস এফবিআই প্রধানের ভারত সফরের খবর দিয়েছে।

পান্নুন হত্যার চক্রান্তের অভিযোগ এই তদন্তের কাজে ভারত কীভাবে ও কতটা সহায়তা করবে তা জানা ক্রিস্টোফারের মূল উদ্দেশ্য বলে ইঙ্গিত মিলেছে। সূত্রের খবর, এনআইএ প্রধানের সঙ্গে ক্রিস্টোফারের বৈঠকে খালিস্তানি সন্ত্রাসবাদ, সংগঠিত অপরাধচক্রের মধ্যে আঁতাত ও জম্মু–কাশ্মীরে পাকিস্তানের মদতপুষ্ট নাশকতা ইত্যাদি ইস্যু প্রধান আলোচ্য বিষয় হবে।

২০১৭ সালে এফবিআইয়ের দায়িত্ব নেওয়ার পর এটাই ক্রিস্টোফার প্রথম ভারত সফর হবে। গত ১২ বছরে এই প্রথম কোনও এফবিআই প্রধানের পা পড়ছে ভারতের মাটিতে।

খালিস্তানি নেতা পান্নুনকে হত্যার ছক কষার চক্রান্তের অভিযোগ রয়েছে ভারতীয় নাগরিক নিখিল গুপ্তর বিরুদ্ধে। তাঁকে গ্রেপ্তার করে জেলে পাঠানো হয়েছে। এই চক্রান্তের সঙ্গে জড়িয়ে রয়েছেন ভারত সরকারের এক আধিকারিক। বাইডেন সরকারের সতর্ক করার পর ভারত এ বিষয়ে একটি তদন্ত কমিটি গঠন করেছে। বিদেশমন্ত্রকের তরফে বলা হয়েছে, তদন্ত রিপোর্ট পাওয়ার পর পরবর্তী পদক্ষেপ করা হবে।

### নিজ্জর কাণ্ড একই গুরুত্ব পাবে না, বললেন জয়শংকর


কানাডার শিখ নাগরিক হরদীপ সিং নিজ্জরের হত্যাকাণ্ড ভারতের সঙ্গে কানাডা ও আমেরিকার কূটনৈতিক সম্পর্কে ছায়া ফেলতে শুরু করেছে। নিজ্জর হত্যার সঙ্গে ভারত যুক্ত বলে দাবি করেন কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো। নিজ্জর ও পান্নুন দুজনেই নিষিদ্ধ শিখ সংগঠন শিখস ফর জাস্টিসের নেতা। পান্নুন হত্যার চক্রান্ত ফাঁস হতেই কানাডার প্রধানমন্ত্রী ট্রুডো বলেন, ‘আমরা তো সে কথাই বলেছি। নিজ্জর হত্যা নিয়েও একইভাবে তদন্তে সাহায্য করা উচিত ভারতের।’

তাহলে কি নিজ্জর হত্যার তদন্তেও ভারত একইরকম সক্রিয়তা দেখাবে? এই প্রশ্নের প্রেক্ষিতে বৃহস্পতিবার বিদেশমন্ত্রী এস জয়শংকর বলেন, খালিস্তানি জঙ্গি হত্যা নিয়ে কানাডা এবং আমেরিকার অভিযোগ একই মাপের নয়। দুটি সম্পূর্ণ আলাদা অভিযোগ, তাই তার গুরুত্বও আলাদা। ওয়াশিংটন অভিযোগের পক্ষে প্রমাণ দিয়েছে। কিন্তু অটাওয়া দেয়নি। দুই দেশের অভিযোগকে এক বন্ধনীতে রেখে সমান গুরুত্ব দেওয়ার কোনও প্রশ্নই নেই। বৃহস্পতিবার রাজ্যসভায় প্রশ্নোত্তর পর্বে সিপিআই সাংসদ জন ব্রিটাসের প্রশ্নের জবাবে জয়শংকর এ কথা বলেন।



**ব্রাউনি ডে**

চকোলেট, ময়দা, দুধ, ডিম দিয়ে বেক করা ব্রাউনি সকলেরই খুব প্রিয়। আইসক্রিম দিয়ে গরম ব্রাউনি জনপ্রিয়। ৮ ডিসেম্বর ব্রাউনি ডে পালিত হয়।



*শীতসন্ধ্যায় বৃষ্টিভেজা শহর। বৃহস্পতিবার সেবক মোড়ে সূত্রধরের তোলা ছবি।*

### ইসলামপুরে ভোগান্তির রেলগেট

# থমকে দমকল, অ্যাম্বুল্যান্সও

**শুভজিৎ চৌধুরী**

**ইসলামপুর, ৭ ডিসেম্বর :** একের পর এক ট্রেন চলাচলে বেশিরভাগ সময়ই রেলগেট বন্ধ থাকার কারণে প্রতিদিন সমস্যা পোহাতে হচ্ছে ইসলামপুর পুরসভার তিনটি ওয়ার্ডের বাসিন্দাদের। এলাকার মানুষ দীর্ঘদিন ধরে ওভারব্রিজের দাবি জানিয়ে এলেও কোনও লাভ হয়নি। বারবার শুধু প্রতিশ্রুতি মিলেছে কিন্তু আজও এই সমস্যার সমাধান হয়নি। ফলে রেলগেট নিয়ে সমস্যার শেষ নেই ইসলামপুর পুরসভার রেললাইনের ওপারের তিনটি ওয়ার্ডের বাসিন্দাদের।

পুরসভার ১৩ নম্বর ওয়ার্ডের পুরোটাই, ৪ এবং ১৪ নম্বর ওয়ার্ডের একাংশ রেললাইনের ওপারে অবস্থিত। রেললাইনের ওপারে থাকার কারণে বিভিন্ন সমস্যার সম্মুখীন হতে হয় ওই তিনটি ওয়ার্ডের বাসিন্দাদের। পুরসভার একাধিক সুযোগসুবিধা থেকে বঞ্চিত হওয়ার পাশাপাশি তাঁদের সব থেকে বড় মাথা ব্যথার কারণ রেলগেট। একের পর এক ট্রেন আসার কারণে দিনের বেশির ভাগ সময়ই রেলগেট বন্ধ থাকে। ফলে আপৎকালীন সময় অ্যাম্বুল্যান্স এবং দমকলের ইঞ্জিনকেও দীর্ঘক্ষণ রেলগেটে দাঁড়িয়ে থাকতে হয়। ফলে সমস্যায় পড়েন রোগী সহ রোগীর পরিজন।

এছাড়াও এলাকার পড়ুয়া, সরকারি দপ্তরের কর্মীদেরও সময় মতো কাজে পৌঁছাতে দেরি হয়ে যায়। ১৩ নম্বর ওয়ার্ডের বাসিন্দা বিকি চৌধুরী বলেন, 'আমাদের ৯০ শতাংশ কাজ রেললাইনের ওপারে থাকে। ফলে রেলগেট নিয়ে আমরা জন্ম থেকেই ভুক্তভোগী। সবাইকে এই সমস্যার কথা জানানো হয়েছে। সবাই প্রতিশ্রুতি দিয়েছে কিন্তু কোনও কাজ হয়নি।' তাঁর মতে, 'আমাদের থেকে বেশি বিহারের মানুষজন এই রেলগেট নিয়ে সমস্যায় পড়েন। বিহার থেকে বহু রোগী প্রতিদিন এই রাস্তা দিয়ে ইসলামপুরে আসেন। মাঝেমধ্যেই বিহার থেকে আসা অ্যাম্বুল্যান্সগুলিকে রেলগেট খোলার অপেক্ষায় দাঁড়িয়ে থাকতে দেখা যায়। কিছুদিন আগে বিহারের একটি ব্রিজ তৈরি হওয়ার পর থেকে চিকিৎসা সহ বিভিন্ন কাজে আরও বেশি করে লোকজন এই রাস্তার উপর নির্ভরশীল হয়ে পড়েছেন। তাই দিনের বেশিরভাগ সময় রেলগেট বন্ধ থাকার কারণে আমরা সহ বিহারের মানুষও খুবই সমস্যা ভোগ করছি।'

রায়গঞ্জের সাংসদ দেবশ্রী চৌধুরী বলেন, 'এই মুহূর্তে আমার কাছে তথ্য নেই। আমি সংসদে আছি, পরে বলব।' ইসলামপুর পুরসভার চেয়ারম্যান কানাইয়ালাল আগরওয়াল বলেন, 'ওভারব্রিজ তৈরির বিষয়ে আমার কাছে যতবার এনওসি চাওয়া হয়েছে, আমি দিয়েছি।'

**সমস্যার গেট**

- প্রতিদিন সমস্যা পোহাতে হচ্ছে ইসলামপুর পুরসভার তিনটি ওয়ার্ডের বাসিন্দাদের
- পুরসভার ১৩ নম্বর ওয়ার্ডের পুরোটাই, ৪ এবং ১৪ নম্বর ওয়ার্ডের একাংশ রেললাইনের ওপারে অবস্থিত
- একের পর এক ট্রেন আসার কারণে দিনের বেশির ভাগ সময়ই রেলগেট বন্ধ থাকে
- এতে পড়ুয়া ও রোগীদের ভোগান্তি ছাড়াও পুরসভার সুযোগসুবিধা থেকে বঞ্চিত ওই এলাকা

**বাসিন্দার কথা**

আমাদের ৯০ শতাংশ কাজ রেললাইনের ওপারে থাকে। ফলে রেলগেট নিয়ে আমরা জন্ম থেকেই ভুক্তভোগী। সবাইকে এই সমস্যার কথা জানানো হয়েছে। সবাই প্রতিশ্রুতি দিয়েছে কিন্তু কোনও কাজ হয়নি।

— বিকি চৌধুরী



*ইসলামপুর পুরসভার ১৩ নম্বর ওয়ার্ডে দুর্ভোগের রেলগেট। —সংবাদচিত্র*

### মা–মেয়ের মৃত্যুতে ময়নাতদন্ত ও ফরেন্সিক রিপোর্টের অপেক্ষা

# আরব যোগে জল্পনায় নয়া মোড়

**মিঠুন ভট্টাচার্য**

**শিলিগুড়ি, ৭ ডিসেম্বর :** মা–মেয়ের জোড়া মৃত্যুতে ক্রমশ ধোঁয়াশা বাড়ছে পরিবারের কর্তা সাধন সরকারের জীবনযাপন নিয়ে। গত কয়েকদিনের অন্তর্তদন্তে সাধনের সম্বন্ধে উঠে এসেছে বহু বিতর্কিত তথ্য। যার মধ্যে রয়েছে বেশ কয়েকটি জমি সংক্রান্ত সমস্যা। বিতর্ক রয়েছে, আর্থিক লেনদেন নিয়েও। বক্তব্যেও মিলেছে অসংগতি। এই বিষয়ে তদন্ত চলছে বলে জানিয়েছেন শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের এডিসিপি সুভেন্দ্র কুমার। তিনি বলেন, 'এই ঘটনায় দুটি পৃথক অভিযোগ জমা পড়েছে। জমি, আর্থিক লেনদেন সহ সমস্ত দিকই খতিয়ে দেখা হচ্ছে।' বৃহস্পতিবার পুলিশের একটি দল সাধনের বাড়িতে যায় বলে স্থানীয়দের কাছ থেকে জানা গিয়েছে। যদিও বাড়িতে পুলিশ আসার বিষয়ে কিছু জানা নেই বলে দাবি সাধনের।

খবর হল, দেশবন্ধুপাড়ার এক জায়গায় ছয় কাঠা জমি কেনার জন্য শিলিগুড়ি সংলগ্ন শিবমন্দিরের এক মহিলাকে ২৫ লক্ষ টাকা অগ্রিম দেন সাধন। কিন্তু একাধিকবার দেশের বিভিন্ন প্রান্ত থেকে সে জমির শরিকরা এলেও সাধনের গরহাজিরার জন্য জমি কেনাবেচার কাজ সম্পন্ন হয়নি। নাম প্রকাশে অনিচ্ছুক সেই মহিলার বক্তব্য, 'বিরক্ত হয়েই ওঁর সঙ্গে লেনদেনে বিরত থাকি।' এছাড়াও সাধন সম্বন্ধে শিলিগুড়ির শান্তিনগর, দেশবন্ধুপাড়া সহ বেশ কয়েক জায়গায় জমি সংক্রান্ত জটিলতার হদিস পাওয়া গিয়েছে।

এলাকায় সাধনের পরিবারকে অনেকেই আরবের ফ্যামিলি বলেও ডাকেন। এর কারণ অবশ্য বেশ চমকপ্রদ। জানা গিয়েছে, এক সময় আরবে থাকতেন এই পরিবারের অনেকেই। সেখানে বাংলাদেশের যুবকদের কর্মী হিসেবে কাজে যোগ দেওয়ানোই সাধনের পেশা ছিল। কিছু বছর আগেও সাধনের সেই অর্থে আর্থিক সংগতি ছিল না। তবে গত কয়েক বছরে জমি কারবারে বেশ ফুলেফেঁপে উঠেছে সাধন ও তাঁর পরিবার। এই রকেটের গতিতে উত্থানের পেছনেও রহস্য রয়েছে বলে মনে করছেন বাসিন্দাদের অনেকে।

গত রবিবার দুপুরে শিলিগুড়ির শান্তিনগরের একটি বাড়িতে এক ঘরে দুজনের মৃতদেহ মেলার পর থেকেই রহস্য দানা বেঁধে রয়েছে। মৃত্যু ঘটে সম্পর্কে মা লতা সরকার ও মেয়ে তিয়াসা সরকারের। কিন্তু প্রশ্ন উঠতে শুরু করে, ঘরে পরিবারের দুই সদস্যের দেহ পড়ে থাকলেও বিকেল সাড়ে চারটে পর্যন্ত কোথায় ছিলেন বাড়ির কর্তা সাধন। যদিও এর জবাবে সাধন বলেন, 'এর উত্তর আমি শনিবার দেব।' এখানেও প্রশ্ন উঠতে পারে, এই সহজ প্রশ্নের জবাব দিতে তাঁর এত সময় লাগবে কেন? তবে কি কোনও আইনজীবী বা পরামর্শদাতার কথা শুনেই জবাব দিতে চাইছেন তিনি? অন্যদিকে কোনও বিবাহ বহির্ভূত সম্পর্কের কারণেই কি ইদানীং সাধনের স্ত্রী লতা আত্মহত্যা করার কথা বলতে শুরু করেছিলেন? এই নিয়েও প্রশ্ন রয়েছে অনেকের মনে।

অন্যদিকে, এই জোড়া মৃত্যুর ঘটনায় সেদিনই নিউ জলপাইগুড়ি এলাকার তৃণমূল কংগ্রেস নেতা প্রসেনজিৎ রায়ের বিরুদ্ধে অভিযোগ জানিয়েছিলেন সাধন। সেই থেকে বহু বিতর্ক ছড়িয়েছিল প্রসেনজিৎকে নিয়েও। নিজের বক্তব্য পেশ করতে প্রসেনজিৎকে ভিডিও বার্তার সহায়তা নিতে হয়েছিল। ঘটনার পর থেকে বেশ কয়েকবার বন্ধ মেলে প্রসেনজিতের মোবাইল ফোন। এখানেও প্রশ্ন উঠতে শুরু করেছিল, তবে কি পলাতক প্রসেনজিৎ। যদিও বৃহস্পতিবার পলাতক শব্দে আপত্তি জানিয়েছেন তিনি। তাঁর পালটা অভিযোগ, 'সাধনের ব্যবসা ছিল ওঁর স্ত্রীর নামে। বাজারে ছিল প্রায় ৬০–৬৫ লক্ষ টাকার ঋণ। সেই থেকে বাঁচতে সাধন নিজেই ঘটিয়েছে এই কাণ্ড। নিজেকে বাঁচাতে তদন্তের মোড় ঘুরিয়ে দিতে আমার দিকে তির চালিয়েছে সে।' যদিও অভিযোগ, পালটা অভিযোগের মাঝেও রহস্য কাটছে না এই ঘটনার। আপাতত ময়নাতদন্ত ও ফরেন্সিক রিপোর্টের দিকে তাকিয়ে থাকা ছাড়া গতি নেই বলে মনে করছেন পুলিশ মহলও।

**বিদেশি যোগ**

- এক সময় আরবে থাকতেন মৃত মহিলার স্বামী সাধনের পরিবারের অনেকেই
- সেখানে বাংলাদেশের যুবকদের আড়কাঠি হিসেবে কাজই ছিল সাধনের পেশা
- কিছু বছর আগেও তাদের সেই অর্থে আর্থিক সংগতি বলতে তেমন কিছু ছিল না
- গত কয়েক বছরেই জমির কারবারে বেশ ফুলেফেঁপে উঠেছে সাধন ও তাঁর পরিবার

## পুরনিগমের জমি ছেয়ে গিয়েছে আগাছায়

**শিলিগুড়ি, ৭ ডিসেম্বর :** শহরজুড়ে পুরনিগমের তরফে চলছে পরিষ্কার–পরিচ্ছন্নতা সম্পর্কে সচেতনতা। ডেঙ্গি প্রতিরোধে আগাছা কাটার অনুরোধও চলছে। অথচ খোদ ডনবসকো রোডের একপাশে ৪২ নম্বর ওয়ার্ডের অংশে থাকা পুরনিগমের জমিই এখন আগাছায় ভরে রয়েছে। পাশাপাশি একশ্রেণির মানুষের কাছে আবর্জনা ফেলার জায়গাও হয়ে দাঁড়িয়েছে। এই পরিস্থিতিতে ওই জমিই হয়ে দাঁড়িয়েছে রোগভোগ থেকে শুরু করে ডেঙ্গি সংক্রমণ ছড়ানোর আশঙ্কার জায়গা। বিষয়টা অস্বীকার করছেন না পুরনিগমের জঞ্জাল অপসারণ বিভাগের মেয়র পারিষদ মানিক দে।

তাঁর অবশ্য বক্তব্য, 'ওই জায়গাটা নজরে পড়েছে। তবে ওখানে মামলা সংক্রান্ত কোনও বিষয় রয়েছে কি না, সেব্যাপারে আমি পুর কমিশনারের সঙ্গে কথা বলব। যদি মামলা সংক্রান্ত কোনও ব্যাপার থাকে, তাহলে কোর্ট থেকে বিশেষ অনুমতি নিয়ে ওই অগাছা পরিষ্কার করতে হবে।'

**ডনবসকো রোডে আশঙ্কা**

ডনবসকো রোডের একপাশে থাকা পুরনিগমের এই জমিকে কেন্দ্র করে দীর্ঘদিন ধরেই এলাকাবাসীরা সমস্যায় পড়েছেন। জমির মুখেই পরিত্যক্ত অবস্থায় পড়ে রয়েছে অর্ধসমাপ্ত মার্কেট কমপ্লেক্স। যাকে কেন্দ্র করে দুষ্কৃতী দৌরাত্ম্যের জেরে এলাকাবাসীদের সমস্যার শেষ নেই। স্বস্তি হিসেবে জমির আর একপাশে মাস কয়েক আগে পুরনিগম উপস্বাস্থ্যকেন্দ্র তৈরি করলেও রাস্তা বরাবর জমির মাঝের পুরো জায়গাটাই আগাছায় ভরে গিয়েছে। এদিন জমির ওই অংশে যেতেই দেখা গেল, জমি বরাবর সীমানা পাঁচিল দেওয়ার জন্য পিলার তোলার কিছুটা কাজ শেষ হয়েছে।

এর মধ্যেই পরিত্যক্ত মার্কেট কমপ্লেক্সের পেছনের অংশ থেকে একেবারে উপস্বাস্থ্যকেন্দ্রের কিছুটা আগে পর্যন্ত জমির অংশটা আগাছায় ভরে গিয়েছে। আগাছাগুলো এতটাই বড় হয়েছে যে জমির উলটো পাশে কী রয়েছে, সেটা বোঝা যাচ্ছে না। জায়গায় জায়গায় নজরে পড়ল আবর্জনার স্তূপ। বিষয়টা নিয়ে প্রশ্ন করতেই ক্ষোভ উগরে দিলেন এলাকার বাসিন্দা প্রদীপ আগরওয়াল। তিনি বলেন, 'এমনিতেই আগাছায় জায়গাটা ভরে গিয়েছে, এরমধ্যেই আবার পথচলতি মানুষজন যাতায়াতের সময় আবর্জনা ফেলে চলে যাচ্ছেন। গন্ধে থাকা যাচ্ছে না।' এলাকার আর এক বাসিন্দা রণদীপ মিশ্রার কথায়, 'কাছেই উপস্বাস্থ্যকেন্দ্র রয়েছে, এখন যদি আশপাশের জায়গা আবর্জনা ও আগাছায় ভরা থাকে, তাহলে মানুষজন নিজেদের চিকিৎসা করতে এসে উলটে রোগে আক্রান্ত হয়ে ফিরে যাবে।' পুরনিগমের জঞ্জাল অপসারণ বিভাগের মেয়র পারিষদ বলেন, 'রাস্তার ধার বরাবর সীমানা পাঁচিল পুরনিগমের তরফে তোলাই হচ্ছে যাতে করে ওই জমিতে কেউ আবর্জনা না ফেলতে পারে।' তবু ডনবসকো রোড বরাবর আগাছায় ভরা জমি ও সেখানে স্তূপ আকারে পড়ে থাকা আবর্জনায় বাড়ছে আশঙ্কা।

## রাস্তার প্যান্ডেল খুলল পুলিশ

**শিলিগুড়ি, ৭ ডিসেম্বর :** পুরনিগমের ৭ নম্বর ওয়ার্ডের বিবেকানন্দ রোডের একটি লেন আটকে অনুষ্ঠানের জন্য প্যান্ডেল তৈরি করায় বিতর্ক হয়েছিল। বৃহস্পতিবার এলাকায় উপস্থিত হয়ে সমস্যার সমাধান করলেন ওয়ার্ড কাউন্সিলার পিন্টু ঘোষ, খালপাড়া ফাঁড়ির ওসি মৃন্ময় ঘোষ। তাঁদের উপস্থিতিতেই প্যান্ডেল খুলে আয়তনে সেটি ছোট করা হয়। ওয়ার্ড কমিটির মাইনরিটি সেলের সভাপতি মহম্মদ রোশন বলেন, 'সবার যাতে সুবিধা হয়, তার জন্যই প্যান্ডেল খোলা হল।'

শুক্রবার আয়োজিত হতে চলা সেই অনুষ্ঠানকে ঘিরে বৃহস্পতিবার ওই রাস্তার একটি লেনের অল্প কিছুটা জায়গা যান চলাচলের জন্য ছাড়া হয়। বিপজ্জনকভাবে বাকি পুরো অংশটাতেই প্যান্ডেল করা হয়। পুলিশ বাধা দিতে এলে সাময়িক উত্তেজনা দেখা দেয়। পরে পুলিশ প্যান্ডেল তৈরির ওই কাজ বন্ধ করে দেয়। অনুষ্ঠানের উদ্যোক্তারা পুলিশের কাছ থেকে অনুমতি নেওয়ার কথা বললেও খালপাড়া ফাঁড়ি জানিয়ে দেয়, এ ধরনের কোনও অনুমতিই দেওয়া হয়নি। এদিকে, কাজ বন্ধ থাকা অবস্থাতেই পড়ে থাকে ওই প্যান্ডেল। এদিন সকালে যাবতীয় জট কাটাতে আসরে নামেন পুলিশ ও ওয়ার্ড কাউন্সিলার। অনুষ্ঠান উদ্যোক্তাদের বোঝানো হয়, রাস্তার এতটা অংশজুড়ে প্যান্ডেল করা হলে যে কোনও সময় বড় ধরনের বিপদ ঘনিয়ে আসতে পারে। কারণ ওই রাস্তা দিয়ে সবসময়ই বড় গাড়ি যাতায়াত করে। তাই প্যান্ডেলটা বিপজ্জনক। পুলিশ ও ওয়ার্ড কাউন্সিলারের কথা মেনে নেন উদ্যোক্তারা। ওয়ার্ড কাউন্সিলার বলেন, 'সমস্যা একটা তৈরি হয়েছিল। যাবতীয় সমস্যা এদিন মিটিয়ে দেওয়া হয়েছে।'

### আইনজীবীর মৃত্যুরহস্যে প্রশ্ন ঘুরছে

# নবীন গজলডোবায় গিয়েছিলেন কেন

**শমিদীপ দত্ত**

**শিলিগুড়ি, ৭ ডিসেম্বর :** মৃত্যুর আগে আইনজীবী নবীন সরকার গজলডোবায় গিয়েছিলেন। সিসিটিভি ক্যামেরার ফুটেজ দেখে পুলিশ নিশ্চিত যে, মোবাইল বন্ধ হওয়ার কিছুক্ষণ আগে নবীন গজলডোবার রাস্তা দিয়ে শিলিগুড়ির দিকে আসছিলেন। নবীন একাই স্কুটারে ছিলেন। তাঁর পরিবারের তরফে এতদিন দাবি করা হচ্ছিল, নবীন রাতে গজলডোবায় রাস্তায় যেতেই পারেন না। কারণ তিনি অন্ধকারে ভয় পেতেন। সিসিটিভি ক্যামেরার ফুটেজের কথা শুনে অবশ্য তাঁর বোন পিয়া বলছেন, 'নিশ্চয়ই ওঁর আগে বা পেছনে কোনও বন্ধু বা কেউ ছিল। একা ওই রাস্তায় অত রাতে ও যাবে কেন?' স্কুটার যেখানে রাখা হয়েছিল, সেখানেও কোনও সিসিটিভি ক্যামেরা নেই। পুলিশ এখনও কাউকে জিজ্ঞাসাবাদ করেনি। শিলিগুড়ি মেট্রোপলিটান পুলিশের এডিসিপি সুভেন্দ্র কুমার বলছেন, 'তদন্ত চলছে।'

আইনজীবীর মৃত্যুর সঙ্গে জট খুলতে গিয়ে আরও প্রশ্ন উঠে আসছে। সিসিটিভি ক্যামেরার ফুটেজ সেই প্রশ্ন আরও বাড়িয়েছে। নবীনের সঙ্গে তাঁর স্ত্রী নীলাঞ্জনা শেষ কথা বলার সূত্র ধরে সিসিটিভি ক্যামেরার ফুটেজ দেখে পুলিশের অনুমান, গজলডোবা থেকে শিলিগুড়িতে আসার সময় ক্যানালের ফাঁকা ওই জায়গায় স্কুটার দাঁড় করিয়েছিলেন নবীন। সেকারণে স্কুটারের মুখটা শিলিগুড়ির দিকে ছিল। তবে নবীন ঠিক কখন গজলডোবায় গিয়েছিলেন, তা এখনও পুলিশের অজানা। নবীন গজলডোবায় গিয়েছিলেন কেন? শিলিগুড়িতে ফেরার পথে এমন কী হল যে তাঁকে ক্যানালের ধারের ওই খালি জায়গায় স্কুটার দাঁড় করাতে হল। পিয়ার এখনও দাবি, 'দাদাকে ওখান থেকে তুলে ফুলবাড়ির ব্যারেজের ওই জায়গায় ফেলা হয়েছে।' শিলিগুড়ি বার অ্যাসোসিয়েশনের সম্পাদক অলোক ধাড়া বলছেন, 'বেশ কিছু অসংগতি রয়েছে। সেগুলো দ্রুত তদন্তের মাধ্যমে পরিষ্কার করে দেওয়া হোক।'

ময়নাতদন্তের প্রাথমিক রিপোর্টে নবীনের পেটে জল পাওয়া গিয়েছে। অলোকের দাবি, 'জলে পড়লে পেট যতটা ফোলে, নবীনের পেট অতটা ফোলা ছিল না।'

**পুলিশের ভাবনা**



- পুলিশের অনুমান, গজলডোবা থেকে শিলিগুড়িতে আসার সময় নবীনের মৃত্যু
- ক্যানালের ফাঁকা ওই জায়গায় নবীন কোনও কারণে স্কুটার দাঁড় করিয়েছিলেন
- তবে নবীন ঠিক কখন গজলডোবায় গিয়েছিলেন, তা এখনও পুলিশের অজানা
- ফেরার পথে এমন কী হল যে ক্যানালের ধারের ওই খালি জায়গায় স্কুটার দাঁড় করাতে হল

# ক্লাসরুমের অভাবে মেঝেতে বসিয়ে পড়ানো হচ্ছে স্কুলে

**ইসলামপুর, ৭ ডিসেম্বর :** ক্লাসরুমের অভাবে মেঝেতে বসিয়ে পড়ানো হয় খুদে পড়ুয়াদের। এমনই অবস্থা ইসলামপুর শহরের স্টেশন রোড প্রাথমিক স্কুলে। প্রাক প্রাথমিক থেকে চতুর্থ শ্রেণি পর্যন্ত মোট পাঁচটি ক্লাসে মোট ১০৪ জন পড়ুয়া রয়েছে। কিন্তু স্কুলে ক্লাসরুম রয়েছে মাত্র দুটি। বাধ্য হয়ে তাই প্রধান শিক্ষকের অফিসের ভেতরে মেঝেতে বসে পড়ুয়াদের পড়াশোনা করতে হয়। স্কুলের পাশে থাকা তিনদিক খোলা একটি টিনের শেডের নীচে দুটি ক্লাসের পড়ুয়াদের একসঙ্গে পড়ানো হয়। শীতকালে ঠান্ডা হাওয়ায় খুদে পড়ুয়াদের আরও কয়েকগুণ ভোগান্তি হয়।

মাস দুয়েক আগে সেই টিনের শেডটির মেঝে কাঁচা ছিল। তখনও পড়ুয়াদের মেঝেতে বসেই পড়াশোনা করতে হত। এখন মেঝেটি ঢালাই করা হয়েছে। তবে স্কুলে বেঞ্চের অভাব থাকায় মেঝের উপর বসার জন্য পড়ুয়ারা বাড়ি থেকে প্লাস্টিকের বস্তা নিয়ে আসে। কোনও সময় কেউ বস্তা না আনলে স্কুল থেকে পড়ুয়াদের মিড–ডে মিলের চালের বস্তা দেওয়া হয়। পড়াশোনার পাশাপাশি সেই শেডের নীচেই মিড–ডে মিল খাওয়ানো হয়।

এ বিষয়ে প্রধান শিক্ষিকা বিউটি সরকার দাস জানান, ১৯৭৯ সালে স্কুলটি স্থাপিত হয়। সেই সময় ইসলামপুর পঞ্চায়েত সমিতির উদ্যোগে রেলের জায়গা লিজে নিয়ে এই স্কুল তৈরি করা হয়েছিল। তৎকালীন প্রধান শিক্ষক লিজের ভাড়া হিসেবে রেলমন্ত্রককে দু'–একবার টাকা জমা দিয়েছিলেন। কিন্তু তারপর থেকে কর না দেওয়ায় এখন সেই করের পরিমাণ অনেকটাই বেড়ে প্রায় ৩ লক্ষ টাকা হয়েছে। যা স্কুল কর্তৃপক্ষের পক্ষে পরিশোধ করা সম্ভব নয়। মাঝে মাঝেই সেই কর পরিশোধ করার জন্য রেলমন্ত্রক থেকে চিঠি পাঠানো হয়। এবিষয়ে বিভিন্ন দপ্তরে জানিয়েও কোনও লাভ হচ্ছে না। অন্যদিকে, রেলের জমি হওয়ার কারণে স্কুলে কোনওরকম উন্নয়নমূলক কাজও করা সম্ভব হচ্ছে না।



*ইসলামপুর স্টেশন রোড প্রাথমিক স্কুলে বারান্দায় পড়াশোনা চলছে। সংবাদচিত্র*

## ধৃত অটোচালক

**শিলিগুড়ি, ৭ ডিসেম্বর :** নেশার জন্য ব্যবহারের লক্ষ্যে কাফ সিরাপ পাচারের অভিযোগে প্রধাননগর থানার পুলিশ এক অটোচালককে গ্রেপ্তার করল। পুলিশ জানিয়েছে, সমীর রাহা নামে ওই ব্যক্তি চম্পাসারির বাসিন্দা। পুলিশ সূত্রে খবর, বুধবার রাতে অটোর সিটের নীচে কাফ সিরাপ লুকিয়ে ওই ব্যক্তি তা পাচারের জন্য নিয়ে যাচ্ছিল। খবর পেয়ে প্রধাননগর থানার পুলিশ শিলিগুড়ি সার্কিট হাউস সংলগ্ন এলাকায় অটোটিকে দাঁড় করিয়ে তাতে তল্লাশি চালায়। ৫০ বোতল কাফ সিরাপ উদ্ধার হয়। চালককে গ্রেপ্তার করে পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

## কম্বল ও মিষ্টি বিলি

**শিলিগুড়ি, ৭ ডিসেম্বর :** যতীন্দ্রনাথ মুখোপাধ্যায় (বাঘা যতীন)–এর জন্মদিবস উপলক্ষ্যে 'অবকাশ' নামের একটি সংস্থা বৃহস্পতিবার ৫২ জন দুঃস্থের হাতে কম্বল ও মিষ্টি তুলে দেয়। এদিন কলেজপাড়ার গীতম ভবনের কাছে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল। সংস্থার সম্পাদক নয়ন মিত্র বলেন, 'আমাদের সংস্থার প্রত্যেকেই অবসরপ্রাপ্ত। প্রতিবছরই এই দিনটা আমরা বিশেষভাবে উদযাপন করি। সেইমতোই এই দিনটি উদযাপনের লক্ষ্য নেওয়া হয়েছিল।'

**'চক্ষু পরীক্ষা শিবির'**

আগামী শনিবার 9.12.2023, রামকৃষ্ণ বেদান্ত আশ্রম, প্রধাননগরে, আশ্রম প্রাঙ্গণে, প্রতি মাসের মতো Himalayan Eye Institute–এর সহায়তায় বিনামূল্যে চোখ পরীক্ষা শিবিরের সঙ্গে Kins হাসপাতালের সহায়তায় বিনামূল্যে স্বাস্থ্য পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে। শিলিগুড়ির বিশিষ্ট চিকিৎসক শেখর চক্রবর্তী ও অন্যান্য বিশিষ্ট Eye Specialist এবং বিশিষ্ট চিকিৎসকগণ উপস্থিত থাকবেন। সকাল 10–30 থেকে বেলা 1–30 পর্যন্ত। জয় রামকৃষ্ণ, স্বামী Raghaba Nanda, সহ সম্পাদক, রামকৃষ্ণ বেদান্ত আশ্রম, প্রধাননগর।



বিয়ের আসরে মুখ্যমন্ত্রীর ভাইপো আবেশ বন্দ্যোপাধ্যায়। পাশে কনে দীক্ষা ছেত্রী কাটোয়াল। বৃহস্পতিবার কার্সিয়াংয়ে।

# সিদ্ধান্ত বদল, চলবে কাঞ্চনকন্যা

শুভদীপ শর্মা

**লাটাগুড়ি, ৭ ডিসেম্বর :** পর্যটন মহলের কাছে কার্যত 'নতি' স্বীকার করল রেল। ডিসেম্বরে কাঞ্চনকন্যা এক্সপ্রেসের চলাচল বন্ধ থাকছে না। কিছুটা রুট পরিবর্তন করে, ডুয়ার্সে কাঞ্চনকন্যা এক্সপ্রেস নিয়মিত চালাবার সিদ্ধান্ত নিয়েছে রেল কর্তৃপক্ষ। বৃহস্পতিবারই উত্তর-পূর্ব সীমান্ত রেলের তরফে বিজ্ঞপ্তি জারি করে এই সিদ্ধান্তের কথা জানিয়ে দেওয়া হয়েছে।

উত্তর-পূর্ব সীমান্ত রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক সব্যসাচী দে জানিয়েছেন, 'যে কয়েকদিনের জন্য ট্রেনটিকে বাতিল করা হয়েছিল, সেই সিদ্ধান্ত প্রত্যাহার করা হয়েছে। শুধু ট্রেনটির রুটের যে অংশে লাইন মেরামতির কাজ চলছে সেই অংশে ট্রেনটিকে ঘুরিয়ে ফের স্বাভাবিক পথেই ট্রেনটিকে চালানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে।'

পূর্ব রেলের হাওড়া ডিভিশনের অন্তর্গত যাত্রা ও মুরারই স্টেশনের মাঝে রেলের কাজের জন্য আগামী ৯ ডিসেম্বর থেকে ২১ ডিসেম্বর পর্যন্ত এই কাঞ্চনকন্যা এক্সপ্রেসের চলাচল বাতিল করেছিল রেল কর্তৃপক্ষ।

আর তার জেরেই হইচই পড়ে যায় পর্যটন মহলে। একদিকে যেমন বিপাকে পড়েন পর্যটকরা, তেমনই আবার শীতকালীন পর্যটনের মরশুমে ট্রেন বাতিল হওয়ায় মাথায় হাত পড়ে গিয়েছিল পর্যটন ব্যবসায়ীদেরও। প্রতিবাদে সরব হয়েছিলেন তাঁরা। এখন রেলের এই সিদ্ধান্তের বদলে স্বভাবতই হাঁফ ছেড়েছেন তাঁরা।

> যে কয়েকদিনের জন্য ট্রেনটিকে বাতিল করা হয়েছিল, সেই সিদ্ধান্ত প্রত্যাহার করা হয়েছে। শুধু ট্রেনটির রুটের যে অংশে লাইন মেরামতির কাজ চলছে সেই অংশে ট্রেনটিকে ঘুরিয়ে ফের স্বাভাবিক পথেই ট্রেনটিকে চালানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে।
>
> –সব্যসাচী দে
> *মুখ্য জনসংযোগ আধিকারিক উত্তর-পূর্ব সীমান্ত রেল*

এই কাঞ্চনকন্যা এক্সপ্রেস আসলে ডুয়ার্সে ঘুরতে আসা বহু পর্যটকের ভরসার ট্রেন। দক্ষিণবঙ্গ থেকে অনেকেই উত্তরবঙ্গে ঘুরতে এলে এই ট্রেনেরই টিকিট কাটেন। সেকারণেই রেলের এই সিদ্ধান্তে বিপাকে পড়েন পর্যটকরা। ক্ষতির মুখে পড়েন ডুয়ার্সের কয়েক হাজার পর্যটন ব্যবসায়ী।

রেলের এই সিদ্ধান্তের পরই বহু পর্যটক যাঁরা এই ট্রেনের উপরে ভিত্তি করে, দিনকয়েকের মধ্যে ডুয়ার্সে বেড়াতে আসবেন ভেবেছিলেন, তাঁরা তাঁদের বুকিং বাতিল করতে শুরু করেছিলেন। লাটাগুড়ি রিসর্টস ওনার্স ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশন ও ডুয়ার্স ট্যুরিজম ডেভেলপমেন্ট ফোরামের তরফ থেকে আলিপুরদুয়ার ডিভিশনের ডিআরএম ও কেন্দ্রীয় প্রতিমন্ত্রী জন বারলার কাছে কাঞ্চনকন্যার পরিবর্তে বিকল্প ট্রেন চালাবার দাবি জানানো হয়েছিল। তবে তার আগেই তো সিদ্ধান্ত বদলে গেল। রেল জানিয়েছে, কাঞ্চনকন্যার যাত্রাপথে যে অংশে কারিগরি মেরামতির কাজ চলছে, সেখানে রুট ঘুরিয়ে দেওয়া হবে। তবে মালদার পর থেকে স্বাভাবিক রুটেই চলবে কাঞ্চনকন্যা।

ডুয়ার্স ট্যুরিজম ডেভেলপমেন্ট ফোরামের যুগ্ম সম্পাদক দিব্যেন্দু দেব জানান, 'দাবি মেনে রেল যে সিদ্ধান্ত নিয়েছে তা সত্যি প্রশংসনীয়'। একই বক্তব্য লাটাগুড়ি রিসর্টস ওনার্স ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের কোষাধ্যক্ষ মিঠু মুখোপাধ্যায়ের। তিনি বলেন, 'এই ট্রেনটি বাতিল হলে ব্যাপক ক্ষতির মুখে পড়তে হত। অবশেষে রেল ট্রেনটি চালু রাখায় সমস্যার সমাধান হল।' তবে কাঞ্চনকন্যা বন্ধ থাকার খবর পেয়ে যাঁরা এর মধ্যে বুকিং বাতিল করেছেন, তাঁদের কি হবে?

## 'এখন আমার রক্তের বন্ধন'

*প্রথম পাতার পর*

এখন যে কোনও বাগানে গিয়ে পাতা তুলতে পারব। আজ একটা বড় শিক্ষা হল।' মমতা রিসর্টে ফিরে আসার পরেই আবেশ এবং দীক্ষা আশীর্বাদ নিতে সেখানে যান। শুক্রবারই নববধূকে নিয়ে বাড়ির লোকজন কলকাতায় রওনা হবেন। অভিষেকেরও ওইদিন কলকাতায় ফেরার কথা রয়েছে। তবে, কার্সিয়াংয়ে বিয়ের পর্ব শেষ হলেও প্রশাসনিক কর্মসূচির জন্য মুখ্যমন্ত্রী উত্তরবঙ্গে থাকবেন ১২ ডিসেম্বর পর্যন্ত।

শুক্রবার কার্সিয়াংয়ের মন্টেভিট ময়দানে গোর্খাল্যান্ড টেরিটোরিয়াল অ্যাডমিনিস্ট্রেশন (জিটিএ) এলাকার বাসিন্দাদের সরকারি সহায়তা প্রদান করবেন। মুখ্যমন্ত্রীর এই অনুষ্ঠান নিয়ে পাহাড়ের মানুষের মধ্যে চর্চা রয়েছে। এর আগে যতবার পাহাড়ে এসেছেন, এখানকার উন্নয়নে একগুচ্ছ ঘোষণা করেছেন। এবার তিনি পাহাড়ের জন্য নতুন কী ঘোষণা করবেন তা নিয়ে কৌতূহলের শেষ নেই।

গত ৪ অক্টোবর তিস্তার ত্রাসে প্রচুর ক্ষয়ক্ষতি হয়েছে কালিম্পং জেলায়। একজনের মৃত্যুর পাশাপাশি বহু মানুষের বাড়িঘর নদীতে ভেসে গিয়েছে। তিস্তার প্লাবনে সহায়সম্বলহীন হয়ে পড়েছেন বহু মানুষ। অনেক এলাকাতেই এখনও যোগাযোগ ব্যবস্থা গড়ে তোলা যায়নি। এই ক্ষতি সামাল দিতে রাজ্যের কাছে ২৫০ কোটি টাকা চেয়ে চিঠি দিয়েছিল জিটিএ। রাজ্যের তরফে সেই বিপর্যয় কাটিয়ে ওঠার জন্য জিটিএকে কোনও আর্থিক প্যাকেজ দিতে পারেন মুখ্যমন্ত্রী, এমনই জল্পনা পাহাড়ে। তবে, মূল চর্চা রয়েছে চা বাগান নিয়ে। চা শ্রমিকদের পাঁচ ডেসিমাল করে জমির পাট্টা নিয়ে পাহাড়ে বহু বিতর্ক হয়েছে। তারপরই রাজ্য সরকার শ্রমিকদের দখলে থাকা পুরো জমি জরিপ করার নির্দেশ দিয়েছে। এই পাট্টা নিয়েও মুখ্যমন্ত্রী কোনও নীতি ঘোষণা করতে পারেন। জিটিএ সূত্রের খবর, কয়েক মাস ধরে জিটিএতে কোনও টাকা আসেনি। ফলে জিটিএ'র ভাঁড়ার কার্যত শূন্য। মুখ্যমন্ত্রীও সেটা জানেন। তাই পাহাড়ের উন্নয়নেও বিভিন্ন খাত ধরে রাজ্যের তরফে আর্থিক প্যাকেজ দেওয়া হতে পারে। তবে, যতক্ষণ না মুখ্যমন্ত্রী কিছু বলছেন, ততক্ষণ সবটাই জল্পনা।

## শীতের আমেজ

*প্রথম পাতার পর*

ইংরেজি নববর্ষের মরশুমে ভালো ব্যবসার আশায় রয়েছি।'

হাওয়া অফিসের পূর্বাভাস অনুযায়ী, রবিবার পর্যন্ত সান্দাকফু, ফালুটে তুষারপাতের সম্ভাবনা রয়েছে। তবে, বেশি পরিমাণ তুষারপাতের পূর্বাভাস রয়েছে সিকিমে। পাশাপাশি ওই রাজ্যে আগামী কয়েকদিন টানা বৃষ্টিরও সম্ভাবনা রয়েছে। এদিন বৃষ্টির প্রভাব পড়েছে কোচবিহারের রাসমেলায়। সেখানে ভিড় হয়েছে কম। বিক্রিবাটাও তেমন হয়নি বলে হতাশ ব্যবসায়ীরা।

সিকিম কেন্দ্রীয় আবহাওয়া দপ্তরের আধিকারিক গোপীনাথ রাহা বলেছেন, 'ঘূর্ণিঝড় মিচাংয়ের পরোক্ষ প্রভাব এই অঞ্চলে পড়েছে। মিচাং স্থলভাগে প্রবেশ করার পর শক্তি হারিয়ে ফেলে। এর ফলে ধরে রাখা মেঘপুঞ্জ ছড়িয়ে যেতে শুরু করেছে। তার দোসর হয়েছে একটি পশ্চিমী ঝঞ্ঝা। যার জেরেই উত্তরবঙ্গ এবং সিকিমের আবহাওয়ায় এই বদল এসেছে। এর জেরে আগামী কয়েকদিন উত্তরবঙ্গে বিশেষ করে দার্জিলিং এবং কালিম্পং জেলায় রাতের তাপমাত্রা তিন-চার ডিগ্রি কমবে।' তবে শীতের আমেজ অনুভূত হলেও জাঁকিয়ে শীত পড়তে আরও কয়েকদিন অপেক্ষা করতে হবে বলে হাওয়া অফিস জানিয়েছে।

### আবহাওয়া
শুক্রবারের পূর্বাভাস

| | সর্বোচ্চ (ডি.সে.) | সর্বনিম্ন (ডি.সে.) |
|---|---|---|
| কলকাতা | ২৬.০ | ১৮.০ |
| শিলিগুড়ি | ২৭.০ | ১৫.০ |
| জলপাইগুড়ি | ২৭.০ | ১৫.০ |
| কোচবিহার | ২৭.০ | ১৬.০ |
| আলিপুরদুয়ার | ২৭.০ | ১৬.০ |
| মালদা | ২৫.০ | ১৬.০ |
| রায়গঞ্জ | ২৬.০ | ১৬.০ |
| গ্যাংটক | ১৮.০ | ৮.০ |

# নদীর পাড়ে রক্তাক্ত চিতাবাঘ

শান্ত বর্মন

**জটেশ্বর, ৭ ডিসেম্বর :** সারা শরীরে আঘাতের চিহ্ন স্পষ্ট। মুখ দিয়ে তখনও ঝরছে তাজা রক্ত। সামান্য দূরে পড়ে রয়েছে একটা লাঠি। তাতেও রক্তের দাগ।

বৃহস্পতিবার সকালে জটেশ্বরে মুজনাই নদীর শ্মশানঘাটের মাঠে পড়ে থাকা পূর্ণবয়স্ক মাদি চিতাবাঘটি যে গণপিটুনির শিকার, তা আর বুঝতে বাকি ছিল না বনকর্মীদের। কারণ এদিন সকালেই এলাকায় চিতাবাঘের আক্রমণে জখম হয়েছেন দুজন। ফলে দুটি ঘটনাকে দুইয়ে দুইয়ে চার করে ফেলেছেন বনকর্মীরা। যদিও ময়নাতদন্তের রিপোর্ট হাতে পাওয়ার আগে মৃত্যুর কারণ নিয়ে সরকারিভাবে বিবৃতি দিতে নারাজ বন দপ্তর।

স্থানীয় সূত্রে খবর, এদিন সকাল নয়টা নাগাদ ধূলাগাঁও লালস্কুল এলাকার বাসিন্দা নিরোদ রায় গোরু বেঁধে বাড়িতে ফিরছিলেন। আচমকা পেছন থেকে নিরোদের উপর ঝাঁপিয়ে পড়ে চিতাবাঘটি। সঙ্গে সঙ্গে মাটিতে পড়ে যান তিনি। তাঁর শরীরের বিভিন্ন জায়গায় আঁচড় ও কামড় বসিয়ে পালিয়েও যায় বুনোটি। আহত হওয়ার পর আর্তনাদ করতে করতে বাড়িমুখো হন নিরোদ। তারপরই ঘটনার অনুসন্ধানে বের হন এলাকার বাসিন্দারা। উৎসুক জনতার ঢল গুটিগুটি পায়ে নদীর পাড়ের বাগানে ঢুকলে সেখানে ফের আক্রমণ চালায় চিতাবাঘটি। দ্বিতীয়বারে আহত হন শ্যামল বর্মন নামে এক টোটোচালক। পরে নিরোদ ও শ্যামল দুজনকেই বীরপাড়া রাজ্য সাধারণ হাসপাতালে নিয়ে যাওয়া হয়। প্রাথমিক চিকিৎসার পর তাঁদের ছেড়েও দেয় হাসপাতাল কর্তৃপক্ষ।

দুই বাসিন্দা আহত হওয়ার পরই ঘাতক চিতাবাঘটির উপর লাঠিসোঁটা নিয়ে উত্তেজিত জনতা হামলা চালায় বলে দাবি করছেন স্থানীয়দেরই একটি অংশ। মাদারিহাট রেঞ্জের বনকর্মীরা জানিয়েছেন, চিতাবাঘটির গায়ে বেশ কিছু ক্ষতচিহ্ন রয়েছে। শরীরের বিভিন্ন জায়গা থেকে লোম তুলে নেওয়া হয়েছে। মুখ দিয়ে রক্ত বেরিয়েছে। গণপিটুনি বা জোরে কোনও বস্তু দিয়ে চিতাবাঘকে আঘাত না করলে মুখ থেকে রক্ত বের হওয়ার কথা নয়। আহত নিরোদকে এনিয়ে প্রশ্ন করা হলে তাঁর জবাব, 'চিতাবাঘটি আমার উপর হামলা চালিয়েছিল। তারপর আমাকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছিল। এরপর কী ঘটেছে, আমার জানা নেই।'

বন দপ্তরের জলদাপাড়ার এডিএফও নভজিৎ দে বলছেন, 'আমরা অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু করেছি। ময়নাতদন্তের রিপোর্ট এলে মৃত্যুর প্রকৃত কারণ জানা যাবে।'

বন দপ্তরেরই একাংশের দাবি, যে জায়গা থেকে চিতাবাঘের মৃতদেহটি উদ্ধার হয়েছে সেখান থেকে তিনশো মিটারের মধ্যে গণপিটুনির শিকার হয়েছে বুনোটি। মারা যাওয়ার পর প্রমাণ লোপাটের জন্য সম্ভবত সেটিকে শ্মশানঘাট এলাকায় ফেলে রেখে গিয়েছে উত্তেজিত জনতা।



পড়ে রয়েছে চিতাবাঘের নিথর দেহ। মুজনাই নদীর পাড়ে।

এদিন বিকেলের দিকে স্নিফার ডগ এনে এলাকায় তল্লাশি চালান মাদারিহাট ও জলদাপাড়ার বনকর্মীরা। ঘটনাস্থলে চিতাবাঘটির পায়ের ছাপও মিলিয়ে দেখেন জলদাপাড়ার বন বিভাগের সহকারী বন্যপ্রাণ সংরক্ষক রিয়া গঙ্গোপাধ্যায় সহ বাকি বনকর্মীরা। বনকর্মীদের অনুমান, ধূলাগাঁও লালস্কুল এলাকায় একাধিক চিতাবাঘ রয়েছে।

এদিকে, গভীর রাতেও চিতাবাঘটির ময়নাতদন্ত হয়নি। বন দপ্তর সূত্রের খবর, কোর্টের অনুমতি নিয়ে দিনের আলোয় চিতাবাঘটির ময়নাতদন্ত করা হবে। বন দপ্তরের অনারারি ওয়ার্ডেন সীমা চৌধুরী বলছেন, 'এই ধরনের ঘটনা কখনোই হওয়া উচিত নয়। আইন হাতে তুলে নিয়ে চিতাবাঘ পিটিয়ে মারা দণ্ডনীয় অপরাধ। বন দপ্তর নিশ্চয়ই ব্যবস্থা নেবে।'

## ডিজিটাইজড হচ্ছে কিশনগঞ্জ পুলিশ

**কিশনগঞ্জ, ৭ ডিসেম্বর :** এখন থেকে সম্পূর্ণরূপে ডিজিটাইজড হতে চলেছে কিশনগঞ্জ জেলার পুলিশ। বৃহস্পতিবার এমনই জানিয়েছেন পুলিশ সুপার ডাঃ এনামুল হক মেগনু।

জেলার ২০টি থানা পেপারলেস হচ্ছে। রাজ্য পুলিশের প্রধান দপ্তরের নির্দেশে আগামী ১৫ ডিসেম্বর থেকে জেলার পুলিশের আধিকারিকদের কাজকর্ম, জিডি, এফআইআর, স্টেশন ডায়ারি ডিজিটাল মাধ্যমে শুরু হবে।

থানাগুলিতে ইতিমধ্যে সিসিটিএনএস কাজ শুরু হয়েছে। ডিজিটাইজেশনের জন্য থানাগুলিতে ২১ জন কম্পিউটার অপারেটর নিয়োগ করা হয়েছে। এছাড়া কম্পিউটার জানা ৪০ জন পুলিশকর্মীর বিশেষ প্রশিক্ষণ দেওয়া হয়েছে। ১৫ ডিসেম্বর থেকে রাজ্যের ৯৬৪টি থানায় সিসিটিএনএস পোর্টালের অনলাইনে ফর্ম ফিলআপ করা যাবে।

২০২৪-এর পয়লা জানুয়ারি থেকে থানায় এফআইআর-ও ডিজিটাল মাধ্যমেই নেওয়া হবে।

## মোহন রক্ষায় বাণেশ্বরে বৈঠক

**কোচবিহার, ৭ ডিসেম্বর :** মোহন নিয়ে গুরুত্বপূর্ণ বৈঠক করল বাণেশ্বর মোহন রক্ষা কমিটি। বৃহস্পতিবার বাণেশ্বরে ওই বৈঠক হয়। বৈঠকের পাশাপাশি সংগঠনের তরফে এদিন শিবদিঘিও পরিদর্শন করা হয়।

সংগঠনের জেলা সভাপতি পরিমল বর্মন বলেন, 'বৈঠক করে ও শিবদিঘি পরিদর্শন করে দেখা গিয়েছে পুকুরের তলদেশে প্রচুর পরিমাণে কংক্রিটের গুড়ো, নানা ধরনের টুকরো, প্লাস্টিকের বোতল ও ব্যাগ রয়েছে। যে কারণে কচ্ছপদের যে সবচেয়ে জরুরি সেই কাদামাটি তারা পাচ্ছে না। ফলে পুকুরে অনেকটা কাদামাটি দিতে হবে। এছাড়া পূর্ত দপ্তরের তরফে আমাদের বলা হয়েছে মোহনের করিডর করার জন্য জায়গা চিহ্নিত করতে, আমরা সেগুলি চিহ্নিত করেছি।' পাশাপাশি পরিমলবাবুর অভিযোগ, মোহনগুলি যখন অসুস্থ হয়ে পড়ে তখনই শুধু তাদের ঠিকভাবে খাবার দেওয়া হয়। এটার পরিবর্তন করতে হবে। এছাড়া প্রশাসন পথবাতি দেবে বললেও এখনও তা দেওয়া হয়নি। অবিলম্বে পথবাতির ব্যবস্থা করতে হবে।

**ভাইরাল কিশনগঞ্জের ভিডিও**

# পুলিশের ওপর চড়াও বালি মাফিয়ারা

**কিশনগঞ্জ, ৭ ডিসেম্বর :** কিশনগঞ্জের বালি মাফিয়াদের তাণ্ডবের একটি ভিডিও ফুটেজ বৃহস্পতিবার ভাইরাল হয়েছে। বুধবার বিকেলে পুঠিয়া থানা এলাকার ডক নদীর চামরানী ঘাটে কিশনগঞ্জ সদর থেকে মাইনিং অফিসার উমাশংকর পুলিশকর্মীদের সঙ্গে অভিযানের সময় বালি মাফিয়ারা তাঁদের ওপর হামলা চালায়।

ভিডিওটিতে দেখা যায়, বালি মাফিয়ারা সরকারি আধিকারিক ও পুলিশকর্মীদের ওপর লাঠি দিয়ে আঘাত করলে তাঁরা কোনও ক্রমে দৌড়ে পালিয়ে প্রাণ বাঁচান। পুঠিয়া থানার ওসি নিশাকান্ত কুমার এই ঘটনার সত্যতা স্বীকার করে জানান, ১৪ জন অজ্ঞাতনামা দুষ্কৃতীর বিরুদ্ধে থানায় সরকারি কাজে বাধা দেবার অভিযোগে এফআইআর দায়ের করা হয়েছে। পুলিশ এই ঘটনার তদন্ত শুরু করেছে। সম্প্রতি বালি মাফিয়ারা অবৈধ বালিবোঝাই ট্র্যাক্টর আটক ও জরিমানা করা হলে জেলা পরিবহণ আধিকারিক প্রবীণ কুমারকে শহর সংলগ্ন শালকিতে সরকারি গাড়িতে ঘণ্টাখানেক আটক ও পথ অবরোধ করে। পরে পুলিশ প্রশাসনের উদ্যোগে জেলা পরিবহণ আধিকারিককে উদ্ধার ও পথ অবরোধমুক্ত করা হয়। মহকুমা শাসক লতিফুর রহমান বলেন, 'বর্তমানে রাজ্যে নদীর ঘাট থেকে বালি তোলা নিষিদ্ধ। কিন্তু বালি মাফিয়ারা অবৈধভাবে বালি তুলছে এবং বাধা পেলে আইনশৃঙ্খলা ভঙ্গ করছে। প্রশাসন বালি মাফিয়াদের বিরুদ্ধে আইনি পদক্ষেপ করছে।'

# মাদক সহ ধৃত তিন

**কিশনগঞ্জ, ৭ ডিসেম্বর :** বিহারের আরারিয়ার নেপাল সীমান্তে রমরমিয়ে চলছে মাদক চোরাচালান। পুলিশ সুপার অশোক সিংয়ের নির্দেশে আরারিয়া পুলিশ ও জেলা সিআইডি মিলে জেলার নেপাল সীমান্তের ইস্টমা টোলার দুই ভাই মহম্মদ জসিম ও মহম্মদ নসিমের বাড়িতে হানা দিয়ে প্রচুর পরিমাণে মাদক ও টাকা উদ্ধার করেছে। যৌথবাহিনী ওই দুই ভাই সহ বিক্রান্ত পাসোয়ান নামের আরেক ব্যক্তিকে গ্রেপ্তার করে আরারিয়া আদালতের নির্দেশে বুধবার বিকেলে ১৪ দিনের বিচার বিভাগীয় হেপাজতে আরারিয়া জেলে পাঠিয়েছে।

মঙ্গলবার, ৫ ডিসেম্বর আরারিয়া সদর থানার পুলিশ গোপন সূত্রে খবর পেয়ে ওই বাড়িতে হানা দিয়ে প্রায় ১০০ গ্রাম স্ম্যাক, তিন কেজি উন্নতমানের গাঁজা ও নগদ ৬ লক্ষ ৪০ হাজার ৫০০ টাকা উদ্ধার করে। এছাড়া দুইটি মোবাইল, একটি মাদকদ্রব্য মাপার ইলেক্ট্রনিক মেশিন, বেশ কিছু মাদক সেবনে ব্যবহৃত সামগ্রী উদ্ধার করে। পুলিশ সুপার জানিয়েছেন, বুধবার ধৃতদের জেরা করে বেশ কিছু তথ্য পাওয়া গিয়েছে। তার ভিত্তিতে সীমান্তের আরেকটি গ্রামে হানা দেওয়া হলেও মাদক চোরাচালানকারীরা পালিয়ে যায়। পুলিশ জানিয়েছে, এই ঘটনার সঙ্গে একটি আন্তর্জাতিক চোরাচালানকারী চক্র জড়িত। এই ঘটনার তদন্ত শুরু হয়েছে।

# সড়ক দুর্ঘটনায় মৃত ২

**কিশনগঞ্জ, ৭ ডিসেম্বর :** কিশনগঞ্জের মোহরমারি গ্রামের কাছে বুধবার সন্ধ্যায় একটি বাহাদুরগঞ্জগামী বাইক ও অপরদিক থেকে আসা দ্রুতগতির চারচাকার গাড়ির সংঘর্ষে বাইকচালক মোহনকুমার দাস (২৫) ও বাইক আরোহী কিশোর মহম্মদ আজাদ (১৬)-এর মৃত্যু হয়েছে এবং পথচারী অর্জুন সিং গুরুতর আহত হয়েছেন। মৃতরা বাহাদুরগঞ্জ থানা এলাকার ভোরাদহ গ্রামের বাসিন্দা এবং আহত ব্যক্তি স্থানীয় মোহরমারি গ্রামের বাসিন্দা।

এই ঘটনার পরে চারচাকার চালক গাড়িটি ফেলে পালিয়ে যায়। পুলিশ গাড়ি দুটি বাজেয়াপ্ত করে। ক্ষুব্ধ এলাকাবাসী বেশ কিছুক্ষণ পথ অবরোধ করেন। এরপর কোচাধামন থানার ওসি রামলাল ভারতী পুলিশবাহিনীর সাহায্যে পথ অবরোধ মুক্ত করেন। পুলিশের তরফে আহতকে স্থানীয় বেসরকারি মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে এবং রাতেই মৃতদেহগুলি ময়নাতদন্তের জন্য কিশনগঞ্জ সদর হাসপাতালে পাঠানো হয়েছে। পুলিশ এই ঘটনার তদন্ত শুরু করেছে বলে জানিয়েছে।

## ২৪ হাজার কোটি উত্তরে

*প্রথম পাতার পর*

সামনে কথা দেন জগদীশ। কোচবিহারের অজয়কুমার গুপ্তা ফ্লাওয়ার মিলের জন্য প্রায় ২১ কোটি টাকা বিনিয়োগ করবেন বলে জানিয়েছেন। শিল্পোদ্যোগী উমাং মিত্তাল জানিয়েছেন, তিনি একটি মল তৈরি করছেন। যেখানে বিনিয়োগ হবে ১০৫ কোটি টাকা। এই মলে সরাসরি প্রায় ৩০০০ কর্মীর কর্মসংস্থান হবে। উত্তরবঙ্গের শিল্পপতি জয়দীপ মজুমদার ও শ্রেয়াংস জৈনরাও নতুন শিল্পে অর্থ বিনিয়োগ করছেন বলে জানিয়েছেন।

পরে মুখ্যসচিব বলেন, 'উত্তরবঙ্গে মুখ্যমন্ত্রী প্রথম থেকেই নজর দিয়েছেন। যে কারণে উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তর তৈরি হয়েছে। এই রাজ্যে যাঁরা বিনিয়োগ করছেন তাঁদের সঙ্গে আমাদের সব স্তরে নিয়মিত যোগাযোগ রয়েছে। সেখানে ছোটখাটো সমস্যার কথা তাঁরা জানালে আমরা বৈঠক করে দ্রুত সেইসব সমস্যার সমাধান করে দিই। তবে সরকারের বেশ কিছু পরিষেবা সম্পর্কে তাঁরা জানতে পারতেন না। এখন স্থানীয় বিভিন্ন চেম্বার অফ কমার্সকেও বৈঠকে ডাকা হয়। তারাও রাজ্যকে বিভিন্ন সময় প্রস্তাবও দিয়ে থাকে।' তাঁর কথায়, 'উত্তরবঙ্গে পর্যটন একটা বড় বিষয়। সেখানে প্রচুর টাকা বিনিয়োগ হচ্ছে। প্রচুর মানুষের কর্মসংস্থান হচ্ছে। যাঁরা পর্যটন সংক্রান্ত কাজকর্ম করেন তাঁরা এতদিন ব্যাংক ঋণ নিলে কমার্সিয়াল স্ট্যাটাসে লোন পেতেন। কিন্তু এখন তাঁরা কম সুদে ঋণ পাচ্ছেন। উত্তরবঙ্গে হোটেল ম্যানেজমেন্ট ইনস্টিটিউট করা হচ্ছে কালিম্পংয়ে। প্রচুর নতুন হাসপাতাল, হোটেল তৈরি হচ্ছে।'

এর আগেও একাধিক শিল্প সম্মেলনে উত্তরবঙ্গে হাজার হাজার কোটি টাকা বিনিয়োগের কথা বলা হয়েছে। তার খুব সামান্য অংশই বাস্তবায়িত হয়েছে। এবার কী হবে, তা নিয়ে অবশ্য সন্দেহ থাকছেই।

## শিল্প সম্মেলনে

*প্রথম পাতার পর*

শিল্পপতি সঞ্জিত সাহা এদিন ইএসআই প্রসঙ্গ তুলে ধরেন। মালদার এক শিল্পোদ্যোগী জমি মাফিয়ার প্রসঙ্গ তোলেন। তিনি বলেন, 'জমি মাফিয়ারা ভুয়ো দলিল তৈরি করে আমাদের জমিগুলি তাদের নামে লিখিয়ে নিচ্ছে। এগুলি প্রশাসনিক কর্তাদের দেখতে হবে।'

শিল্পোদ্যোগীদের মুখে এইসব অভিযোগ শুনে মুখ্যসচিব বলেন, 'অনেকে অভিযোগ জানিয়েছেন। সবাইকে বলেছি লিখিতভাবে জানাতে। আমরা নিজেরাও সবার বক্তব্য শুনে লিখে নিয়েছি।'

# ভোল বদল রবির

*প্রথম পাতার পর*

শ্বেতপত্র প্রকাশ করে রাসমেলায় আয়-ব্যয়ের হিসাব না দেওয়া হলে জেলাজুড়ে আন্দোলন হবে। প্রয়োজনে আইনি পদক্ষেপ করব।' সেবাদলের জেলা চেয়ারম্যান সুব্রত মুখোপাধ্যায়ের কথা, 'পুর চেয়ারম্যান নিজে কেলেঙ্কারির সঙ্গে যুক্ত। তা না হলে ফাঁকা ফর্মে ওয়ার্ক অর্ডার দিতেন না। যাঁদের কাছ থেকে বাড়তি মাশুল আদায় করা হয়েছে প্রত্যেককে সেই অর্থ ফেরত দিতে হবে।'

মুখ্যমন্ত্রী, পুরমন্ত্রী, অভিষেক বন্দ্যোপাধ্যায় সহ তৃণমূলের প্রথমসারির নেতা, মন্ত্রীরা বর্তমানে কার্সিয়াংয়ে রয়েছেন। সূত্রের খবর, এদিন আলো কেলেঙ্কারি নিয়ে প্রকাশিত খবর অভিষেক ও মমতা বন্দ্যোপাধ্যায়ের নজরে আনেন এক রাজ্য তৃণমূল নেতা। তারপর হইচই শুরু হয়। রাজ্যের এক মন্ত্রী বিষয়টি সম্পর্কে খোঁজ নিয়ে মমতা ও অভিষেককে জানান। তারপরই রবীন্দ্রনাথকে ফোন করে দ্রুত আইন মোতাবেক পদক্ষেপ করতে বলা হয়। যার ফলে তড়িঘড়ি বৈঠক বসে পুরসভায়। রবীন্দ্রনাথের বক্তব্য, 'অভিযোগ করা সহজ। এত বড় মেলা পরিচালনা করা কঠিন। পুরসভার বিদ্যুৎ বিভাগ বিষয়টি দেখভাল করছিল। অভিযোগ ওঠায় আজ আমরা বরাতপ্রাপ্ত সংস্থাকে ডেকে বৈঠক করে যা যা বলার বলে দিয়েছি। পুরসভার তরফে চিঠি দিয়ে আইন মেনে কাজের কথাও বলা হয়েছে।'

পুরসভা সূত্রের খবর, বিনা পয়সায় দুর্গাপুজোর কার্নিভাল, বিসর্জন, ছটপুজো, রাসমেলা চত্বর ও সাংস্কৃতিক মঞ্চে পুরসভাকে আলোর বন্দোবস্ত করা নিয়ে কেন সংবাদমাধ্যমে মুখ খুলেছেন, তা নিয়ে বরাতপ্রাপ্ত সংস্থার মালিককে চেপে ধরেন পুরকর্তারা। যদিও বিষয়টি নিয়ে এখন সেই সংস্থার কর্তারা কিছুই বলতে চাইছেন না। সংস্থার ম্যানেজার অমিতকুমার দাসের কথা, 'পুরসভার সঙ্গে আলোচনার বিষয়ে আর কিছুই বলব না। কোনও কথা বলা যাবে না। যা বলার আগেই বলে দিয়েছি। এখন আর এসব নিয়ে সমস্যা বাড়াতে চাই না।'

পুরসভা যদি এখন কোটেশন অনুসারে বিদ্যুৎ মাশুল আদায় করতে বলে তাহলে ইতিমধ্যেই যাঁদের কাছে বাড়তি টাকা আদায় করা হয়েছে সেটা কি তাহলে ফেরত দেওয়া হবে?

এই প্রশ্নের উত্তর মেলেনি চেয়ারম্যান বা বরাতপ্রাপ্ত সংস্থার কর্তাদের কাছ থেকে। তবে বাড়তি অর্থ ফেরতের দাবি তুলেছেন ব্যবসায়ীরা। কোচবিহার জেলা ব্যবসায়ী সমিতির সহকারী সম্পাদক তপন ঘোষ বলেন, 'পুরবোর্ড রাসমেলার ব্যবসায়ীদের উপর জুলুম করছে। সরকারি মেলায় যেভাবে ব্যবসায়ীদের গান পয়েন্টে রেখে বিভিন্ন ক্ষেত্রে বাড়তি অর্থ দিতে বাধ্য করা হচ্ছে সেটা অত্যন্ত দুর্ভাগ্যজনক। যাঁদের কাছ থেকে বাড়তি বিদ্যুৎ মাশুল নেওয়া হয়েছে দ্রুত সেই অর্থে ফেরত দিক পুরসভা।'

কংগ্রেস আন্দোলনে নামলেও আলো কেলেঙ্কারি নিয়ে কেন বিজেপি, বামফ্রন্ট নিশ্চুপ, তা নিয়ে প্রশ্ন তুলছে কোচবিহারের বিভিন্ন মহল।

# সবজি বিক্রির ফাঁকে শিক্ষাদান

## শেফালি যেন বাস্তবের দশভুজা


পারমিতা রায়

**শিলিগুড়ি, ৭ ডিসেম্বর :** শিলিগুড়ি শহরে উড়ালপুলের নীচে টিকিয়াপাড়ার মোড়ে সবজির দোকান শেফালি সাহা ও টুলটুল সাহার। সেখান থেকে যা আয় হয়, তা দিয়েই চলে সংসার। পঞ্চম শ্রেণি পর্যন্ত পড়াশোনা করেছেন শেফালি। তারপর নানা কারণে স্কুলের গণ্ডি ছাড়তে হয়েছে।

টুলটুল অসুস্থ। একা ব্যবসা সামলানো তাঁর পক্ষে কঠিন। দিনভর স্বামীর সঙ্গে দোকান সামলাতে হয় শেফালিকে। লেখাপড়ার গুরুত্ব তিনি বোঝেন। তাই ক্রেতাদের ভিড় সামলানোর ফাঁকে দোকানের মধ্যেই ছেলেমেয়েকে পড়াতে বসেন।

ছেলে জিতের জন্ম হয়েছে বাড়িতে। তাই তার কোনও জন্ম প্রমাণপত্র নেই। সে কারণে চলতি বছর ছেলেকে স্কুলে ভর্তি করাতে পারেননি শেফালি। পরের বছর অবশ্য তাকে ভর্তি করবেন বলে ঠিক করেছেন। তার জন্য প্রয়োজনীয় চেষ্টা চালিয়ে যাচ্ছেন।

পাঁচ বছরের ছেলে ও তিন বছরের মেয়ে পাপড়ি এখনও স্কুলের গণ্ডিতে পা না রাখলেও তাদের লেখাপড়ায় কোনও খামতি রাখতে চান না শেফালি। দুই ছেলেমেয়েকে নিয়ে তাঁর চোখে হাজারো স্বপ্ন। ওরা ভালোমতো পড়াশোনা করে নিজের পায়ে দাঁড়াক। শেফালির ইচ্ছে, ভবিষ্যতে সন্তানদের চিকিৎসক কিংবা শিক্ষকতার পেশায় দেখতে।



দোকানে ছেলে জিৎ ও মেয়ে পাপড়িকে পড়াচ্ছেন শেফালি। –বিষ্ণুজীবন রায়

যে দারিদ্র্যের সঙ্গে তাঁকে প্রতিনিয়ত লড়াই করতে হচ্ছে, সেই পরিস্থিতিতে যেন সন্তানদের পড়তে না হয়। নিজের জীবন সম্পর্কে বলতে বলতে চোখের কোনা যেন চিকচিক করে উঠল তাঁর। বললেন, 'আমরা যেভাবে কষ্ট করছি, চাই না ছেলেমেয়েরা করুক। ওরা মানুষের মতো মানুষ হোক।'

আসল বাড়ি ডাউকিমারিতে হলেও জীবিকার টানে সেখান থেকে শহরের সর্বহারা কলোনিতে এসে বসবাস শুরু করেন তাঁরা। স্বামীর শারীরিক অসুস্থতা ও সংসারের অভাব-অনটনের কারণে তিনি সঙ্গ দিয়েছেন ব্যবসায়। দুই ছেলেমেয়ের ভালো ভবিষ্যৎ গড়তে হাড়ভাঙা খাটনি সত্ত্বেও ক্লান্তির ছাপ দেখা যায় না তাঁর মুখে।

সবজি ওজন করতে করতে তিনি বলছিলেন, 'আমি সঙ্গে না থাকলে ওরা পড়তে বসে না। তাই হাজারো কাজের চাপ থাকলেও নিয়মিত পড়তে বসানোর চেষ্টা করি। দোকান থেকে বেরোনো সম্ভব নয়। তাই এখানেই চলে লেখাপড়া।'

শেফালির জীবনযুদ্ধ অনেকের কাছেই অনুপ্রেরণা। তেমনই একজন বিষ্ণুজীবন রায়। দোকান সামলানোর পাশাপাশি দুই ছেলেমেয়েকে পড়ানোর ছবি যে তাঁর মনে দাগ কেটেছে, এদিন সেকথাই বলছিলেন তিনি। তাঁর কথায়, 'মনটা ভালো করা একটা দৃশ্য। আশা করি, তাঁর ছেলেমেয়ে অনেক বড় হবে। শেফালির সব ইচ্ছে পূরণ হোক।'

# জমি দখলের শহর

*প্রথম পাতার পর*

অতীতে এসজেডিএতে প্রচুর টাকা ছিল। সৌরভ আসার আগেই সেই টাকা তছরুপ হয়। সেই টাকা যে কোথায় গেল, তা আজও বের করার উদ্যোগ হয়নি। সংস্থার বর্তমান বাজেটও চেয়ে মেলে না। দূর অতীতে কলকাতায় আইএফএতে এক ফুটবলকর্তা টাকা তছরুপের পর আদালতে বলেছিলেন, 'মা কালীর স্বপ্নাদেশে সব টাকা গঙ্গায় বিসর্জন দিয়ে দিয়েছি।' যাক, শিলিগুড়িতে অন্তত কেউ বলেনি স্বপ্ন দেখে মহানন্দায় অর্থ বিসর্জন দিয়ে দিয়েছি। অবশ্য মহানন্দায় জলই বা কোথায়?

মহানন্দা বলতে মনে পড়ল, শিলিগুড়ির মতো নদী ভাগ্য দেশের কম শহরেরই। একটা নদী থাকলেই যে কোনও শহরের সৌন্দর্যের মানচিত্র পালটে যায়। পর্যটকদের বারবার টেনে আনে। এ শহরে যেদিকেই যাই, সপ্তদিকে নদী এসে হাত ধরে। মহানন্দা, বালাসন, সাহু, জোড়াপানি, ফুলেশ্বরী, পঞ্চনই। সামান্য এগোলে তিস্তা। সরকার, পুরসভা এবং এসজেডিএ মিলেমিশে উদ্যোগী হলে হতে পারত দেশের অন্যতম সুন্দর শহর। কেউ মমতা নিয়ে তাকালই না। অধিকাংশ নদীই নর্দমায় পরিণত। অন্য রাজ্য হলে বালাসন ও মহানন্দার মিলনস্থলই এক স্বর্গীয় ট্যুরিস্ট স্পট হতে পারত। এখানে শুধু প্রতিশ্রুতি মেলে।

কেন এক জায়গায় দাঁড়িয়ে স্থবির শিলিগুড়ি? উত্তর একটাই। পুরসভার ভাঁড়ে মা ভবানী, কনট্রাক্টরদেরই প্রচুর টাকা বাকি। অফিসটি আগের তুলনায় ঝকঝকে। ট্রেড লাইসেন্স পাওয়ায় সমস্যা কম। ওটুকুই। কিছু উপস্বাস্থ্যকেন্দ্র বাড়ানো ছাড়া কোনও বিষয়ে লেটার মার্কস পাবে না পুরনিগম। সবেতেই টেনেটুনে পাশ। রাস্তা পরিষ্কারে কোনও ওয়ার্ড লেটার মার্কস, কোনওটা ডাহা ফেল। ডামাডোলে বৃহত্তম রহস্য, যে কাঞ্চনজঙ্ঘা ক্রীড়াঙ্গন রাজ্য সরকারই চালাতে পারল না টাকার অভাবে, সেটা আবার পুরসভার ঘাড়ে চাপানো হল কেন? ১৯৮৭ সালে এয়ারলাইন্স কাপে এই স্টেডিয়ামকে যা দেখেছিলাম, ৩৬ বছর পরেও সেই অবিকল হীনদীন চেহারা। এখানে বাম-তৃণমূল ভাই ভাই। তাই ভাঙা কুৎসিত প্রাচীরে রংয়ের পোচ পড়ে। বিধান মার্কেট নিয়ে পুরসভা-এসজেডিএ তর্জা তুঙ্গে বলে সমস্যা মেটে না। আলিপুরদুয়ারেও থুতু-পিক ফেললে হাসপাতালে জরিমানা চালু হয়েছে- শিলিগুড়ি পারে না কেন?

রাজ্যজুড়ে তৃণমূল-বিজেপির তর্জার মধ্যে দেখছি, তৃণমূলের কিছু নেতা অকারণ বিজেপির নেতাদের গলার শির ফুলিয়ে চ্যাঁচানোর ব্যবস্থা করে দিচ্ছেন। বুদ্ধিদাতাদের বুদ্ধিতেই নন ইস্যু প্রতিপক্ষের ইস্যু হয়ে উঠছে। বিজেপির সভা আটকাতে মামলা করা হচ্ছে। এমএলএদের নামে এফআইআর করা হচ্ছে। সেখানে থাকছে তৃণমূলে নাম লেখানো বিধায়কের নামও। বেশি গুরুত্ব না দিলে বিজেপি আরও গুরুত্বহীন হতে পারত।

শিলিগুড়িতেও তাই। বিজেপির অস্তিত্ব শুধু বিধায়ক শংকরের টিভির কলতলার ঝগড়া আর শুভেন্দুর চিরকালীন চিলচিৎকারের মাঝে। বাম-কংগ্রেসও শীতঘুমে বিজেপি স্টাইলে। সেখানে রবীন্দ্রসংগীতপ্রেমী গৌতম হঠাৎই দিন তিনেক আগে কাঞ্চনজঙ্ঘা বিতর্কে বিজেপির নাম করে বললেন, মেরে বিজেপির হাত-পা ভেঙে দেব। অজান্তে সেই এক খেলা- গুরুত্বহীনকে গুরুত্বপূর্ণ করে দেওয়া।

কী দরকার ছিল? গৌতম এমন পরিবেশে নির্মল রবীন্দ্রসংগীতই শুনিয়ে দিতে পারতেন- হায় হেমন্ত লক্ষ্মী, তোমার নয়ন কেন ঢাকা/ হিমের ঘন ঘোমটাখানি ধুমল রঙে আঁকা।

শিলিগুড়ির ত্রিনয়ন এই হেমন্তে ঢাকাই রয়েছে শাসক ও বিরোধীর ব্যর্থতায়।

## তিন নম্বরে পছন্দ ঈশান

# প্রশ্নচিহ্নের মুখে টি২০ দলে বিরাটের ভবিষ্যৎ

**নয়াদিল্লি, ৭ ডিসেম্বর :** বিরাট কোহলি টিম ইন্ডিয়ার টি২০ স্কোয়াডে আর অটোমেটিক চয়েজ নন!

সর্বভারতীয় এক হিন্দি দৈনিকে সম্প্রতি এমনই প্রতিবেদন প্রকাশিত হয়েছে। যেখানে এমনও দাবি করা হয়েছে, আগামী জুন মাসে আমেরিকা ও ওয়েস্ট ইন্ডিজে টি২০ বিশ্বকাপের আসরেও কোহলি ভারতীয় দলে অনিশ্চিত। ভারতীয় টিম ম্যানেজমেন্ট আগামীর লক্ষ্যে নতুন ভাবনা ও পরিকল্পনায় ডুবে রয়েছে। যে পরিকল্পনার মধ্যে আপাতত কোহলির নাম নেই। বরং টি২০ বিশ্বকাপের আসরে টিম ইন্ডিয়ার তিন নম্বর ব্যাটার হিসেবে ঈশান কিষানকে চাইছেন রোহিত শর্মা, রাহুল দ্রাবিড়রা। দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে পূর্ণাঙ্গ সিরিজ খেলতে ইতিমধ্যেই সেদেশে পৌঁছে গিয়েছে ভারতীয় দল। আর কয়েকদিন পরই নেলসন ম্যান্ডেলার দেশে সিরিজের প্রথম ম্যাচ। বিরাট এখনও যাননি দক্ষিণ আফ্রিকায়। তিনি প্রোটিয়াদের বিরুদ্ধে সাদা বলের ক্রিকেটে খেলবেন না, আগেই জানিয়েছেন জাতীয় নির্বাচকদের। বছরের শেষে দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে জোড়া টেস্টে খেলার কথা বিরাটের। তার আগে তাঁর টি২০ ভবিষ্যৎ নিয়ে দেশজুড়ে অচলাবস্থা তৈরি হয়েছে। জানা গিয়েছে, দিনকয়েক আগে দিল্লিতে যখন দক্ষিণ আফ্রিকা সফরের দল নির্বাচনি বৈঠকে বসেছিলেন ভারতীয় ক্রিকেট কন্ট্রোল বোর্ডের শীর্ষকর্তা ও জাতীয় নির্বাচকরা, তখনই সেখানে কুড়ির ক্রিকেটে কোহলির ভবিষ্যৎ নিয়ে তাঁদের মধ্যে আলোচনা হয়েছিল। লন্ডন থেকে জুমের মাধ্যমে বৈঠকে হাজির হওয়া অধিনায়ক রোহিত শর্মা ও বেঙ্গালুরু থেকে অনলাইনে বৈঠকে যোগ দেওয়া কোচ রাহুল দ্রাবিড়ও বিষয়টি সম্পর্কে ভালোরকম ওয়াকিবহাল। সূত্রের খবর, রোহিত-দ্রাবিড়রা বিরাটকে আগামীদিনে আরও বেশি করে টেস্ট ও ওয়ান ডে ক্রিকেটের জন্য ভাবছেন। যদিও বিসিসিআইয়ের অন্দরমহল থেকে এমন ভাবনা নিয়ে এখনও কোনও প্রতিক্রিয়া পাওয়া যায়নি।


বিজ্ঞাপনের জন্য শুটিংয়ে বিরাট কোহলি।

দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে তিন ও আগামী জানুয়ারিতে দেশের মাটিতে আফগানিস্তানের বিরুদ্ধে আরও তিনটি– জুন মাসে মার্কিন যুক্তরাষ্ট্র ও ওয়েস্ট ইন্ডিজে অনুষ্ঠেয় টি২০ বিশ্বকাপের আগে মোট ছয়টি আন্তর্জাতিক টি২০ ম্যাচ খেলবে টিম ইন্ডিয়া। ফলে এই ছয় টি২০ ম্যাচ থেকেই কুড়ির বিশ্বকাপের দল গঠনের সম্ভাবনা প্রবল। পাশাপাশি দল গঠনে নিশ্চিতভাবেই এপ্রিল–মে মাসের আইপিএলের প্রভাবও পড়বে। সূত্রের খবর, আইপিএল ছাড়া আপাতত কোহলির ভাবনাতেও টি২০ নেই। রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালোরের হয়ে আইপিএলের মঞ্চে বিরাট কী করবেন, সময় বলবে। কিন্তু তার আগে তাঁর কুড়ির ক্রিকেটের আকাশে যেভাবে কালো মেঘের আনাগোনা শুরু হয়েছে, সেটা আগামীর লক্ষ্যে মোটেও ভালো বিজ্ঞাপন নয়।

# রামধনুর দেশে পা রেখে উষ্ণ অভ্যর্থনা সূর্যদের

**নয়াদিল্লি, ৭ ডিসেম্বর :** মাথায় ট্রলি ব্যাগ নিয়ে দৌড়!

দক্ষিণ আফ্রিকায় পৌঁছোনোর পর ভারতীয় ক্রিকেটারদের যে দৃশ্য রীতিমতো ভাইরাল। বিতর্কিত কোনও ঘটনা নয়, হঠাৎ আসা বৃষ্টির হাত থেকে মাথা বাঁচাতেই ট্রলি ব্যাগকেই ছাতা বানানোর চেষ্টা। বিমান থেকে নামার পরই হঠাৎই ঝমঝমিয়ে বৃষ্টি। ট্রলি মাথায় নিয়েই তাই বাসের দিকে দৌড়।

ভারতীয় ক্রিকেট বোর্ডের তরফে দলের দক্ষিণ আফ্রিকায় পৌঁছোনোর ছবি সোশ্যাল মিডিয়ায় পোস্ট করা হয়েছে। দীর্ঘ বিমানযাত্রায় কখনও ঘুম, কখনও আড্ডা। রামধনুর দেশে পা রাখার পর নিজেদের প্রতিক্রিয়াও দিয়েছেন সূর্যকুমার যাদব, অর্শদীপ সিংরা। অতিথি ভারতীয় দলকে বিমানবন্দর ও টিম হোটেলে উষ্ণ অভ্যর্থনা জানানো হয়। উপস্থিত ছিলেন স্থানীয় ক্রিকেটপ্রেমীরাও।

### নভেম্বর মাসের সেরার দৌড়ে সামি

রিঙ্কু সিং, জিতেশ শর্মার মতো দলের অনেকেই প্রথমবার টিম ইন্ডিয়ার হয়ে প্রোটিয়া সফরে। বাড়তি খুশির ঝলক রিঙ্কুদের চোখেমুখে। এয়ারপোর্টে নেমে সেলফি মুডে যশস্বী জয়সওয়াল, ঈশান কিষানরা। নেলসন ম্যান্ডেলার দেশে পা রাখা দলের ফুরফুরে মেজাজের ভিডিও পোস্ট করে বিসিসিআই লিখেছে, 'দক্ষিণ আফ্রিকায় পৌঁছে গেল ভারতীয় দল।'


দক্ষিণ আফ্রিকায় পৌঁছে ২৯তম জন্মদিনের কেক কাটলেন শ্রেয়স আইয়ার।

তিন সিরিজের পূর্ণাঙ্গ সফর। শুরুটা ১০ ডিসেম্বর ডারবানে টি২০ ম্যাচ দিয়ে। তিন ম্যাচের যে সিরিজের লক্ষ্যেই সূর্যকুমারের নেতৃত্বাধীন টি২০ দল উপস্থিত মিশন আফ্রিকায়।

প্রোটিয়া পেসার জেরাল্ড কোয়েতজে আবার ভারতের বিরুদ্ধে আসন্ন সিরিজের আগে বিয়ে সেরে ফেললেন। এনরিক নর্তজের চোটের কারণে বিশ্বকাপে পাওয়া সুযোগ কাজে লাগিয়েছিলেন। পরবর্তী চ্যালেঞ্জ ভারত–সিরিজ। তার প্রাক্কালে জীবনের নয়া ইনিংস। দীর্ঘদিনের বান্ধবী হ্যানার সঙ্গে বিয়ে সারলেন।

এদিকে, নভেম্বর মাসে আইসিসির সেরা ক্রিকেটারদের দৌড়ে রয়েছেন মহম্মদ সামি। দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে সাদা বলের জোড়া সিরিজের দলে নেই। টেস্ট সিরিজের দলে নাম থাকলেও গোড়ালির চোটে খেলা নিয়ে অনিশ্চয়তা তৈরি হয়েছে। তবে ফেলে আসা বিশ্বকাপে দুরন্ত সাফল্যের কারণে দুই অজি তারকা ট্রাভিস হেড, অলরাউন্ডার গ্লেন ম্যাক্সওয়েলের সঙ্গে সেরার দৌড়ে জায়গা পেয়েছেন।

এক বিজ্ঞপ্তিতে আইসিসি জানিয়েছে, 'বিশ্বকাপ চ্যাম্পিয়ন দলের দুই সদস্য এবং ভারতীয় দলের ফাস্ট বোলার নভেম্বর মাসের সেরা ক্রিকেটারের সংক্ষিপ্ত তালিকায় রয়েছেন।' প্রসঙ্গত, নভেম্বরে হওয়া বিশ্বকাপ ম্যাচে ১৫টি উইকেট নেন সামি (সবমিলিয়ে বিশ্বকাপে ২৪ শিকার)। হেড অপরদিকে, অস্ট্রেলিয়ার সেমিফাইনাল ও ফাইনাল জয়ের নায়ক।

## আর্থিক প্রতারণায় অভিযুক্ত ভারতীয় বংশোদ্ভূত অমিত

**ফ্লোরিডা, ৭ ডিসেম্বর :** আর্থিক প্রতারণার শিকার আমেরিকার রাগবি দল জ্যাকসনভিল জাগুয়ার্স। টাকার অঙ্ক ২২ মিলিয়ান ডলার যা ভারতীয় মুদ্রায় প্রায় ১৮৪ কোটি টাকা। দলের পক্ষ থেকে অভিযোগের তির ভারতীয় বংশোদ্ভূত আমেরিকান অমিত প্যাটেলের দিকে।

২০১৮ সালে তিনি দলের আর্থিক পরিকল্পনা এবং বিশ্লেষণ বিভাগের ম্যানেজার হিসেবে যোগ দেন। অমিত ভার্চুয়াল ক্রেডিট কার্ড ব্যবহার করে প্রতারিত করেছেন। সেই কার্ডে টাকা তুলে দলের যাতায়াত, হোটেল ইত্যাদি খাতে খরচ দেখাতেন বলে অভিযোগ। বৃহস্পতিবার ক্লাবের তরফে বিবৃতি দিয়ে জানানো হয়েছে, 'গত কয়েকমাস ধরে আমরা এই নিয়ে যাবতীয় তদন্তের সহযোগিতা করেছি। আমরা অভিযোগে স্পষ্টভাবে জানিয়েছি যে ব্যক্তিটি নিজের সুবিধার জন্য ইচ্ছাকৃতভাবে ক্লাবের আর্থিক ক্ষতি করেছে।' আরও অভিযোগ যে সেই টাকা দিয়ে অমিত দামি গাড়ি, ঘড়ি কিনেছে এবং বিলাসবহুল জীবনযাপন করছে।

ICC MEN'S T20 WORLD CUP WEST INDIES & USA 2024

আগামী জুনে ওয়েস্ট ইন্ডিজ ও মার্কিন যুক্তরাষ্ট্রে অনুষ্ঠেয় টি২০ বিশ্বকাপের লোগো প্রকাশ করল আইসিসি।

## শিক্ষাদীক্ষা নিয়ে প্রশ্ন তুললেন শ্রীর স্ত্রী

# লেজেন্ডস লিগে শ্রীসান্তকে ফিক্সার বলে আক্রমণ গম্ভীরের


**নয়াদিল্লি, ৭ ডিসেম্বর :** গৌতম গম্ভীর কো ইতনা গুসসা কিউ আতা হ্যায়?

কখনও বিদেশি শাহিদ আফ্রিদি, শোয়েব আখতার তো কখনও মহেন্দ্র সিং ধোনি, বিরাট কোহলি। তালিকা দীর্ঘ করে এবার গম্ভীরের 'গুসসার' শিকার শান্তাকুমারন শ্রীসান্ত। এমনই দাবি করেছেন ভারতীয় দলের প্রাক্তন ফাস্টবোলার।

লেজেন্ডস লিগের এলিমিনেটরের ম্যাচ চলাকালীন ২০০৭ টি২০ বিশ্বকাপ জয়ী দুই সতীর্থের মধ্যে গণ্ডগোল। বাকবিতণ্ডা চলে বেশ কিছুক্ষণ। তখনই শ্রীসান্তকে 'ফিক্সার' বলে আক্রমণ করে গালিগালাজ দেন গম্ভীর। অভিযোগ স্বয়ং শ্রীসান্তের। অভিযোগ, অকারণে ফিক্সার বলে কটাক্ষ করতে থাকেন গম্ভীর। অশ্রাব্য ভাষাও ব্যবহার করেন।

পালটা অভিযোগে গম্ভীর পুরো বিষয়টি উড়ে দিয়েছেন। প্রাক্তন বাঁহাতি ওপেনারের দাবি, শ্রীসান্ত প্রচার পাওয়ার জন্যই এসব 'নাটক' করছে। প্রসঙ্গত, বিশ্বকাপের সময় পাক দর্শকদের উদ্দেশে মাঝের আঙুল দেখিয়ে বিতর্কে জড়ান গম্ভীর। পরে দাবি করেন, ভারত বিরোধী স্লোগান দেওয়ার কারণেই ওরকম করেছেন।

গুজরাট জায়েন্টস–ইন্ডিয়া ক্যাপিটালস ম্যাচে মুখোমুখি হন দুইজনে। ইনিংসের দ্বিতীয় ওভারে শ্রীসান্তের প্রথম দুই বলে ছক্কা ও বাউন্ডারি মারেন গম্ভীর। তারপর ঝামেলা। বাকিদের হস্তক্ষেপে জল বেশিদূর গড়ায়নি তখন। তবে ম্যাচের পর ঘটনাটি নিয়ে সোশ্যাল মিডিয়ায় শ্রীসান্তের একাধিক পোস্টের পর আলোড়ন পড়ে যায়।



> আপনাদের কাছে মিস্টার ফাইটার (গম্ভীর) আমার সঙ্গে যা করে তা স্পষ্ট করতে চাই। কারণ ছাড়াই সতীর্থদের সঙ্গে সবসময় লড়াই করে। বীরুভাই সহ কোনও সিনিয়ারকে সম্মান করে না। আমার সঙ্গেও একই ঘটনা। প্ররোচনা ছাড়া আমাকে আক্রমণ করেছে।
>
> –শান্তাকুমারন শ্রীসান্ত



> শ্রীসান্ত প্রচার পাওয়ার জন্যই এসব 'নাটক' করছে।
>
> –গৌতম গম্ভীর

ইনস্টাগ্রামে গম্ভীরকে 'ঝগড়ুটে' আখ্যা দিয়ে শ্রীসান্ত বলেন, 'আপনাদের কাছে মিস্টার ফাইটার (গম্ভীর) আমার সঙ্গে যা করে তা স্পষ্ট করতে চাই। কারণ ছাড়াই সতীর্থদের সঙ্গে সবসময় লড়াই করে। বীরুভাই সহ কোনও সিনিয়ারকে সম্মান করে না। আমার সঙ্গেও একই ঘটনা। প্ররোচনা ছাড়া আমাকে আক্রমণ করেছে।'

অপর একটি ভিডিওয় রাখঢাক না করেই শ্রীসান্তের দাবি, 'ওকে কোনও বাজে কথা বলিনি আমি। শুধু জিজ্ঞাসা করছিলাম, কী বলছে ও? তখন আমায় ডেকে বলে, 'ফিক্সার, তুমি একজন ফিক্সার'। সঙ্গে অশ্রাব্য গালি। বাকিরা ওকে শান্ত করার চেষ্টা করলেও, নোংরা কথা বলেই যাচ্ছিল। আমার পক্ষে যা মেনে নেওয়া কঠিন। পরিবার, রাজ্য, সমর্থকদের সমর্থনে কঠিন সময় কাটিয়ে উঠেছি। কিন্তু অনেকেই কারণ ছাড়াও আমাকে বারবার ছোট দেখানোর চেষ্টা করে।'

শ্রীসান্তের দাবি, 'সতীর্থদেরই যদি সম্মান করতে না পারো, তাহলে তুমি কীসের দেশের প্রতিনিধি? এমনকি কোনও ম্যাচের সম্প্রচারের সময়ও বিরাটকে নিয়ে কোনও প্রশ্ন করা হলে এড়িয়ে যায় ও (গম্ভীর)। অন্য কিছু বলতে শুরু করে। আর বেশি কিছু বলতে চাই না। ওর এইরকম ব্যবহার শুধু আমাকেই নয়, আমার পরিবারকে আঘাত করেছে।' প্রসঙ্গত, আইপিএলে ম্যাচ গড়াপেটা কাণ্ডে জড়িয়ে ২০১৩ সালে সাত বছরের জন্য নির্বাসিত হন শ্রীসান্ত। নির্বাসন শেষে ঘরোয়া ক্রিকেটেও ফেরেন। আপাতত অবসর নিয়ে লেজেন্ডস লিগে খেলছেন। গম্ভীর ম্যাচ চলাকালীন শ্রীসান্তের সেই কাটা ঘায়েই নুনের ছিঁটে দিয়েছেন।

মুখ খুলেছেন শ্রীসান্তের স্ত্রীও। প্রশ্ন তুলেছেন গম্ভীরের শিক্ষাদীক্ষা, সঠিক লালনপালন নিয়েও। ভুবনেশ্বরী শ্রীসান্ত বলেছেন, 'একসঙ্গে দীর্ঘদিন ভারতের হয়ে খেলেছে দুজনে। তারপরও সে কীভাবে এরকম বলতে পারে? শ্রী–র থেকে ঘটনাটা শুনে আমি রীতিমতো অবাক। হতাশও। প্রতিযোগিতামূলক ক্রিকেট থেকে অবসর নেওয়ার এত বছর পর এই ধরনের মানসিকতা! এহেন আচরণ বুঝিয়ে দিচ্ছে সমস্যাটা লালনপালনেই।'

# আকাশের বদলির দৌড়ে ঈশান-সুমন

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ৭ ডিসেম্বর :** ঠান্ডা রয়েছে। কিন্তু কাঁপিয়ে দেওয়ার মতো নয়।

সময়ের দাবি মেনে ভোরের দিকে কুয়াশাও পড়ছে। কিন্তু সেটাও সমস্যায় ফেলে দেওয়ার মতো নয়।

সবমিলিয়ে রাজকোটের আবহাওয়া এখন বেশ মনোরম। আর এই মনোরম আবহাওয়ার মধ্যে বাংলা দলও রয়েছে বেশ ফুরফুরে মেজাজে। শনিবার গুজরাটের বিরুদ্ধে বিজয় হাজারে ট্রফির প্রি–কোয়ার্টার ফাইনাল ম্যাচ। সেই ম্যাচের লক্ষ্যে আজ থেকে সৌরাষ্ট্র ক্রিকেট সংস্থার মাঠে অনুশীলন শুরু করে দিল বাংলা দল। সকালের ঘণ্টা তিনেকের অনুশীলনে বাংলার নেটে পুরো দলই হাজির ছিল। ব্যাটিং–বোলিংয়ের মাধ্যমে নিজেদের স্কিল ঝালিয়ে নিয়েছেন অনুষ্টুপ মজুমদার, অভিষেক পোড়েলরা।

পাশাপাশি বাংলা দলের প্রথম একাদশে অটোমেটিক চয়েজ আকাশ দীপের বদলির খোঁজও চলছে জোরকদমে। বাংলা দলের অন্দরের খবর, ফিটনেস সমস্যা থাকা ঈশান পোড়েল ও অনভিজ্ঞ তরুণ প্রতিভা সুমন দে–র মধ্যে কোনও একজনকে খেলানো হবে শনিবার। শেষ পর্যন্ত কার উপর ভরসা রাখবে বঙ্গ টিম ম্যানেজমেন্ট, এখনও চূড়ান্ত নয়। সন্ধ্যার দিকে রাজকোট থেকে বাংলার সহকারী কোচ সৌরাশিস লাহিড়ি বলছিলেন, 'পরিস্থিতি বুঝে প্রথম একাদশ চূড়ান্ত করতে হবে আমাদের। গুজরাট কঠিন প্রতিপক্ষ। ওদের দলে অনেক ভালো ক্রিকেটার রয়েছে। আমাদের মাঠে নেমে নিজেদের কাজটা করতেই হবে। আর হ্যাঁ, আকাশের বদলি পাওয়াটা সহজ নয়। কিন্তু ঈশানের মতো যারা রয়েছে, ওদের দিয়েই কাজ চালাতে হবে।'

### শনিবার প্রতিপক্ষ গুজরাট

অতীতের মতোই রাজকোটে আদর্শ ব্যাটিং সহায়ক পিচ হতে চলেছে বাংলা–গুজরাট ম্যাচে। যেখানে সকালের প্রথম ঘণ্টা সতর্ক থেকে সামলে দিতে পারলে বড় রানের ম্যাচ হবে। কোচ লক্ষ্মীরতন শুক্লার কথায়, 'মুম্বইয়ের তুলনায় রাজকোটের পিচ, পরিবেশ অনেকটাই আলাদা। প্রথম একাদশ এখনও চূড়ান্ত করিনি আমরা। কিন্তু এখানে বেশি স্পিনার খেলানো উচিত হবে না। আর আকাশের পরিবর্ত হিসেবে কাকে খেলানো যায়, সেটাও দ্রুত চূড়ান্ত করতে হবে আমাদের।'


ডারবানে রুতুরাজ গায়কোয়াড়ের সঙ্গে সেলফিতে যশস্বী জয়সওয়াল।

## ওয়ার্নার–জনসন বিতর্কে পন্টিংয়ের মধ্যস্থতা

**মেলবোর্ন, ৭ ডিসেম্বর :** মিচেল জনসন– ডেভিড ওয়ার্নার বিতর্কে মধ্যস্থতাকারীর ভূমিকায় অবতীর্ণ হলেন প্রাক্তন অধিনায়ক রিকি পন্টিং। সম্প্রতি অজি ওপেনার ওয়ার্নারের সমালোচনা করেন প্রাক্তন পেসার জনসন। তিনি বলেছেন, 'একজন টেস্ট ওপেনার কেন নিজের অবসরের তারিখ ঠিক করবেন? তাছাড়া অস্ট্রেলিয়ান ক্রিকেট ইতিহাসের সবচেয়ে বড় কেলেঙ্কারিতে যুক্ত থাকা ক্রিকেটারকে কীভাবে বিদায়ি সম্মান দেওয়া হচ্ছে?' এই প্রসঙ্গে পন্টিং বলেছেন, 'আমাকে এই দুই ক্রিকেটারের মধ্যে মধ্যস্থতা করতে হবে। ওদের এখন মিডিয়া থেকে দূরে থাকা উচিত।' তিনি আরও যোগ করেন, 'এই দুই ক্রিকেটার বেশ উচ্ছৃঙ্খল চরিত্রের। ওদের সমস্যা নতুন নয়। ছয়–আট মাস আগে অ্যাসেজের সময় থেকে এই সমস্যার সূত্রপাত।' পন্টিং মনে করেন, ওয়ার্নারের মতো ক্রিকেটার নিজের শেষ সিরিজে বড় রান করতে চাইবেন।



অস্ট্রেলিয়া প্রধানমন্ত্রী একাদশের বিরুদ্ধে ম্যাচে দেখা গেল বিতর্কিত লেখা।

## বর্ণবিদ্বেষ! বিতর্কে অস্ট্রেলিয়া

# 'পাক'–এর বদলে লেখা হল 'পাকি'

**ক্যানবেরা, ৭ ডিসেম্বর :** পাকিস্তান দলের বিরুদ্ধে বর্ণবাদী শব্দ প্রয়োগ করে কটাক্ষের মুখে পড়ল অস্ট্রেলিয়ার সম্প্রচারক সংস্থা। নতুন অধিনায়ক শান মাসুদের নেতৃত্বে অস্ট্রেলিয়া সফরে রয়েছে নবরূপের পাক ক্রিকেট দল। বর্তমানে রাজধানী ক্যানবেরায় অস্ট্রেলিয়া প্রধানমন্ত্রী একাদশের বিরুদ্ধে প্রস্তুতি ম্যাচ খেলছে তারা। বুধবার ম্যাচ চলাকালীন ইমাম–উল–হক ও আবদুল্লাহ শফিক ব্যাট করার সময় খেলা সম্প্রচারে একটি অপ্রীতিকর ঘটনা ঘটে। ম্যাচ সম্প্রচারক সংস্থা স্ক্রিনের টিকারে পাকিস্তান দলকে বোঝানোর জন্য সংক্ষেপে 'পাক' শব্দের পরিবর্তে 'পাকি' শব্দের প্রয়োগ করে। 'পাকি' ভারতীয় উপমহাদেশের পাশাপাশি পাকিস্তানি বংশোদ্ভূত লোকদের জন্য একটি আপত্তিকর বর্ণবাদী শব্দ। অজি ক্রীড়া সাংবাদিক ড্যানি সাঈদ সামাজিক মাধ্যমে বিষয়টি তুলে ধরেন। এরপর ক্রিকেট অস্ট্রেলিয়া ডিসপ্লেতে নাম পরিবর্তন করে ও একটি বিবৃতি জারি করে। তাঁদের বক্তব্য, 'গ্রাফিকসটি তার কাছে থাকা ডেটা হিসেবে স্বয়ংক্রিয়ভাবে শব্দটি ব্যবহার করে। যা আগে পাকিস্তানের খেলার জন্য ব্যবহার করা হয়নি। এটি স্পষ্টতই দুঃখজনক ঘটনা। আমরা বিষয়টি জানার সঙ্গে সঙ্গেই ম্যানুয়ালি সংশোধন করেছি।'

## সেমিতে তরাই মর্নিং

**বাগডোগরা, ৭ ডিসেম্বর :** রাজীব গান্ধি গ্রামীণ ফুটবলে সেমিফাইনালে উঠল শিলিগুড়ি তরাই মর্নিং কোচিং সেন্টার। বৃহস্পতিবার পাইওনিয়ার মাঠে চতুর্থ কোয়ার্টার ফাইনালে তারা ২–০ গোলে আপার বাগডোগরা ফুটবল ক্লাবকে হারিয়েছে। জোড়া গোল করেন রোহিত রায়। শুক্রবার প্রথম সেমিফাইনালে খেলবে মাটিগাড়া কালামজোত ও পুঁটিমারি এফসি।

## সচিব নিত্যগোপাল

**নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ৭ ডিসেম্বর :** দার্জিলিং জেলা ক্যারম (২৯ ইঞ্চি) সংস্থার সচিব হয়েছেন নিত্যগোপাল কুণ্ডু। বৃহস্পতিবার সংস্থার কার্যনির্বাহী সমিতির বৈঠকে সভাপতি করা হয়েছে বর্ণালী ঘোষকে। সহকারী সচিব সমীর পাল।

## কার র‍্যালি কাল

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ৭ ডিসেম্বর :** শনিবার জঙ্গলমহলে হতে চলেছে অভিনব কার র‍্যালি। যেখানে প্রায় ২৫–৩০টি গাড়ি অংশ নিতে চলেছে। শুধু তাই নয়, আয়োজক কলকাতা অটোমোটিভ স্পোর্টস অ্যাসোসিয়েশনের উদ্যোগে হতে চলা এই কার র‍্যালিতে ভিনরাজ্যের বেশ কিছু গাড়িও থাকছে।

# সামিকে ছিনিয়ে নিতে অনৈতিক ট্রেডিংয়ের চেষ্টা

**নয়াদিল্লি, ৭ ডিসেম্বর :** গুজরাট টাইটান্স ছেড়ে হার্দিক পান্ডিয়ার মুম্বই ইন্ডিয়ান্সে প্রত্যাবর্তন নিয়ে প্রচুর জলঘোলা হয়েছে। টিম গুজরাটের ধরে রাখা প্লেয়ারদের তালিকায় হার্দিকের নাম ছিল। কিন্তু নাটকীয় পরিস্থিতিতে শেষপর্যন্ত পুরোনো দলে প্রত্যাবর্তন তারকা অলরাউন্ডারের। এবার নাটক চলছে মহম্মদ সামিকে ছিনিয়ে নিতে!

নিয়মকে বুড়ো আঙুল দেখিয়ে সামিকে দলে টানতে একটি ফ্র্যাঞ্চাইজি অনৈতিক ট্রেডিংয়ের চেষ্টা চালাচ্ছে। গুরুতর অভিযোগ করা হয়েছে গুজরাট টাইটান্সের। হার্দিক হাতছাড়া হলেও দলের সফলতম বোলার সামিকে ধরে রাখতে বদ্ধপরিকর তাঁরা। অনৈতিক ট্রেডিংয়ের প্রচেষ্টা নিয়ে এদিন ক্ষোভ উগরে দিয়েছে সামির বর্তমান দল গুজরাট টাইটান্স।

বিষয়টি ইতিমধ্যেই ভারতীয় ক্রিকেট বোর্ডের নজরেও এনেছেন তাঁরা। দলের সিওও অরবিন্দর সিং বলেন, 'ভালো ক্রিকেটার নিয়ে শক্তিশালী দল তৈরির অধিকার সব ফ্র্যাঞ্চাইজির রয়েছে। গত ২ বছর ধরে সামি আমাদের হয়ে পারফর্ম করছে। গত লিগের সর্বোচ্চ উইকেটশিকারিও। এবারের বিশ্বকাপেও দুরন্ত ফর্মে ছিল। দলের গুরুত্বপূর্ণ সদস্যও। কিন্তু একটি ফ্র্যাঞ্চাইজি নিয়ম ভেঙে সরাসরি সামির সঙ্গে যোগাযোগ করছে। এটা মেনে নেওয়া যায় না।'

গুজরাট টাইটান্স সিওও–র দাবি, ক্রিকেটার কেনাবেচার জন্য বোর্ডের তরফে নির্দিষ্ট নিয়ম রয়েছে। সবার তা মেনে চলা উচিত। বিষয়টি বোর্ডকে জানানো হয়েছে। সংশ্লিষ্ট ফ্র্যাঞ্চাইজির সঙ্গে বিসিসিআই কথা বলুক। ঠিক করে দিক নিয়ম ভেঙে এভাবে ক্রিকেটার কেনা যাবে কি না। অভিযোগ তুললেও সংশ্লিষ্ট ফ্র্যাঞ্চাইজির নাম প্রকাশ্যে আনেনি গুজরাট। ২০২১–এ নিলামে ৬ কোটি ২৫ লাখ টাকায় সামিকে নেয় গুজরাট।

### গুরুতর অভিযোগ গুজরাট টাইটান্সের

ভরসার মর্যাদা রেখে গত দুই মরশুমে ৪৮টি উইকেট নেন সামি। গতবছর ২৮ শিকারে প্রতিযোগিতার সর্বোচ্চ উইকেটপ্রাপকও। বিশ্বকাপে দুরন্ত বোলিংয়ের পর সামিকে নিয়ে উৎসাহ আরও ঊর্ধ্বমুখী। এদিকে, হার্দিকের বিকল্প কে হবে, তাও নিয়ে জল্পনা চলছে। একাধিক নাম ঘুরছে। তালিকায় ওপরের দিকে আফগান–অলরাউন্ডার আজমাতুল্লাহ ওমরজাই। সবকিছু ঠিকঠাক চললে রশিদ খানের সঙ্গে তার দেশীয় সতীর্থকে সম্ভবত আগামী লিগে গুজরাটের হয়ে খেলতে দেখা যাবে।

প্রাক্তন তারকা ইরফান পাঠানের মতে, হার্দিকের অনুপস্থিতিতে একজন পেস–অলরাউন্ডার প্রয়োজন গুজরাটের। সেদিক থেকে আজমাতুল্লাহ সঠিক বিকল্প হতে পারে শুভমান গিলদের জন্য। তাছাড়া দলে রশিদ খান থাকায় আফগান–অলরাউন্ডারের থেকে সেরাটা বের করা আনা সহজ হবে।

মিনি নিলামেও থাকবে দলকে গুছিয়ে নেওয়ার। শুভমানের নেতৃত্বাধীন দলে ফাঁকা রয়েছে দুইজন বিদেশি ক্রিকেটারের স্লট।

## পাঁচ হাজারের মাইলস্টোন ছুঁলেন বাটলার

**অ্যান্টিগা, ৭ ডিসেম্বর :** ইংল্যান্ডের পঞ্চম ক্রিকেটার হিসেবে ওডিআই ক্রিকেটে ৫০০০ রানের মাইলস্টেন ছুঁলেন অধিনায়ক জস বাটলার। ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে দ্বিতীয় ওডিআই–তে বুধবার তিনি এই কীর্তি গড়েন। বাটলার ৪টি বাউন্ডারি এবং ৩টি ওভার বাউন্ডারির সাহায্যে ৪৫ বলে অপরাজিত ৫৪ রানের ইনিংস খেলেন। বাটলারের আগে ইংল্যান্ডের হয়ে এই কীর্তি গড়েছেন ইয়োন মরগ্যান, জো রুট, ইয়ান বেল এবং পল কলিংউড।

ম্যাচে প্রথমে ব্যাট করে ক্যারিবিয়ানরা ৩৯.৪ ওভারে সবকয়টি উইকেট হারিয়ে ২০২ রান সংগ্রহ করে। শাই হোপ ৬৮ এবং শেরফানে রাদারফোর্ড ৬৩ রান করেন। জবাবে ব্যাট করতে নেমে ৩২.৫ ওভারে ৪ উইকেট হারিয়ে ইংল্যান্ড ২০৬ রান করে। ইংল্যান্ডের পক্ষে উইল জ্যাকস ৭৩ এবং বাটলার ৫৪ রান করেন। এই জয়ের সুবাদে সিরিজে সমতা ফিরিয়েছে ইংল্যান্ড।

**বৃষ্টিই বাধা**

বৃষ্টির কারণে বৃহস্পতিবার বাংলাদেশ–নিউজিল্যান্ড দ্বিতীয় টেস্টের দ্বিতীয় দিনে এক বলও খেলা হল না।

# সাহালের চোট নিয়ে এবার চিন্তায় সবুজ-মেরুন শিবির

সুস্মিতা গঙ্গোপাধ্যায়




বুধবারের ম্যাচে পাওয়া চোটে এএফসি কাপে অনিশ্চিত সাহাল আব্দুল সামাদ।

**কলকাতা, ৭ ডিসেম্বর :** দলে একাধিক চোট–আঘাত। এমনকি ম্যাচ শুরুর মুখে চোট পেয়ে ছিটকে যান হুগো বৌমৌস। খেলতে খেলতে চোটের জন্য বসে যেতে হয় অনিরুদ্ধ থাপা, সাহাল আব্দুল সামাদ ও গ্লেন মার্টিন্সকে। এত সমস্যার মধ্যেও অপরাজিত থাকতে পারায় স্বস্তি মোহনবাগান সুপার জায়েন্টে। রয়েছে অস্বস্তিও। ম্যাচ শেষে রয় কৃষ্ণার সঙ্গে ঝামেলায় জড়িয়ে লাল কার্ড দেখেন হুয়ান ফেরান্দো। ফলে নর্থইস্ট ইউনাইটেড এফসি–র বিরুদ্ধে ডাগ আউটে কোচকেও পাচ্ছে না দল।

ওড়িশার বিরুদ্ধে দিমিত্রিস পেত্রাতোসকে না পেলেও মনবীর সিংকে মাঠে নামানোর পরিকল্পনা ছিল ফেরান্দোর। কিন্তু ম্যাচের আগে তিনি নিজেই ফিটনেস নিয়ে সন্দীহান থাকায় তাঁকে আর নামাননি বাগান কোচ। এই দুইজন ছাড়াও বৌমৌসও না থাকায় মানসিকভাবেও খানিকটা কমজোরি হয়ে পড়েন সবুজ–মেরুন ফুটবলাররা। যার জেরে প্রথমার্ধেই ২–০ এগিয়ে যায় ওড়িশা এফসি। তখন মনে হচ্ছিল, বিরতির পর বোধহয় ফের গোলের মালা পরতে চলেছে মোহনবাগান। কিন্তু সের্জিও লোবেরা যেমন আহমেদ জাহৌকে তুলে নিয়ে নিজেদের বিপদ ডেকে আনেন তেমনি নাছোড় মনোভাব দেখান আর্মান্দো সাদিকু–বিশাল কেইথরা। বাগান গোলরক্ষক শেষদিকে দুর্দান্ত সেভ করে দলকে বাঁচাতেই ম্যাচের ৯৪ মিনিটে গোল করে সমতা ফিরিয়ে পয়েন্ট ঘরে আনার কাজটা করে দেন আলবেনিয়ান স্ট্রাইকার। সাদিকু পরে বলেছেন, 'আমরা ০–২ পিছিয়ে থাকা অবস্থায় সাজঘরে ফিরে গেলে কোচ আমাদের বলেন, প্রত্যেককে নিজেদের একশো শতাংশ দিয়ে দলকে রক্ষা করতে হবে। গোলকিপিং কোচও সতর্ক করে বলেছিলেন, ওড়িশা এবার সময় নষ্ট করার চেষ্টা করবে। আর তাতে আমাদেরই লাভ হতে পারে। আমি জানতাম যে পাঁচ মিনিট বেশি পেলেও আমরা গোলশোধ করে দিতে পারব। আর একটু সময় পেলে হয়তো ম্যাচ জিতেই আমরা মাঠ ছাড়তাম। তবু সমর্থকরা যা চেয়েছিলেন তার খানিকটা দিতে পেরে আমরা খুশি। দলে প্রচুর ফুটবলারের চোট পাওয়া চিন্তার কারণ হয়ে দাঁড়িয়েছে। এই কঠিন সময়ে আমাদের পরস্পরের প্রতি আস্থা রাখতে হবে।'

জানুয়ারি ট্রান্সফার উইন্ডোতে তাঁকে বিদায় করার কথা ইতিমধ্যেই শোনা যাচ্ছে দলের অন্দরে কান পাতলে। সেই তিনি এরকম গুরুত্বপূর্ণ ম্যাচে দলের জন্য জোড়া গোল করে তিনিই নায়ক। নিজের কোন গোলটাকে এগিয়ে রাখছেন জানতে চাওয়া হলে সাদিকুর উত্তর, 'প্রতি ম্যাচেই নিজের সেরাটা দেওয়ার চেষ্টা করি। কখনও নিজে গোল করে, কখনও বা অন্যকে পাস বাড়িয়ে। গোল করতে পারলে অবশ্যই খুশি হই। আলাদা করে কোনও একটা গোলের কথা বলতে পারব না। দুই গোলে পিছিয়ে থেকে ফিরে আসা সহজ কথা নয়। এতে আমরা নিজেদের সাহসী মনোভাবেরই পরিচয় দিতে পেরেছি।' সহকারী কোচ ক্লিফোর্ড মিরান্ডা প্রশংসা করেন কেইথেরও, 'শেষের দিকে অসাধারণ গোল বাঁচিয়েছে বিশাল। ওটা না বাঁচাতে পারলে হয়তো হেরে যেতাম ম্যাচটা। আমাদের পুরো দল শুরু থেকে শেষপর্যন্ত যেভাবে লড়েছে তাতে আমরা গর্বিত।'

আইএসএলে মোহনবাগানের পরের ম্যাচ নর্থইস্টের বিরুদ্ধে ঘরের মাঠে। তার আগে অবশ্য এএফসি কাপের ম্যাচ খেলতে মালদ্বীপ যেতে হবে তাদের। এই ম্যাচের যেহেতু আর কোনও গুরুত্ব নেই তাই ফেরান্দো সম্ভবত বেশিরভাগ জুনিয়ার ফুটবলারদেরই নিয়ে যাবেন মাজিয়া স্পোর্টস অ্যান্ড রিক্রিয়েশন ক্লাবের বিরুদ্ধে খেলার জন্য। তার আগে সাহালের চোট কতটা গুরুতর সেটা নিয়েই এখন ভাবনায় গোটা দল। ম্যাচের পর তাঁকে খুঁড়িয়ে খুঁড়িয়ে স্টেডিয়াম ছাড়তে দেখা গেল। ফলে চোট–আঘাতই এখন সবথেকে বড় শত্রু মোহনবাগানের।



## খাবরাকে নিয়ে ধোঁয়াশা ইস্টবেঙ্গলে

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ৭ ডিসেম্বর :** নতুন সাইডব্যাকের খোঁজে ইস্টবেঙ্গল।

বহুদিন বাদে নর্থইস্ট ইউনাইটেড এফসি–র বিরুদ্ধে বড় জয় লাল–হলুদের। উচ্ছ্বাস থাকা স্বাভাবিক। তবে তারই মধ্যে বিপদ নিয়ে এল হরমনজ্যোত খাবরার চোট। ওই ম্যাচে তিনি ছাড়াও মাথায় আঘাত পান বোরহা হেরেরা। তবে তাঁর চোট গুরুতর ছিল না। মাঠেই মাথায় সেলাই হয়। তারপর হাসপাতাল থেকে স্ক্যান করিয়ে ফের মাঠে সতীর্থদের পাশে ফিরে আসেন তিনি। কিন্তু চিন্তা বেড়েছে খাবরাকে নিয়ে। তাঁর চোট যে গুরুতর, সেটা সেদিনই স্বাকীর করে নেন কোচ কার্লোস কোয়াদ্রাত। তিনি ম্যাচের পরই খোলাখুলি জানিয়ে দেন, 'খাবরার চোটটা একেবারেই ভালো লাগছে না।' ঘটনা হল, এদিনের পর থেকেই খাবরার চোট নিয়ে মুখে কুলুপ লাল–হলুদ ম্যানেজমেন্টের। প্রশ্ন করলেও কারও কাছ থেকে সরাসরি কোনও উত্তর আসেনি। ঘনিষ্ঠ মহলে খাবরা নিজেই মাস দুয়েকের জন্য ম্যাচের বাইরে, এমন আশঙ্কা প্রকাশ করেছিলেন। এই মুহূর্তে ম্যানেজমেন্টের তরফে জানানো হচ্ছে, এখনও কয়েকটা পরীক্ষা বাকি। তাই এখনই কতদিনের জন্য বা আদৌ এই মরশুমের জন্যই তিনি বাইরে কি না সেটা বলা যাচ্ছে না। অস্ত্রোপচার আদৌ করতে হবে কি না, সেই বিষয়েও নিশ্চিত হতে চাইছে ম্যানেজমেন্ট।

খুব সম্ভবত তাঁকে ডিসেম্বরের কোনও ম্যাচে আর পাচ্ছে না ইস্টবেঙ্গল। সেই কারণেই একজন ভারতীয় সাইডব্যাক নেওয়ার চেষ্টা চলছে।

# ছন্দ ধরে রাখাই আজ চ্যালেঞ্জ মহমেডানের

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ৭ ডিসেম্বর :** শেষ পাঁচটি ম্যাচে জয়। আই লিগের শুরু থেকে রীতিমতো দাপট দেখাচ্ছে মহমেডান স্পোর্টিং ক্লাব। শুক্রবার নৈহাটি স্টেডিয়ামে তাদের প্রতিপক্ষ গোকুলাম কেরালা এফসি। গোকুলাম বরাবরই মহমেডানের বিরুদ্ধে শক্ত প্রতিপক্ষ হিসেবেই পরিচিত। যদিও শেষ তিন ম্যাচে তারা জয়হীন। কিন্তু মহমেডান কোচ আন্দ্রেই চেরনিশভ গোকুলামকে যথেষ্ট সমীহ করছেন। বলেছেন, 'গোকুলাম যথেষ্ট শক্তিশালী দল। ওদের বেশকিছু ভালো ফুটবলারও রয়েছে। তবে ওদের সঙ্গে পাল্লা দেওয়ার মতো প্রতিভাবান ফুটবলার আমাদেরও আছে।' তিনি আরও যোগ করেন, 'আমরা ফুটবলের প্রাথমিক বিষয়গুলিতে নজর দিয়েছি ও তার ফলও পেয়েছি। গোকুলামের বিরুদ্ধেও আমরা একই পরিকল্পনা নিয়ে মাঠে নামব।' চোটের তালিকায় রয়েছে দুই ডিফেন্ডার ডেনজিল খারশান্দি ও দীপু হালদার। তবে তা নিয়ে বিশেষ চিন্তিত নন চেরনিশভ। কারণ, সেন্ট্রাল ডিফেন্সে মহম্মদ ইরশাদ–জোসেফ আদজেই জুটি অনবদ্য পারফরমেন্স উপহার দিয়েছেন। অন্যদিকে অ্যালেক্সিস স্যাঞ্চেজ, এডু বেদিয়া, কোমরন তুরসুনভের মতো ফুটবলার দলে রয়েছে। গোকুলাম কোচ ডোমিঙ্গো ওরামাস বলেছেন, 'মহমেডান যথেষ্ট শক্তিশালী দল। ওরা এখনও অপরাজিত রয়েছে। কিন্তু আমরা ৩ পয়েন্টের জন্য খেলব।' এদিকে ডেভিড ইস্টবেঙ্গলে যোগ দিচ্ছেন বলে ময়দানে খবর। তবে মহমেডান কর্তাদের দাবি, ডেভিড মহমেডানেই থাকছেন।

**আই লিগে আজ**
**মহমেডান স্পোর্টিং ক্লাব** বনাম **গোকুলাম কেরালা এফসি**
**স্থান :** নৈহাটি স্টেডিয়াম
**সময় :** সন্ধ্যা ৭টা

# পাক অধিকৃত কাশ্মীরের ট্যাক্সিচালকের ছেলে ইংল্যান্ড ক্রিকেট দলে

**লন্ডন, ৭ ডিসেম্বর :** এক সন্তান ইংল্যান্ডের টেস্ট দলে সুযোগ পাওয়া কনিষ্ঠতম ক্রিকেটার হয়েছেন। অপর সন্তানও বয়সভিত্তিক বিশ্বকাপের জন্য জাতীয় দলে কড়া নাড়ছে। প্রথমজন রেহান আহমেদ, যিনি গতবছর ১৭ ডিসেম্বর করাচিতে পাকিস্তানের বিরুদ্ধে ১৮ বছর ১২৮ দিন বয়সে প্রাক্তন ইংরেজ অধিনায়ক নাসের হুসেনের থেকে টুপি পেয়েছিলেন। অন্যজন ফারহান আহমেদ। মাত্র ১৫ বছর বয়সেই ইংল্যান্ডের অনূর্ধ্ব–৯ দলের পাকাপাকি সদস্য হয়ে উঠেছে। দুই পুত্রের সাফল্যে যেন হাতে চাঁদ পেয়েছেন একসময়ে পাক অধিকৃত কাশ্মীরের বাসিন্দা নইম আহমেদ।

পেশায় ট্যাক্সিচালক নইম ২০০১ সালে ১৯ বছর বয়সে সস্ত্রীক পাকিস্তান ছেড়ে নটিংহ্যামে আসেন। রুটিরুজির জন্য লন্ডনের রাস্তায় ট্যাক্সি চালতেন। লক্ষ্য, তিন সন্তান রেহান, ফারহান ও রহিমের জন্য উজ্জ্বল ভবিষ্যৎ গড়া। গর্বিত পিতা বলেছেন, '১৮ বছরের সন্তানকে জাতীয় দলের টুপি পেতে দেখার আবেগ অতুলনীয়। রেহান, ফারহানদের জন্য সারা বিশ্ব ঘুরে ফেলছি। ফারহানকে অনূর্ধ্ব–১৯ দলের হয়ে খেলতে দেখার জন্য গত মাসে আমি বিজয়ওয়াড়ায় ছিলাম। এখন রেহানকে খেলতে দেখতে আমি ক্যারিবিয়ান দ্বীপপুঞ্জে আছি।'

সম্প্রতি ফারহান একটি ত্রিদেশীয় সিরিজে ৫ উইকেট নিয়েছে। রেহানকে নিয়ে আন্তর্জাতিক ক্রিকেটমহলে চর্চা চলছে। বছর আঠারোর রহিমও চোট কাটিয়ে ঘরোয়া ক্রিকেটে পারফর্ম করছেন। ওদের মধ্যে কাউকে আলাদাভাবে সেরা বাছতে নারাজ নইম বলেছেন, 'রেহান সবসময়ই নির্বাচকদের নজরে ছিল। ফারহান আধুনিক যুগের অফস্পিনার। নিয়ন্ত্রিত বোলিং করে। রহিম বাঁ–হাতি পেসার। চোট না পেলে গতবছরই অনূর্ধ্ব–১৯ বিশ্বকাপ দলে সুযোগ পেত। ওদের মধ্যে তুলনা করা অসম্ভব।' সফর সবে শুরু, জানেন নইম।

## অসমে পৌঁছে গেল উত্তরবঙ্গ টিটি দল

**নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ৭ ডিসেম্বর :** পূর্বাঞ্চল আন্তঃ বিশ্ববিদ্যালয় টেবিল টেনিসে খেলতে বৃহস্পতিবার অসমের রয়্যাল গ্লোবাল ইউনিভার্সিটিতে পৌঁছে গেল উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের মহিলা দল। উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের ক্রীড়া পর্ষদের সহকারী সচিব বিবেকানন্দ ঘোষ জানিয়েছেন, দলে রয়েছেন– ডোনা সরকার, দীক্ষা বিশ্বাস, শতপর্ণী দে, সায়োনিশা চাকী ও জেসিকা সরকার। কোচ ও ম্যানেজারের দায়িত্বে যথাক্রমে দেবাশিস সরকার এবং শিব নাথ। শুক্রবার তারা অভিযান শুরু করবে।


**e-Tender**

e-Tender notice has been floated by the undersigned for Purchase of Books. e-NIT No.: KGTM/eNIT/23-24/15 (2nd Call) dated 06.12.2023. For details please visit http://wbtenders.gov.in. / www.kgtm.in

Tender id: 2023_DHE_616404_1

Sd/-
Principal
K.G.T. Mahavidyalaya, Bagdogra








বিজ্ঞাপন

**ডিয়ার সাপ্তাহিক লটারির ₹১ কোটির বিজয়ী হলেন কলকাতা-এর এক বাসিন্দা**



পশ্চিমবঙ্গ, কলকাতা - এর একজন বাসিন্দা অনিমেষ নাথ - কে 04.10.2023 তারিখের ড্র তে ডিয়ার সাপ্তাহিক লটারির 41E 68780 নম্বরের টিকিট এনে দেয় এক কোটি টাকার প্রথম পুরস্কার। তিনি কলকাতা-এ অবস্থিত নাগাল্যান্ড রাজ্য লটারির নোডাল অফিসারের কাছে পুরস্কার দাবির ফর্ম সহ তাঁর বিজয়ী টিকিট জমা দিয়েছেন। বিজয়ী বললেন "সামান্য কিছু টাকা খরচ করে নিজের ভাগ্য পরীক্ষা করার জন্য ডিয়ার লটারি সকলকে খুব ভালো একটি সুযোগ দিচ্ছে। আমি আমার ভাগ্য পরীক্ষা করেছি এবং এক কোটি টাকার প্রথম পুরস্কার জিতেছি। ডিয়ার লটারি সবচেয়ে নির্ভরযোগ্য, স্বচ্ছ এবং বিশ্বাসযোগ্য প্রতিটি লটারির টিকিট ক্রেতার জন্য।" ডিয়ার লটারির প্রতিটি ড্র সরাসরি দেখানো হয় তাই এর সততা প্রমাণিত।


## জয়ী দাদাভাই, ইউনাইটেড

**নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ৭ ডিসেম্বর :** মহকুমা ক্রীড়া পরিষদের সুছন্দা বিশ্বাস ও প্রভা চৌধুরী ট্রফি প্রথম ডিভিশন ক্রিকেট লিগে বৃহস্পতিবার দাদাভাই স্পোর্টিং ক্লাব ৯ উইকেটে জিতেছে নরেন্দ্রনাথ ক্লাবের বিরুদ্ধে। চাঁদমণি মাঠে টসে হেরে নরেন্দ্রনাথ ক্লাব ২১ ওভারে ৯ উইকেটে ৮৪ রান করে। দুই ওপেনার রাহুল কামতি (৩৪) ও আদিত্য প্রকাশের (২১) পর তাদের আর কেউ দুই অঙ্কের রান পাননি। সুদীপ সরকার ৩ ও সৌরভ বর্ধন ২ উইকেট নেন। জবাবে দাদাভাই ১১.২ ওভারে ১ উইকেটে ৮৫ রান তুলে নেয়। ম্যাচের সেরা সুজন ছেত্রী ৪৯ রানে অপরাজিত থাকেন।

পরে নকশালবাড়ি ইউনাইটেড ক্লাব ৬৬ রানে হারিয়েছে সূর্যনগর ফ্রেন্ডস ইউনিয়নকে। টসে জিতে ইউনাইটেড ২৫ ওভারে ৯ উইকেটে ১৩১ রান করে। সর্বোচ্চ ৪৭ রান ম্যাচের সেরা কুমার রায়ের। আদিত্য সরকার ১৯ রানে পেয়েছেন ৩ উইকেট। এরপর সূর্যনগর ২৫ ওভারে ৮ উইকেটে ৬৫ রানে থেমে যায়। পার্থ রায়ের অবদান ১২ রান। দিব্যজ্যোতি রায় ৪ রানে ৩ উইকেট নিয়েছেন।



ম্যাচের সেরার ট্রফি নিয়ে সুজন ছেত্রী।










NORTH BENGAL: SILIGURI: Lexican Motors: 7506017275. Rangeet Auto: 7506017249. NOUKAGHAT: Rangeet Auto: 9619187814. COOCH BEHAR: Rangeet Auto: 7506015383. MALDA: Lexican Motors: 7506017220. BALURGHAT: Lexican Motors: 9167528535. GANGTOK: Rangeet Auto: 9167986441. ISLAMPUR: Rangeet Auto: 8291093108. JAIGAON: Rangeet Auto: 9152101462. JALPAIGURI: Rangeet Auto: 9152101467. RAIGANJ: Rangeet Auto: 8291094961. DARJEELING: Rangeet Auto: 7045208391. JORTHANG: Rangeet Auto: 9167528366. ALIPURDUAR: Rangeet Auto: 8879518024. MALBAZAR: Rangeet Auto: 9619185907.

Terms and Conditions apply. *Benefits up to differs from model to model and is inclusive of consumer offer, offer valid till 31 DEC 23, exchange bonus and maximum corporate offer. ^Warranty cover for 3 years/ 1 Lakh km, whichever ends earlier. Images and illustrations are indicative and for information purposes only. All features/specifications are not available in all variants and may vary for different variants. Specifications/features are subject to change without prior information. Colours may vary due to printing limitations. Local taxes and octroi extra. *Lower EMI would only be if existing car is traded for new car and is the value given by our channel partner if agreed by the customer is used as a downpayment for new car purchase, thereby reducing the loan amount and hence EMI. *Fair Value is a value as determined by our channel partner through a free and fair assessment of existing car given for evaluation. The price offered is dependent on multiple factors such as condition of existing car, age, mileage, color, market dynamics, statutory taxes etc. | Punch pure ex showroom New Delhi.



সম্পাদক : সব্যসাচী তালুকদার। স্বত্বাধিকারী : মঞ্জুশ্রী তালুকদারের পক্ষে প্রলয়কান্তি চক্রবর্তী কর্তৃক সুহাসচন্দ্র তালুকদার সরণি, বাগরাকোট, সুভাষপল্লি, শিলিগুড়ি– ৭৩৪০০১ থেকে প্রকাশিত ও বাড়িভাসা, জলেশ্বরী– ৭৩৫১৩৫ থেকে মুদ্রিত। কলকাতা অফিস : ৭ ওল্ড কোর্ট হাউস স্ট্রিট, কলকাতা–৭০০০০১, ফোন : ০৩৩–২২১০১২০১, মোবাইল : ৯০৭৩২০৪০৪০। জলপাইগুড়ি অফিস : থানামোড়, জলপাইগুড়ি– ৭৩৫১০১, ফোন : ৯৬৪১২৮৯৬৩৬। কোচবিহার অফিস : সিলভার জুবিলি রোড, কোচবিহার– ৭৩৬১০১, ফোন : ৯৮৮৩৫৫০৮০৫। আলিপুরদুয়ার অফিস : এনবিএসটিসি ডিপোর পাশে, আলিপুরদুয়ার কোর্ট, আলিপুরদুয়ার–৭৩৬১২২, ফোন : ৯৮৮৩৫৩৯৮৭৮। মালদা অফিস : মিউনিসিপ্যাল মার্কেট কমপ্লেক্স, তৃতীয় তল, সরযুপ্রসাদ রোড, নেতাজি মোড়, মালদা– ৭৩২১০১, ফোন : ০৩৫১২–২২১৬৯৩ (সংবাদ), ৯৮০০৫৮৫৯৫০ (বিজ্ঞাপন ও অফিস)। শিলিগুড়ি ফোন : সম্পাদক ও প্রকাশক : ২৪৩৬২৫১, জেনারেল ম্যানেজার : ২৪৩৫৯০৩, বিজ্ঞাপন : ২৫২৪৭২২, সার্কুলেশন : ৯৭৭৫৭৮৫৮৭৭, অফিস : ৯৫৬৪৫৪৬৮৬৮, নিউজ : ৭৮৭২৯৩৩৮৮৮, হোয়াটসঅ্যাপ : ৯৭৩৫৭৩৯৬৭৭। Registration No. RN/35012/80 and Postal Reg. No. WB/NBSR/D-03/2003-08, E. Mail : uttarbanga@hotmail.com uttarbanga@yahoo.com uttarmail2014@gmail.com Website : http://www.uttarbangasambad.in